এতে দুষ্ট দানবা বয়স্যস্য বেণু শব্দ মাত্রেণ বিহ্বলা ভূত্বা সাধ্বসেন মুহ্যন্তি তৎ। জীবিতোঽস্মি। রে রে দুষ্টা অসুরাস্তিষ্ঠত তিষ্ঠত এষোহহং শাপেন

সহিত শ্রীকৃষ্ণের কক্ষমধ্যে মস্তক লুকায়িত করিলেন।৪৫

কৃষ্ণ। (মনে মনে) এই সকল দিক্‌পাল কি মধুর ধ্বনি দ্বারা আকৃষ্ট হইয়া মেঘ পথে উপস্থিত হইয়াছেন?। এই বলিয়া পুনরায় বেণু বাদ্য করিলেন।

মধুমঙ্গল। (অবলোকন পূর্ব্বক নিশ্বাস পরিত্যাগ করিয়া মনে মনে) এই দুষ্ট দানব সকল বয়স্যের বেণু রব মাত্রেই বিহ্বল হইয়া ভয়ে মুগ্ধ হইতেছে, যাহা হউক, প্রাণ রক্ষা পাইল।

(এই বলিয়া দর্পের সহিত ভ্রমণ পূর্ব্বক প্রকাশ করিয়া) রে রে দুষ্ট অসুরগণ থাক্ থাক্, এই আমি শাপ

চাপেণ বা তুম্মাণং মুণ্ডাইং খণ্ডেমি। ইতি দণ্ডমুদ্যম্য মুহুরূর্দ্ধং কূর্দ্দতি॥

রামঃ। বিহস্য বয়স্য মৈবং ব্রবীঃ। এতৌ হি ভবগন্তৌ হরহিরণ্যগর্ভৌ সব্যতশ্চামী পুরন্দরাদয়ো বৃন্দারকাঃ॥

মধুমঙ্গলঃ। সুট্‌ঠু সমাশ্বস্য ভো জাণদা চ্চেঅ এদং মএ পরিহসিদং তদো তুম্মেহিং কৃখু রকৃখস বুদ্ধীএ ভীলুএহিং পলাইদুং পউত্তং॥

কৃষ্ণঃ। স্মিত্বা হংহো দেবানাং প্রিয় নিজমেব জাল্মতামস্মাসু

চাপেন বা যুষ্মাকং মুণ্ডানি খণ্ডয়ামি। মধু সুষ্ঠু সমাশ্বাস্ত ভো জানতা এব ময়া ইদং পরিহসিতং। ততো যুষ্মাভিঃ খলু রাক্ষস বুদ্ধ্যা ভীরুভিঃ পলায়িতুং

অথবা চাপের (ধনুর) দ্বারা তোদের মুণ্ড খণ্ডন করিতেছি, এই বলিয়া দণ্ড উত্তোলন পূর্ব্বক বারম্বার ঊর্দ্ধ দিকে নিক্ষেপ করিতে লাগিলেন॥

রাম। (উচ্চ হাস্য করিয়া) বয়স্য! এ রূপ বলিও না। এই দুই জন শিব এবং ব্রহ্মা, আর বাম দিকে এই সকল পুরন্দরাদি দেবগণ॥

মধুমঙ্গল। (সুন্দর রূপে আশ্বাস প্রদান করিয়া) অহে! আমি জানিয়াও এইরূপ পরিহাস করিয়াছি, কিন্তু তোমার মত ভীরু স্বভাব লোকেরাই পলায়ন করিতে প্রবৃত্ত হইয়াছিল॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্য পূর্ব্বক) অহে দেবগণের প্রিয়! অর্থাৎ পশু। তুমি কেন স্বীয় মূর্খতা আমাতে সংক্রামিত

সংক্রাময়সি ॥ ৪৬ ॥

রামঃ। পশ্যত, পশ্যত।

অষ্টাভিঃ শ্রুতিপুটকৈ র্নব বৈণব কাকলীং কলয়ন্।

শতধৃতিরপি ধৃতিমুক্তো মরালপৃষ্ঠে মুহু লুঠতি ॥

আকাশে পুনর্বীণা গীতিঃ ॥

উদিতে হরিবক্ত্রেন্দৌ বেণুনাদ সুধামুচি।

হন্ত রুদ্রসমুদ্রেণ স্বমর্য্যাদা বিলঙ্ঘিতা ॥

রামঃ। সোৎকণ্ঠং।

প্রবৃত্তং। দেবানাং প্রিয়ঃ পশুঃ ॥ ৪৬ ॥

নবাং নূতনাং শতধৃতি ব্রহ্মা মরালস্য হংসস্য। পরিমলান্ বিমর্দ্দান্ পরিমলো বিমর্দ্দেঽপি স্যান্মনোহারি গন্ধবৎ। রতৌ বিমর্দো বিকসদ্দেহ রাগাদি সৌরভ ইতি বিশ্বঃ। দেবমাতৃকং বৃষ্টাম্বুপালিতং। দেশো নদ্যম্বু

করিতেছ? ॥ ৪৬ ॥

রাম। দেখ দেখ।

অষ্ট কর্ণ পুটক দ্বারা বেণুর নবীন মধুরাস্ফুট ধ্বনি শ্রবণ করিয়া ব্রহ্মা ধৈর্য্য বিসর্জন পূর্ব্বক হংসপৃষ্ঠে বারম্বার লুণ্ঠিত হইতেছেন।

(আকাশে পুনরায় নারদ কর্ত্তৃক বেণুর গীত)

আহা! বেণুনাদ রূপ অমৃত বর্ষণকারি হরিমুখচন্দ্র উদিত হওয়াতে রুদ্র স্বরূপ সমুদ্র স্বীয় মর্য্যাদা উল্লঙ্ঘন করিলেন অর্থাৎ আনন্দে বিহ্বল হইয়া নাচিতে লাগিলেন ॥

রাম। (উৎকণ্ঠার সহিত) দূর হইতে আশ্চর্য্য দেখ, মুর-

মুরলীকলা পরিমলানাকর্ণ্য ঘূর্ণত্তনো
রেতস্যাক্ষি সহস্রতঃ সুরপতেরস্রাণি সংক্রভুর্বি।
চিত্রং বারিধরান্ বিনাপি তরসা যৈরদ্য ধারাময়ৈ
র্দূরাৎ পশ্যত দেবমাতৃকমভূদ্বৃন্দাটবীমণ্ডলং ॥ ৪৭ ॥

কৃষ্ণঃ। স্বগতং। পুরাণানামমীষাং পুরস্তাদ্বিহারে সঙ্কুচন্তি মে চেতোবৃত্তয়ঃ। তদগ্রে যামীতি তরূণামন্তরমাসাদ্য প্রকাশং। সখে মধুমঙ্গল পশ্য পশ্য মাধবীয়াং বন মাধুরীং।

বৃষ্ট্যম্বু সম্পন্ন ব্রীহি পালিতঃ। স্যান্নদী মাতৃকো দেবমাতৃকশ্চ যথাক্রমমিত্য-মরঃ ॥ ৪৭ ॥

মাধবীয়াং মাধবো বসন্তঃ কৃষ্ণশ্চ তৎ সম্বন্ধিনীং। হৃষীকাণাং ক্রমেণ

লীর অমৃতময় ধ্বনি সমূহ শ্রবণ করিয়া ঘূর্ণিত তনু ইন্দ্রের সহস্র নেত্র হইতে অশ্রু স্রাবিত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং মেঘ ব্যতিরেকেও ঐ ধারাময় অশ্রু সমূহ দ্বারা অদ্য বৃন্দাবন মণ্ডল বৃষ্টি পালিত হইয়া সদ্যঃ দেবমাতৃক ভূমি তুল্য হইল ॥ ৪৭ ॥

কৃষ্ণ। (মনে মনে) এই সমুদায় প্রাচীনদিগের সমক্ষে বিহার করিতে আমার মনোবৃত্তি সঙ্কুচিত হইতেছে, অতএব অগ্রে গমন করি এই বলিয়া বৃক্ষের অন্তরাল হইয়া (প্রকাশ পূর্ব্বক) সখে মধুমঙ্গল! দেখ দেখ, বসন্ত সম্বন্ধীয় কি আশ্চর্য্য বন শোভা। কোন স্থানে ভৃঙ্গ গণ গান করিতেছে কোন স্থানে শীতল বায়ু প্রবাহিত

ক্বচিদ্ভৃঙ্গী গীতং ক্বচিদমিলভঙ্গীশিশিরতা
ক্বচিদ্বল্লীলাস্যং ক্বচিদমলমল্লী পরিমলং।
ক্বচিদ্ধারাশালী করকফলফালীরস ভরো
হৃষীকাণাং বৃন্দং প্রমদয়তি বৃন্দারনমিদং॥ ৪৮॥

মধুমঙ্গলঃ। ভো বঅস্স এদাএ দুট্ঠ ভিঙ্গী ভঅঙ্করীএ কিং মে কোদূহলং তুজ্ঝ বুন্দাড়ৈইএ। অহং কৃখু চউব্বিহেহিং অন্নেহিং সব্বেন্দিঅহারিণীং গোউলেশ্বরীএ রসবইং জ্জেব্ব দট্ঠণ রঞ্জেমি।

কৃষ্ণঃ। বয়স্য বন্দস্ব বৃন্দাটবীমেব। স্ফুটমস্যাঃ পুরাণ

শ্রবণ নাসিকা নেত্র ত্বগ্রসনানাং॥ ৪৮॥

মধু এতয়া দুষ্ট ভৃঙ্গ ভয়ঙ্কর্য্যয়া কিং মে কৌতুহলং তব বৃন্দাটব্যা। অহং খলু চতুর্ব্বিধৈরন্নৈঃ সর্ব্বেন্দ্রিয়াণাং হারিণীং গোকুলেশ্বর্য্যা রসবতীমেব দৃষ্ট্বা

হইতেছে, কোথাও লতা সকল নৃত্য করিতেছে, কোন স্থানে মল্লীপুষ্পের নির্ম্মল সৌরভ বহিতেছে এবং কোথাও বা দাড়িম্ব ফল বিদীর্ণ হওয়াতে তাহা হইতে রসধারাপাত হইতেছে। সখে! এই রূপে বৃন্দাবন ইন্দ্রিয় গণকে আনন্দিত করিতেছে॥ ৪৮॥

মধুমঙ্গল। ভো বয়স্য! দুষ্ট ভৃঙ্গ দ্বারা ভয়ঙ্করী বৃন্দাটবী হইতে আমার কোনই আনন্দ হইতেছে না, আমি চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় রূপ চতুর্ব্বিধ অন্ন দ্বারা সর্ব্বেন্দ্রিয় হারিণী গোকুলেশ্বরীর পাকশালা দেখিয়া আনন্দিত হইব।

কৃষ্ণ। বয়স্য! বৃন্দাবনকে বন্দনা কর, ইনি প্রাচীন লতা

বল্লরীভিরপি তবাভীষ্ট ফলমুল্লাসয়িতুং সমর্থ্যতে ॥

মধুমঙ্গলঃ। পিঅবঅস্‌স তুমং সচ্চবাদি ত্তি সব্ব লোএহিং ভণিজ্জসি। তা ইমস্‌স তুজ্‌ঝ বঅণস্‌স মএ পরিচ্ছা কাদব্বা ইত্যঞ্জলী বদ্ধা ভো বল্লরীও এসো বন্দেমি বুহুক্‌খিদো মে বঅস্‌সো তা দেন্তু খণ্ডলড্‌ডুআইং ॥ ৪৯ ॥

প্রবিশ্য মোদকপূর্ণপাত্রীহস্তা পৌর্ণমাসী।

পৌর্ণমাসী। চন্দ্রানন কৃষ্ণ গৃহাণ রসজ্ঞামোদকান্মোদকান্‌।

রজ্যামি। মধু ত্বং সত্যবাদীতি সর্ব্বলোকৈর্ভণ্যসে তৎ এতস্য বচনস্য পরীক্ষা ময়া কর্ত্তব্যা ভো বল্লর্য্যঃ এষোঽহং বন্দে বুভুক্ষিতো মে বয়স্য তদ্দীয়তাং খণ্ড লড্‌ডুকানি। ঔদ্ধত্যখ্যাপনায় বয়স্যে বুভুক্ষারোপণঃ তস্যৈব প্রার্থনমেতদিতি ব্যজ্যতে ॥ ৪৯ ॥

রসজ্ঞায়াঃ জিহ্বায়া রসজ্ঞস্য রসিকস্যচ। পরিপূর্ব্বো নীঞ বিবাহার্থকঃ

সকল দ্বারা তোমার অভীষ্ট ফল উল্লাসিত করিতে সমর্থ হইবেন ॥

মধুমঙ্গল। বয়স্য! গোকুলবাসি লোক সকল তোমাকে সত্যবাদী বলিয়া থাকে, অতএব আজি আমি ঐ বাক্যের পরীক্ষা করিব, এই বলিয়া (অঞ্জলি বন্ধন পূর্ব্বক) অহে লতাগণ! এই আমি তোমাদিগকে বন্দনা করি, আমার বয়স্য শ্রীকৃষ্ণ ক্ষুধাতুর হইয়াছেন অতএব তোমরা ইহাঁকে খণ্ডলড্‌ডুক প্রদান কর ॥ ৪৯ ॥

পৌর্ণমাসী। (মোদক পূর্ণপাত্র হস্তে করিয়া প্রবেশ পূর্ব্বক) অহে চন্দ্রবদন কৃষ্ণ! রসনা তৃপ্তি কারী মোদক সকল গ্রহণ কর।

রামঃ। সস্মিতং বয়স্য দৃষ্টা জরদ্বল্লরী বদান্যতা॥

পৌর্ণমাসী। সঙ্কর্ষণ জরদ্বল্লবী বদান্যতেতি ভণ্যতাং।

কৃষ্ণঃ। আর্য্যে কেয়ং জরদ্বল্লবী॥

পৌর্ণমাসী। চন্দ্রমুখ মুখরা।

কৃষ্ণঃ। তয়া কিমকাণ্ডে খণ্ডলড্ডুকানি সমর্পিতানি॥

পৌর্ণমাসী। নপ্ত্রী তাবদেতয়া অভিমন্যোঃ পাণৌ পরিণায়িতা। তদুৎসবাভিরূপঃ সমুদাচারোঽয়মনুসান্দ্রে॥ ৫০

কৃষ্ণঃ। কেয়ং নপ্ত্রী॥

পৌর্ণমাসী। রাধাভিদা কাচিদানন্দকৌমুদী।

অতো হেতুর্নিচ্॥ ৫০॥

বিলক্ষো বিস্ময়ান্বিত ইত্যমরঃ অনুসান্দ্রে প্রেষিতা॥ ৫১॥

রাম। (ঈষৎ হাস্যের সহিত) বয়স্য! প্রাচীন লতাগণের বদান্যতা দেখিলে।।

পৌর্ণমাসী। সঙ্কর্ষণ! প্রাচীনা বল্লবীর এই কথা বল।

কৃষ্ণ। আর্য্যে! এ প্রাচীনা গোপী কে?।

পৌর্ণমাসী। চন্দ্রবদন! মুখরা।

কৃষ্ণ। এ হঠাৎ কেন খণ্ড লড্ডুক সকল প্রদান করিল।

পৌর্ণমাসী। এই মুখরা আপনার নপ্ত্রীকে অভিমন্যুর সহিত বিবাহ দিয়াছে, একারণ সেই উৎসবানুরূপ আচারে তোমার নিকট খণ্ড লড্ডুক সকল প্রেরণ করিয়াছে॥ ৫০

কৃষ্ণ। এ নপ্ত্রী কে?।

পৌর্ণমাসী। রাধা নাম্নী কোন এক আনন্দকৌমুদী॥

কৃষ্ণঃ। সরোমাঞ্চ স্বগতং শ্রুতং নূন মম্বয়োঃ সম্বাদে শশ্ব-
দস্যাঃ সৌষ্ঠবং। ইতি কম্পমানো ব্রীড়াং নাটয়তি॥

পৌর্ণমাসী। স্বগতং কৃষ্ণং বিলক্ষমবেক্ষ্য নূনং রামঃ সব্যাজ
মসৌ সব্যতঃ প্রযাতি॥ ৫১॥

কৃষ্ণঃ। পুনরাত্মগতং। বিক্রিয়াং সঙ্গোপয়িতুং প্রসঙ্গান্তর
মঙ্গীকুর্য্যাং। প্রকাশং। আর্য্যে অদ্য মধুবাসরে ত্বয়াপি
কাচিন্মহোৎসব লক্ষ্মীরলং ক্রিয়তাং পশ্য জরদ্বল্লী শ্রেণী-
রিয়ং ফুল্লা পল্লবিতাচ॥

পৌর্ণমাসী। সস্মিতং। নাগর তবৈব মহোৎসবানামবসরো-
ঽয়ং প্রবৃত্তঃ। যদত্র পুষ্পাণাং পল্লবানাঞ্চ তৃষ্ণয়া বল্ল-

কৃষ্ণ। (রোমাঞ্চের সহিত মনে মনে) নিশ্চয় রোহিণী যশোদা-
জননী দ্বয়ের পরস্পর সম্বাদে নিরন্তর এই শ্রীরাধার
সৌষ্ঠব শ্রবণ করিয়াছি এইবলিয়া কম্পান্বিত হওত লজ্জা
প্রকাশ করিলেন॥

পৌর্ণমাসী। (মনে মনে) শ্রীকৃষ্ণকে লজ্জিত দেখিয়া নিশ্চয়
বলদেব ছল পূর্ব্বক বামদিক্ হইতে গমন করিলেন॥ ৫১

কৃষ্ণ। (পুনরায় মনে মনে) এই বিকার সঙ্গোপন নিমিত্ত
অন্য প্রসঙ্গ অবলম্বন করি। এই বলিয়া (প্রকাশ পূর্ব্বক
আর্য্যে! অদ্য বসন্ত বাসর, ইহাতে কোন মহোৎসব
শোভা সম্পাদন করুন। দেখুন্ প্রাচীন লতা সকল
পুষ্পিত ও পল্লবিত হইয়াছে॥

পৌর্ণমাসী। (ঈষৎ হাস্যের সহিত) নাগর! তোমারা

বানাং বিলাসিন্যঃ সমেষ্যন্তি।

কৃষ্ণঃ। সস্মিতং তির্য্যগবেক্ষ্য আর্য্যে ততঃ কিং।

পৌর্ণমাসী। বিহস্য বিলাসিন্ স্ববাসনানুসারতোহন্যথা মাশঙ্কিষ্ঠাঃ। পরমেবমভিপ্রায়াস্মি। ততস্তাসাং শূন্যেষু সদ্মসু সখিভি স্তে সুখমপহর্ত্তব্যানি গব্যানি।

কৃষ্ণঃ। ধূর্ত্তে কিং পরিহস্যতে। পশ্য কোমলমঞ্জরীমবচিন্বতীনাং বল্লবীনাং মণ্ডলেন খণ্ডিতানি মে বৃন্দাবন শাখি বিটপানি। তদেতা স্তে নিবারণীয়াঃ॥

মহোৎসব সকলের এই অবসর উপস্থিত। যে হেতু ইহাতে পুষ্প ও পল্লব সকল গ্রহণের অভিলাষে গোপ বিলাসিনী গণ আগমন করিবে॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্যের সহিত বক্র দৃষ্টি করিয়া) আর্য্যে! তাহারা আসিলে কি হইবে?।

পৌর্ণমাসী। উচ্চ হাস্য করিয়া বিলাসিন্! স্বীয় বাসনানুসারে অন্য আশঙ্কা করিও না, আমি মনোমধ্যে এই অভিপ্রায় করিয়াছি, তাহারা এখানে আসিলেই, তোমার সখা গণ তাহাদের শুন্য গৃহে গিয়া গব্য অপহরণ করিবে।

কৃষ্ণ। ধূর্ত্তে! পরিহাস করিতেছেন কেন? দেখুন কমল মঞ্জরী চয়নকারি গোপিকাগণই আমার বৃন্দাবনস্থ বৃক্ষের শাখা সকল ছেদন করিয়াছে, অতএব আপনি ইহাদিগকে নিবারণ করুন।

পৌর্ণমাসী। মোহন নব্য স্তবকোত্তংসিনা ভবতৈব সমুল্লসি-
তোহয়ং কুসুমেষু রাগো বল্লবীনাং ॥ ৫২ ॥
তাঃ কথমিতো নিবার্য্যন্তাং।

কৃষ্ণঃ। স্মিত্বা অয়ি বলাকাবলক্ষকেশি কথোপক্রমাদ্বক্র
মেব পন্থানমধিরূঢ়াসি। যদপরাধিকাস্বপি বল্লবীষু পক্ষ
পাতং ন মুঞ্চসি ॥ ৫৩ ॥

নব্য স্তবকোত্তংসিনেতি তব পুষ্পস্তবকোত্তংসমালোক্য তাদৃশ মাত্মনমপি কর্ত্তুং বল্লবীনাং কুসুমেষু রাগঃ আগ্রহো জাত ইতি প্রকটোঽর্থঃ। বস্তু তস্তু কুসুমেষুঃ কন্দর্প স্তত্রাগস্তদাবেশঃ ॥ ৫২ ॥

বলাকা বকপঙ্ক্তিঃ সা ইব বলক্ষা ধবলাঃ কেশাঃ যস্যাঃ হে তথাবিধে জরয়া তব এতাদৃশ পালিত্যং জাতং তদপি কামকর্ম্মতা কৌশলমিতি ভাবঃ। অপরাধিকাসু অপরাধ কর্ত্রীষু পক্ষপাতং সাহায্যং ॥ ৫৩ ॥

পৌর্ণমাসী। মোহন! তোমার পুষ্পস্তবকের উত্তংস দেখিয়া তৎ সদৃশ আপনাতেও করিবার নিমিত্ত বল্লবী গণের কুসুমে আগ্রহ জন্মিয়াছে, পক্ষান্তরে তোমাকে দেখিয়া গোপরামাদিগের কন্দর্প বিষয়ে আবেশ হইয়াছে ॥ ৫২ ॥
অতএব এখান হইতে তাহাদিগকে নিবৃত্ত করিতেছ কেন?।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) অয়ি বলাকাতুল্য ধবল কেশি! আপনি কথার আরম্ভে বক্র পথেই যে আরোহণ করিতে-ছেন, অর্থাৎ বৃদ্ধা হইলেও যে আপনার রসাভাষ পরি-ত্যাগ হয় না, যে হেতু গোপীগণ অপরাধিকা হইলেও

পৌর্ণমাসী। সুন্দর সংপ্রত্তি সরাধিকাঃ খলু বল্লব্যঃ কথমপ রাধিকাঃ সন্তু। তেন তে প্রিয়স্য পুন্নাগস্যাপি সুমনস্তেয়ং হঠেন করিষ্যন্তি ॥ ৫৪ ॥

কৃষ্ণঃ। স্বগতং। হন্ত কথং মনোহারিণী সৈব দৈবাৎ পুনরাবর্ত্ততে রাধিকাবার্ত্তা ॥

মধুমঙ্গলঃ। স্বগতং। কধং রাহি ত্তি ণাম মেত্তেণ উম্মণাএদি এসো। প্রকাশং। ভো বঅস্‌স মা কৃখু ইমাএ উবরি নিব্ভরং সতিণ্হো হোহি।

সরাধিকাঃ রাধিকয়া সহ বর্ত্তমানাঃ অপরাধিকাঃ অপগতা রাধিকা যাভ্য স্তথাবিধাঃ কথং সন্তু পুন্নাগস্য বৃক্ষস্য পক্ষে পুরুষশ্রেষ্ঠস্য সুমনসাং পুষ্পানাং শোভন মনসশ্চ ॥ ৫৪ ॥

মধু রাধেত্তি নাম মাত্রেণ উন্মনায়তে এষঃ। মা খলু এতস্যা উপরি সতৃষ্ণো ভব

তাহাদিগের প্রতিপক্ষপাত পরিত্যাগ করিতেছেন না ॥৫৩

পৌর্ণমাসী। অহে সুন্দর! গোপিকা সকল রাধিকা শূন্য হইবে কেন, তাহারা ত রাধিকার সহিত যুক্তই আছে, অতএব ঐ গোপিকারা বল পূর্ব্বক তোমার প্রিয়তর পুন্নাগবৃক্ষের কুসুম সকল অপহরণ করিবে ॥ ৫৪ ॥

কৃষ্ণ। (মনে মনে) হায়! কি প্রকারে অকস্মাৎ সেই মনোহারিণী রাধার কথা পুনরাগত হইল।

মধুমঙ্গল। (মনে মনে) ইনি রাধানাম মাত্রে উন্মনা হইতেছেন কেন? (প্রকাশ করিয়া) অহে বয়স্য! ইহার উপরে অতিশয় সতৃষ্ণ হইও না।

কৃষ্ণঃ। সপ্রণয়রোষং। ধিগ্‌বাচাল কুত্রাহং সতৃষ্ণঃ।

মধুমঙ্গলঃ। ভো মাকুপ্‌প সরসাএ মনোহারিণীএ উবরিত্তি ভণামি ॥ ৫৫ ॥

কৃষ্ণঃ। সখে ভ্রান্তোসি। নেমানি মনোহরাখ্যানি কিন্তু মৌক্তিকাখ্যানি লড্ডুকানি।

মধুমঙ্গলঃ। বিহস্য পিঅবঅস্‌স ণ ক্‌খু অহং ভমিশীলে রাহা-চক্কে বট্টামি কুদো ভমিস্‌সং ॥ ৫৬ ॥

মধু ভো মাকুপ্য সরসায়া মনোহরা লড্ড্যা উপরি ভণামি। মনোহ-রাখ্য মোদকশ্রেণ্যা উপরীতি প্রকটোহর্থঃ। মনোহরা সখী তস্যা উপরীতি বাস্তবঃ ॥ ৫৫ ॥

মধু নাহং ভ্রমিশীলে রাধাচক্রে বর্ত্তে ভ্রমিষ্যামি। রাধা নক্ষত্রোপলক্ষিত চক্রে জ্যোতিশ্চক্রে ইতি প্রকটোহর্থঃ। ভ্রমিদায়িত্বাৎ রাধেব চক্রং তস্মিন্ ইতি বাস্তবঃ। অত্র ত্বমেব বর্ত্তমানো লক্ষ্যসে ইতি ভাবঃ ॥ ৫৬ ॥

কৃষ্ণ। (প্রণয় রোষের সহিত) অরে বাচাল। ধিক্ তোরে আমি কাহার প্রতি সতৃষ্ণ হইয়াছি।

মধুমঙ্গল। অহে কোপ করিও না, সরস মনোহর লড্ডুকের উপর বলিতেছি। পক্ষে। সরসা মনোহারিণী সখীর প্রতি বলিতেছি ॥ ৫৫ ॥

কৃষ্ণ। সখে! ভ্রান্ত হইয়াছ, এ মনোহরাখ্য লড্ডুক নহে কিন্তু ইহার নাম মৌক্তিকাখ্য লড্ডুক।

মধুমঙ্গল। (হাস্য করিয়া) প্রিয়বয়স্য। আমিত ভ্রমিশীল রাধা চক্রে পতিত হই নাই যে আমার ভ্রম হইবে, বাস্তবিক তুমিই রাধাচক্রে পতিত হইয়াছ লক্ষিত হইতেছে ॥ ৫৬ ॥

পৌর্ণমাসী। স্বগতং। সত্যং পরিহস্যতে বটুনা যদেষো ভাবোদ্বৃত্ত চেতোবৃত্তিতয়া বৈলক্ষণ্য ভাগভিলক্ষ্যতে তদদ্য পূর্ণ কামাস্মি। প্রকাশং। সুন্দর কৃতমত্রোৎকণ্ঠয়া সা বিষ্ণুপদবীথী সঞ্চারিণী নৃলোকে কেন লভ্যতাং ॥ ৫৭

কৃষ্ণঃ। সস্মিতং। বিষ্ণুপদবীথীমবেক্ষ্য রামমনুসর্পন্ আর্য্য ব্যতীতেয়ং মধ্যাহ্ন মর্য্যাদা ততঃ কালিন্দীতীরে অবতীর্য্য

ভাবেন উদ্বৃত্তা উদ্ধৃতো চেতো বৃত্তির্যস্ত তত্বেন রাধাচক্রং জ্ঞাতুমহমুৎকণ্ঠে ইতি চেৎ কৃতমুৎকণ্ঠেতি অত্র রাধাচক্র বিষয়ে উৎকণ্ঠয়া কৃতং অলং ইতি প্রকটোঽর্থঃ। অত্র রাধায়াং উৎকণ্ঠয়া কিং কার্য্যমিতি বাস্তবার্থঃ। সা তব-স্বতঃ সিদ্ধেতি ভাবঃ। বিষ্ণুপদেতি আকাশবর্ত্মচারিণী রাধা তন্নাম নক্ষত্র মিতি প্রকটঃ বিষ্ণো স্তব এব পদসঞ্চারিণী রাধেতি বাস্তবার্থঃ। নৃলোকে কেন লভ্যতামিতি বিবাহ মাত্রমভিমন্যোঃ সম্ভোগস্তু তবৈবেত্যর্থঃ ॥ ৫৭ ॥

পদান্তরে স্থানান্তরে পদং ব্যবসিত ত্রাণ স্থান লক্ষ্মাঙ্ঘ্রি বস্তুষিত্যমরঃ ॥৫৮

পৌর্ণমাসী। (মনে মনে) এই বটু যথার্থ পরিহাস করিল, যে হেতু শ্রীকৃষ্ণের চিত্তে রাধাভাবোদয় হওয়াতে স্পষ্ট রূপে বৈলক্ষণ্য লক্ষিত হইতেছে, অতএব আজি আমার কামনা পরিপূর্ণ হইল। (প্রকাশ করিয়া) অহে সুন্দর! উৎকণ্ঠিত হইও না, সেই বিষ্ণুপদসঞ্চারিণী রাধাকে এ নৃলোকে কে লাভ করিতে পারে? ॥ ৫৭ ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্যের সহিত আকাশ পথ অবলোকন পূর্ব্বক রামের নিকট যাইয়া) আর্য্য! মধ্যাহ্ন সময় উপস্থিত হইয়াছে অতএব আপনারা কালিন্দীতীরে অবতরণ

সমাপয়ন্তু ভবন্তঃ পশূনাং পানীয় তৃষ্ণাং স্বাদয়ন্তুচ স্বাদূনি লড্ডুকানি ময়াতু সুহৃত্তমাভ্যাং শ্রীদাম সুবলাভ্যাং সহ মুহূর্ত্তমগ্রতো বিশ্রমিতব্যং॥

রামঃ। সখিভিঃ সহ নিষ্ক্রান্তঃ॥

পৌর্ণমাসী। স্বগতং। ময়াপি প্রতিচ্ছন্দস্য সিদ্ধিমবধারয়িতুং গন্তব্যমিতি কৃষ্ণমভিনন্দ্য পরিক্রামতি॥

কৃষ্ণঃ। পদান্তরে স্থিত্বা সখে শ্রীদামন্ কিং দৃষ্টপূর্ব্বা তে জগদপূর্ব্বা রাধা॥

শ্রীদামা। সলজ্জিতং স্মিতমুখমবাঞ্চয়তি॥ ৫৮॥

সুবলঃ। বঅস্‌স দিট্‌ঠ পূব্বেত্তি এত্তিঅং কিং ভণাসি ণং

বয়স্য দৃষ্ট পূর্ব্বেতি কিমেতাবৎ ভণসি এণং এতস্য ভগিনী খল্বেষা॥ ৫৯॥

পশুগণের পানীয় তৃষ্ণা সমাপন পূর্ব্বক এই লড্ডুক সকল ভক্ষণ করুন, আমি সুহৃত্তম শ্রীদাম ও সুবলের সহিত অগ্রে মুহূর্ত্তকাল বিশ্রাম করিব॥

রাম। সখাগণের সহিত গমন করিলেন॥

পৌর্ণমাসী। (মনে মনে) আমিও চিত্রপট সিদ্ধি নিমিত্ত গমন করি, এই বলিয়া শ্রীকৃষ্ণকে আশীর্ব্বাদ পূর্ব্বক চলিয়া গেলেন॥

কৃষ্ণ। (স্থানান্তরে অবস্থিতি পূর্ব্বক) সখে শ্রীদামন্! জগতে যে রূপ কেহ কখন দেখে নাই এমত রূপবতী শ্রীরাধাকে কি তুমি দেখিয়াছ?।

শ্রীদাম। লজ্জান্বিত হাস্য বদন অবনত করিলেন॥ ৫৮॥

সুবল। বয়স্য! রাধা কি তোমার দৃষ্টপূর্ব্বা, এ কথা

ইমস্স বহিণী ক্খু এসা। ॥ ৫৯ ॥

কৃষ্ণঃ। তদেহি ক্ষণমত্র কদম্বসম্বাধে রোধসি নিবিশ্য রাধানুধ্যারণাদুদ্বেগিচেতো বংশীবাদন বিনোদেনান্যতঃ ক্ষিপামীতি নিষ্ক্রান্তঃ।

পৌর্ণমাসী। পরিক্রম্য পুরঃ পশ্যন্তী সানন্দং। কথমিত এব বয়স্যয়া বিহস্যমানা বিক্রীড়তি মে বৎসেয়ং রাধিকা ইতি লতান্তরে স্থিত্বা।

বলাদক্ষ্ণোর্লক্ষ্মীঃ কবলয়তি নব্যং কুবলয়ং
মুখোল্লাসঃ ফুল্লং কমলবনমুল্লঙ্ঘয়তিচ।

অষ্টাপদং সুবর্ণং ॥ ৬০ ॥

শ্রীদামকে কেন জিজ্ঞাসা করিতেছ, রাধা যে শ্রীদামের ভগিনী ॥ ৫৯ ॥

কৃষ্ণ। তবে আইস, ক্ষণকাল এই কদম্বের দুর্গম তটে উপবেশন করিয়া রাধাচিন্তা নিবন্ধন উদ্বেগি চিত্তকে বংশী বাদন রূপ আনন্দে অন্যত্র নিক্ষেপ করি, এই বলিয়া প্রস্থান করিলেন ॥

পৌর্ণমাসী। (গমন করিতে করিতে অগ্রে অবলোকন পূর্ব্বক আনন্দের সহিত) কি প্রকারে এই স্থানেই সখীগণের সহিত হাস্যবদনা বৎসা রাধিকা আমাব ক্রীড়া করিতেছেন (এই বলিয়া লতার অন্তরালে অবস্থিতি পূর্ব্বক) আহা! শ্রীরাধার চক্ষুর শোভা নব কমলের শোভাকে বল পূর্ব্বক গ্রাস করিতেছে, মুখের শোভা বিকশিত পদ্ম

দশাং কষ্টামষ্টাপদমপি নয়ত্যাঙ্গিকরুচি
র্বিচিত্রং রাধায়াঃ কিমপি কিল রূপং বিলসতি ॥ ৬০ ॥
তদেতয়ো নির্ম্মল নর্ম্মগোষ্ঠী প্রতিবন্ধং পরিহরন্তী
বীরুন্নিরুদ্ধেনাধ্বনা বিশাখাং যামীতি নিষ্ক্রান্তা ॥
ততঃ প্রবিশতি ললিতয়া বিহস্যমানা রাধা।

রাধা। হলা ললিদে কিং করেদি অজ্জিয়া।

ললিতা। সহি তুহ সুরদেঅসস্ পূআকিদে এসা তমাল তলে
বেদিআং ণিম্মাদি ॥ ৬১ ॥

হলা হে সখি হণ্ডে হঞ্জে হলাহ্বানং নীচং চেটীং সখীং প্রতীত্যমরঃ ললিতে কিং করোত্যার্য্যা। ললি সখি তব সূর্য্যদেবস্ত পূজাকৃতে এষা তমাল তলে বেদিকাং নির্ম্মাতি ॥ ৬১ ॥

বনকে উল্লঙ্ঘন করিতেছে এবং অঙ্গশোভা অষ্টাপদকেও
(স্বর্ণকেও) কষ্ট দশা প্রাপ্ত করাইতেছে, যাহা হউক,
ইহাঁর কি আশ্চর্য্য রূপই বিলাস করিতেছে ॥ ৬০ ॥
অতএব রাধাকৃষ্ণের নির্ম্মল গোষ্ঠীর প্রতিবন্ধ না করিয়া
লতারুদ্ধ পথ দ্বারা বিশাখার নিকট গমন করি, এই
বলিয়া প্রস্থান করিলেন ॥
(তৎপরে ললিতার সহিত হাসিতে হাসিতে শ্রীরাধার
প্রবেশ)

শ্রীরাধা। সখি ললিতে। আর্য্যা কি করিতেছেন।

ললিতা। সখি! তোমার সূর্য্যদেবের পূজার নিমিত্ত তিনি
তমাল তলে বেদিকা নির্ম্মাণ করিতেছেন ॥ ৬১ ॥

রাধিকা। পুরোঽবলোক্য। হলা ললিদে সঙ্কে সা চ্চেঅ এসা বুন্দাড়ই জাএ মাহুরী তুএ পুণো পুণো মহবণ্ণিঅদি।
ললিতা। হলা সা জ্জেব্ব এসা কহ্নস্স লীলা বুক্খবাড়িআ।
রাধিকা। সৌৎসুক্যমাত্মগতং। অহো মুহুরত্তণং দোণং অক্খরাণং। প্রকাশং। সহি কস্স ত্তি ভণসি।
ললিতা। সাকূত স্মিতং। হলা ভণামি কহ্নস্স ত্তি।
রাধিকা। পুনঃ স্বগতং ॥ ৬২ ॥

হন্ত জস্স নামাবি বামাচিত্তং ইত্থং মোহেদি। সো

শঙ্কে সৈবৈষা বৃন্দাটবী যস্যা মাধুরী ত্বয়া পুনঃ পুনর্ম্ম বর্ণ্যতে। ললিসা এব এষা কৃষ্ণস্য লীলাবৃক্ষবাটিকা ॥

অহো মধুরত্বং দ্বয়োরক্ষরয়োঃ সখি কস্যেতি ভণসি ভণামি কৃষ্ণস্যেতি ॥৬২

শ্রীরাধা। (অগ্রে অবলোকন করিয়া) সখি ললিতে! বোধ করি সেই বৃন্দাটবী কি এই, তুমি পুনঃ পুনঃ আমার নিকট যাহার মাধুর্য্য বর্ণন করিয়াছিলে ॥
ললিতা। হাঁ সখি! সেই এই শ্রীকৃষ্ণের ক্রীড়াকানন ॥
শ্রীরাধা। (উৎকণ্ঠার সহিত মনে মনে) অহো! এই দুইটী অক্ষরের কি মধুরতা (প্রকাশ করিয়া) সখি! কাহার নাম বলিতেছ।
ললিতা। (অভিপ্রায়ের সহিত ঈষৎ হাস্য করিয়া) সখি! কৃষ্ণের নাম বলিতেছি।
শ্রীরাধা। (পুনর্ব্বার মনে মনে) ॥ ৬২ ॥
আহা! যাহার নামমাত্রেই সুন্দরীদিগের চিত্তকে এই রূপ

কৃখু কি দিসো বা ণামী। ইতি সাবহিত্থং প্রকাশং।
হলা ইমাইং ণিউঞ্জোবরি পুঞ্জিদাইং গুঞ্জা ফলাইং বিই-
ণস্‌সং ॥ ৬৩ ॥

ললিতা। সপরিহাসং সংস্কৃতেন।

দেহন্তে ভুবনান্তরাল বিরলচ্ছায়া বিলাসাস্পদং
মা কৌতূহল চঞ্চলাক্ষি লতিকাজালে প্রবেশং কৃথাঃ।
নব্যাসঞ্জন পুঞ্জ মঞ্জুল রুচিঃ কুঞ্জেচরী দেবতা
কান্তাং কান্তিভিরঙ্কিতামিহ বনে নিঃশঙ্কমাকর্ষতি ॥ ৬৪ ॥

নামাপি ইত্থং বামাচিত্তং মোহয়তি স খলু কীদৃশো বা নামীতি সাবহিত্থং সাকার গোপনং যথাস্যাৎ ইমানি নিকুঞ্জোপরি গুঞ্জাফলানি বিচেষ্যামি ॥ ৬৩ ॥

ভুবনানামন্তরাল মধ্যে বিরলা অনুপলভ্যমানাঃ যাশ্ছায়া কান্তয় স্তাসাং বিলাসাস্পদং বিহার গৃহং ॥ ৬৪ ॥

বিমোহিত করিতেছে, না জানি সেই বা কিরূপ সুন্দর।
(ভাব গোপন পূর্ব্বক প্রকাশ করিয়া) সখি! চল
নিকুঞ্জোপরি গুঞ্জা ফল সকল চয়ন করি ॥ ৬৩ ॥

ললিতা। (পরিহাসের সহিত সংস্কৃত ভাষায়) হে কৌতু-
হল চঞ্চলাক্ষি! তোমার দেহ ভুবনমধ্যে অলভ্য শোভার
বিলাস গৃহ, অতএব তুমি লতা জালে প্রবেশ করিও
না, ঐ স্থানে অঞ্জনপুঞ্জ সদৃশ মনোহর রূপশালি কোন
কুঞ্জবিহারী দেব অবস্থিত আছেন, তিনি নিঃশঙ্কে এই
বনমধ্যে শোভনাঙ্গী নব্যা কান্তাকে আকর্ষণ করিয়া
থাকেন ॥ ৬৪ ॥

রাধিকা। কিঞ্চিদ্ভীতেব পরাবৃত্য সনর্ম্মস্মিতং। সহি ললিদে তাএ দেঅদাএ ণূণং তুমং আঅড্টিদাসি জং এদং জাণাসি।

ললিতা। বিহস্য। কীস মং এসা আঅড্টচ্চু ণ ক্খু অহং তুমং বিঅ কান্তীহিং অঙ্কিদা।

নেপথ্যে বংশীধ্বনিঃ।

রাধা। নিশম্য সচমৎকারং স্বগতং ॥ ৬৫ ॥

অম্মহে ইমস্স মোহণ ত্তণং সদ্দস্স ইতি বৈবশ্যং নাটয়তি।

তয়া দেবতয়া নূনং ত্বমাকর্ষিতাসি যদিদং জানাসি। মাং কস্মাদেষা আকর্ষতু ন খল্বহং ত্বমিব কান্তিভি রঙ্কিতা ॥ ৬৫ ॥

অহো অস্য মোহনত্বং শব্দস্য। হুং এষা কোমলাঙ্গী প্রথমং জালে নিপ-

---

শ্রীরাধা (কিঞ্চিৎ ভীতা হইয়াই যেন প্রত্যাবর্ত্তন পূর্ব্বক পরিহাস যুক্ত ঈষৎ হাস্যের সহিত) সখি ললিতে! লতাকুঞ্জে প্রবেশ করিলেই দেবতা আকর্ষণ করেন, তুমি যখন ইহা জানিয়াছ, তখন বোধ করি সেই দেব তোমাকে আকর্ষণ করিয়াছেন॥

ললিতা। (ঈষৎ হাস্য করিয়া) সখি! দেবতা কেন আমাকে আকর্ষণ করিবেন, আমিত তোমার মত সুন্দরী নহি॥

(এমত সময়ে বেশ গৃহে বংশীধ্বনি)

শ্রীরাধা। (শ্রবণ করিয়া বিস্ময়ের সহিত মনে মনে)॥ ৬৫ ॥

অহো এই শব্দের কি মোহিনী শক্তি, এই বলিয়া

ললিতা। বিলোক্য স্বগতং। হুং এসা কোমলঙ্গী কুরঙ্গী পঢ়মং জালে ণিপড়িদা ॥ ৬৬ ॥

রাধিকা। প্রযত্নেন ধৈর্য্যমালম্ব্য স্বগতং। অবি ণাম ণং সদ্দামিঅপুরং উগ্‌গিরন্তং জণং পেক্‌খিস্‌সং ॥ ৬৭ ॥

ললিতা। উপসৃত্য। হলা রাহি অত্থি মতুবরি তুহ বিসদ্ধ বুদ্ধী ॥

রাধিকা। হলা কীস এব্বং ভণাসি তুমং জ্জেব্ব তত্থ

তিতা ॥ ৬৬ ॥

অপি নাম এনং শব্দামৃত পূর মুদ্গিরন্তং জনং প্রেক্ষিষ্যে ॥ ৬৭ ॥

হলা রাধে অস্তি মদুপরি বিশ্রব্ধ বুদ্ধিঃ বিশ্রম্ভণ বুদ্ধিরিত্যর্থঃ। প্রশ্নোঽয়ং অস্তি বা নাস্তি বেতি সত্যং কথা তামিত্যর্থঃ। কস্মাদেবং ভণসি ত্বমেব তত্র

নিজাঙ্গের বিবশতা প্রকাশ করিলেন ॥

ললিতা। (অবলোকন করিয়া মনে মনে) হুঁ এই কোমলাঙ্গী কুরঙ্গী প্রথমেই জালে পতিত হইলেন ॥ ৬৬ ॥

শ্রীরাধা। (যত্ন পূর্ব্বক ধৈর্য্যাবলম্বন করিয়া মনে মনে) এই শব্দামৃত প্রবাহ উদ্গীরণকারি জনকে কি আমি দেখিতে পাইব ? ॥ ৬৭ ॥

ললিতা। (নিকটে গিয়া) সখি! রাধে! আমার উপরি তোমার বিশ্বাস আছে? ॥

শ্রীরাধা। সখি! একথা আমাকে জিজ্ঞাসা করিতেছ কেন? তোমার প্রতি আমার বিশ্বাস আছে কি না তাহা তুমিই

পমাণং ॥ ৬৮ ॥

ললিতা। কধেহু পিঅসহী কিত্তি অকাণ্ডে বিবসাসি তুমং ॥

রাধিকা। সলজ্জং সংস্কৃতেন।

নাদঃ কদম্ববিটপান্তরিতো বিসর্পন্
কো নাম কর্ণপদবীমবিশন্নজানে।
হা হা কুলিনগৃহিণীগণ গর্হণীয়াং
যেনাদ্য কামপি দশাং সখি লম্ভিতাস্মি ॥ ৬৯ ॥

ললিতা। হলা এসো মুরলীরও ॥

রাধিকা। সব্যথং সংস্কৃতেন।

প্রমাণং ॥ ৬৮ ॥

কথয়তু প্রিয়সখী কিমিত্যকাণ্ডে বিবশাসি ত্বং যেন নাদেন প্রযোজক কর্ত্রা ॥ ৬৯ ॥

অয়ং মুরলীরবঃ অজড়ঃ হিমভিন্নঃ নিকৃন্তনঃ ছেদকঃ কৃন্তন ছেদন ইত্যপি

জান ॥ ৬৮ ॥

ললিতা। প্রিয়সখি! অকারণে তোমার অঙ্গ বিবশ কেন? ॥

শ্রীরাধা (লজ্জার সহিত সংস্কৃত ভাষায়) সখি! বলিতে পারি না কদম্ব বৃক্ষের মধ্য হইতে অকস্মাৎ কোন একটী শব্দ উদ্গত হইয়া আমার কর্ণপদবীতে আসিয়া প্রবেশ করিয়াছে, হায়! তদ্দ্বারাই আমি কুলীনগৃহিণীগণের নিন্দনীয়া কোন অনির্ব্বচনীয় দশা প্রাপ্ত হইয়াছি ॥ ৬৯ ॥

ললিতা। সখি! এ অন্য কোন শব্দ নহে, ইহা মুরলীর শব্দ ॥

শ্রীরাধা। (ব্যথার সহিত সংস্কৃত ভাষায়) সখি! এ হিম নয়,

অজড়ঃ কম্পসম্পাদী শস্ত্রাদন্যো নিকৃন্তনঃ।
তাপনোনুষ্ণতাধারী কোবায়ং মুরলীরবঃ ॥
ইত্যুদ্বেগং নাটয়তী ॥
হলা নাহং মুরলীণাঅস্স অণহিণ্ণতো অলং বিপ্পলম্ভেণ

ধাতুয়ন্তি ন উষ্ণতাং ধারয়তীত্যনুষ্ণতা ধারী। নাহং মুরলী নাদস্থানভিজ্ঞা

কিন্তু হিমের ন্যায় কম্পিত করিতেছে, এবং এ তাপ নহে কিন্তু উষ্ণতা ধারণ করিতেছে, অতএব এ কোন্ মুরলী রব ॥

(এই বলিয়া উদ্বেগ প্রকাশ পূর্ব্বক) সখি! আমিত মুরলী রবের অনভিজ্ঞা নহি, তবে আর বিপ্রলম্ভের প্রয়োজন কি, স্পষ্টই বোধ হইতেছে, এ কোন মহানাগর মোহন মন্ত্র পাঠ করিতেছে ॥

যথারাগ ॥

কদম্বের বন হইতে, কিবা শব্দ আচম্বিতে, আসিয়া পশিল মোর কাণে। অমৃত নিছিয়া পেলি, সুমাধুর্য্য পদাবলী, কি জানি কেমন করে মনে ॥ হা হা কুলরমণীর, গ্রহণ করিতে ধীর, যাতে কোন দশা কৈল মোহে ॥ ধ্রু ॥ শুনিয়া ললিতা কহে, অন্য কোন শব্দ নহে, মোহন মুরলী ধ্বনি এহ। সে শব্দ শুনিয়া কেনে, হৈলে তুমি বিমোহনে, রহ তুমি চিত্তে বান্ধি থেহ ॥ রাই কহে কেবা হেন, মুরলী বাজায় যেন, বিষামৃতে মিশাল করিঞা। হিম নহে সব তনু, কাঁপাইছে হিমে জনু, প্রতি তনু

ফুড়ং এ সো কেণ বি মহণাঅরেণ কো বি মোহণ মন্তো পঢ়ীঅদি।

প্রবিশ্য চিত্রপঠহস্তা বিশাখা রাধামবধারয়ন্তী স্বগতং ॥ ৭০

দাণিং অণ্ণাদিসী এসা লক্খীঅদি তা ণূণং কহ্নস্‌স বংশী আএ ডংসিদা হোদু পুচ্ছিস্‌সং ইত্যুপসৃত্য প্রকাশং

তদ্দলং বিপ্রলম্ভেন স্ফুটমেব কেনাপি মহানাগরেণ মোহন মন্ত্রঃ পঠ্যতে ॥ ৭০ ॥
ইদানীমন্যাদৃশী এষা লক্ষ্যতে তন্নূনং কৃষ্ণস্য বংশিকয়া দংশিতা ভবতু

শীতল করিঞা ॥ অস্ত্র নহে মনে ফুটে, কাতারিতে যেন কাটে, ছেদন না করে হিয়া মোর। তাপ নহে উষ্ণ অতি, পোড়ায়ে আমার মতি, বিচারিতে না পাইয়ে ওর ॥ এতেক কহিতে ধনী, উদ্বেগ বাড়িল জানি, নারে চিত্ত প্রবোধ করিতে। কহে শুন আরে সখি, তুমি মিথ্যা বুইলে দেখি, মুরলীর নহে হেন রীতে ॥ কোন সুনাগর এই, মোহমন্ত্র পড়ে যেই, হরিতে তোমার ধৈর্য্যমত। দেখিয়া ঐ সব রীত, চমক লাগিল চিত্ত, দাস যদুনন্দের মত ॥

(এমত সময়ে চিত্রপট হস্তে করিয়া বিশাখার প্রবেশ)

বিশাখা। শ্রীরাধাকে নিশ্চয় করত (মনে মনে) ॥ ৭০ ॥

সম্প্রতি ইহাঁকে অন্য প্রকার দেখিতেছি, অতএব নিশ্চয় ইনি শ্রীকৃষ্ণের বংশীকা কর্ত্তৃক দংশিতা হইয়াছেন, যাহা হউক জিজ্ঞাসা করি। (এই বলিয়া সমীপে গমন

সংস্কৃতেন ॥ ৭১ ॥

ক্ষৌণীং পঙ্কিলয়ন্তি পঙ্কজরুচো রক্ষোঃ পয়োবিন্দবঃ
স্বাশাস্তাণ্ডবয়ন্তি পাণ্ডুবদনে দুরাদুরোজাংশুকং।
মূর্ত্তিং দন্তুরয়ন্তি সন্ততমমী রোমাঞ্চপুঞ্জাশ্চতে
মন্যে মাধবমাধুরী শ্রবণয়োরভ্যাসমভ্যায়যৌ ॥

প্রশ্নং করিষ্যামি ॥ ৭১ ॥

পঙ্কিলয়ন্তি পঙ্কিলাং কুর্ব্বন্তি তাণ্ডবয়ন্তি তাণ্ডববৎ কুর্ব্বন্তি। মত্বস্থানিচ্

পূর্ব্বক প্রকাশ করিয়া সংস্কৃত ভাষায়) ॥ ৭১ ॥

হে পাণ্ডুবদনে! তোমার পদ্মকান্তি সদৃশ লোচন যুগল হইতে অশ্রুবিন্দু সকল পতিত হইয়া ভূমিকে পঙ্কিল করিতেছে, তোমার নিশ্বাস সকল দূর হইতে স্তনাবরণ বস্ত্রকে নৃত্য করাইতেছে এবং রোমাঞ্চ পুঞ্জ তোমার মূর্ত্তিকে কণ্টকিত করিতেছে, অতএব হে রাধে! বোধ হয় মাধবমাধুর্য্য তোমার শ্রবণের সমীপবর্ত্তি হইয়াছে ॥

যথারাগ ॥

যিনি পদ্মগণ এ তুয়া নয়ন মাধুরী মোহন জাতি। তাহাতে নির্ঝর, ঝরে বসুন্ধর, কর্দ্দম কঅল অতি ॥ সখি হে বুঝিলুঁ এ তুয়া রীত। মাধবমাধুরী, শ্রুতিযুগভরি, তওল কওল চিত ॥ ধ্রু ॥ ঘন শ্বাসভরে, কুচকুম্ভ পরে, সঘনে নাচয়ে বাস। প্রভাত কমল, জিনিয়া বিমল, বদন পাণ্ডরা ভাস ॥ পুলকে ভরিল, সব কলেবর, তাহাতে দ্বিগুণ দেহ। এ যদুনন্দন, কহয়ে ঐছন, চরিত নবীন লেহ ॥

শ্রীরাধা। অনাকর্ণিতকেনৈব সোৎকম্পং। ললিদে পুণো
এসো জ্জেব্ব কো বিসদ্দো বিক্কমদি ॥ ৭২ ॥

ললিতা। সংস্কৃতেন।

এষ স্থৈর্য্য ভুজঙ্গ সংঘদমনাসঙ্গে বিহঙ্গেশ্বরো
ব্রীড়া ব্যাধিধুরা বিধূননবিধৌ তন্বঙ্গি ধন্বন্তরিঃ।
সাধ্বীগর্ব্বভরাম্বু রাশিচুলুকারম্ভেতু কুম্ভোদ্ভবঃ
কালিন্দীতটমণ্ডলীষু মুরলী তুণ্ডাদ্ধনি র্ধাবতি ॥ ৭৩ ॥

বিম্নতোর্ম্মুগিতি মতোর্ম্মুক্ দন্তরাং কণ্ঠকিতাং কুর্ব্বন্তি .অভ্যাসং নিকটং।
অশ্রুতেনৈব ললিতে পুনরেষ স এব কোপি শব্দো বিক্রমতি ॥ ৭২ ॥
বিহঙ্গেশ্বরো গরুড়ঃ ॥ ৭৩ ॥

শ্রীরাধা। (অশ্রুতের ন্যায়ই যেন কম্পের সহিত) ললিতে!
পুনরায় সেই প্রকারই কোন শব্দ বিক্রম করিতেছে ॥ ৭২

ললিতা। (সংস্কৃত ভাষায়) হে কৃশাঙ্গি! এ শব্দ কে
সামান্য মনে করিও না, এ যুবতিগণের ধৈর্য্য রূপ ভুজঙ্গ
সঙ্ঘ দমন বিষয়ে গরুড় সদৃশ, লজ্জারূপ ব্যাধি ভর নাশ
বিষয়ে ধন্বন্তরি স্বরূপ এবং সাধ্বীগণের গর্ব্বাতিশয় রূপ
সাগর শোষণ বিষয়ে অগস্ত্য সদৃশ হইয়া কালিন্দী তট
বর্ত্তি মুরলীবদনের নিকট হইতে ধাবমান হইতেছে ॥ ৭৩

যথারাগ ॥

যুবতি ধরম, ধৈর্য্য ভুজঙ্গম, দমন কারণ কাজে।
এই ধ্বনি ছলে, সদা ফিরি বুলে, গরুড় জগত মাঝে ॥ সই
এ তোহে কহিল সার। কুলযুবতীর, ধরম করম, ভ্রমর

শ্রীরাধা। সহি জাদা মহ হিঅএ কা বি গরুঈ বেঅণা। তা গদুঅ সুবিসসং।

বিশাখা। হলা রাহে তুহ বেঅণা বিদ্ধসণং কিম্পি এদং ওসহং মহ হত্থে বট্টদি তা সেবেহি ণং ॥ ৭৪ ॥

সখি জাতা মম হৃদয়ে কাপি গুর্ব্বী বেদনা তদ্গত্বা স্বপ্সামি। বিশাখা সখি রাধে তব বেদনা বিধ্বংসনং কিমপ্যেতদৌষধং মম হস্তে বর্ত্ততে তৎ সেবস্ব এতৎ ॥ ৭৪ ॥

না রহে আর ॥ ধ্রু ॥ যাজা ক্ষীণ নারী, ব্যাধি লজ্জাবলী, তাহার নাশের আশে। জিনি ধন্বন্তরি, সর্ব্বক্ষণ ফিরি, শ্রুতি পথে হৃদি পৈশে ॥ সতী যুবতির, সাধ্বী গর্ব্বভর, সে যে সরোবর অতি। এ ধ্বনি সন্ধান, কুম্ভের নন্দন, গণ্ডূষে পিবয়ে মতি ॥ এইত কারণ, মুরলী বদন, পন্থেত হইতে ধায়। আইসে কালিন্দী, কিনার হইতে, দেখ পরতেক তায় ॥ শুনিয়া ললিতা, বাণী সুললিতা, ধরিতে নাপারে অঙ্গ। এ যদুনন্দন, দাস পুন ভণ, ভালে বলে এই রঙ্গ ॥

শ্রীরাধা। সখি! আমার হৃদয়ে কেন গুরুতর বেদনা উপস্থিত হইয়াছে, অতএব আমি গিয়া শয়ন করিতেছি ॥

বিশাখা। সখি রাধে! তোমার বেদনা বিধ্বংসন কারি কোন ঔষধ আমার হস্তে আছে, অতএব তাহা এই সেবন কর ॥ ৭৪ ॥

শ্রীরাধা। বিসাহে এহি অঙ্গণোবকণ্ঠে ফুল্লকণ্ণিআর মণ্ডলী-
চ্ছাঅং অজ্ঝাসিঅ পেক্‌খহ্ম ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে ॥ ৭৫ ॥

॥ * ॥ ইতি শ্রীবিদগ্ধমাধবে বেণুনাদ বিলাসো নাম প্রথ-
মোঽঙ্কঃ ॥ * ॥

রাধি বিশাখে আগচ্ছ অঙ্গনোপকণ্ঠে ফুল্লকর্ণিকার মণ্ডলীচ্ছায়াং অধ্যাস্য প্রেক্ষ্যামহে ॥ ৭৫ ॥

॥ * ॥ ইতি প্রথমোঽঙ্কঃ ॥ * ॥

শ্রীরাধা। বিশাখে! আইস অঙ্গনের সমীপে ফুল্ল কর্ণিকার
মণ্ডলী সকলের ছায়াতে উপবিষ্ট হইয়া অবলোকন
করি। এই বলিয়া সকলে গমন করিলেন ॥ ৭৫ ॥

॥ * ॥ ইতি শ্রীবিদগ্ধমাধব নাটকে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন
কৃত ব্যাখ্যায় বেণুনাদ বিলাস নামক প্রথমাঙ্ক ॥ * ॥

ততঃ প্রবিশতি নান্দীমুখী।

নান্দীমুখী। আদিট্‌ঠহ্মি তত্ত হোদীএ পোণ্ণমাসীএ জধা অই ণন্দীমুহী সুদং মএ নিব্ভরা সুত্থ সরীরা মে বচ্ছা রাহী তা গদুঅ জাণাহি সে তত্তং ত্তি তদো মুহরা ঘরং গমিস্‌সং।

ইতি পরিক্রম্য পুরঃ পশ্যন্তী। কধং ইধ জ্জেব্ব কন্দন্তী মুহরা আঅচ্ছই ॥ ১ ॥

প্রবিশ্য মুখরা হদ্ধী হদ্ধী হদম্হি মন্দভাইণী।

নান্দীমুখী। অজ্জে মুহরে কীস রোঅসি।

আদিষ্টাস্মি তত্র ভবত্যা পৌর্ণমাস্যা যথা অয়ি নান্দীমুখি শ্রুতং ময়া নির্ভরা সুস্থ শরীরাস্মবৎসা রাধা তদ্গত্বা জানীহি তস্যা স্তত্ত্বমিতি ততো মুখরাগৃহং গমিষ্যামি। কথমিত এব ক্রন্দতী মুখরা আগচ্ছতি ॥ ১ ॥

মুখরা হা ধিক্ হা ধিক্ হতাস্মি মন্দভাগিনী। আর্য্যে মুখরে কস্মাৎ

(অনন্তর নান্দীমুখীর প্রবেশ)

নান্দীমুখী। দেবী পৌর্ণমাসী আমাকে আজ্ঞা করিয়াছেন যে, নান্দীমুখি! আমি শুনিয়াছি আমার বৎসা শ্রীরাধার শরীর অতিশয় অসুস্থ হইয়াছে, তুমি গিয়া তাহার তত্ত্ব জানিয়া আইস, তাহার পর মুখরার গৃহে গমন করিব (এই বলিয়া প্রদক্ষিণ পূর্ব্বক অগ্রে দৃষ্টিপাত করত) এই যে মুখরা কান্দিতে কান্দিতে এই দিকেই আসিতেছে ॥ ১ ॥

মুখরা। (প্রবেশ করিয়া) হা ধিক্, হা ধিক্, এই মন্দভাগিনীর মৃত্যু ভাল ॥

নান্দীমুখী। আর্য্যে মুখরে! রোদন করিতেছ কেন?

মুখরা। বিলোক্য বৎসে রাহী সন্দাবেণ।

নান্দীমুখী। কেরিসং চেট্ঠই রাহী॥

মুখরা। বৎসে বাউলাবিঅ কিম্পি পলেবই ইতি সংস্কৃতেন।

ক্রূরাণামলিনাং কুলৈর্ম্মলিনয়া কৃত্যং নমে মালয়া
বালাহং কিমু নর্ম্মণস্তবপদং দূরী ভব প্রাঙ্গনাৎ।
ইত্যাদীনি দুরক্ষরাণি পরিতঃ স্বপ্নে তথা জাগরে
জল্পান্তী জলজেক্ষণা ক্ষপয়তি ক্লেশেন রাত্রিন্দিবং॥ ২॥

নান্দীমুখী। স্বগতং। উবসগ্গ কিদা ণ কৃখু এরিসী পলাব

রোদিষি মুখরা রাধাসন্তাপেন। কীদৃশং চেষ্টতে রাধা। মুখরা বাতুলাইব প্রলপতি॥ ২॥

নান্দী উপসর্গকৃতা ন খলু ঈদৃশী প্রলাপ মুদ্রা তৎ দৃষ্ট্যা বিক্রমিতং তত্র

মুখরা। (দৃষ্টিপাত করিয়া) বাছা! রাধার সন্তাপে।

নান্দীমুখী। রাধা কিরূপ চেষ্টা করিতেছেন?।

মুখরা। বাছা! বাতুলের ন্যায় প্রলাপ করিতেছে (এই বলিয়া সংস্কৃত ভাষায়)

যথা। সেই পদ্মনয়না কি স্বপ্নে, কি জাগরণে, সর্ব্বদাই বলিয়া থাকে, ক্রূর অলিগণে মলিনা এই মালায় আমার প্রয়োজন নাই, আমি বালা, তোমার কি হাস্যাস্পদ হইব? অতএব আঙ্গিনা হইতে দূর হইয়া যাও, এই রূপ দুর্ব্বচন সকল বলিতে বলিতে অতি কষ্টে দিবারাত্রি যাপন করিতেছে॥ ২॥

নান্দীমুখী। (মনে মনে) এ রূপ প্রলাপত কোন উপসর্গ

মুদ্দা তা দিট্ঠিআ বিক্কমিদং এত্থ কহ্ণ বিলাসেন ॥ ৩ ॥

মুখরা। বৎসে অহং গদুঅ ভঅবদীং বিণ্ণবিস্সং তুমং বেদসী কুঞ্জং উবসপ্পিঅ রাহিঅং পেচ্ছ। ইতি নিষ্ক্রান্তে ॥

ততঃ প্রবিশতি সখীভ্যামুপাস্যমানা রাধা সোদ্বেগং স্বগতং। হদ হিঅঅ জস্স পড়িচ্ছণ্ণ দংসণ মেত্তাদো ঈরিসী দুরূহ সঙ্গমা উবত্থিদা দে অবত্থা তত্থ বি পুণো-রাঅং বহসি ॥ ৪ ॥

কৃষ্ণবিলাসেন ॥ ৩ ॥

মুখরা বৎসে অহং গত্বা ভগবতীং বিজ্ঞাপয়িষ্যামি ত্বং বেতসী কুঞ্জমুপ-সর্য্য রাধিকাং পশ্য। হে হতহৃদয় যস্য প্রতিচ্ছন্দ দর্শন মাত্রতঃ ঈদৃশী দুরূহ সংগমা তে উপস্থিতা তত্রাপি পুনারাগং বহসি ॥ ৪ ॥

নিমিত্ত নহে, এ অতি সৌভাগ্যের বিষয়, কৃষ্ণবিলাস জন্যই এই রূপ প্রলাপ উপস্থিত হইয়াছে ॥ ৩ ॥

মুখরা। বাছা! আমি যাইয়া ভগবতী পৌর্ণমাসীকে নিবেদন করি, তুমি বেতসী কুঞ্জে গিয়া শ্রীরাধার প্রতি দৃষ্টিপাত কর।

(এই বলিয়া দুইজনে চলিয়া গেলেন)

অনন্তর ললিতা বিশাখা সখীদ্বয় কর্ত্তৃক উপাস্যমানা শ্রীরাধা আসিয়া প্রবেশ করিলেন।

শ্রীরাধা। (উদ্বেগের সহিত মনে মনে) অরে দগ্ধ হৃদয়! যাহার প্রতিবিম্ব দর্শন মাত্রেই তোর এই দশা উপস্থিত হইয়াছে, তুই কি না আবার তাহারই অনুরাগ বহন করিতেছিস্ ॥ ৪ ॥

উভোহলা রাহিএ হিস্তো বিলোকৃখণো দে বেঅণাণুবন্ধো
লক্‌খীঅদি তা কীস অহ্মেসু তত্তং ণ কধেসি।
রাধিকা। নিশ্বস্য বক্ত্রং ব্যাবর্ত্তয়তি।
বিশাখা। (পুরোঽধিগম্য সংস্কৃতেন।)
চিন্তাসন্ততিরদ্য কৃন্ততি সখি স্বান্তস্য কিন্তে ধৃতিং
কিম্বা সিঞ্চতি তাম্রমম্বরমতি স্বেদাম্ভসাং ডম্বরঃ।
কম্পশ্চম্পকগৌরি লুম্পতি বপুঃ স্থৈর্য্যং কথং বা বলাৎ
তথ্যং ব্রূহি ন মঙ্গলা পরিজনে সঙ্গোপনাঙ্গীকৃতিঃ ॥ ৫ ॥
রাধিকা। সাসূয়ং। অই নিট্‌ঠুরে বিসাহে তুমং এব্বং

হলা রাধে এভ্য আময়েভ্যো বিলক্ষণস্তে বেদনানুবন্ধো লক্ষ্যতে তৎ কস্মাদস্মাসু তত্ত্বং ন কথয়সি ॥ ৫ ॥

ললিতা বিশাখা। রাধে! এই সকল আময় (পীড়া) হইতে
তোমার বিলক্ষণ বেদনার অনুভব হইতেছে, অতএব
কি কারণে আমাদিগকে ইহার নিদান বলিতেছ না,।
শ্রীরাধা। নিশ্বাস পরিত্যাগ করিয়া মুখ ফিরাইলেন।
বিশাখা। (সম্মুখে গমন করিয়া সংস্কৃত ভাষায়) হে সখি!
চিন্তামণি সকল কি তোমার অন্তঃকরণের ধৈর্য্য ছেদন
করিল? অথবা ঘর্ম্মাম্বুরাশি কি তোমার অরুণ বসনকে
আর্দ্রীভূত করিল, কিম্বা হে চম্পকগৌরি! কম্প কি
বল প্রকাশ করিয়া তোমার বপুর স্থৈর্য্য হরণ করিল,
যাহা হউক, তুমি যথার্থ বল, আত্মীয় জনের নিকট ভাব
গোপন করা কখন মঙ্গলের নিমিত্ত হয় না ॥ ৫ ॥

পুচ্ছন্তী বি ণ লজ্জসি ॥ ৬ ॥

বিশাখা। সশঙ্কং। হলা কহিম্পি অবরদ্ধেহ্মি ত্তি ণ সুমরামি।

রাধিকা। অই ণিক্কিবে কীস এব্বং ভণাসি সুমরিঅ বেক্‌খ ॥৭

বিশাখা। হলা গুরুএণ বি প্পণিহাণেণ ণ মে সুমরণং হোদি

রাধিকা। উম্মত্তে গহণে ইমস্মিং অচ্ছাহিদাণলকুণ্ডে তুমং জ্জেব্ব মহ পেক্‌খেবণী ॥ ৮ ॥

অয়ি নিষ্ঠুরে বিশাখে ত্বমেবং পৃচ্ছন্ত্যপি ন লজ্জসে ॥ ৬ ॥

হে সখি কর্হিচিদপরাধাস্মীতি ন স্মরামি। অয়ি নিষ্কৃপে কস্মাদেব ভণসি স্মৃত্বা পশ্য ॥ ৭ ॥

গুরুণা অপি প্রণিধানেন নমে স্মরণং ভবতি। রাধি উন্মত্তে গহনে এতস্মিন্ অত্যাহিতানলকুণ্ডে ত্বমেব মম প্রক্ষেপণী ॥ ৮ ॥

শ্রীরাধা। অয়ি নিষ্ঠুরে বিশাখে! তুমি এ কথা জিজ্ঞাসা করিতে লজ্জিত হইতেছ না ॥ ৬ ॥

বিশাখা। (শঙ্কার সহিত) সখি! কবে আমি তোমার অপরাধ করিয়াছি তাহা ত আমার স্মরণ হইতেছে না ॥

শ্রীরাধা। অয়ি নির্দ্দয়ে! এ কথা বলিতেছ কেন, স্মরণ করিয়া দেখ ॥ ৭ ॥

বিশাখা। সখি! গুরুতর প্রণিধান করিয়া দেখিলাম, তথাপি আমার ত স্মরণ হইল না।

শ্রীরাধা। উন্মত্তে! এই বনমধ্যে অতি ভয়ানক অগ্নিকুণ্ডে তুমি আমাকে নিক্ষেপ করিয়াছ ॥ ৮ ॥

বিশাখা। হলা কধং বিঅ।

রাধিকা। সের্ষং। অই মিচ্ছা সরলে আলেক্‌খ গদ ভুঅঙ্গ

হলা কথমিব অয়ি মিথ্যাসরলে আলেখ্যগত ভুজঙ্গসঙ্গিনী তিষ্ঠ তিষ্ঠ।

বিশাখা। সখি! কি প্রকারে।

শ্রীরাধা। (ঈর্ষার সহিত) অয়ি মিথ্যা সরলে! তুমি চিত্র পটস্থ ভুজঙ্গের অর্থাৎ কামুকের সঙ্গ করিয়াছ,থাক থাক।

যথারাগ॥

উপজিল চিন্তা অতি, তোমার অন্তর মতি, ধৃতিচ্ছেদ কর কেন নিতি। কেনে বা অরুণ চির, সিঞ্চিয়া পড়য়ে নীর, ঘর্ম্মে ভেল শরীর পূরিতি॥ সখি হে সত্য কহ আমা সবাকারে। নিজ পরিজন গণে, করিছ যে সঙ্গো-পনে, শুন সখি সব অমঙ্গলে॥ ধ্রু॥ চম্পক বরণ দেহ, তিলেক না পায় থেহ, অতিকম্পে করয়ে গরাস। দেখি তুয়া এই রীতে, সব সখীগণ চিতে অতিশয় লাগয়ে তরাস॥ বিশাখা বচন শুনি, কহিতে লাগিল ধনি, অসূয়া বাঢ়িল অতিশয়। শুনহ নিঠুরা আরে, এ সব কহিতে তোরে, লজ্জা কিছু নাহি উপজয়॥ বিশাখা সশঙ্ক হইয়া, কহে কেন কহ ইহা, কোন্ কাজে অবরুদ্ধ চিত। স্মৃতি কিছু নাহি হয়, তটস্থ হইয়া রয়, বুঝিতে নারিয়ে কোন রীত॥ রাই কহে নিষ্ঠুরা হে, ঐছন কহিছ কাহে, সঙ্‌-রিয়া জানহ অন্তরে। বিশাখা শুনিয়া কহে, গুরুপ্রণিধান মোহে, স্মৃতি নহে কিবা সে বিচারে॥ শুনি সুধামুখী

সঙ্গিনি চিট্ ঠ চিট্ ঠ ইতি সবৈবশ্যং সংস্কৃতেন ॥

বিতন্বানস্তন্বা মরকতরুচীনাং রুচিরতাং

পটান্নিষ্ক্রান্তোঽভূৎ ধৃতশিখিশিখণ্ডো নবযুবা ।

ইত্যর্দ্ধোক্তে বাক্‌স্তম্ভং নাটয়তি ।

সখ্যৌ সভ্রূভঙ্গমন্যোন্যং পশ্যতঃ ।

তেন যূনা কর্ত্রা উন্মাদিতা মতির্যস্যা স্তথাভূতায়া মম শশী বহ্নির্ভূতঃ তদ্বন্দী-

---

কহে, শুনহ উমতি ওহে, এই যে ঘেরল বলে মোরে। মহা অগ্নি কুণ্ডমাঝে, ডারিলে ঔষধ কাজে, অতিশয় কি বলিব তোরে ॥ পুন বিশাখিকা বোলে, কেমনে অনলে তোরে, ডারিলাঙ কহত নিশ্চয় । রাই কহে ঈর্ষা করি, চিত্রপট সহচরী, থাক থাক কৈতবী আশয় ॥ এতেক কহিতে রাই, বিবশিত দশাপাই, রহে নিজ তনু মনে নাই । শুনি দুঃখে ভরে মন, দাস শ্রীযদুনন্দন, কি কহিব ওর নাহি পাই ॥

(এই বলিয়া বিবশতা পূর্ব্বক সংস্কৃতভাষায়) যাঁহার তনু দ্বারা মরকত কান্তি সমূহের মনোহরতা বিস্তার হইতে ছিল, যিনি মস্তকে ময়ূর পুচ্ছ ধারণ করিয়াছিলেন, সেই নব যুবা যখন চিত্রপট হইতে নির্গত হইয়াছিলেন । এই অর্দ্ধোক্তির পরেই বাক্ স্তম্ভ অভিনয় করিলেন, অর্থাৎ আর কিছু বলিতে পারিলেন না ॥

ললিতা বিশাখা । (ভ্রূ ভঙ্গের সহিত পরস্পর অবলোকন করিতে লাগিলেন ॥

রাধিকা। ধ্রুবং তেনাক্ষিপ্তা কিমপি হসতোন্মাদিত মতেঃ
শশী বৃত্তো বহ্নিঃ পরমহহ বহ্নি র্মম শশী ॥ ৯ ॥

ললিতা। হলা কিং এসো সুবিণস্স বিলাসো।

রাধিকা। সংস্কৃতেন।

কিং স্বপ্নস্য বিলক্ষণা গতিরিয়ং কিং জাগরস্যাথবা
কিং রাত্রেরুপসত্তিরেব রসভাগহ্নঃ কিমহ্নায় বা।
ইত্থং শ্যামলচন্দ্রিকাপরিচয়স্যন্দেন সন্দীপিতৈ

পকত্বেন তাপকত্বাৎ। অহহ খেদে বহ্নি র্মম শশী আহ্লাদকত্বাৎ বহ্নৌ প্রবেশঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ৯ ॥

ললি হলা কিং এষ স্বপ্নস্য বিলাসঃ কিময়ং স্বপ্নস্য বিলক্ষণা গতিঃ অতো হেতোঃ রসভাগঃ কিং রাত্রে রুপসত্তিরিয়ং রাত্রি রূপাসনেত্যর্থঃ। কিম্বা জাগরস্য বিলক্ষণা গতিরিয়মিতি অতো হেতোঃ কিম্বা অহ্নায় শীঘ্রং অহ্নঃ উপসত্তিরিয়ং স্বপ্ন জাগরৌ রাত্রি দিবসৌচ প্রকর্ষেণ জ্ঞাতুং অজ্ঞা অভবং যতোহহং

শ্রীরাধা। সখি! তাহার পর ঐ নবযুবা হাস্য সহকারে আমার প্রতি কটাক্ষ নিক্ষেপ করিয়াছিলেন, তাহাতেই আমার বুদ্ধি উন্মাদ গ্রস্ত হইয়াছে, সুতরাং এক্ষণে আমার সম্বন্ধে চন্দ্র অগ্নিবৎ এবং অগ্নি চন্দ্রস্বরূপ ধারণ করিয়াছেন ॥ ৯ ॥

ললিতা। সখি! একি স্বপ্নের বিলাস।

শ্রীরাধা (সংস্কৃত ভাষায়). সখি! আমি এই রূপ স্বপ্নে দেখিলাম কি জাগরণে দেখিলাম, কি আমার রাত্রে দৃষ্ট হইল, কি দিনে প্রত্যক্ষ হইল, কিছুই জানিতে পারি-

রন্তঃ ক্ষোভকুলৈরহং পরিবৃতা প্রজ্ঞাতুমজ্ঞাভবং ॥ ১০ ॥

বিশাখা। সাকূতং। হলা রাধে ণূণং এসো দে চিত্ত বিব্ভমো জ্জেব্ব ক্খণিও।

রাধিকা। সাভ্যসূয়ং। অই অবীসদ্ধে বিরমেহি কীস অপ্পণো দোসং ঝম্পিদুং পউত্তাসি ইতি সংস্কৃতেন ॥

ক্লৃতাং ভক্তিচ্ছেদৈ র্ঘুসৃণ ঘনচর্চ্চামধিবহন্
পুনর্লব্ধো লুব্ধঃ প্রিয়কতরুমূলে চটুলধীঃ।
লপন্ত্যাঃ সাক্ষেপং নহি নহি নহীতি স্মিতমুখো

শ্যামলা ইত্যর্থঃ ॥ ১০ ॥

হলা রাধে নূনং এষ চিত্ত বিভ্রম এব ক্ষণিকঃ। রাধি অবিশ্রব্ধে বিরম কস্মাদাত্মনো দোষং অচ্ছাদয়িতুং প্রবৃত্তাসি। ভক্ত্যা অঙ্গুল্যাদি বৈচিত্রীভি

নাই, আমি শ্যামল চন্দ্রিকার স্ফুরণে উদ্দীপ্ত ক্ষোভ সমূহে পরিব্যাপ্ত হইয়াছিলাম ॥ ১০ ॥

বিশাখা। (কোন অভিপ্রায়ের সহিত) রাধে! নিশ্চয় বোধ হইতেছে, তোমার এরূপ চিত্ত বিভ্রম ক্ষণকালের নিমিত্ত ॥

শ্রীরাধা। (অসূয়ার সহিত) অয়ি অবিশ্বাসিনি! ক্ষান্ত হও, কেন তুমি আপনার দোষ গোপন করিতে প্রবৃত্ত হইতেছ। (এই বলিয়া সংস্কৃত ভাষায়) আমি কদম্ব তরু মুলে অবস্থিত ছিলাম, সেই চঞ্চল বুদ্ধি কামুক বাহুতে অঙ্গুলি দ্বারা চিত্র বিচিত্র রূপে কুঙ্কুম লেপন করিয়া পুনরায় আসিয়া উপস্থিত হইলেন অনন্তর আমি আক্ষেপের

হঠাম্মে দুর্লীলঃ স কিল ভুজবল্লীদলমধাৎ ॥ ১১ ॥

ততশ্চ। দরোন্মীলন্নীলোৎ পলদলরুচস্তস্য নিবিড়া

দ্বিরূঢ়ানাং সদ্যঃ করসরসিজ স্পর্শ কুতুকাৎ।

বহন্তী ক্ষোভানাং নিবহমিহ নাজ্ঞাসিষমিদং

ক্কবাহং কাবাহং চকর কিমহং বা সখি তদা॥

ইতি বৈক্লব্যং নাটয়ন্তী স্বগতং ॥ ১২ ॥

অই দুট্ঠ হিঅঅ মক্কড় কহ্নো বৈণবিও সামল কিসোরো

র্ভাগেন যে চ্ছেদা স্তৈঃ কৃতাং কঙ্কুম চর্চ্চাং বাহ্বাদৌ বহন্ প্রিয়কঃ কদম্বঃ ॥১১

তস্য করসরসিজ স্পর্শ কুতুকাদ্ধেতোঃ বিরূঢ়ানাং উৎপন্নানাং ক্ষোভানাং নিবহং বহন্ত্যাহমিদং নজ্ঞাসিষং তস্য কীদৃশস্য দরঈষদুন্মীলতাং নীলোৎপলানাং দলেষু রুচঃ ইব রুচঃ কান্তয়ো যস্য স্পর্শ কুতুকাৎ কীদৃশাৎ নিবিড়াৎ ॥ ১২ ॥

অরি দুষ্ট হৃদয় মর্কট কৃষ্ণো বৈণবিকঃ শ্যামল কিশোর ইতি ত্রিষু পুরুষেষু

সহিত না না না এই কথা বলিতে থাকিলে সেই দুর্লীল হাস্য বদনে আমার ভুজলতা ধারণ করিয়াছিলেন ॥ ১১ ॥

সখি! তাহার পর ঈষৎ উন্মীলিত নীলোৎপল কান্তি শালী সেই লম্পটের কর কমল স্পর্শ প্রাপ্ত হওয়ায় অতিশয় আনন্দ জন্মিয়াছিল তন্নিবন্ধন উৎপন্ন ক্ষোভ সমূহে নিমগ্ন হইয়া আমি কে কোথায় আছি কিছুই জানিতে পারি নাই। (এই বলিয়া ব্যাকুলতা অভিনয় করিয়া) ॥ ১২ ॥

অরে দুষ্ট হৃদয়! তুই বানর সদৃশ, কৃষ্ণ, বৈণবিক এবং শ্যামল কিশোর এই তিন পুরুষে অনুরাগ বহন করিয়া

ত্তি তিণ্ণেস্থ পুরিসেস্থ রাঅং বহন্তো বি তুমং ণ লজ্জসি। তা দাণিং আপ্পাণং বাবাদিঅ পামরং তুমং হদাসং করিস্সং ॥ ১৩ ॥

ললিতা। হন্ত হন্ত হদ মন্মধ সচিবস্স বিপ্ফুজ্জিদেণ দুসিদা এদে পরিসরা দীসন্তে। তা কিং এত্থ সরণং ॥ ১৪ ॥

রাধিকা। সংস্কৃতেন।

বিক্রীড়ন্তু পটীর পর্ব্বততটী সংসর্গিণো মারুতাঃ
খেলন্তঃ কলয়ন্তু কোমলতরাং পুংস্কোকিলাঃ কাকলীং।

রাগং বহুদপি ন লজ্জসে তদিদানীমাত্মানং ব্যাপাদ্য নাশয়িত্বা পামরং ত্বাং হতাশং করিষ্যামি ॥ ১৩ ॥

ললি হন্ত হন্ত হত মন্মথ সচিবস্ত বসন্তস্ত বিস্ফূর্জ্জিতেন দূষিতা এতে পরিসরাঃ প্রদেশা দৃশ্যন্তে তৎ কিমত্র শরণং ॥ ১৪ ॥

পটীর সর্ব্বতো মলয়াচলঃ ব্যথাং হাস্যন্ত্যাঃ ক্ষপন্ত্যাঃ শীঘ্রমেব প্রাণেষু

লজ্জিত হইতেছিস্ না, অতএব এক্ষণে আমি এই শরীর বিনষ্ট করিয়া পামর স্বরূপ তোকে হতাশ করিতেছি ॥ ১৩

ললিতা। হা কষ্ট, দুষ্ট কন্দর্প মন্ত্রি বসন্তের দুর্ব্বার বিষে এ সকল প্রদেশ দূষিত হইয়াছে অতএব এখন কি করি, কাহার শরণাগত হই ॥ ১৪ ॥

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) সখি! মলয়াচল সংসর্গি বায়ু সকল বিশিষ্ট রূপে প্রবাহিত হউক, পুংস্কোকিল গণ ক্রীড়ারত হইয়া সুমধুর শব্দ করুক, যে হেতু ব্যথা পরিত্যাগ করণাভিলাষিণী আমার সম্বন্ধে ইহারা যথেষ্ট রূপে

সংরম্ভেণ শিলীমুখা ধ্বনিভৃতো বিধ্বস্ত মন্মানসং
হাস্তস্ত্যাঃ সখি মে ব্যথাং পরমমী কুর্ব্বন্তু সাহায়কং ॥১৫

উভে। সাস্রং। হলা এদাহিং ঘোর চিন্তাহিং কীস কিলিস্মসি অম্মোহিং তক্কিদং অদিমেত্ত দুল্লহো ণ ক্খু দে হিঅঅট্‌ঠিদো অত্থো।

বিনষ্টৈবু মম চিরায় দুঃখং নভবিষ্যতীতি ভাবঃ ॥ ১৫ ॥
এতাভি র্ঘোরচেষ্টাভিঃ কস্মাৎ ক্লাম্যসি। অস্মাভি স্তর্কিতং অতিমাত্র

সাহায্য করিলে অর্থাৎ ইহাদের উৎপীড়নে আমি মূর্চ্ছিতা হইয়া পড়িলে অনায়াসে দুঃখ হইতে মুক্ত হইব ॥ ১৫ ॥

যথারাগ ॥

মলয় পর্ব্বত বাসী, শুনহ অনিল রাশি, মন্দ মন্দ করহ গমনে। পুরুষ কোকিল বর, সুমাধুরী গান কর, আনন্দে খেলহ এই খানে ॥ শুনহ বিরহি বধূ গণে। সবে আসি এক ঠাঞি, প্রকাশ করহ তাই, দুঃখের সহায় কর মেনে ॥ ধ্রু ॥ শুনহ ভ্রমর গণ, গান কর অনুক্ষণ, ঝঙ্কার করিয়া অতিশয়। বিদ্ধ কর মোর মনঃ, হরে যাতে সুচেতন, চেতনে পাইয়ে দুঃখ চয় ॥ বিশাখা ললিতা দোঁহে, শুনিঞা রাইরে কহে, ঘোর চিন্তা কেন কর তুমি। কেনে দুঃখী কর মন, যাতে তুয়া চেষ্টাগণ, সে তত্ত্ব জানিল সব আমি॥ তুয়া যে হৃদয়ে হয়, অত্যন্ত দুর্ল্লভ নয়, সুলভ জানিহ সেই জনে। এই যে বচন গণে

রাধা। ইয়ং সখি সুদুঃসাধা রাধাহৃদয়বেদনা।
কৃতা যত্র চিকিৎসাপি কুৎসায়াং পর্য্যবস্যতি ॥ ১৬ ॥
তা বিণ্ণবেমি ইমস্সিং ওসরে জধা সুদিঢ়ং একং লদাপাসং
লহেমি তধা সিণেহস্স ণিক্কিদিং করেধ।
উভে। সব্যথং। হলা এব্বং দারুণং ভণন্তী মা কখু সহীণং

দুর্ল্লভো ন খলু তে হৃদয়স্থিতোঽর্থঃ। কুৎসায়ামিতি বেদনায়া নিবৃত্তৌ চিকিৎসকস্যৈব নিন্দা স্যাদিত্যর্থঃ ॥ ১৬ ॥
তদ্বিজ্ঞাপয়ামি এতস্মিন্নবসরে যথা সুদৃঢ়ং একং লতাপাশং লভেত তথা স্নেহস্য নিষ্কৃতিং কুরুথঃ। তেন কণ্ঠং নিবধ্য প্রাণাস্ত্যক্ত্বা ইতি ভাবঃ।

প্রতীত করহ মনে, কহে দাস এ যদু নন্দনে ॥
শ্রীরাধা। (নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক সংস্কৃত ভাষায়) সখি!
রাধার এই হৃদয় বেদনা অতিশয় দুঃসাধ্যা, ইহার চিকিৎসা নিন্দায় পর্য্যবসান হইবে অর্থাৎ এ দুঃসাধ্য রোগের চিকিৎসায় চিকিৎসক ব্যক্তি নিন্দা ভিন্ন যশ লাভ করিতে পারিবেন না ॥ ১৬ ॥

অতএব তোমাদিগকে আমি এই বলিতেছি যে, এ সময়ে যদি একটী লতা রজ্জু প্রাপ্ত হই, তাহা হইলে তোমাদের স্নেহের প্রত্যুপকার করা হয়, অর্থাৎ লতা পাশ পাইলে উদ্বন্ধন দ্বারা জীবন পরিত্যাগ করিয়া সুস্থ হই ॥
ললিতা বিশাখা। (দুঃখের সহিত) সখি! এ রূপ দারুণ কথা বলিয়া আর আমাদের জীবন নাশ করিও না,

জীবিদং লুম্পেহি ণূণং পচ্চাসন্না দে অহীট্ঠসিদ্ধি ॥ ১৭ ॥
রাধিকা। সহিও ণ জাণীধ ইমাএ হদ রাহীএ হিঅঅ ছুট্ঠ-

এবং দারুণং ভণন্তী সা খলু সখীনাং জীবিতং লুম্প নূনং প্রত্যাসন্না তেঽভীষ্ট সিদ্ধিঃ ॥ ১৭ ॥

হে সখ্যঃ ন জানীথ এতস্যা হতরাধায়া হৃদয় দুষ্টত্বং যদেবং মন্ত্রয়থ। উভে

আমরা নিশ্চয় বলিতেছি শীঘ্র তোমার অভীষ্ট সিদ্ধি হইবে ॥ ১৭ ॥

যথারাগ ॥

আমার হৃদয়, ব্যথা অতিশয়, দুঃসাধ্য কহিল তোয়। ইহা উপশম, হৈতে পরিণাম, কুচ্ছা নিরমিত মোয় ॥ সই কহিএ ম[illegible]ম কথা। উপায় আছয়ে, লজ্জা যাতে নহে ঘুচয়ে মরম ব্যথা ॥ ধ্রু ॥ এই অবসরে, দুঃখের মন্দিরে, দৃঢ় লতাপাশ লঞা। পিরিতি কারণ, তেজিব পরাণ, এই সে লইছে হিয়া ॥ এই সব কথা, বিশাখা ললিতা, শুনিয়া মানয়ে দুখ। কহে কেনে হেন, কহিছ দারুণ, যাতে বিদরয়ে বুক ॥ আমার জীবন, থাকিতে এমন, কেমনে হইবা তুমি। আমার হৃদয়, বাঞ্ছিত যে হয়, মিলিবে কহিল আমি ॥ তুয়াভীষ্ট সিদ্ধি, প্রত্যাসন্ন বিধি, দেখি মোর মনে লয়। এ যদুনন্দন, দাস তহি ভণ, এ বচন আন নয় ॥ ১৭ ॥

শ্রীরাধা। অহে সখীগণ! তোমরা মৃতকল্পা রাধার হৃদয়ের

ত্তণং জং এব্বং মন্তেধ ॥

উভে। কধিদং জ্জেবব সব্বং পিয়সহীএ।

রাধিকা। নহু নহু গুরুঈ লজ্জা ণিবারেদি।

সখ্যৌ। হলা অপপ সআসদো বি গুরুও অম্মেসু সিণে-

হো লক্‌খীঅদি তা বহিরঙ্গাএ লজ্জাএ কো এথ অণু-

রাহো ॥ ১৮ ॥

রাধিকা। সংস্কৃতেন।

একস্য শ্রুতমেব লুম্পতি মতিং কৃষ্ণেতি নামাক্ষরং

সান্দ্রোন্মাদ পরম্পরামুপনয়ত্যন্যস্য বংশীকলঃ।

কথিতমেব সর্ব্বং প্রিয়সখ্যা ত্বয়া রাধি নহি নহি গুর্ব্বী লজ্জা নিবারয়তি ॥ হলা আত্ম সকাশতোঽপি অস্মাসু গুরুতর স্তব স্নেহো লক্ষ্যতে তৎ বহিরঙ্গায়াঃ লজ্জায়াঃ কোঽত্রানুরোধঃ ॥ ১৮ ॥

হলা কথং যুষ্মাদৃশীনাং গোকুলসুন্দরীণাং গোকুলেন্দ্রনন্দনং ত্যক্ত্বা

দুষ্টতা অবগত নহ যে, এ রূপ মন্ত্রণা করিতেছ ॥

ললিতা বিশাখা। প্রিয়সখি! সকলি ত বলিয়াছ।

শ্রীরাধা। না না সকল বলা হয় নাই, গুরুতর লজ্জা আসিয়া নিবারণ করিয়াছে ॥

ললিতা বিশাখা। রাধে! আমরা জানি, আত্ম অপেক্ষাও তোমার আমাদের প্রতি স্নেহ অধিক, অতএব আমাদের নিকট বলিতে বহিরঙ্গ লজ্জার অনুরোধ কি? ॥ ১৮ ॥

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) সখি! এক ব্যক্তির কৃষ্ণ এই দুই অক্ষর নাম কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হইয়া মতি বিলোপ

এষ স্নিগ্ধঘনদ্যুতি র্মনসি মে লগ্নঃ পটে বীক্ষণাৎ

কষ্টং ধিক্ পুরুষত্রয়ে রতিরভূন্মন্যে মৃতিং শ্রেয়সী ॥

উভে। সহর্ষং। হলা কধং তুহ্মাদিসীণং গোউলসুন্দরীণং

অপরস্মিন্ অনু[illegible]াঃ সম্ভবতি। তৎ শৃণু এক এব স এষ মহানাগরঃ কৃষ্ণঃ।

করিতেছে, অন্য এক ব্যক্তির বংশীধ্বনি অতিশয় উন্মাদ পরম্পরা প্রাপ্ত করাইতেছে এবং অপর এক স্নিগ্ধ মেঘ দ্যুতি পুরুষ চিত্রপটে দৃষ্ট হইয়া আমার মনোমধ্যে লগ্ন হইয়া রহিয়াছে, হা কষ্ট, ধিক্ আমাকে এক ব্যক্তির এই তিন পুরুষে রতি বহন করা অপেক্ষা মৃত্যু ভাল ॥

যথারাগ ॥

কৃষ্ণ দু আঁখর, অতি মনোহর, পহিলে শুনিল কার। তাতে গরাসল, মতি যে সকল, ধরম করম আর ॥ সই গো কহিল এ তোহে সার। এ তিন পুরুষে চিত্তের আরতি, কি কায জীবনে আর ॥ ধ্রু ॥ আন পুরুষের, বংশী মনোহর, শুনিল মধুর গান। তাতে পরমাদ, চিত্ত উনমাদ, আননা শুনয়ে কান ॥ এ চিত্রপটেত, নবীন মুরত, নব ঘন জিনি তনু। ইহার দরশে, পরম হরিষে, মগ্ন ভেল মন জনু ॥ এ সব শুনিয়া, স[illegible] হিয়া, হরিষ পায়ল অতি। এ যদুনন্দন, দাস তহি ভণ, ভালে সে চিন্তিত মতি ॥

ললিতা বিশাখা। (হর্ষের সহিত) রাধে! কি প্রকারে তোমার সদৃশ গোকুলসুন্দরীদিগের গোকুলেন্দ্র নন্দনকে

গোউলিন্দণন্দণং উজ্ঝিঅ অবরস্মিং অণুরাও সম্ভবদি তা
সুণাহি এক্কো জ্জেবব সো এসো মহা ণাঅরো কহ্নো ॥
রাধিকা। সোচ্ছ্বাসমাত্মগতং। হিঅঅ সমস্সস সমস্সস
দাণীং জাদা তুহ জীঅলোঅ ণিআস লালসা ॥ ১৯ ॥
উভে। সংস্কৃতেন।
সা সৌরভোর্ম্মি পরিদিগ্ধ দিগন্তরাপি
বন্ধ্যাং জনুঃ সুতনু গন্ধফলী বিভর্ত্তি।
রাধে ন বিভ্রমভরঃ ক্রিয়তে যদঙ্কে

রাধি হৃদয় সমাশ্বসিহি সমাশ্বসিহি জাত তব জীবলোক নিবাস লালসা ॥ ১৯ ॥
গন্ধফলী চম্পকঃ মধুসূদনো ভ্রমরঃ কৃষ্ণস্য ব্যপদেশেন তব সৌন্দর্য্যাদীনাং।

পরিত্যাগ করিয়া অন্য পুরুষে অনুরাগ সম্ভাবনা হয়, অতএব বলি শ্রবণ কর, কেবল সেই শ্রীকৃষ্ণই অদ্বিতীয় মহানাগর ॥

শ্রীরাধা। (উচ্ছ্বাসের সহিত মনে মনে) হৃদয়! তুমি আশ্বস্ত হও, আশ্বস্ত হও, তোমার জীবলোক নিবাসের লালসা পুনরায় অঙ্কুরিত হইল ॥ ১৯ ॥

ললিতা বিশাখা। (সংস্কৃত ভাষায়) অহে শোভনাঙ্গি রাধে! মধুসূদন (ভ্রমর) মধুপান করিয়া যাহার ক্রোড় দেশে বিভ্রমাতিশয় প্রকাশ না করিল, সেই গন্ধফলী অর্থাৎ চম্পকলতা যদিচ সে আপনার গন্ধ দ্বারা দিগন্তর পরিব্যাপ্ত করিতেছে, তথাপি তাহার জন্ম বিফল। পক্ষে হে রাধে! কৃষ্ণ সম্ভোগ ব্যতিরেকে তোমার সৌন্দর্য্যাদি

কামং নিপীতমধুনা মধুসূদনেন ॥ ২০ ॥

নান্দীমুখী। পরিক্রম্য। কধং অগ্‌গদো জ্জেব্ব এষা রাহী-
তুাপস্থত্য জঅদু জঅদু পিঅসহী রাহী ॥

রাধিকা। সাবহিত্থং। সহি কুসলং ভবদীএ ॥

নান্দীমুখী। তুহ উল্লাহজ্ঞণে জাদে ইতি রাধাং নিভাল্য
স্বগতং। অপ্পেক্‌খিঅ চ্চেঅ মএ পঢমং নিট্‌ঠক্কিদং তধা
বি পুচ্ছিসসং ॥ ২১ ॥
প্রকাশং সংস্কৃতেন।

কৃষ্ণসংভোগং বিনৈব বৈফল্যমিত্যুক্তং ভবতি ॥ ২০ ॥
কথমগ্রত এষা রাধা জয়তু প্রিয়সখী রাধিকা সখি কুশলং ভবত্যাঃ।
নান্দী তব উল্লাঘত্বে জাতে উল্লাঘো নির্গতো গদাদিত্যমরঃ। অপ্রেক্ষ্য ময়া
প্রথমং নিষ্টঙ্কিতং তথাপি পৃচ্ছামি ॥ ২১ ॥

সমুদায় বিফল জানিবা ॥ ২০ ॥

নান্দীমুখী। (ইতস্ততঃ ভ্রমণ করিয়া) একি শ্রীরাধা যে
আমার অগ্রেই অবস্থিত আছেন ? (এই বলিয়া নিকটে
গমন পূর্ব্বক) প্রিয়সখী শ্রীরাধার জয় হউক, জয় হউক ॥

শ্রীরাধা। (অবহিত্থার সহিত) সখি ! তোমার ত কুশল ? ।

নান্দীমুখী। তোমার আরোগ্য শ্রবণেই আমার কুশল। (এই
বলিয়া শ্রীরাধাকে অবলোকন পূর্ব্বক মনে মনে) আমি
প্রথমতঃ অসাক্ষাতেই ইহাঁর অনেক অভিপ্রায় অবগত
হইয়াছি, তথাপি একবার জিজ্ঞাসা করি ॥ ২১ ॥

ন মুগ্ধে বৈদগ্ধী গরিমপরিদিগ্ধা তব মতি
র্বিরামো নেদানীমপি বপুষি বাল্যস্য বয়সঃ।
কমপ্যন্তঃ ক্ষোভং প্রথয়সি তথাপি ত্বমথবা
সখি জ্ঞাতং বৃন্দাবনমদনবিস্ফুর্জ্জিতমিদং॥

ললিতা। অই অলিআসঙ্কিণি সীদল দক্খিণাণিল হেদুঅং পেক্খিঅ কীস দূসহং পরিবাদং দেসি॥ ২২॥

নান্দীমুখী। সস্মিতং সংস্কৃতেন।

পরিদিগ্ধা পরিচিতা প্রথয়সি প্রকটয়সি বৃন্দাবনমদনো মদনগোপাল এব তস্য বিস্ফুর্জ্জিতং পরাক্রমঃ। ললি অয়ি অলীকাশঙ্কিনী শীতল দক্ষিণানিল হেতুকং কম্প পুলকং প্রেক্ষ্য দুঃসহং পরীবাদং দদাসি॥ ২২॥

দক্ষিণায় দক্ষিণদেশোদ্ভবায় পক্ষেঽনুকূলায়। মন্মথ কোটীনাং যে সম্ভ্রম

(প্রকাশ করিয়া সংস্কৃত ভাষায়) মুগ্ধে! এ যাবৎ তোমার মতি রসিকতা সমূহে পটীয়সী হয় নাই, শরীরে বাল্য চাঞ্চল্য রহিয়াছে, তাহার বিরাগ হয় নাই, তথাপি যে তুমি অন্তঃকরণ মধ্যে কোন ক্ষোভ বিস্তার করিতেছ? অথবা হে সখি! জানিতে পারিলাম ইহা বৃন্দাবন মদনের পরাক্রম ভিন্ন আর কিছুই নহে॥

ললিতা। নান্দীমুখি! অলীক বিষয়ে আশঙ্কা করিতেছ কেন? শীতল মলয়ানিল প্রবাহিত হইতেছে বলিয়া শ্রীরাধার অঙ্গে কম্প ও পুলক দেখিতেছ, তুমি ইহাঁর প্রতি মিথ্যা পরিবাদ প্রদান করিও না॥ ২২॥

নান্দীমুখী। (ঈষৎ হাস্য সহকারে সংস্কৃত ভাষায়)

রোমাঞ্চ পরিচেষ্যতে কথময়ং নাস্মাভিরুৎকম্পবান্
দুষ্কীর্ত্তিং নহি দক্ষিণায় মরুতে দাক্ষিণ্যশূন্যে বদ।
এতন্মন্মথ কোটি সংভ্রমভরৈর্বংভ্রম্যতে সুভ্রুবঃ
স্বান্তে নাগরচক্রবর্ত্তি নয়নপ্রান্তস্য লীলায়িতং॥
তা সচ্চং কধেহি কদা এদাএ পচ্চক্খী কিদো গোউলা-
ণন্দো॥

বিশাখা। কর্ণে এববম্নেদং॥ ২৩॥

নান্দীমুখী। সংস্কৃতেন।

দরবিচলিত বাল্যা বল্লভা বান্ধবানাং

ভরাস্তৈ হেঁতুভিঃ। তৎ সত্যং কথয় কদা এতয়া প্রত্যক্ষীকৃতো গোকুলা-
নন্দো বিশা এবং এতৎ॥ ২৩॥

দর ঈষৎ বিচলিতং বাল্যং যস্যাঃ মোহনত্বং মোহকত্বং যেন অমুনা মোহন

হে দাক্ষিণ্যশূন্যে ললিতে! দক্ষিণানিলের প্রতি দুষ্কীর্ত্তি অর্পণ করিও না, আমরা কি কম্পান্বিত রোমাঞ্চ চিনিতে পারি না, এই সুন্দরীর অন্তঃকরণ মধ্যে নাগর চক্রবর্ত্তির নয়ন প্রান্তের বিলাস কোটিকন্দর্পের বিভ্রম সহকারে অতিশয় রূপে ভ্রমণ করিতেছে, অতএব সত্য করিয়া বল, কবে শ্রীরাধা গোকুলানন্দ শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়াছেন॥

বিশাখা। নান্দীমুখীর কর্ণমূলে সকল কথাই বলিলেন॥ ২৩

নান্দীমুখী। (সংস্কৃত ভাষায়) হে রাধে! তোমার কিঞ্চিন্মাত্র বাল্য বিচলিত হইয়াছে, এযাবৎ সম্পূর্ণ যৌবন

বিহরসি ভবনে ত্বং পত্যুরামোদপাত্রী।
অহহ পশুপরামা কামিনো মোহনত্বং
ত্বমপি যদমুনান্তর্বাঢ় মুন্মাদিতাসি ॥ ২৪ ॥
তা অহং ভঅবদীং তুবরেতুং গমিস্সং ॥ ২৫ ॥
ইতি নিষ্ক্রান্তা।

রাধিকা। বিমৃশ্য সংস্কৃতেন।
সা কল্যাণী কুলযুবতিভিঃ শীলিতা ধর্ম্মশৈলী
দ্রাগস্মাভিঃ কথমবিনয়োৎফুল্লমুল্লঙ্ঘনীয়া।
ইত্যর্দ্ধোক্তে পুনঃ সোৎকণ্ঠং।

ত্বেন ॥ ২৪ ॥

তদহং ভগবতীং ত্বরয়িতুং গমিষ্যামি ॥ ২৫ ॥

সা কল্যাণীতি ধর্ম্মশৈল্যাঃ পুঞ্জীভূত জগল্লজ্জাবতীত্বেপ্যস্মাস্ততোঽপ্যধিক

লাভ করিতে পার নাই, তুমি বন্ধুগণের স্নেহপাত্রী এবং পতির আনন্দপ্রদায়িনী হইয়া গৃহমধ্যে বিহার করিয়া থাক, কি আশ্চর্য্য! গোপরামা কামুক শ্রীকৃষ্ণের কি মোহিনী শক্তি, তদ্দ্বারাই তুমি অন্তঃকরণে অতিশয় উন্মাদ গ্রস্ত হইয়াছ ॥ ২৪ ॥

আমি গিয়া পৌর্ণমাসী দেবীকে ত্বরান্বিত করি। (এই বলিয়া প্রস্থান করিলেন) ॥ ২৫ ॥

শ্রীরাধা। (বিতর্ক পূর্ব্বক সংস্কৃত ভাষায়) কুলযুবতিগণ ধর্ম্ম মর্য্যাদা অনুশীলন করিয়া থাকেন, আমি কি প্রকারে অবিনয়ে সেই ধর্ম্মমর্য্যাদা উল্লঙ্ঘন করিব।

হা দৃগ্‌ভঙ্গী পরিমলকলা কর্ম্মঠোঽয়ং কথম্বা
হাতুং শক্যঃ পশুপনগরীনাগরীনাগরেন্দ্রঃ ॥
ততঃ প্রবিশতি নান্দীমুখরাভ্যামনুগম্যমানা পৌর্ণমাসী।
পৌর্ণমাসী। মুখরে কিমদুঃসাধা বাধা তর্কিতা ত্বয়া রাধা।
মুখরা। ভঅবদি সুণাহি। ইতি সংস্কৃতেন।
অগ্রে বীক্ষ্য শিখণ্ডখণ্ডমচিরাদুৎকম্পমালম্বতে
গুঞ্জানাস্তু বিলোকনান্মুহুরসৌ সাস্রং পরিক্রোশতি।
নোজানে জনয়ন্নপূর্ব্ব নটন ক্রীড়াচমৎকারিতাং

পুঞ্জীভূত বিশিষ্ট প্রেমভরস্য প্রাবল্যাল্লজ্জাশৈলস্য শৈথিলমিত্যর্থঃ। ন দুঃসাধা

(এই অর্দ্ধোক্তির পর পুনরায় উৎকণ্ঠার সহিত)
হায়! যিনি দৃগ্‌ঙ্গী বিদ্যায় অতিশয় পটু, সেই গোকুল নগরীস্থ নাগরীগণের নাগরেন্দ্র কৃষ্ণকে কি প্রকারে পরিত্যাগ করিতে সমর্থ হইব ॥

অনন্তর নান্দীমুখী ও মুখরার সহিত পৌর্ণমাসী আসিয়া প্রবেশ করিলেন ॥

পৌর্ণমাসী। মুখরে! তুমি কি শ্রীরাধার পীড়া দুঃসাধ্য নহে এ রূপ মনে করিতেছ ?।

মুখরা। ভগবতি! শ্রবণ করুন (এই বলিয়া সংস্কৃত ভাষায়) শ্রীরাধা অগ্রে ময়ূর পুচ্ছ দেখিয়া সহসা উৎকম্প অবলম্বন এবং গুঞ্জা পুঞ্জ দর্শন মাত্রেই মুহুর্মুহুঃ সজল নেত্রে চিৎকার করিতে থাকে, অতএব এই বালার চিত্ত ভূমিতে অপূর্ব্ব নটনক্রীড়ার চমৎকারিতা উৎপাদন

বালায়াঃ কিল চিত্তভূমিমবিশৎ কোঽয়ং নবীনগ্রহঃ ॥

পৌর্ণমাসী। স্বগতং। সোঽয়মুদ্দণ্ডস্য নবানুরাগ রাশেঃ কোপি চণ্ডিমা ॥ ২৬ ॥

প্রকাশং। মুখরে সাধু বিজ্ঞাতুং যদত্র দানবকুলাবতংসাঃ কংসাদয়ো রাধামন্বিষ্যন্তি তেন কোঽয়মঙ্গনাগ্রহো বালামাবিবেশ॥

মুখরা। ভঅবদি কো এত্থ পড়িআরো।

পৌর্ণমাসী। অয়ি দানবারে দৃষ্টিরেব।

বাধা যস্যা স্তথা ভূতাং কিং কাচিত্তর্কিতা ॥ ২৬ ॥

পক্ষে অঙ্গনাসু আগ্রহো যস্য সঃ। ভগবতি কোঽত্র প্রতিকারঃ। ভগ-

করিয়া কোন্ এই নবীন গ্রহ প্রবেশ করিয়াছে তাহাত জানিতে পারিতেছি না ॥

পৌর্ণমাসী। (মনে মনে) সেই উৎপন্ন নবানুরাগ সমূহেরই এই কোন ঔদ্ধত্য ॥ ২৬ ॥

(প্রকাশ করিয়া) মুখরে ! যথার্থ জানিতে পারিয়াছ, যে হেতু এখানে দানব কুলাবতংস কংসাদি শ্রীরাধাকে অন্বেষণ করিতেছে, সেই কারণেই কোন স্ত্রীগ্রহ আসিয়া এই বালাতে প্রবেশ করিয়াছে ॥

মুখরা। ভগবতি ! ইহাতে প্রতিকার কি ? !

পৌর্ণমাসী। দানবারি শ্রীকৃষ্ণের দর্শন মাত্রেই ইহার প্রতিকার হইবে ॥

মুখরা। ভঅবদি কুড়িলা ক্খু জড়িলা এদং ণাহি সন্দিস্সদি ॥ ২৭ ॥

পৌর্ণমাসী। মুখরে সা খলু মদ্গিরা সন্দিশ্যতাং। যথা জটিলে মাশিঙ্কিষ্ঠাঃ কৃষ্ণমাত্ম বিদ্যয়ৈব সংঘটয়িষ্যামীতি ॥

মুখরা। নমস্কৃত্য নিষ্ক্রান্তা।

পৌর্ণমাসী। উপসৃত্য বৎসে নিজাভীষ্ট লাভেন কৃতার্থী ভূয়াঃ ॥

রাধিকা। সাবহিত্থং প্রণমতি।

পৌর্ণমাসী। স্বগতং।

বতি কুটিলা খলু জটিলা ন ইদমভিনন্দিষ্যতি ॥ ২৭ ॥

কালিন্দী পুলিন কলভেন্দ্রস্য কৃষ্ণস্য হৃদি মনস্তেব কুঞ্জে স্থিতস্য বিজয়ং পরাক্রমং তস্মুরেব বনী সূচয়তি। স্ত্রী স্যাৎ কাচিন্মৃণল্যাদি বিবক্ষাপচয়ে

মুখরা। ভগবতি! কুটিল স্বভাবা জটিলা ত একথা স্বীকার করে না ॥ ২৭ ॥

পৌর্ণমাসী। মুখরে! তুমি গিয়া জটিলাকে আমার এই কথা বল যে, জটিলে! তুমি ভয় করিও না, আমি আত্ম বিদ্যা দ্বারাই শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধার সংঘটন করিয়া দিব।

মুখরা। নমস্কার পূর্ব্বক প্রস্থান করিল।

পৌর্ণমাসী। (শ্রীরাধার নিকট গমন করিয়া) বাছা! নিজাভীষ্ট লাভ করিয়া কৃতার্থ হও।

শ্রীরাধা। (ভাবগোপন পূর্ব্বক) প্রণাম করিলেন।

পৌর্ণমাসী। (মনে মনে) পদ্মনয়না শ্রীরাধার হৃদয় কুঞ্জে

ভজন্ত্যাঃ সব্রীড়ং কথমপি তদাড়ম্বরঘটা
মপহ্নোতুং যত্নানভিনবমদামোদ মধুরা।
অধীরা কালিন্দী পুলিন কলভেন্দ্রস্য বিজয়ং
সরোজাক্ষ্যাঃ সাক্ষাদ্বদতি হৃদি কুঞ্জে তনুবনী ॥ ২৮॥

পুনর্নিরূপ্য জনান্তিকং।

হন্ত নান্দীমুখি নির্ভর গভীর প্রেমোর্ম্মি নির্ম্মিত মনঃ ক্ষোভা কিমপ্যেষা বিচেষ্টতে। তদিয়মবধার্য্যতামনু-

---

যদিতি অল্প বিবক্ষয়া স্ত্রীত্বং রাধায়াঃ কীদৃশ্যাঃ তদাড়ম্বর ঘটাঃ অপহ্নোতুং যত্নান্ ভজন্ত্যাঃ ॥ ২৮ ॥

ত্রিপতাকা করেণান্যান্ পরিবার্য্যান্তরা কথা। যা মিথঃ ক্রিয়তে দ্বাভ্যাং

কালিন্দী পুলিন বিহারী মত্ত করীন্দ্র প্রবিষ্ট হইয়া স্বীয় পরাক্রম প্রকাশ করিয়াছে, যদিচ ইনি সলজ্জে তদীয় আড়ম্বর ঘটা গোপন করিতে বহু বহু চেষ্টা করিতেছেন তথাপি ইহাঁর অভিনব মত্ততা নিবন্ধন আমোদ মাধুর্য্য শালী চঞ্চল স্বভাব বিশিষ্ট দেহরূপ কানন ঐ করীন্দ্রের সাক্ষাৎ বিজয় প্রকাশ করিয়া দিল অর্থাৎ শরীরের বিকার হেতু শ্রীরাধার অন্তর্গতি ভাব আর গোপন থাকিল না ॥২৮॥

(পুনরায় নিরূপণ পূর্ব্বক হস্তাবরণ করিয়া) অহো নান্দীমুখি! নিরতিশয় গভীর প্রেম তরঙ্গে আন্দোলিত মনঃ ক্ষোভা এই শ্রীরাধা যে সকল অনির্ব্বচনীয় চেষ্টা করিতেছেন, ইহা আর কিছুই নহে নিশ্চয় জান, এ অনু-

রাগ বীরস্য কাপি দুর্ব্বোধ গভীর বিক্রম বৈচিত্রী ॥

তথাহি ॥

প্রত্যাহৃত্য মুনিঃ ক্ষণং বিষয়তো যস্মিন্মনো ধিৎসতে
বালাসৌ বিষয়েষু ধিৎসতি ততঃ প্রত্যাহরন্তী মনঃ।
যস্য স্ফূর্ত্তি লবায় হন্ত হৃদয়ে যোগী সমুৎকণ্ঠতে

তজ্জনাস্তিকমুচ্যতে। নান্দী ভগবতি ঈদৃশস্য ভাবস্য বিজ্ঞানে মূঢ়াস্মি ॥ ২৯ ॥

রাগবীরের কোন দুর্ব্বোধ গভীর বিক্রমের বিচিত্রতা মাত্র॥

উক্তবাক্যের দৃঢ়তা করণ ॥

নান্দীমুখি! আশ্চর্য্য দেখ, মনিগণ বিষয় হইতে প্রতি নিবৃত্ত করিয়া মনকে ক্ষণ কালের নিমিত্ত যে শ্রীকৃষ্ণে প্রবেশ করাইতে ইচ্ছা করেন, এই বালা কি না তাঁহা হইতে মনকে প্রতি নিবৃত্ত করিয়া বিষয়াদিতে নিয়োগ করিতে ইচ্ছা করিতেছে। হা কষ্ট! যোগিগণ হৃদয় মধ্যে যাঁহার স্ফূর্ত্তি লেশ নিমিত্ত যত্ন করিয়া থাকেন, এই মুগ্ধা কিনা তাঁহাকে হৃদয় হইতে বহিষ্কৃত করিবার নিমিত্ত অভিলাষ করিতেছে ॥

যথারাগ ॥

নিতি মুনিগণ, আপনার মন, বিষয় হইতে আনি।
তিলেক গোবিন্দ, পাদ অরবিন্দ, স্মরণে বাঞ্ছয়ে জানি ॥
হের অদভুত, দেখহ বিদিত, রাধিকা কুলের বালা।
সে কৃষ্ণ হইতে, চিত ছাড়াইতে, ইচ্ছয়ে বিষয় জ্বালা ॥

মুগ্ধেয়ং কিল পশ্য তস্য হৃদয়ান্নিষ্ক্রান্তিমাকাঙ্ক্ষতি ॥

নান্দীমুখী। ভঅবদি ঈরিসস্স ভাঅস্স বিণ্ণাণে মূঢ়ম্হি ॥২৯

পৌর্ণমাসী। বৎসে সত্যমাত্থ দুর্গমোহয়ং গাঢ়ানুরাগবিবর্ত্তঃ শ্রূয়তাং ॥

পীড়াভির্নবকালকূটকটুতা গর্ব্বস্য নির্ব্বাসনো

নিঃস্যন্দেন মুদাং সুধামধুরিমাহঙ্কারসঙ্কোচনঃ।

বিবর্ত্তো বিকার বিশেষঃ। পীড়াভিরিতি জাগর্ত্তীতি স্বরূপ লক্ষণ কথনং জাগ্রদেব সদা তিষ্ঠতি নতু প্রেম্নঃ স্বাপঃ সম্ভবতীত্যর্থঃ। তেনাপি জ্ঞায়ন্তে কেবলমনুভূয়ন্তে মাত্রং নতু বক্তুং শক্যন্তে তদ্বাচক শব্দাভাবাদিতি ভাবঃ।

স্ফুর্ত্তি লব লাগি, কত কত যোগী, করয়ে কামনা যায়। মুগধি তাঁহার, হৃদয় মন্দির, যত্নে চাহে ত্যজিবার ॥ যাহার চরণ, দরশ কারণ, তপস্যা করয়ে রমা। এ যদুনন্দন, কহয়ে সে জন, যাচিতে করয়ে ঘৃণা ॥

নান্দীমুখী। ভগবতি! ঈদৃশ ভাব পরিজ্ঞানে আমি অতিশয় মূঢ় হইলাম অর্থাৎ এরূপ ভাব জানিতে আমার শক্তি হইল না ॥ ২৯ ॥

পৌর্ণমাসী। বৎসে! সত্য বলিয়াছ, এ গাঢ় অনুরাগের বিকার বুঝিতে পারাযায় না, অতএব শ্রবণ কর।

সুন্দরি! নন্দনন্দন নিষ্ঠ প্রেমের কি আশ্চর্য্য শক্তি, এই প্রেম যাহার হৃদয়ে জাগরুক রহিয়াছে, সেই ব্যক্তিই ইহার বক্র মাধুর্য্য রূপ পরাক্রম জানিতে সমর্থ হয়,

প্রেমা সুন্দরি নন্দনন্দনপরো জাগর্ত্তি যস্যান্তরে
জ্ঞায়ন্তে স্ফুটমস্য বক্র মধুরা স্তেনৈব বিক্রান্তয়ঃ।
তদেহি ভাবমস্যাঃ পরীক্ষেবহি।
ইত্যুপসৃত্য বৎসে কিমপি প্রষ্টব্যাসি।
পতিঃ প্রেমোদাত্তঃ সুচরিত কথা গোকুলপুরে
প্রসিদ্ধা তে শুদ্ধে জনিরপিচ লক্ষ্মীবতি কুলে।

বক্র মধুরাঃ অস্ত মাধুর্য্যাস্ত বক্রএব মার্গঃ কশ্চিত্তাদৃশ জনানুরাগ ভরৈকমাত্র গোচর ইত্যর্থঃ। অয়ম্ভাবঃ অয়ং প্রেমা প্রশ্নোত্তরাভ্যাং জ্ঞাতুং ন শক্যঃ। কিন্তু কথঞ্চিদতি ভাগ্যেন। এতৎ স্বজাতীয় প্রেমস্পেদাশ্রয়ঃ স্যাত্তদা

অর্থাৎ শ্রীকৃষ্ণ অদর্শন নিমিত্ত যে সকল পীড়া উপস্থিত হয় তদ্দ্বারা অভিনব কালকূটের তীব্রতা রূপ গর্ব্ব খর্ব্ব হইতে থাকে এবং শ্রীকৃষ্ণ দর্শনে যে সকল আনন্দের স্ফুরণ হয়, তাহাতে অমৃত মাধুর্য্যের অহঙ্কার একবারেই সঙ্কুচিত হইয়া যায়, অতএব বৎসে! বিষামৃত মিশ্রিত কৃষ্ণপ্রেমের মহিমা আর কি বর্ণন করিব॥

অতএব আইস আমরা শ্রীরাধার ভাব পরীক্ষা করি গিয়ে। (এই বলিয়া শ্রীরাধার নিকটে গমন পূর্ব্বক) বাছা! কিছু জিজ্ঞাসা করি॥

তোমার পতি অতিশয় প্রেমবান্, গোকুল মধ্যে সুচরিত্রা বলিয়া তোমার কথা প্রসিদ্ধ আছে এবং তুমি লক্ষ্মীশালি বিশুদ্ধকুলে জন্ম গ্রহণ করিয়াছ, অতএব তোমার বংশে কখন কেহ যেকর্ম্ম করে নাই এমত দুঃসা-

অপূর্ব্বাং কুর্ব্বাণামতিমিহ মহাসাহসময়ীং
সুহৃদ্ভ্যস্ত্বং লজ্জামপি কিমিব রাধে ন ভজসি ॥ ৩০ ॥

রাধিকা। কাতর্য্যমভিনীয় সলজ্জং ললিতাকর্ণমুলে লপতি ॥

ললিতা। অজ্জে বিণ্ণবেদি রাহী ইতি সংস্কৃতেন।
দোষোদ্গারং ত্বমপি কুরুষে হা ময়ি ব্যাকুলায়াং
পাদেভ্যস্তে ভগবতি শপে নাপরাধ্যামি সাধ্বী।
পর্ণৈঃ কর্ণোৎপল বলয়িভি স্তাড্যমানোপি ধূর্ত্তো

কণ্টকবেধ ব্যথা সাদৃশ্যানুসারেণ শক্তিবেধ ব্যথায়া ইব এতস্য জ্ঞানং স্যাদিতি তেনাত্মন স্তথা ভাবে ভবত্যাঃ যতিতব্যমিতি ॥ ৩০ ॥

ললি আর্য্যে বিজ্ঞাপয়তি রাধা।

হস বিষয়ে মতি করিতেছ কেন? যাহা হউক, হে রাধে! তুমি কি বন্ধুজনের সমীপে লজ্জিতা হইবা না? ॥ ৩০ ॥

শ্রীরাধা (কাতর্য্য ভাব প্রকাশ পূর্ব্বক লজ্জার সহিত) ললিতার কর্ণমূলে কিছু বলিলেন।

ললিতা। আর্য্যে শ্রীরাধা আপনাকে কিছু নিবেদন করিতেছেন (এই বলিয়া সংস্কৃতভাষায়) একে ত আমি ব্যাকুলা হইয়া রহিয়াছি, তাহাতে আবার আপনিও আমারই দোষ কীর্ত্তন করিতেছেন,আপনার চরণের শপথ করিতেছি,আমার কোন অপরাধ নাই, আমি পতিব্রতাই আছি, কিন্তু যখন শ্যামতনু ধূর্ত্ত আমার নিকটে আইসে, তখন আমিও তাহাকে পত্র নির্ম্মিত কর্ণোৎপল বলয়া দ্বারা তাড়না করিয়া থাকি, হা! তথাপি সেই ধূর্ত্ত আমার

ন শ্যামাঙ্গো মম তনু পরিষ্বঙ্গরঙ্গং জহাতি ॥

পৌর্ণমাসী। সের্ষমিবাস্যেতাক্য মুগ্ধে কিমন্যাং প্রৌঢ়মুদ্রাং নোদ্দণ্ডয়সি।

রাধিকা। সরোষং সংস্কৃতেন।

ক্রোশন্ত্যাং করপল্লবেন বলবান্ সদ্যঃ পিধত্তে মুখং
ধাবন্ত্যাং ভয়ভাজি বিস্তৃতভুজো রুন্ধে পুরঃ পদ্ধতিং।

মাতশ্চণ্ডীতি তথাপি অবিচারেণ মাং প্রত্যেব কুপ্যসি কিং বক্তব্য মিতি।
প্রেমবৃক্ষঃ বামঃ প্রতিকূলঃ কিম্বা মনোহর ইতি জ্ঞাত্বা সুখাশাভিঃ কুতো নেত্র

অঙ্গ আলিঙ্গন রূপ রঙ্গ কোন ক্রমেই পরিত্যাগ করে না, ইহাতে আমি কি করিব ॥

পৌর্ণমাসী। (ঈর্ষা প্রকাশ পূর্ব্বক শ্রীরাধার মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া) বাছা! কৃষ্ণকে দেখিয়া মুগ্ধা হও কেন, প্রৌঢ়া রমণীর ন্যায় কোন ভয়ানক মুদ্রা দ্বারা দণ্ড বিধান করিতে পার।

শ্রীরাধা। (রোষের সহিত সংস্কৃতভাষায়) হে মাতঃ! আপনাকে আর কি বলিব। আমি যদি উচ্চ রব করিতে আরম্ভ করি, তাহা হইলে বলবান্ শিখণ্ডচূড় অমনি কর পল্লব দ্বারা আমার বদন আচ্ছাদন করেন, আর যদি ভীতা হইয়া পলায়ন করিতে ইচ্ছা করি, তাহা হইলে তখনি বাহু প্রসারণ পূর্ব্বক আমার অগ্রে আসিয়া পথ রোধ করেন এবং আমি যদি তাঁহার পদতলে লুণ্ঠিত হই, তাহা হইলে ঐ মধুরিপু ক্রোধ ভরে বারম্বার আমার

পাদাব্জে বিলুঠত্যসৌ ময়ি মুহুর্দষ্টাধরায়াং রুষা
মাতশ্চণ্ডি ময়া শিখণ্ডমুকুটাদাত্মাভি রক্ষ্যঃ কথং ॥

পৌর্ণমাসী। স্বগতং নিষ্কম্পতয়া বদ্ধমূলোঽয়ং প্রেমপলাসী। প্রকাশং ॥

ত্বয়া নীতো বামঃ ফলকমিলদঙ্গো মধুরিপুঃ
সুখাশাভিঃ ক্রীড়াকুতুকিনি কুতো নেত্রপদবীং।
কুকূলাগ্নিজ্বালা পটল কটুকেলি র্মদধুনা
দশেয়ং হন্ত ত্বাং জ্বলয়তি হিমানীব নলিনীং ॥

রাধিকা। কৃষ্ণমুদ্দিশ্য সংস্কৃতেন সোপালম্ভমাত্মগতং ॥ ৩১

পদবীং নীত ইতি। কুকূলং তুষানলঃ অতি তাপক বিবক্ষয়া অগ্নিরিতি ॥ ৩১ ॥

অধরে দংশন করেন, অতএব হে চণ্ডি! আপনি অকারণে আমার প্রতি ক্রোধ করিছেন কেন? আপনিই বলুন, কি প্রকারে শিখণ্ডচূড় হইতে আত্ম রক্ষা করিব ॥

পৌর্ণমাসী। (মনে মনে) শ্রীরাধার হৃদয় মধ্যে নিশ্চয় প্রেমবৃক্ষ বদ্ধমূল হইয়াছে, এই বলিয়া (প্রকাশ পূর্ব্বক) হে ক্রীড়াকুতুকিনি! তুমি সুখ প্রত্যাশায় চিত্রপটে লিখিত সেই প্রতিকূল নায়ক মধুরিপুকে নেত্রপথে আনয়ন করিয়াছিলে। হা কষ্ট! এক্ষণে তোমার যে প্রকার দশা দেখিতেছি, ইহাতে এই অনুমান হইতেছে, যেমন হিম সমূহে নলিনী দগ্ধ হয় তাহার ন্যায় ঐ বাম তুষানল জ্বালায় তোমাকে দগ্ধ করিবেন ॥

শ্রীরাধা। (শ্রীকৃষ্ণকে উদ্দেশ করিয়া সংস্কৃত ভাষায় তিরস্কার করত মনে মনে) ॥ ৩১ ॥

শিশিরয় দৃশৌ দৃষ্ট্বা দিব্যকিশোরমিতীক্ষিতঃ।
পরিজনগিরাং বিশ্রম্ভাত্ত্বং বিলাস ফলকাঙ্ক্ষিতঃ।
শিব শিব কথং জানীম স্ত্বামবক্রধিয়ো বয়ং
নিবিড়ঝড়বা বহ্নিজ্বালা কলাপ বিকাশিনং ॥ ৩২ ॥

পৌর্ণমাসী। সস্নেহমালোক্য বৎসে ক্ষণমেকান্তে নিবিশ্য পুষ্পেষু লেখো নির্ম্মীয়তাং। যথায়ং কৃষ্ণায় স্বসখীভ্যাং সমর্প্যতে।

পরিজন গিরাং বিশ্রম্ভাদিতি তর্হি পরিজনা এব দুঃখদা ইতি চেত্তত্রাহ অবক্রধিয়ো বয়মিতি বহু বচনেন যথাহং তথৈব মম পরিজনা অপি সরল এব ত্বামেতাদৃশং তেঽপি কথং জানীয়ুরত ত্বমেব দুঃখদ ইত্যর্থঃ ॥ ৩২ ॥
পুষ্পেষ্বিতি সপ্তম্যন্তং কন্দর্পশ্চ অর্থ দ্বয়মিতি প্রাকরণিকং। গোষু দিব্যাতু

কৃষ্ণ! আমাকে পরিবারবর্গে উপদেশ দিয়াছিল যে রাধে! যদি নেত্র নিক্ষেপ কর তাহা হইলে তোমার অন্তর তাপ দূরীভূত হইবে, আমিও তাহাদের এই বাক্যে বিশ্বাস হেতু যখন চিত্রপটের প্রতি দৃষ্টিপাত করি, তখন তোমার লোচনদ্বয় অতিশয় শীতল এবং মূর্ত্তি নবকৈশোর লক্ষিত হইয়াছিল, শিব শিব! আমরা সরল বুদ্ধি, তুমি যে নিবিড় জ্বালা সমূহ প্রকাশ করিবে তাহা কি প্রকারে জানিতে পারিব ॥ ৩২ ॥

পৌর্ণমাসী। (স্নেহের সহিত অবলোকন করিয়া) বৎসে ক্ষণকাল একান্তে বসিয়া পুষ্পদলে একখানি পত্র প্রস্তুত কর, তাহা হইলে তোমার সখীদ্বয় গিয়া শ্রীকৃষ্ণকে

রাধা। সখীভ্যাং সহ নিষ্ক্রান্তা।
পৌর্ণমাসী। পরিক্রম্য নান্দীমুখি কৃষ্ণোপি নাতিদূরে ভবিষ্যতি। যদত্র দক্ষিণতো নৈচিকী নিকুড়ম্বস্য হম্বারবাড়ম্বরোঽয়মম্বরমাক্রামতি। তদহং স্নানার্থং ব্রজামীতি।
উভে নিষ্ক্রান্তে। ততঃ প্রবিশতি কৃষ্ণঃ।
কৃষ্ণঃ। সোদ্বেগং।
যদবধি তদকস্মাদেব বিস্মাপিতাক্ষং
নবতড়িদভিরূপং ধাম সাক্ষাদ্বভূব।
তদবধি চিরচিন্তাচক্রশক্তা বিরক্তিং

নৈচিকীত্যমরঃ। যোগিনীবেতি ব্রতিব্রহ্ম সাক্ষাৎকারে যাতে সতীত্যর্থঃ॥৩৩

সমর্পণ করুক, এই কথা বলিলে।
শ্রীরাধা। ললিতা বিশাখাকে সঙ্গে লইয়া প্রস্থান করিলেন।
পৌর্ণমাসী। (প্রদক্ষিণ করিয়া) নান্দীমুখি! বোধ হয় কৃষ্ণ অধিক দূরে নাই, যে হেতু দক্ষিণ দিকে উত্তম গাভীবৃন্দের হম্বা রবে গগণ মণ্ডল পূর্ণ হইতেছে, অতএব আমরা স্নানের নিমিত্ত গমন করি, এই বলিয়া উভয়ে প্রস্থান করিলেন॥

অনন্তর শ্রীকৃষ্ণের প্রবেশ।

কৃষ্ণ। (উদ্বেগের সহিত) অকস্মাৎ যে অবধি শ্রীরাধার নেত্র বিস্মাপন কারি, বিদ্যুৎ সদৃশ মনোরম রূপ মাধুর্য্য আমার নয়ন গোচর হইয়াছে, সেই অবধি আমার মতি চির কালের নিমিত্ত চিন্তাচক্রে আসক্ত হইয়া যোগিনীর ন্যায়

মম মতিরুপভোগে যোগিনীব প্রযাতি ॥

পুরোঽনুসৃত্য স্বগতং। হন্ত রঙ্গণমাল্যমুপনেতুং প্রস্থিতো বয়স্যঃ কথং বিলম্বতে।

প্রবিশ্য মাল্যহস্তো মধুমঙ্গলঃ। স্বগতং ॥ ৩৩ ॥

কথং অজ্জ দুম্মনা এদি পিঅবঅস্সো হোদু পসঙ্গদো জানিস্সং। ইতি পরিক্রম্য কৃষ্ণং পশ্যন্ স্বগতং সংস্কৃতেন।

ফুল্ল প্রসূন পটলৈ স্তপনীয়বর্ণা
মালোক্য চম্পকলতাং কিল কম্পতেঽসৌ।

কথমদ্য দুর্ম্মনায়তে প্রিয় বয়স্য ভবতু প্রসঙ্গতো জ্ঞাস্যামি তপনীয়ং কনকং নিরঙ্কো নির্ম্মলঃ। রাধাবর্ণস্য সাদৃশ্য কুঙ্কুমস্য তৎ সাদৃশ্য চম্পক লতায়া

উপভোগ বিষয়ে বিরক্তি লাভ করিয়াছে ॥

(অগ্রে অবলোকন করিয়া মনে মনে) হায়! বয়স্য মধুমঙ্গল রঙ্গণ পুষ্পের মাল্য আনয়ন করিবার নিমিত্ত গমন করিয়া কেন এত বিলম্ব করিতেছ ॥

মধুমঙ্গল। মাল্য হস্তে আগমন করিয়া (মনে মনে) ॥ ৩৩ ॥ অদ্য প্রিয় বয়স্যকে দুর্ম্মনা দেখিতেছি কেন, যাহা হউক, প্রসঙ্গ ক্রমে ইহার বৃত্তান্ত অবগত হই, এই বলিয়া ভ্রমণ পূর্ব্বক কৃষ্ণকে অবলোকন করত (মনে মনে সংস্কৃত ভাষায়) বিকসিত কুসুম সমূহ শালিনী স্বর্ণবর্ণা চম্পকলতা নিরীক্ষণ করিয়া প্রিয়বয়স্য কম্পিত হইতেছেন,

শঙ্কে নিরঙ্ক নব কুঙ্কুমপঙ্কগৌরী
রাধাস্য চিত্তফলকে তিলকী বভূব ॥
ইত্যুপসৃত্য ভো গেহ্ন ইতি মাল্যং নিবেদয়তি ॥ ৩৪ ॥

কৃষ্ণঃ। অনাকর্ণিতকেনৈব।
কনকাদ্রি নিকেত কেতকী
কলিকাকল্পা কলেবরদ্যুতিঃ।
হৃদি সা মুদিরালি মেদুরে
চপলা মাং কিমলং করিষ্যতি ॥

স্তামপি দৃষ্ট্বা কম্পন্তে অহো রাগোদ্রেক ইতি ভাবঃ ॥ ৩৪ ॥

মুদিরালি মেদুরে মেঘ শ্রেণী স্নিগ্ধে হৃদি বক্ষসি। চপলা বিদ্যুৎ পক্ষে চঞ্চলায়া স্তস্যা ক্ষণমাত্র স্পর্শেপি মম কৃতার্থত্বমেবেতি ভাবঃ। ফলিতং

অতএব বোধ করি, নির্ম্মল নূতন কুঙ্কুম পঙ্কের মত গৌর বর্ণা শ্রীরাধা ইহাঁর চিত্তরূপ পটে তিলক স্বরূপ হইয়াছেন ॥

(নিকটে গমন পূর্ব্বক) প্রিয়বয়স্য! মাল্য গ্রহণ কর এই বলিয়া মাল্য নিবেদন করিলেন ॥ ৩৪ ॥

কৃষ্ণ। (শ্রবণ না করিয়া) কনকপর্ব্বত প্রভূত কেতকী কলিকার ন্যায় কান্তিমতী সেই শ্রীরাধা রূপ চপলা আমার এই স্নিগ্ধ হৃদয় সদৃশ মেঘমালাতে সমাসীন হইয়া আমাকে কি অলঙ্কৃত করিবেন অর্থাৎ সেই প্রিয়তমা ক্ষণকাল আমার বক্ষে অবস্থিত হইলেই আমি কৃতার্থ হইব ॥

মধুমঙ্গলঃ। স্বগতং। ফলিদং মে তক্কেণ। প্রকাশমুচ্চৈঃ। ভোঃ পিয়বঅস্‌স সম্মুহে বিক্কোসস্তং কীস মং ণ পেচ্ছসি।

কৃষ্ণঃ। সাবহিত্থং। সখে চম্পকলতায়া লাবণ্যাকৃষ্টেন ময়া নোপদৃষ্টোঽসি॥ ৩৫॥

মধুমঙ্গলঃ। সচ্চং চ্চেঅ ভণাসি কিন্তু সঞ্চারিণীএ চম্পঅ-লদাএ।

কৃষ্ণঃ। সখে কামমসম্ভাব্যশ্চম্পকলতায়াঃ সঞ্চারঃ॥ ৩৬॥

মধুমঙ্গলঃ। বয়স্‌স ক্ষণং বিরমেদু বঙ্কত্তণং উজ্জুঅং কহেহি

মে তর্কেণ। ভোঃ প্রিয়বয়স্য সংমুখে বিক্রোশন্তং মাং কস্মান্ন পশ্যসি॥ ৩৫॥
সত্যমেব ভণসি কিন্তু সঞ্চারিণ্যাশ্চম্পকলতায়াঃ॥ ৩৬॥
বয়স্য ক্ষণং বিরমতু বক্রত্বং ঋজুং কথয় কথং শূন্যহৃদয়োঽসীতি॥ ৩৭॥

মধুমঙ্গল। (মনে মনে) আমি পূর্ব্বে যাহা বিচার করিয়াছি, তাহাই ফলিল। (প্রকাশ পূর্ব্বক উচ্চস্বরে) অহে প্রিয় বয়স্য! আমি তোমার সম্মুখে চিৎকার করিতেছি, তথাপি তুমি কি নিমিত্ত আমাকে দেখিতেছ না?।

কৃষ্ণ। (ভাবগোপন পূর্ব্বক) সখে! আমি চম্পকলতার লাবণ্য দর্শনে আকৃষ্ট হৃদয় হইয়াছি, একারণ তোমাকে দেখিতে পাই নাই॥ ৩৫॥

মধুমঙ্গল। প্রিয়বয়স্য! চম্পক লতার লাবণ্য দর্শনে তুমি যে আকৃষ্ট হৃদয় হইয়াছ ইহা সত্যই বটে, কিন্তু ঐ চম্পকলতার গতি শক্তি ত সম্পূর্ণ অসম্ভব॥ ৩৬॥

মধুমঙ্গল। বয়স্য! ক্ষণকাল বক্রতা বিরাম প্রাপ্ত হউক, সরল

কহং সুণ্ণ হিঅওসি ত্তি।

কৃষ্ণঃ। সস্মিতং। সখে মালাং বিনা ॥ ৩৭ ॥

মধুমঙ্গলঃ। বালেতি ভণ।

কৃষ্ণঃ। মুধেয়ং তে বিশঙ্কা ॥

মধুমঙ্গলঃ। সংস্কৃতেন।

ন জানীসে মূর্দ্ধ্নশ্চ্যুতমপি শিখণ্ডং যদখিলং
ন কণ্ঠে যন্মাল্যং কলয়সি পুরস্তাৎ কৃতমপি।
তদুন্নীতং বৃন্দাবন কুহর লীলা কলভ হে
স্ফুটং রাধানেত্র ভ্রমর বরবীর্য্যোন্নতিরিয়ং ॥

বালাং বিনেতি ভণ। ভ্রমরোহি দানগন্ধ লোলুপো গণ্ডে বসন্ হস্তিনং মুদ্বেজয়তীতি লোক প্রসিদ্ধিঃ। অলং প্রতার্য্যেতি অলং খল্বোঃ প্রতিসেধয়োঃ

ভাবে বল দেখি, কি প্রকারে শূন্যহৃদয় হইলা ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) সখে! মালা ব্যতিবেকে ॥ ৩৭

মধুমঙ্গল। মালা কেন, বালার নিমিত্ত এই কথা বল না।

কৃষ্ণ। তোমার এ বৃথা আশঙ্কা।

মধুমঙ্গল। (সংস্কৃত ভাষায়) বন্ধো। তোমার মস্তক হইতে ময়ূর পুচ্ছ সকল ভূমিতে পতিত হইয়াছে, তাহাও তুমি অবগত নহ এবং এই মাত্র যে তোমার কণ্ঠে মালা অর্পণ করিয়াছি, তাহাও তুমি জানিতে পারিতেছ না?। হে বৃন্দাবনগুহাবিলাসি মাতঙ্গ! আমি নিশ্চয় জানিয়াছি শ্রীরাধার নেত্র রূপ ভ্রমর যুগলই তোমাকে এরূপ বিহ্বল করিয়াছে ॥

কৃষ্ণঃ। স্বগতং। কথং নিখিলমেব তর্কিতং ধূর্ত্তেন তদলং প্রতার্য্য ॥ ৩৮ ॥

প্রকাশং। সখে যথার্থমাত্থ তদাকর্ণয়।

মম রাধা নিসর্গস্থং প্রতীপমনয়ন্মনঃ।

মহাজৈষ্ঠীব সহসা প্রবাহং সৌরসৈন্ধবং ॥ ৩৯ ॥

প্রাচাং ক্ত্বাচ প্রত্যয়ঃ প্রতারণং ন কর্ত্তব্যমিত্যর্থঃ। যদ্বা তৃ প্লবন তরণয়ো রিত্যস্মাৎ ঘ্যণ্ প্রত্যয়ঃ প্রতারণেনালমিতি বা ॥ ৩৮ ॥

প্রতীপমনয়ৎ অসুস্থমকরোদিত্যর্থঃ। সুরসিন্ধু র্গঙ্গা সিন্ধু র্না নদিদিতি স্ত্রিয়ামিত্যমর স্তস্যাঃ প্রবাহং মহাজ্যৈষ্ঠী যথা প্রতীপং নয়তি অস্য পূর্ণিমাভ্য স্তদ্দিনে সমুদ্রস্য ক্ষোভোদ্রেকেণ উদ্বেলত্বে তরঙ্গাবঘাতিতায়াঃ গঙ্গায়াঃ স্রোতঃ পরাবর্ত্ততে ॥ ৩৯ ॥

কৃষ্ণ। (মনে মনে) এ ধূর্ত্ত কি প্রকারে সমুদায় কর্ম্ম জানিতে পারিল, যাহা হউক, আর ইহার সঙ্গে প্রতারণার প্রয়োজন নাই ॥ ৩৮ ॥

(প্রকাশ করিয়া) সখে! যথার্থ বলিয়াছ, অতএব শ্রবণ কর ॥

মহাজ্যৈষ্ঠী পূর্ণিমা যদ্রূপ সহসা গঙ্গাস্রোতের গতির বিপরীত করে অর্থাৎ ঐ দিন সমুদ্রের ক্ষোভাতিশয় প্রযুক্ত জল বৃদ্ধি হইয়া জোয়ার নিবন্ধন যেমন গঙ্গা স্রোতের পরিবর্ত্ত হয়, তাহার ন্যায় শ্রীরাধা আমার প্রকৃতিস্থ মনকে অসুস্থ করিয়াছেন ॥ ৩৯ ॥

মধুমঙ্গলঃ। ণূণং অচ্ছীণং দে পচ্চক্খী ভূদা এসা।

কৃষ্ণঃ। অথ কিং। সুবলতঃ সা পরিচিক্যে চ। ইত্যৌৎ-
 সুক্যমভিনীয়ঃ।

ভ্রমদ্ভ্রূবল্লীকৈঃ প্রতিদিশমপাঙ্গস্য বলনৈঃ

কুরঙ্গীভ্যো ভঙ্গীভরমুপদিশন্তীমিব দৃশো।

ততস্তাং বিম্বোষ্ঠীং কলয়তি ময়ি ক্রোধবিকটো

মনোজন্মা পৌষ্পং ধনুরনুপমং সজ্যমকরোৎ॥ ৪০॥

মধুমঙ্গলঃ। অবি ণাম সংবুত্তং অণ্ণোণ্ণং দংসণং।

নূনং অক্ষোস্তে প্রত্যক্ষী ভূতা এষা॥ ৪০॥

অপি নাম সংবৃত্তমন্যোন্য দর্শনং॥ ৪১॥

মধুমঙ্গল। নিশ্চয় এই রাধা তোমার নয়নের প্রত্যক্ষী ভূতা
 হইয়াছেন।

কৃষ্ণ। তবে কি। সুবল হইতে তাঁহার পরিচয় হইয়াছে
 (এই বলিয়া ঔৎসুক্য অভিনয় করত)

সখে! সেই শ্রীরাধা আপনার প্রতিদিকে বিলাস বিশিষ্ট ভ্রূ
 লতার দ্বারা কুরঙ্গীগণকে যেন ভঙ্গীভর উপদেশ দিতে
ছিলেন, অনন্তর আমি স্বীয় নেত্র যুগলে ঐ বিম্বোষ্ঠীকে দর্শন
 করাতে কন্দর্প ক্রুদ্ধ হইয়া আমার প্রতি আপনার অনু-
 পম পুষ্প ধনু সজ্জীভূত করিয়াছিলেন॥ ৪০॥

মধুমঙ্গল। বোধ করি তোমাদের পরস্পর অবলোকন হই-
 য়াছে॥

কৃষ্ণঃ। নহি নহি।

তস্যাঃ সখে মুগতুষার ময়ূখবিম্বে
দূরান্মমাক্ষিপদবীমধিরূঢ়মাত্রে।
নির্ব্বন্ধতঃ শপথকোটিভিরম্বয়াহং
নীতঃ ক্ষণাদহহ সদ্মনি ভোজনায় ॥ ৪১ ॥

মধুমঙ্গলঃ। বঅস্‌স চিট্‌ঠন্তি বহলাও বল্লবসুন্দরীও তহবি কীস তুমং এক্কাএ রাহীএ নিব্ভরং অণুরঞ্জসি।

কৃষ্ণঃ। সখে রাধায়ামসাধারণী কাপি মাধুরী।
তথাহি।
তস্যাঃ কান্তদ্যুতিনি বদনে মঞ্জুলে চাক্ষিযুগ্মে
তত্রাস্মাকং যদবধি সখে দৃষ্টিরেষা নিবিষ্টা।

তিষ্ঠন্তি বহুলা বল্লব সুন্দর্য্য তথাপি ত্বং একস্যাং রাধায়াং নির্ভরমনুরজ্যসি

কৃষ্ণ। না না, সখে! দূর হইতে শ্রীরাধার মুখচন্দ্রমণ্ডলে আমার নয়ন যুগল অধিরূঢ় হইবা মাত্র, তৎকালীন জননী আসিয়া উপস্থিত হইয়াছিলেন, এবং তিনি যত্ন সহকারে কোটি কোটি শপথ দিয়া ক্ষণকালের নিমিত্ত ভোজন করাইতে আমাকে গৃহে লইয়া গেলেন ॥ ৪১ ॥

মধুমঙ্গল। বন্ধো! অনেক গোপিকাইত সুন্দরী আছে, তবে কেন তুমি একা শ্রীরাধাতেই অতিশয় অনুরক্ত হইয়াছ ॥

কৃষ্ণ। সখে! শ্রীরাধাতে কোনএক অসামান্য মাধুরী আছে ॥

আহা! সেই শ্রীরাধার কান্তিমতি বদনে ও মনোহর নয়ন যুগলে যে অবধি আমার দৃষ্টি নিবিষ্ট হইয়াছে,

সত্যং ক্রম স্তদবধিভবেদিন্দুমিন্দীবরঞ্চ

তস্যাঃ কান্তেতি বদন সাদৃশ্যার্থং ইন্দুং স্মৃত্বা হৃণীয়া লজ্জা ঘৃণা বা ॥ ৪২ ॥

আমি সত্য বলিতেছি, সেই হইতে চন্দ্র ও ইন্দীবরকে স্মরণ করিয়া স্মরণ করিয়া মুখকুটিলতাকারিণী লজ্জা বা ঘৃণা আসিয়া উপস্থিত হয় ॥ ৪২ ॥

যথারাগ ॥

রাই ভ্রূ ভঙ্গিমা ঠাম, কামের সমান ভান, নাচয়ে সঘন অনুপাম। অপূর্ব্ব নয়ন ভঙ্গী, শিখায়ে কুরঙ্গ রঙ্গী, অপাঙ্গ কাছনী যেন বাণ॥ সখা হে হেরইতে ব্রজজন নারী, সেই কালে ক্রোধে কাম, সাজে ধনু অনুপাম, বরিষে কুসুম সরসারি॥ ধ্রু॥ বটু কহে দোঁহ দোঁহা, দরশনে দোঁহ হিয়া, দংশন হইল অনুমানি। কৃষ্ণ কহে নহি নহি, শুনহ নিশ্চয় কহি, যে রূপে দেখিল তারে আমি॥ চন্দ্র বিম্ব সুশীতলা, মুখচন্দ্র মনোহরা, দূর হইতে দেখিতে তাঁহারে। মাতা কহে হেন কালে, মোর দিব্য দিঞা বলে, নঞা গেল অন্ন খাইবারে॥ বটু কহে ব্রজস্থানে, আছয়ে সুন্দরীগণে চাতুর্য্য বৈদগ্ধী নাহি ওর। তবে কেন একা রাধা, লাগিয়া পাইছ বাধা, নির্ভরানুরাগে চিত্ত তোর॥ কৃষ্ণ কহে রাধিকার, মাধুর্য্যের নাহি পার, রূপের তুল না নহি আনে। সে সুন্দর মুখ বাম, সুমঞ্জুল দুনয়ান, দেখি কাম হরয়ে গেয়ানে॥ যে হৈতে দেখিল তাঁরে, চন্দ্র আর ইন্দীবরে, অতি তুচ্ছ করি হয় জ্ঞান।

স্মারং স্মারং মুখ কুটিলতা কারিণীয়ং হৃণীয়া ॥ ৪২ ॥

ধুমঙ্গলঃ। দংসণাদো পঢমং জ্জেবব তথ তুজ্ঝরাও মএ তক্কিদো ত্থিতা কিত্তি লাবণ্ণো বাহিও ত্তি ভণাসি।

কৃঃ। সখে সত্যমাত্থ স্বচিত্তাভিনিবেশাদেব তস্যাং কোপি মহিমোন্নাহঃ প্রতীয়তে ॥ ৪৩ ॥

তথাহি ॥

যত্র প্রকৃত্যা রতিরুত্তমানাং তত্রানুমেয়ঃ পরমোহনুভাবঃ।

দর্শনতঃ প্রথমমেব তত্র তব রাগো ময়া তর্কিতঃ তৎ কিমিতি লাবণ্যোধিক ইতি ভণসি ॥ ৪৩ ॥

যত্রেতি প্রকৃত্যা স্বভাবেন এব নতু গুণাদ্যুপাধিভিঃ উত্তমানামেব নত্ব-

---

সে মুখ নয়ন যুগে, দিতে উপমার যোগে, কুটিলতা লজ্জা পায় মন। সে রহে অন্তরে পশি, না জানয়ে নিশি দিশি, সমাধি লাগিল আঁখি মোর। দাস যদুনন্দন, চিত্তে করে এই মন, নব লেহ রসে ভেল ভোর ॥ ৪২ ॥

মধুমঙ্গল। আমি অনুমান করিয়াছি, প্রথম দর্শন হইতেই তোমার তাঁহার প্রতি অনুরাগ জন্মিয়াছে, অতএব আর কেন তাঁহার লাবণ্যের আধিক্য বর্ণন করিতেছ ॥

কৃষ্ণ। সখে! সত্য বলিতেছি, আমি স্বীয় চিত্ত অভিনিবেশ দ্বারাই শ্রীরাধাতে কোন মহিমাধিক্য প্রতীতি করিয়াছি ॥ ৪৩ ॥

উক্তার্থের প্রমাণ ॥

উত্তম পুরুষদিগের স্বতই যাহাতে অনুরাগ বৃদ্ধি পায়,

নৈসর্গিকী কৃষ্ণমৃগানুবৃত্তি র্দেশস্য বিজ্ঞাপয়তি প্রশস্তিং ॥

নেপথ্যে।

সহি সারিএ দিট্‌ঠো তুএ এত্থ বল্লবিন্দণন্দণো।

কৃষ্ণঃ। সখে নেদীয়ানয়ং সুকুমারীকণ্ঠধ্বনিরুদঞ্চতি তদত্র তূষ্ণীমাস্বহে ॥

ততঃ প্রবিশতো ললিতা বিশাখে ॥ ৪৪ ॥

ললিতা। পেক্‌খ এসো দিট্‌ঠিআ পুরদো কহ্নো তা উবস-

সুরপ্রকৃতীনাং কৃষ্ণমৃগস্য অনুবৃত্তিঃ সঞ্চারঃ নৈসর্গিকী নতু কেনাপি বলাৎ কারিতা। সখি সারিকে দৃষ্ট স্বয়াত্র বল্লবেন্দ্রনন্দনঃ ॥ ৪৪ ॥

ললিতে পশ্য এষ দিষ্ট্যা পুরতঃ কৃষ্ণঃ তদুপসর্পাবঃ ॥ ৪৫ ॥

তাহাতে কোন পরম পদার্থ আছে এমত অনুমান করিতে হইবে, কারণ স্বভাবতই কৃষ্ণসার হরিণ যে দেশে বিচরণ করিয়া থাকে, সে দেশের প্রশস্ততা ত অবশ্যই অনুমিত হয় ॥

বেশ গৃহে ॥

সখি সারিকে! তুমি কি ব্রজেন্দ্রনন্দনকে দেখিয়াছ ?॥

কৃষ্ণ। সখে! এই সুকুমারীর কণ্ঠধ্বনি নিকটবর্ত্তি বোধ হইতেছে, অতএব আমরা তূষ্ণীম্ভাব অবলম্বন করি ॥

(অনন্তর ললিতা ও বিশাখার প্রবেশ) ॥ ৪৪ ॥

ললিতা। সখি! কি সৌভাগ্যের বিষয়, ঐ দেখ কৃষ্ণ আমাদের অগ্রেই দণ্ডায়মান, অতএব চল আমরা নিকটে যাই। (এই বলিয়া শ্রীকৃষ্ণের নিকট গমন পূর্ব্বক) গোকুলা-

স্কন্ধ ইত্যুভে তথা কৃত্বা জঅদু জয়দু গোউলাণন্দো ॥

কৃষ্ণঃ। ললিতে ইত্যহং শঙ্কে মনোহারি কুসুমপত্রমাদাতুং অদ্য বৃন্দাটবীগর্ত্তে ইবতীর্ণাসি ॥ ৪৫ ॥

ললিতা। বিণ্ণাদং বি ণূণং আআরেণ সঙ্গোবেসি জং দাছুং ত্তি ণ ভণাসি তা গেহ্ণ ণং কণ্ণিআর কোরঅ পত্তং ইত্যনঙ্গলেখং কৃষ্ণকরে অর্পয়তি ।

কৃষ্ণঃ। স্বগতং চেতঃ সমাশ্বসিহি সমাশ্বসিহি। ত্বদভীষ্ট বীজস্যাঙ্কুরোঽয়মিতি শঙ্কে ॥ ৪৬ ॥

বিজ্ঞাতমপি নূনমাকারেণ সংগোপয়সি যৎ দাতুমিতি ভণাসি। তৎ গৃহাণ এতৎ কর্ণিকার কোরক পত্রং আকারেণেতি দাতুমিতি পদপূর্ব্বে আ ইত্যুৎসর্গেণাধিকেন অথ চকারেণ ঈঙ্গিতেন বাক্ চাতুর্য্যেণেত্যর্থঃ। আকারস্ত্বিঙ্গ ঈঙ্গিতমিত্যমরঃ। উত্তারপাথৌ প্রাকরণিকৌ ॥ ৪৬ ॥

নন্দের জয় হউক, জয় হউক ॥

কৃষ্ণ। ললিতে! আমি মনে করিয়াছিলাম, তুমি মনোহর কুসুম পত্র গ্রহণ জন্য বৃন্দাবন গর্ত্তে অবতীর্ণ হইয়াছ ॥ ৪৫

ললিতা। জ্ঞাত বস্তুও আকার দ্বারা গোপন করিতেছ, যে হেতু দিবার নিমিত্ত আসিয়াছি এ কথা না বলিলা কেন? অতএব এই কর্ণিকার কুসুমের কোরক পত্র গ্রহণ কর, এই বলিয়া শ্রীকৃষ্ণের করে অনঙ্গলেখ অর্পণ করিলেন ॥

কৃষ্ণ। (মনে মনে) চিত্ত! আশ্বস্ত হও, আশ্বস্ত হও, বোধ করি এই পত্র খানি তোমার অভীষ্ট বীজের অঙ্কুর স্বরূপ ॥ ৪৬ ॥

মধুমঙ্গলঃ। ভো ললিদে কিং ইমিণা অক্খরাণং পত্তেণ সক্করাণং পত্তং সমপ্পেহি।

কৃষ্ণঃ। সখে বাচয় পত্রং কদাচিদেতন্নঃ কর্ণরসায়নস্য পাত্রী ভবেৎ ॥ ৪৭ ॥

মধুমঙ্গলঃ। ভো বঅস্‌স দিট্‌ঠা তুম্হ গোআলাজাদিণো বদণ্ণদা। ণং অম্হা বম্হাণ জাদিং জ্জেবব গোরএণ বন্দেমি জং তাহিং দিঅহে জণ্ণিঅ বম্হাণীহিং চউব্বিহেণ অণ্ণেণ ভোইদম্হ ইতি লেখং বাচয়তি।

ললিতে কিমেতেন অক্ষরাণাং পত্রেণ শর্করাণাং পত্রং সমর্পয় ॥ ৪৭ ॥

দৃষ্টা যুষ্মদ্গোপজাতে র্বদান্যতা এনং তস্মাদ্ব্রাহ্মণ জাতিমেব গৌরবেণ বন্দে যৎ তস্মিন্ দিবসে যাজ্ঞিকব্রাহ্মণীভিশ্চতুর্ব্বিধেনান্নেন ভোজিতাঃ স্ম ইতি। ধৃত্বা প্রতিচ্ছন্দগুণঃ সুন্দর মম মন্দিরে ত্বং বসসি। তথা তথা

মধুমঙ্গল। ললিতে! এ অক্ষর সকলের পত্র দ্বারা কি হইবে, শর্করা পত্র সমর্পণ কর ॥

কৃষ্ণ। সখে! পত্রখানি পাঠ করত। এ কি আমাদের কর্ণ রসায়নের পাত্রী হইবে? ॥ ৪৭ ॥

মধুমঙ্গল। "অহে বয়স্য! তোমাদের গোপজাতির এই ত বদান্যতা দেখিলাম, গৌরব পূর্ব্বক আমাদের ব্রাহ্মণ জাতিকে বন্দনা করি, যে হেতু সেই দিবস যাজ্ঞিক ব্রাহ্মণী সকল কেমন আমাদিগকে চতুর্ব্বিধ অন্ন দ্বারা ভোজন করাইয়াছিলেন ॥

এই বলিয়া পত্র পড়িতে লাগিলেন।

ধরিঅ পড়িচ্ছন্দগুণং সুন্দর
মহ মন্দিরে তুমং বসসি।
তহ তহ রুন্ধসি বলিঅং
জহ জহ চইদা পলাএম্মি ॥ ৪৮ ॥

কৃষ্ণঃ। সখে দুরধিগমার্থা তাবদিয়ং গাথা তেন পুন র্ভণ্যতাং ॥

মধুমঙ্গলঃ। তথা করোতি।

কৃষ্ণঃ। সানন্দং স্বগতং।

কুলস্ত্রিয়োহি ধর্ম্মভীরবো ভবন্তি। তদুপেক্ষয়া ভাব

রুণৎসি বলিতং যথা যথা চকিতা পলায়ে। প্রতিচ্ছন্দগুণং চিত্র পট রূপং তৎ সূত্রম্বা ॥ ৪৮ ॥

তেন পুন র্ভণ্যতামিতি তস্যা বাক্যমাধুর্য্যস্যাতৃপ্ত্যা পুনরাস্বাদনার্থং প্রকটবর্ণ ঔদাসিন্য ব্যঞ্জনার্থং। মমাত্র ঝটিত্যনুসন্ধানমপি ন ভবতীতি জ্ঞাতুং ॥ ৪৯ ॥

যথা। হে সুন্দর! তুমি চিত্রপট অবলম্বন করিয়া প্রতিদিন আমার মন্দিরে বাস কর এবং আমি চকিতা হইয়া যে দিকে যে দিকে পলায়ন করি, তুমি সেই সেই দিকে আমাকে রোধ কর ॥ ৪৮ ॥

কৃষ্ণ। সখে! এই শ্লোকের অর্থ বুঝিতে পারিলাম না, অত এব পুনরায় পাঠ কর ॥

মধুমঙ্গল। পুনরায় পাঠ করিলেন ॥

কৃষ্ণ। (আনন্দের সহিত মনে মনে) কুলস্ত্রী সকল ধর্ম্ম ভীরু হইয়া থাকে, একারণ উপেক্ষা দ্বারা ইহাদের ভাবের

নিষ্ঠাং নিষ্টঙ্কয়ামি ইতি সংরম্ভমভিনীয় প্রকাশং হংহো পশ্য পশ্য ॥

স্নিগ্ধৈরেভিঃ সখিভিরখিলৈর্ধেনুবৃন্দানুসারী
নারীবার্ত্তা বিমুখ হৃদয় কাননান্তে চরামি।
মাং স্বৈরিণ্য স্তদপি যদিমা দূষয়ন্তি প্রকামং
তদ্বিজ্ঞপ্তিং দ্রুতমিহ জরদ্গোপগোষ্ঠ্যাং করিষ্যে ॥

ইতি কৃত্রিমামর্ষেণ দ্রুতং পরিক্রামতি।

মধুমঙ্গলঃ। স্মিতমাবৃত্য ॥ ৪৯ ॥

ভো ব্রহ্মআরি সিহামণে ক্খণং নিবট্টিঅ ইমাও দুম্মুহ গোইআও পচ্চুত্তরেণ ণিজ্জিত্তিঅ বিড্ডাবেহি। অহং

ভো ব্রহ্মচারি শিখামণে ক্ষণং নিবর্ত্ত্য ইমা দুর্ম্মুখ গোপিকাঃ প্রত্যুত্তরেণ

পরাকাষ্ঠা অবগত হই (এই বলিয়া ত্বরা অভিনয় পূর্ব্বক প্রকাশ করিয়া) সখে! দেখ দেখ। আমি নিখিল সখা গণ সঙ্গে ধেনুবৃন্দের অনুসরণ করিয়া কানন মধ্যে বিচরণ করি, আমার হৃদয় কখন নারীবার্ত্তায় উন্মুখ হয় না, তথাপি যদি ঐ সকল স্বেচ্ছাচারিণী আসিয়া আমাকে যথেষ্ট রূপে দূষিত করে, তাহা হইলে আমি শীঘ্র গমন করিয়া প্রাচীন গোপদিগের গোষ্ঠীতে নিবেদন করিব। এই বলিয়া সক্রোধে দ্রুত গমন করিতে লাগিলেন।

মধুমঙ্গল। হাস্য সম্বরণ করিয়া ॥ ৪৯ ॥

অহে ব্রহ্মচারি শিরোমণি! ক্ষণকাল নিবর্ত্ত হইয়া প্রত্যুত্তর দ্বারা নির্জয় করত এই সকল দুর্ম্মুখা গোপিকাদিগকে

কৃখু এদং সব্বং ধিট্‌ঠাণং বুত্তন্তং গোউলেসরীএ বিণ্ণ-
বিস্‌সং ইতি পাণৌ ধৃত্বা ব্যাবর্ত্তয়তি।

উভে। পরস্পরমবেক্ষ্য বৈলক্ষ্যং নাটয়তঃ।

কৃষ্ণঃ। সখি বিশাখিকে চাতুরক্ষিকং প্রেক্ষণমপি নাস্তি।
কুতস্তাবৎ পরিতো ধাবনং তদনুময়ামি কেনাপ্যপরেণ নাগ-
রেণ তস্যাঃ স্বান্তমুচ্চালিতং॥ ৫০॥

বিশাখা। সংস্কৃতমাশ্রিত্য।

কস্তাবৎ ব্রজমণ্ডলেঽদ্য বলতে শক্যো গরীয়ানসৌ

নির্জিতা বিদ্রাবয়। অহং খলু ইদং ধৃষ্টানাং বৃত্তান্তং গোকুলেশ্বর্য্যৈ বিজ্ঞাপ-
য়িষ্যামীতি। বৈলক্ষ্যং চাতু রক্ষিকং দ্বয়োর্দ্বয়োরক্ষ্ণো র্ভবমিতি চাতুরক্ষিকং
অধ্যাত্মাদিত্বাদিত্বাঠ্‌ঠক॥ ৫০॥

তাড়াইয়া দাও কিন্তু আমিও গোকুলেশ্বরীর নিকটে গিয়া
এই সকল প্রগল্‌ভাদের বৃত্তান্ত নিবেদন করিব। এই
বলিয়া শ্রীকৃষ্ণের হস্তদ্বয় ধারণ পূর্ব্বক ফিরাইয়া আনি-
লেন॥

ললিতা বিশাখা। পরস্পর অবলোকন করিয়া বিস্ময় প্রকাশ
করিলেন।

কৃষ্ণ। সখি বিশাখে! পরস্পর চক্ষুতে চক্ষুতে দর্শনও নাই,
তবে কি রূপে সকল দিকে রোধ করিলাম, অতএব
আমার অনুমান হয়, অন্য কোন নাগর আসিয়া চঞ্চল
করিয়াছে॥ ৫০॥

যেনোচ্চালয়িতুং বলাৎ কুলবতীচেতো গিরিগ্রামণীঃ।
ইত্যস্মাভিরবক্র বিক্রম বলাদুৎক্ষিপ্তগোবর্দ্ধনো
হেতুস্ত্বং কিল পঙ্কজাক্ষ পটুভিস্তত্রাসি নিষ্টঙ্কিতঃ ॥

মধুমঙ্গলঃ। অই বাআলিএ চিট্‌ঠ চিট্‌ঠ দিট্ঠোমএ উক্‌খিও দণ্ডমণ্ডলেহিং গোবেহিং গোঅড্‌ঢণো ধরিদো তুমং কীস একং জ্জেব্ব পিঅবঅস্‌সং সম্ভাবেসি।

কৃষ্ণঃ। ললিতে অলমতি প্রসঙ্গেন তন্নিবর্ত্তস্ব ॥ ৫১ ॥

চেত এব গিরিগ্রামণীঃ গিরিশ্রেষ্ঠঃ। অয়ি বাচালিকে তিষ্ঠ তিষ্ঠ দৃষ্টং ময়া উৎক্ষিপ্ত দণ্ডমণ্ডলৈ র্গোপৈ র্গোবর্দ্ধনো ধৃতঃ। ত্বং কস্মাদেকমেব প্রিয় বয়স্যং সংভাবয়সি ॥ ৫১ ॥

বিশাখা। অহে পদ্মনেত্র! এই ব্রজমণ্ডলে তোমার মত কে বলশালী গরিষ্ঠ পুরুষ আছে যে, সে বল দ্বারা কুলবতীর চিত্তরূপ গিরিরাজকে বিচলিত করিতে সমর্থ হয়, কারণ, তুমি যখন স্বাভাবিক বিক্রম বলে গোবর্দ্ধন উত্তোলন করিয়াছিলে তখন আমরা সতীস্ত্রী সকল তোমাকেই হেতুরূপে নিশ্চয় করিয়াছি ॥

মধুমঙ্গল। অয়ি বাচালিকে! থাক থাক, আমি সাক্ষাতে দেখিয়াছি, গোপ সকল দণ্ড উত্তোলন করিয়া গোবর্দ্ধন ধারণ করিয়াছিল, অতএব তুমি কি করিয়া একা প্রিয় বয়স্যের প্রশংসা করিতেছ ॥

কৃষ্ণ। ললিতে! আর অধিক প্রসঙ্গের প্রয়োজন নাই ক্ষান্ত হও ॥ ৫১ ॥

ললিতা। সুন্দর সব্ব গোউল সুভআরিণোবি তুঅত্তো কধং
সা এক্কা জ্জেবব দুক্খং অরিহদি বরীঅসী॥

কৃষ্ণঃ। সঙ্গী মে মধুমঙ্গলো ন সহতে ধর্ম্মাধ্বনো বিচ্যুতিং
শ্রীদামা পরিমার্গয়ন্মম নহি ছিদ্রানি নিদ্রায়তে।
কংসঃ শাস্তি খলঃ ক্ষিতিং কথমিতো মুগ্ধে বিধেয়ং ময়া
নিঃশঙ্কং কুলসুন্দরী পরিভব জ্বালা মহাসাহসং॥

ললিতা। সামর্ষং সংস্কৃতমাশ্রিত্য॥ ৫২॥
অন্তঃ ক্লেশকলঙ্কিতাঃ কিল বয়ং যামোদ্য যাম্যাং পুরং

সুন্দর সর্ব্ব গোকুল শুভকারিণোহপি ত্বত্তঃ কথং সা একৈব দুঃখমর্হতি বরীয়সী॥ ৫২॥

অন্তঃ ক্লেশেন কলঙ্কিতাঃ চিহ্নিতাঃ সত্যঃ। মৃত্যোরনন্তরমপ্যয়ং ক্লেশঃ

ললিতা। হে সুন্দর! তুমি যখন সকল গোকুলবাসিরই শুভকারী তখন তোমার নিকট হইতে কি প্রকারে একা বরীয়সী রাধাই দুঃখ ভাগিনী হইবেন?॥

কৃষ্ণ। ললিতে! সঙ্গী মধুমঙ্গল আমার ধর্ম্ম পথ হইতে বিচ্যুত হওয়া সহ্য করিতে পারে না, শ্রীদাম আমার ছিদ্রান্বেষণ বিষয়ে সর্ব্বদাই জাগরূক হইয়া রহিয়াছে এবং খল কংসও ক্ষিতিমণ্ডল শাসন করিতেছে, অতএব হে মুগ্ধে! বল দেখি আমি কিপ্রকারে নিঃশঙ্কে কুলসুন্দরীদিগের পরিভব জ্বালা রূপ মহাসাহস বিধান করিব॥

ললিতা। (ক্রোধের সহিত সংস্কৃত ভাষা আশ্রয় করিয়া)॥৫২
রাধে! আমরা আন্তরিক ক্লেশে কলঙ্কিত হইয়াছি, একারণ

নায়ং বঞ্চনসঞ্চয়প্রণয়িনং হাসং তথাপ্যুজ্ঝতি।
অস্মিন্ সংপুটিতে গভীর কপটৈরাভীরপল্লীবিটে
হা মেধাবিনি রাধিকে তব কথং প্রেমা গরীয়ানভূৎ ॥ ৫৩
ইতি রোদিতি ॥

মধুমঙ্গলঃ। অয়ি মুগ্ধে সঅল সত্থ বিসারও জস্ স অন্ধারিসো অমচ্চো হোই সোবি কিং এদং ধম্মং অদিক্কমিস্সদি তা অলং অরণ্ণ রুদিএণ ॥

বিশাখা। স্বগতং। ণং রাহীএ গুঞ্জাঅলীং কহ্নস্স দেন্তী

স্থাস্যত্যেবেতি ভাবঃ। হাসঃ তথাপীতি অকারুণ্যং ব্যজ্যতে অন্যাসাং প্রেমা ভবতু কর্ম্মান্ধীকৃতধিয়াং মেধাবিন্যাস্তব ন যুজ্যত ইতি ভাবঃ ॥ ৫৩ ॥

অয়ি মুগ্ধে সকল শাস্ত্র বিশারদো যস্যাস্মাদৃশোঽমাত্যো ভবতি সোঽপি কিং ইমং ধর্ম্মমতিক্রম্য তদলং বনরুদিতেন। এনং রাধায়া গুঞ্জাবলীং কৃষ্ণায় দদতীতি ঈঙ্গিতং লক্ষয়ামি।

আজি যমপুরে গমন করিব, তথাপি ইনি বঞ্চনা রূপ হাস্য পরিত্যাগ করিলেন না, হে বুদ্ধিমতি! কি প্রকারে এই কপট পরিপূরিত গোপিকাকামুকে তোমার প্রেম গরীয়ান্ হইল ॥ ৫৩ ॥

এই বলিয়া রোদন করিতে লাগিলেন।

মধুমঙ্গল। অয়ি মুগ্ধে! সর্ব্বশাস্ত্র বিশারদ মাদৃশ জন যাঁহার অমাত্য হইয়াছে, সেও কি ধর্ম্ম পরিত্যাগ করিতে পারে? অতএব আর তোমার অরণ্য রোদনের প্রয়োজন নাই ॥

বিশাখা (মনে মনে) শ্রীরাধার এই গুঞ্জামালা কৃষ্ণকে দিয়া

ইঙ্গিদং লক্খেমি। প্রকাশং সংস্কৃতেন।

উদ্গীর্ণরাগেণ করম্বিতান্তরা
পরিস্ফুরৎ কৃষ্ণমুখী গুণাঙ্কিতা।
গুঞ্জাবলী মঞ্জুতরাবলম্বতাং
সা রাধিকেয়ং তব কণ্ঠসঙ্গমং॥

ইতি কণ্ঠে স্বয়ং সমর্পয়তি॥ ৫৪॥

উদীর্ণো উদ্গতো যো রাগঃ রক্তিমা প্রেমাচ তেন করম্বিতং প্রাপ্তং অন্তরং বহিঃ পক্ষে অন্তঃকরণঞ্চ যস্যাঃ। অন্তরমবকাশাবধি পরিধানান্তর্দ্ধি ভেদ তাদর্থ্যে। ছিদ্রাত্মীয় বিনা বহিরবসর মধ্যে হন্তরাত্মনি চেত্যমরঃ। পরিতঃ স্ফুরন্ কৃষ্ণঃ কৃষ্ণবর্ণঃ কৃষ্ণেতি নামচ মুখে যস্যাঃ। সূত্রেণ অঙ্কিতা। সারেণ অধিকা পক্ষে সা প্রসিদ্ধা রাধিকা তব কণ্ঠে সঙ্গমং গুঞ্জাবলীব মঞ্জুতরা সতী অবলম্বতাং॥ ৫৪॥

অভিপ্রায় বুঝি।

(প্রকাশ পূর্ব্বক সংস্কৃত ভাষায়) কৃষ্ণ! যাহার সর্ব্বাঙ্গ লোহিত বর্ণ ও মুখভাগ শ্যামাকর, এবং যাহা সূত্র গুম্ফিত প্রযুক্ত অধিক সার বিশিষ্ট ও মনোহর হইয়াছে সেই গুঞ্জমালা তোমার কণ্ঠদেশ অবলম্বন করুক॥

উক্ত শ্লোকের ভাবার্থ এই যে, কৃষ্ণ! যাহার চিত্ত অনুরাগে পরিপূর্ণ ও মুখে কৃষ্ণনাম উচ্চারিত হইতেছে, এবং যিনি গুণশালিনী ও মনোজ্ঞা, সেই শ্রীরাধা মুক্তাবলীর ন্যায় তোমার কণ্ঠদেশে সংলগ্না হউন॥

(এই বলিয়া স্বয়ং কৃষ্ণ কণ্ঠে মালা সমর্পণ করিলেন)॥ ৫৪॥

কৃষ্ণঃ । স্মিত্বা সকপটের্ষং ।

রাগিণমপি সুকঠোরং সুবৃত্তমপি মুহুরুদীর্ণ মালিন্যং ।

যুবতীনামিব ভাবং নহি গুঞ্জাহারমিচ্ছামি ॥

ইত্যজানন্নিব কণ্ঠাদবতার্য্য রঙ্গণমালামর্পয়তি ॥

বিশাখা । স্বগতং । ইমস্স ভমো বি অম্মাণং মঙ্গলো সংবুত্তো । ইতি বস্ত্রেণ সংবৃণোতি ॥ ৫৫ ॥

সুকঠোরমিতি দৃষ্টান্ত পক্ষে বহিঃ প্রকাশাভাবেন জ্ঞাতুমশক্যং মালিন্যং বক্রিমা । এতস্য ভ্রমোপি অস্মাকং মঙ্গলঃ সংবৃত্তঃ ॥ ৫৫ ॥

কৃষ্ণ । (ঈষৎ হাস্য প্রকাশ পূর্ব্বক কপট ঈর্ষার সহিত) এই গুঞ্জাহার লোহিত বর্ণ হইলেও অতিশয় কঠিন এবং সুন্দর বর্ত্তুলাকার দেখাইলেও বহুতর মালিন্য যুক্ত, অতএব যুবতিদিগের ভাবের ন্যায় এই হারকে গ্রহণ করিতে ইচ্ছা করি না, যুবতিগণের দৃষ্টান্ত এই যে যুবতি সকল অনুরাগবতী হইলেও তাহাদের অনুরাগ অন্তরেই থাকে বাহ্যে দেখা যায় না, কেবল কাঠিন্যই দৃষ্ট হয় এবং তাহারা সরল স্বভাবা হইলেও তাহাদের বাহ্যে বক্রতা প্রকাশ পাইয়া থাকে ॥

এই বলিয়া না জানার মত কণ্ঠহইতে রঙ্গণ মালা অবতরণ পূর্ব্বক বিশাখার হস্তে সমর্পণ করিলেন ॥

বিশাখা । (মনে মনে) ইহাঁর ভ্রমও আমাদের মঙ্গলের নিমিত্ত হইল । এই বলিয়া বস্ত্রদ্বারা রঙ্গণ মালা সংগোপন করিলেন ॥ ৫৫ ॥

ললিতা। হলা গোবিআ কোড়ি ভুঅঙ্গস্স ইমস্স অক্খলিদং অচ্চরিঅং বহ্মচারিঅং দিট্ঠীআ পঅড়ীভূতং। তা অহ্মেবি গচ্ছুঅ তং অত্থাণানুরাইণীং রাহিঅং নিবট্টাবেহ্ম।

বিশাখা। সহি জুত্তং মন্তেসি ইত্যুভে পরিক্রামতঃ ॥ ৫৬ ॥

ললিতা। বিসাহে তুমং গচ্ছুঅ ইমাএ রঙ্গণ মালিএ পিঅ সহিং আসাসেহি। অহং ক্খু এদং বুত্তং ভঅবদীএ নিবেদিস্সং। ইতি নিষ্ক্রান্তে ॥ ৫৭ ॥

গোপিকা কোটি ভুজঙ্গস্য এতস্য অস্খলিতং আশ্চর্য্যং ব্রহ্মচর্য্যং দিষ্ট্যা প্রকটীভূতং তদ্বয়মপি গত্বা ত্বাং অস্থানানুরাগিণীং রাধিকাং নিবর্ত্তয়ামঃ। বিশাখা সখি-যুক্তং মন্ত্রয়সি অয়ম্ভাবঃ। যদ্যস্যা অস্থরো রাগো বর্ত্ততে তদা নিবর্ত্তয়াব ইত্যুক্ত্বা আবয়োর্গমনে সতি এতস্য বৈকল্যং ভবিষ্যতি। ততশ্চ আবাং পরাবর্ত্তয়িষ্যথে কিম্বা স্বয়মেব তস্যা আলয়ং অনুসরিষ্যতীতি ॥ ৫৬ ॥

বিশাখে ত্বং গত্বা এতয়া রঙ্গণ মালিকয়া প্রিয়সখী মাশ্বসিহি অহং খলু ইদং বৃত্তং ভগবত্যৈ নিবেদয়িষ্যামি ॥ ৫৭ ॥

ললিতা। সখি! কোটি গোপিকাকামুকের অস্খলিত আশ্চর্য্য ব্রহ্মচর্য্য স্ব চক্ষে দেখিলা ত, অতএব চল আমরাও গিয়া সেই অস্থানানুরাগিণী রাধাকে নিবৃত্ত করি ॥

বিশাখা। সখি! ভাল মন্ত্রণা করিয়াছ, এই বলিয়া উভয়ে গমন করিতে করিতে ॥ ৫৬ ॥

ললিতা। কহিলেন, সখি বিশাখে! তুমি গিয়া এই রঙ্গণ মালা দ্বারা প্রিয়সখীকে আশ্বাস প্রদান কর, আমি গিয়া ভগবতী পৌর্ণমাসীকে এই বৃত্তান্ত নিবেদন করি। (এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥ ৫৭ ॥

মধুমঙ্গলঃ। ভোঃ বঅস্‌স আদরিজ্জন্তং বি অপ্পাণং কীস আদরাবেসি ইদং কৃখু পচ্ছাদবপব্বদাহিরোহণস্‌স অহিরোহিণী ণিম্মাণং দাব।

কৃষ্ণঃ। সখে সত্যং ব্রবীসি সাহসিক্যং হসিতেনৈবানুষ্ঠিতং॥

মধুমঙ্গলঃ। পেক্‌খ গোইজুঅলং ণেত্তপহং অদিক্যম্মিদং॥৫৮

কৃষ্ণঃ। সানুতাপং।

শ্রুত্বা নিষ্ঠুরতাং মমেন্দু বদনা প্রেমাঙ্কুরং ভিন্দতী

ভো আদ্রিয়মানমপি আত্মানং কস্মাদাদরয়সি। ইদং খলু পশ্চাত্তাপ পর্ব্বতাধিরোহণস্যাহধি রোহিণী নির্ম্মাণং তাবৎ নিঃশ্রেণি স্বধিরোহিণী ত্যমরঃ॥ ৫৮॥

সাহসিক্যং সহসা প্রবর্ত্তনং পশ্য গোপীযুগলং নেত্রপথমতিক্রান্তং তৎ

মধুমঙ্গল। অহে বয়স্য! তোমাকে ত আদরই করিতেছে, তবে কেন তুমি আর আপনার আদর বৃদ্ধি করাইতেছ, পশ্চাতে তোমাকে যে সন্তাপ পর্ব্বতে আরোহণ করিতে হইবে তাহার এই সোপান স্বরূপ হইল॥

কৃষ্ণ। সখে! সত্য বলিয়াছ, আমি হাসিতে হাসিতে হঠাৎ একটা সাহসের কার্য্য অনুষ্ঠান করিলাম॥

মধুমঙ্গল। দেখ গোপিকা দ্বয় আমাদের নেত্রপথ অতীত হইয়াছে অতএব তাহাদের প্রত্যাবর্ত্তনই বা কি রূপে সম্ভবে॥ ৫৮॥

কৃষ্ণ। (অনুতাপের সহিত) আহা! সেই ইন্দুবদনা আমার

স্বান্তে শান্তিধুরাং বিধায় বিধুরে প্রায়ঃ পরাঙ্খিষ্যতি।
কিম্বা পামর কাম কার্ম্মুক পরিত্রস্তা বিমোক্ষ্যত্যসূন্
হা মৌঢ্যাৎ ফলিনী মনোরথলতা মৃদ্বী ময়োন্মূলিতা ॥৫৯

পরাবর্ত্তনার্থং সংপ্রতি ন বক্তব্যমিতি ভাবঃ ॥ ৫৯ ॥

নিষ্ঠুরতা শ্রবণ করিয়া হয় ত প্রেমাঙ্কুর ছেদন পূর্ব্বক দুঃখিত হৃদয়ে ধৈর্য্য বিধান করত ব্যথিতা হইবেন, না হয় পামর কন্দর্পের ধনুর শব্দে ভীতা হইয়া প্রাণ সকলই বিসর্জ্জন করিবেন, হায়! আমার কি কুকর্ম্ম করা হইল, আমি মূঢ়তা প্রযুক্ত কোমল ফলবতী মনোরথ লতাকে একেবারে উৎপাটিত করিয়া ফেলিলাম ॥ ৫৯ ॥

যথারাগ ॥

শুনিয়া নিষ্ঠুর, বচন আমার, সে চান্দবদনী রাধা। বাঢ়ল প্রেমের, অঙ্কুর সুন্দর, ভাঙ্গে পাঞো পাছে বাধা ॥ কি কহিব আর তোরে। কেন পরিহাস, বচন নৈরাশ, কহিল হইয়া ভোরে ॥ ধ্রু ॥ কিম্বা সেই ধনী, ধৈর্য্যধরে জানি, অন্তরে ধরিয়া ব্যথা। পাছে সে ব্যথায়ে, সে তনু জারয়ে উপায় কি করি এথা ॥ কিম্বা সুদারুণ, কামের কামান বিন্ধয়ে বিষম শরে। শিরিসের ফুল, জিনিয়া কোমল, সে কি সহিবারে পারে ॥ তাহে সে মুগধি, রূপের অবধি, ফলিনী মনোরথ লতা। ইহা কেন হেন, বাঞ্চনা বচন, কহি কৈনু উন্মূলিতা ॥ অমৃত পুতলী, রূপের আগলি, না জানি কি জানি হয়। এ যদুনন্দন, দাস তহি ভণ, দরশে পরাণ রয় ॥ ৫৯ ॥

মধুমঙ্গলঃ। দাণীং কিং এত্থ সরণং।

কৃষ্ণঃ। সখে প্রত্যনঙ্গলেখং বিনা নান্যৎ পশ্যামি শরণং।

মধুমঙ্গলঃ। কিং এথ লেহসাহণং।

কৃষ্ণঃ। বশীকার ক্রিয়া প্রশস্তো রাগবান্ জবানির্যাসঃ।

মধুমঙ্গলঃ। এহি ওড্ড্র মহাড়ই মণ্ডিদং নাদিদূরে পক্খন্দণ তিত্থং গচ্ছহ্ম ইতি নিষ্ক্রান্তৌ॥

ততঃ প্রবিশতি বিশাখয়া প্রবোধ্যমানা রাধা।

রাধা। সখেদং সংস্কৃতেন।

যস্যোৎসঙ্গ সুখাশয়া শিথিলিতা গুর্ব্বী গুরুভ্যস্ত্রপা।

প্রাণেভ্যোঽপি সুহৃত্তমাঃ সখি তথা যূয়ং পরিক্লেশিতাঃ।

ইদানীং কিমত্র শরণং কিং লেখসাধনং। এহি ওড্র মহাটবী মণ্ডিতং

মধুমঙ্গল। এক্ষণে উপায় কি?

কৃষ্ণ। সখে! অনঙ্গ পত্রিকার প্রত্যুত্তর ভিন্ন অন্য কোন উপায় দেখি না।

মধুমঙ্গল। এস্থলে লিখিবার উপকরণ কি?।

কৃষ্ণ। বশীকরণ কার্য্যে প্রশস্ত লোহিত জবা পুষ্পের নির্ঘাস।

মধুমঙ্গল। আইস, অদূরে জবা পুষ্পবনশালী প্রস্কন্দন তীর্থ আছে আমরা গমন করি।

(এই বলিয়া দুইজনে চলিয়া গেলেন)

অনন্তর বিশাখা কর্ত্তৃক প্রবুধ্যমানা শ্রীরাধার প্রবেশ।

শ্রীরাধা। (খেদের সহিত সংস্কৃত ভাষায়) হে সখি! যাঁহার ক্রোড়দেশে নিবাস রূপ সুখাশায় গুরুজন সকাশাৎ

ধর্ম্মঃ সোপি মহান্ময়া ন গণিতঃ সাধ্বীভিরধ্যাসিতো
ধিক্ ধৈর্য্যং তদুপেক্ষিতাপি যদহং জীবামি পাপীয়সী।

নাতিদূরে প্রস্কন্দন তীর্থং গচ্ছাবঃ॥ ৬০॥

লজ্জাকে শৈথিল্য করিয়াছি, তোমরা যে প্রাণ অপেক্ষাও প্রিয়তম তথাপি তোমাদিগকে কত ক্লেশ দিয়াছি এবং সাধ্বীগণের অনুষ্ঠিত মহান্ ধর্ম্মকেও আমি গণনা করি নাই অতএব এই পাপীয়সী আমি যখন কৃষ্ণ উপেক্ষিত হইয়াও জীবন ধারণ করিতেছি তখন আমার ধৈর্য্যকে ধিক্। এই বলিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন॥ ৬০॥

যথারাগ॥

যার সঙ্গসুখ আশে, কৈনু ধর্ম্ম কর্ম্ম নাশে, তেয়াগিনু গুরু লজ্জাগণ। যত সখীগণ তোরা, প্রাণ হইতে অধিক মোরা, দুঃখ দিল যাহার কারণ॥ সখি হে রহু ধৈরজ আমার। সে কৃষ্ণ উপেক্ষা শুনি, তুভু রহে পাপপ্রাণী, কিবা চাহে করিবারে আর॥ ধ্রু॥ যাহার লাগিয়া সতী, ধর্ম্ম তেয়াগিনু অতি, না গণিনু দুর্জন বচন। দুকুলে কলঙ্ক হইল, তাহা নাহি মনে কৈল, সে রূপে মগন কৈনু মন॥ যাহার লাগিয়া কত, গুরুর গঞ্জনা যত, করিয়া লইনু হিয়া হার। এতেক কহিতে রাই, মূর্চ্ছা পাইঞা সেই ঠাঞি, পড়ি রহে জ্ঞান নাহি আর॥ বিশাখা সম্ভ্রমে যাইঞা, তাঁরে কহে ধরি লঞা, ধৈর্য্য হও না ভাব অসার। ইহা শুনি পোড়ে মনে, দাস যদু

ইতি মূর্চ্ছতি ॥ ৬০ ॥

বিশাখা। সসম্ভ্রমং। সহি সমস্সস সমস্সস। ইতি রঙ্গণমালাং ঘ্রাণেঽর্পয়তি।

রাধিকা। সংজ্ঞাং লব্ধ্বা হলা কিং এদং অচ্চরিঅং জং সংমোহণং বি পবোহেদি।

বিশাখা। মাল্যং নিবেদ্য সংস্কৃতেন ॥ ৬১ ॥

অঙ্গোত্তীর্ণ বিলেপণং সখি সমাকৃষ্টিক্রিয়ায়াং মণি
র্মন্ত্রো হন্ত মুহুর্বশীকৃতিবিধৌ নামাস্য বংশীপতেঃ।

সখি সমাশ্বসিহি সমাশ্বসিহি। সখি কিমিদমাশ্চর্য্যং যৎ সংমোহনমপি প্রবোধয়তি ॥ ৬১ ॥

অঙ্গোত্তীর্ণেতি আসাং মণিমন্ত্র মহৌষধীনাং কঃ পরমাচিন্ত্যাং প্রভাবাবলীং ন গৃণাতি অপিতু সর্ব্ব এব। এবং গুণেন অনেন উপেক্ষিতমপি এণং হন্ত

নন্দন, মুখে বাক্য না হয় সঞ্চার ॥ ৬০ ॥

বিশাখা। (সম্ভ্রমের সহিত) সখি! স্থির হও, স্থির হও, এই বলিয়া রঙ্গণ মালা নাসিকায় অর্পণ করিলেন ॥

শ্রীরাধা। (চেতন পাইয়া) সখি! একি আশ্চর্য্য বস্তু, এ যে মূর্চ্ছিতকেও চেতন করিল ॥

বিশাখা। (মাল্য সমর্পণ পূর্ব্বক সংস্কৃত ভাষায়) ॥ ৬১ ॥

সখি! বংশী বদনের অঙ্গোত্তীর্ণ বিলেপন আকর্ষণ ক্রিয়ায় মণি স্বরূপ, নাম বশীকরণ বিষয়ে মন্ত্র সদৃশ, আর এই নির্ম্মাল্য মালা অন্তঃকরণের মোহন বিষয়ে মহৌষধি

নির্ম্মাল্যস্রগিয়ং মহৌষধিরিহ স্বান্তস্য সংমোহনে
নাসাং কস্তিস্বণাং গৃণাতি পরমাচিন্ত্যাং প্রভাবাবলীং ॥

রাধিকা। স্বগতং। এব্বং গুণেণ ইমিণা উবেক্‌খিদং বিণং হদ সরীরং কধং অজ্জবি ণীলজ্জাহং ধারেমি তা কালিঅ হদ পবেসো বাঅং অণুসরিস্‌সং।

প্রকাশং। বিসাহে বিণ্ণবেহি গুরুঅণং জং বারহাদিট্‌ঠ তিত্থং গদুঅ সূরং অচ্চিদু কামম্মি ॥ ৬২ ॥

বিশাখা। সাহু সুমরাইদং পিঅসহীএ জং অজ্জাএ জড়িলাএ

শরীরং কথমদ্যাপি নির্লজ্জা ধারয়ামি তৎ কালিয় হ্রদ প্রবেশোপায়মনুসরিষ্যামি। বিশাখে বিজ্ঞাপয় গুরুজনং যৎ দ্বাদশাদিত্য তীর্থং গত্বা সূর্য্যমর্চ্চয়িতু কামাস্মি ॥ ৬২ ॥

সাধু স্মারিতং প্রিয়সখ্যা যৎ আর্য্যয়া জটিলয়াপি ইদমেব ইদানীমাদি-

স্বরূপ, অতএব হে রাধে! এই তিন মণি মন্ত্র মহৌষধির পরম আশ্চর্য্য প্রভাব কে না কীর্ত্তন করে?

শ্রীরাধা। (মনে মনে) আমি কি নির্ল্লজ্জ, ঈদৃশ গুণশালি কর্ত্তৃক উপেক্ষিত এই হত শরীর এখন কি প্রকারে ধারণ করিব, অতএব কালিয় হ্রদ প্রবেশের উপায় অনুসরণ করি। (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বিশাখে! তুমি গুরুজন নিকটে গিয়া তাঁহাদিগকে জানাও যে আমি দ্বাদশাদিত্য তীর্থে গমন করিয়া সূর্য্যদেবের অর্চ্চনা করিতে ইচ্ছা করিয়াছি ॥ ৬২ ॥

বিশাখা। প্রিয়সখি! ভাল স্মরণ করিয়া দিলা, যে হেতু

বি এদং জেব্ব দাণিং আদিটঠম্হি তা এহি ইত্যুভে পরিক্রামতঃ।

রাধিকা। সব্যামোহং ॥ ৬৩ ॥

মং পরিহরই মুউন্দো তহবি দুরাসা বিরোহিণী ডহই।

ছায়া। তদেহি ॥ ৬৩ ॥

মাং পরিহরতি মুকুন্দঃ তদপি দুরাশা বিরোধিনী দহতি। মম সখি

আর্য্যা জটিলাও এক্ষণে আমাদিগকে ইহাই আদেশ করিয়াছেন, তবে আইস। এই বলিয়া দুই জনে গমন করিতে লাগিলেন।

শ্রীরাধা। (মোহের সহিত) সখি! মুকুন্দ আমাকে পরিত্যাগ করিয়াছেন, কিন্তু তথাপি বিরোধিনী দুরাশা আমাকে দগ্ধ করিতেছে, হে সখি! এক্ষণে আর আমার অন্য আশ্রয় নাই, গভীর জলশালিনী যমভগিনী যমুনাই একমাত্র আশ্রয় দেখিতেছি ॥

যথারাগ ॥

মোরে তেয়াগিল, শ্যামল সুন্দর, শুনিল এসব কাণে। দুরাশা বিরোধি, হঞা নিরবধি, তথাপি দগধে মনে ॥ সই দঢ়াইলু এই সার। সে হরি দুর্ল্লভ, না হয় সুলভ, মরণে সে প্রতিকার ॥ ধ্রু ॥ কালিন্দী গভীর, জলের ভিতর, প্রবেশ করিব আমি। তবে সে পিরিতি, রহয়ে কি রীতি, নিশ্চয় জানিহ তুমি ॥ বিশাখা শুনিয়া, দুঃখি ভেল হিয়া, বুঝিয়া ধৈরজ রহ ॥ এমতে রাধিকা, ব্যাকুলা

মহ সহি গহীরণীরা সরণং বহিণী কিদান্তস্স ॥

বিশাখা। হলা পেক্খ পত্থাণে মঙ্গল সূঅণাইং সউণাইং তা এব্বং মা ভণ ॥

রাধিকা। পুরো দৃষ্ট্বা ॥ ৬৪ ॥

হলা কধং এসা পুব্ব দিসামুহে অআলিঈ সঞ্ঝা দীসই।

বিশাখা। ণ ক্খু সঞ্ঝা পেক্খ পক্খন্দণে সূরস্স বল্লহা পরিফুল্লিদা ওড্ড্রাই রেহদি। তা ইমস্স অগ্ঘকাতুং এণং অবচিণুহ্ম ॥ ৬৫ ॥

গভীর নীরা শরণং ভগিনী কৃতান্তস্য। হলা পশ্য প্রস্থানে মঙ্গল সূচনানি শকুনানি তদেবং মা ভণ ॥ ৬৪ ॥

হলা কথমেষা পূর্ব্বদিঙ্মুখে আকালিকী সন্ধ্যা দৃশ্যতে ন খলু সন্ধ্যা প্রস্কন্দনে সূর্য্যস্য বল্লভা ওড্রাজী রাজতি। তদস্য অর্ঘ্যং কর্ত্তুং এতদব চিম্বঃ ॥ ৬৫ ॥

অধিকা, ভাবের তরঙ্গে ভাসে। অনুরাগে মন, ধৈর্য্য নহে পুন, ভণে যদুনাথ দাসে ॥

বিশাখা। সখি! আর একথা বলিও না, ঐ দেখ তোমার প্রস্থানের মঙ্গলসূচক পক্ষি সকল শব্দ করিতেছে ॥

শ্রীরাধা। (অগ্রে দৃষ্টিপাত করিয়া) ॥ ৬৪ ॥

সখি! কি প্রকারে পূর্ব্বদিকে এই আকালিকী সন্ধ্যা দেখিতেছি ॥

বিশাখা। সখি ওত সন্ধ্যা নয়, পূর্ব্বদিকে সূর্য্যপ্রিয় জবা কুসুম সকল প্রস্ফুটিত হইয়াছে, তবে চল সূর্য্যদেবের অর্ঘ্য নিমিত্ত ঐ সকল কুসুম চয়ন করি গিয়া ॥ ৬৫ ॥

ইত্যুভে তথা কুরুতঃ।

ততঃ প্রবিশতি বটুনা সহ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সখে সেয়ং রাধাধর কান্তি তস্করী জবা রাজিঃ।

মধুমঙ্গলঃ। অদো ণং ণিপ্পীড়িঅ ণিম্মাহি পচ্চণঙ্গ লেহং।

কৃষ্ণঃ। পরিক্রম্য সবিস্ময়ং।

এষা নান্তিকবর্ত্তিনী সুরগিরে রৈলাবৃত্তী হন্ত ভূ
রগ্রে কিং কলয়ামি কাঞ্চনরুচামুদ্গার গৌরীর্দ্দিশঃ।
আং জ্ঞাতং মণিনূপুর ধ্বনিভরাদালী জনালঙ্কৃতা

অতএতৎ নিষ্পিড্য নির্ম্মাহি প্রত্যনঙ্গ লেখং। সুরগিরেঃ সুমেরোঃ। ঐলাবৃতী ইলাবৃত সম্বন্ধিনী ভূরেষা হন্ত নিশ্চিতং ন ভবতি তৎ কিং কাঞ্চন কান্তীনাং উদ্গারেণ গৌরীঃ পীতবর্ণাঃ দিশঃ কস্মাৎ পশ্যামি নিশ্চিত্যাহ

এই বলিয়া দুইজনে কুসুম চয়ন করিতে লাগিলেন।

(অনন্তর মধুমঙ্গলের সহিত শ্রীকৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। সখে! শ্রীরাধার অধর কান্তি অপহরণকারিণী সেই এই জবা শ্রেণী।

মধুমঙ্গল। তাইত, সখে! জবা কুসুম নিষ্পীড়ন করিয়া অনঙ্গলেখার প্রত্যুত্তর লিপি নির্ম্মাণ কর॥

কৃষ্ণ। (প্রদক্ষিণ পূর্ব্বক বিস্ময়ের সহিত) সখে! এত সুমেরু সমীপবর্ত্তি ইলাবৃত বর্ষ সম্বন্ধীয়া ভূমি নহে, তবে কি প্রকারে সম্মুখে দিঙ্মণ্ডলকে স্বর্ণকান্তি উদ্গীরণকারি গৌরবর্ণ দেখিতেছি। অতএব মণি নূপুরের ধ্বনি দ্বারা নিশ্চয় জানিলাম, সখিগণ সমভিব্যাহারে কান্তি সকলের

কান্তীনাং কুলদেবতা বিলসিতুং বৃন্দাটবীং বিন্দতি ॥ ৬৬

মধুমঙ্গলঃ। হন্ত ভোঃ মগ্গিজ্জন্তম্মি বাউরা সাহণে কুরঙ্গী সঅং হত্থং গদা ॥

কৃষ্ণঃ। সানন্দং। সখে সাধু বিজ্ঞাতং। তদত্র বৃক্ষান্তরিতৌ শৃণুবঃ কিমসৌ প্রস্তৌতি ইতি তথাস্থিতৌ ॥ ৬৭ ॥

শ্রীরাধা। বিশাখামালিঙ্গ্য সাস্রং। হলা এসো জনো কধাপসঙ্গে সঅং সুমরিদব্বো ॥

আং জ্ঞাতমিত্যাদি ॥ ৬৬ ॥

ভো মৃগ্যমানে বাগুড়া সাধনে কুরঙ্গী স্বয়ং হস্তং গতা। বাগুড়া মৃগবন্ধনীত্যমরঃ ॥ ৬৭ ॥

এষ জনঃ কথা প্রসঙ্গে স্বয়ং স্মর্ত্তব্যঃ। সখি অক্ষীণ ধীরত্বাদি গুণা ত্বং ভণ্যসে তৎ কিমিতি এবমুদ্বিগ্নাসি। সখি নির্গুণীকৃতাস্মি তেন ধূর্ত্তেন।

কুলদেবতা বিলাসার্থ বৃন্দাবন পর্য্যটন করিতেছেন ॥ ৬৬

মধুমঙ্গল। অহে! অন্বেষণ করিয়া বাগুড়া দ্বারা যে কুরঙ্গীকে ধরিতে ইচ্ছা করিয়াছিলে, সেই কুরঙ্গী স্বয়ং অসিয়া হস্তগত হইল ॥

কৃষ্ণ। (আনন্দের সহিত) সখে! ভাল জানিয়াছ, তবে চল আমরা দুইজনে বৃক্ষের অন্তরালে থাকিয়া ইনি কি বলেন শ্রবণ করি। এই বলিয়া দুই জনে সেই রূপে অবস্থিত হইলেন ॥ ৬৭ ॥

শ্রীরাধা। (বিশাখাকে আলিঙ্গন পূর্ব্বক সাশ্রুনেত্রে) সখি! কথার প্রসঙ্গে মাদৃশ জনকে স্মরণ করিও ॥

বিশাখা। সবাস্পং। সহি অচ্ছীণ ধীরত্তণাদি গুণা ভণিজ্জসি তা কিন্তি এব্বং উব্বিগ্গাসি।

রাধিকা। সহি ণিগ্গুণী কিদম্মি তিণা ধুত্তেণ। ইতি সংস্কৃতেন।

যস্যোর স্থলমণ্ডলং ধৃতিনদীরোধক্রিয়াপণ্ডিতং
বক্ত্রেন্দু কুলধর্ম্মপঙ্কজবনী সঙ্কোচদীক্ষাব্রতী।

যস্যোর ইতি উদঞ্চিতঃ চিরব্রীড়ায়া অভিচার অধ্বরো বাহ্বোঃ দৃশোর্ভঙ্গী

বিশাখা। (অশ্রু মোচন করিতে করিতে) সখি! তোমাকে লোকে সম্পূর্ণ ধৈর্য্যগুণ শালিনী বলিয়া থাকে, তবে কেন তুমি এ প্রকার উদ্বিগ্না হইতেছ?॥

শ্রীরাধা। সখি! সেই ধূর্ত্তইত আমাকে গুণহীনা করিয়াছে (এই বলিয়া সংস্কৃতভাষায়) সখি! যাঁহার বিশাল বক্ষঃ-স্থল কুলস্ত্রীদিগের ধৈর্য্য নদী রোধ করিতে সুপণ্ডিত, যাঁহার মুখচন্দ্র কুলধর্ম্মরূপ পঙ্কজ বনকে সঙ্কোচ করিবার নিমিত্ত দীক্ষা পূর্ব্বক ব্রত ধারণ করিয়াছে এবং যাঁহার বাহুদ্বয় উন্নত লজ্জা বিনাশ জন্য অভিচার রূপ যজ্ঞের যূপ সদৃশ অর্থাৎ যজ্ঞীয়পশু বন্ধন নিমিত্ত কাষ্ঠ বিশেষ। হা কষ্ট হে সখি! অধিক কি বলিব, যাহার লোচন ভঙ্গী রূপ ভুজঙ্গী কুলস্ত্রীদিগের সমুদায় ধর্ম্ম গ্রাস করিয়া ফেলিয়াছে॥ ৬৮॥

যথারাগ॥

যার পরিসর বুক, জাগয়ে সকল সুখ, হরে কুলনারী

দোর্দ্দর্পৌ নিতরামুদঞ্চিত চিরব্রীড়াভিচারাধ্বরৌ
হা কষ্টং নিখিলঙ্গিলা সখি দৃশোর্ভঙ্গী ভুজঙ্গীতু সা। ॥ ৬৮

কৃষ্ণঃ। প্রিয়ে তন্মাধুর্য্যেণ মাধবশ্চ জড়ীকৃত্য নিগুর্ণামবস্থাং নীতোঽহয়ং ॥

ভুজঙ্গীতু নিখিলঙ্গিলা নিখিলঙ্গিলতি ॥ ৬৮ ॥

ভো বকীহন্তঃ পূতনাঘাতিন্ বাল্যমারভ্যৈব স্ত্রীবধে অভ্যাসো বর্ত্ততে এব ইত্যর্থঃ। গৃহান্তরিতি। যদিচ এতাং দশাং নীতা বয়ং তথাপি অধুনা উদা-

---

গণ চিত। তাহার মাধুরী ভাল, যত কুলাঙ্গনা জাল, ধৈর্য্য নদী ধোরণ পণ্ডিত ॥ সখি হে কহ এবে কি করিব আমি। সুন্দর মধুর নাম মাধুর্য্য মুরলী গান, তাতে ধৈর্য্য ধরে কেবা প্রাণী ॥ ধ্রু ॥ বদন চান্দের ছান্দ, মদন দেখিয়া ধান্দ, অখণ্ড নলিনী নিশি দিনে। কুলাঙ্গনা ধর্ম্ম যত, পঙ্কজ বনের মত, তাহা সঙ্কোচিত করে হিমে ॥ কৃষ্ণ বাহু দুই নহে, কন্দর্পের স্রুব বহে, সতী লজ্জা হরি করে জাগে। নয়ন ভঙ্গিম ঠাম, শীতল ভুজঙ্গ ভাল, দেখি ধর্ম্ম ভেক গণ ভাগে ॥ তাঁহা প্রতি অঙ্গতার, মদন বাণের জাল, অলখিতে কুলবতী চিত। বিন্ধিয়া বিকল করে, প্রাণ নাহি রহে ধরে, কহে যদুনন্দন এ রীত ॥ ৬৮ ॥

কৃষ্ণ। প্রিয়ে! তোমার মাধুর্য্য মাধবকেও জড়ীভূত করিয়া নিগুর্ণ অবস্থা প্রাপ্ত করাইয়াছে ॥

রাধিকা। আকাশে অঞ্জলিং বধ্বা সংস্কৃতেন।

ভোবকীহন্তঃ।

গৃহান্তঃ খেলন্ত্যো নিজ সহজ বাল্যস্য বলনা

দভদ্রং ভদ্রং বা নহি কিমপি জানীমহি মনাক্।

বয়ং নেতুং যুক্তাঃ কথমশরণাং কামপি দশাং

সীন পদবী কিং নাথ্যা ন্যায়োচিতা তস্মাদস্মাকং যথার্থমেব ব্যবসায় ইতি ভাবঃ॥ ৬৯॥

শ্রীরাধা। (আকাশে অঞ্জলি বন্ধন পূর্ব্বক সংস্কৃত ভাষায়) অহে পূতনাঘাতিন্! অর্থাৎ বাল্য অবধিই তোমার স্ত্রী বধে অভ্যাস আছে। যাহা হউক আমরা স্বীয় বাল্য স্বভাব প্রযুক্ত গৃহ মধ্যে ক্রীড়া করিয়া থাকি, ভাল মন্দ কিছুই জানিনা, ইহাতে কি তোমার আমাদিগকে আশ্রয় শূন্য দশা প্রাপ্ত করাণ উচিত, অথবা তোমার উদাসীন পদবী অবলম্বন করাই কি যুক্তি সঙ্গত॥

যথা রাগ॥

গৃহের ভিতরে হরিষ অন্তরে খেলিয়ে বিবিধ খেলা। সহজে আপন, বয়স যেমন, নবীন কুলের বালা॥ হরি হরি হেন না বুঝিয়ে। গৃহ ছাড়াইয়া কুপথে ফেলিয়া উদাসীন হৈলা মোরে॥ ধ্রু॥ ভাল মন্দ আমি, কিছু নাহি জানি, হেন দশা কৈলে কেনে। অতি অবিচার, দেখিয়া ব্যভার, চমক লাগয়ে মনে॥ উদাসীন কৈলে, পুন তেয়াগিলে, তুমি নিদারুণ রাজ। তোহে নাহি

কথং বা ন্যায্যা তে প্রথয়িতুমুদাসীন পদবী ॥

কৃষ্ণঃ। প্রিয়ে কঃ খলু জিজীবিষুর্জীবাতুভূতায়াং সিদ্ধৌষধি লতায়ামুদাস্তে ॥ ৬৯ ॥

রাধিকা। নিঃশ্বস্য। হলা এসা পিআ মে এক্কাবলী অপ্পণো কণ্ঠে তুএ ধারণিজ্জা ইতি কণ্ঠাদেকাবলীমুত্তারয়তি।

বিশাখা। হঠান্নিবার্য্য। হলা এব্বং অণুদিট্ঠন্তী কিত্তিমং ডহসি জং ললিদং পড়িক্খিঅ ণিরুজ্জমম্হি ইতি রোদিতি

এষা প্রিয়া মে একাবলী ত্বয়া কণ্ঠে ধারণীয়া। হলা এবমনুতিষ্ঠন্তী কিমিতি মাং দহসি। যৎ ললিতাং প্রতীক্ষ্য নিরুদ্যমাস্মি ॥

দুঃখ, মোর ফাটে বুক, জীবনে লাগয়ে লাজ ॥ শয়ন ভোজনে, তনু বেশ গণে, তিলেক না লয়ে চিত। এ যদু-নন্দন, দাস তহি ভণ, নবীন লেহক রীত ॥

কৃষ্ণ। প্রিয়ে! কোন্ জন বাঁচিতে ইচ্ছা করিয়া জীবনৌষধি স্বরূপ সিদ্ধ ঔষধি লতাকে উপেক্ষা করিয়া থাকে ॥ ৬৯॥

শ্রীরাধা। (নিশ্বাস পরিত্যাগ করিয়া) সখি! আমার এই প্রিয়তম একাবলী হার গাছটী তুমি আপনার কণ্ঠে ধারণ কর, এই বলিয়া স্বীয় কণ্ঠ হইতে একাবলী হার উত্তারণ করিলেন ॥

বিশাখা। (হঠাৎ নিবারণ করিয়া) সখি! এপ্রকার অনু-ষ্ঠান করিয়া কেন আমাকে দগ্ধ করিতেছ, যে হেতু আমি ললিতাকে প্রতীক্ষা করিয়া নিরুদ্যম হইয়া রহি-য়াছি। এই বলিয়া রোদন করিতে লাগিলেন ॥

রাধিকা। সংস্কৃতেন।

অকারুণ্যঃ কৃষ্ণো যদি ময়ি তবাগঃ কথমিদং
মুধা মারোদীর্মে কুরু পরমিমামুত্তর কৃতিং।
তমালস্য স্কন্ধে সখি কলিত দোর্ব্বল্লরিরিয়ং
যথা বৃন্দারণ্যে চিরমবিচলা তিষ্ঠতি তনুঃ ॥ ৭০ ॥

কৃষ্ণঃ। সাস্রং। সখে দৃষ্টানুরাগস্য সাধিষ্ঠতা।

রাধিকা। স্বগতং তুবরাবেদি মং কাবি ঘণুক্কণ্ঠা। প্রকাশং। হলা সূরং অচ্চিঅ কিম্পি অত্তথিহু কামম্হি। তা জাব

অকারুণ্য ইতি উত্তরকৃতিঃ অন্ত্যেষ্টি কর্ম্মঃ ॥ ৭০ ॥

সাধিষ্ঠেতি অন্তিক বাঢ়য়োর্নেদ সাধাবিতি বাঢ়স্য সাধাদেশঃ। ত্বরয়তি মাং কাপি ঘণোৎকণ্ঠা। সখি সূর্য্যমর্চ্চয়িত্বা কিমপ্যর্থয়িতু কামাস্মি তৎ যাবৎ

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) সখি! কৃষ্ণ যদি আমার প্রতি অকরুণ হইলেন, তাহাতে তোমার কোন দোষ নাই, আর বৃথা রোদন করিও না, তমাল বৃক্ষের শাখায় বাহু-লতা আবদ্ধ করিয়া যাহাতে বৃন্দাবন মধ্যে চিরকাল অবি-চলভাবে আমার এই দেহ অবস্থিত থাকে এমত করিয়া আন্ত্যেষ্টি ক্রিয়া সম্পন্ন করিও ॥ ৭০ ॥

কৃষ্ণ। (অশ্রু মোচন করিতে করিতে) সখে! অনুরাগের আতিশয্য দেখিলে ?।

শ্রীরাধা। (মনে মনে) যমুনা প্রবেশ নিমিত্ত গাঢ় উৎকণ্ঠা আমাকে ত্বরান্বিত করিতেছে। (প্রকাশ করিয়া) সখি! সূর্য্যদেবকে অর্চ্চনা করিয়া কোন বিষয় কামনা

সিণাণং কদুঅ ণিব্বুত্তা ভবে তাব তুমং এথ পুপ্ফং অব-চিণেহি ইতি তীর্থাভিমুখং দ্বিত্রাণি পদানি গত্বা পুনরাত্মগতং।

হন্ত হন্ত সো তিল্লোক্ক মোহণ মুহচন্দো পুণো মএ ণ দিট্‌ঠা ইতি সোৎকণ্ঠং নিবৃত্য প্রকাশং।

হলা পসীদ পসীদ দংসেহি ণং পড়িচ্ছন্দঅং।

বিশাখা। সহি ণত্থি এথ চিত্তফলঅং।

রাধিকা। সব্যথং। তদো পণিহাণেণ ণং পচ্চক্খী করিস্‌সং।

স্নানং কৃত্বা নিবৃত্তা ভবেয়ং তাবত্বং অত্র পুষ্পমবচিনু। হন্ত স ত্রৈলোক্য মোহন মুখচন্দ্রো ময়া পুন র্ন দৃষ্টঃ। হলা প্রসীদ দর্শয় এনং প্রতিচ্ছন্দকং। সখি নাস্ত্যত্র চিত্র ফলকং ততঃ প্রণিধানেন এনং প্রত্যক্ষী করিষ্যামি ॥ ৭১ ॥

করিতে ইচ্ছা করিয়াছি, অতএব যাবৎ আমি স্নান না করিয়া আইসি, তাবৎ তুমি পুষ্পচয়ন কর, এই বলিয়া যমুনাভিমুখে দুই তিন পদ গমন পূর্ব্বক (পুনরায় মনে মনে) হায়! সেই ত্রৈলোক্য মোহন শ্রীকৃষ্ণের মুখ চন্দ্র পুনরায় আর আমি দেখিতে পাইলাম না ? (এই বলিয়া সোৎকণ্ঠে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক প্রকাশ করিয়া) সখি! প্রসন্ন হও, প্রসন্ন হও, আর একবার আমাকে সেই চিত্র-পটখানি দেখাও ॥

বিশাখা। সখি! এখানে ত চিত্রফলক নাই ॥

শ্রীরাধা। (ব্যথার সহিত) তবে ধ্যান করিয়া ইহাঁকে প্রত্যক্ষ করিব ॥

ইতি ধ্যানং নাটয়তি ॥ ৭১ ॥

কৃষ্ণঃ। সখে পীতমপীতপূর্ব্বং উন্মাদকং শ্রোত্র মাধ্বীকং।
তদগ্রতো গচ্ছাব ইত্যুভৌ তথা কুরুতঃ।

বিশাখা। বিলোক্য সানন্দ সংভ্রমং। সহি দিট্‌ঠিআ তুজ্‌ঝ
সুহজ্‌ঝাণেণ ফলিদং। তা ঝত্তি উগ্‌ঘাড়েহি লোঅণং।

রাধিকা। দৃশৌ দরোন্মীল্য চমৎকারং নাটয়তি ॥

বিশাখা। সংস্কৃতেন ॥ ৭২ ॥
যদর্থং সঙ্কীর্ণে তপসি হত কন্দর্প কদনে
মৃদুং বা দুর্ব্বারে জ্বলয়সি তনুং প্রেমদহনে।

সখি দৃষ্ট্যা তব শুভ ধ্যানেন ফলিতং তৎ ঝটিতি উদ্‌ঘাটয় লোচনং ॥ ৭২ ॥
যদর্থমিতি অখণ্ডেন আপীড়ং শিরোঽবতংসং কলয়ন্ ধারয়ন্ ॥ ৭৩ ॥

এই বলিয়া ধ্যান মুদ্রা অভিনয় করিলেন ॥ ৭১ ॥

কৃষ্ণ। সখে! পূর্ব্বে কখন যাহা শ্রবণ কর নাই এমত কর্ণ রসায়ন বাক্য শ্রবণ করিলা ত, তবে আইস আমরা অগ্রে গমন করি। এই বলিয়া দুইজনে চলিয়া গেলেন ॥

বিশাখা। (অবলোকন করিয়া আনন্দ সম্ভ্রম সহকারে) সখি! কি ভাগ্যের বিষয়, তোমার শুভ ধ্যান সফল হইল, অতএব শীঘ্র লোচন যুগল উন্মোচন কর ॥

শ্রীরাধা। ঈষৎ নয়ন উন্মীলন করিয়া বিস্ময় প্রকাশ করিলেন ॥ ৭২ ॥

বিশাখা। (সংস্কৃত ভাষায়) সখি! তুমি যাহার জন্য নিবিড় কন্দর্প পীড়ায় পতিত হইয়াছ এবং যাহার নিমিত্ত

অখণ্ডেনাপীড়ং সখি নব শিখণ্ডেন কলয়ন্
বিলাসী সোঽয়ন্তে স্ফুরতি পুরতো জীবিতপতিঃ ॥ ৭৩ ॥

রাধিকা। অম্মহে সিবিণস্স মাহুরী।

বিশাখা। অবিসদ্ধে এসো দে অউরুব্বো সিবিণো যো ণিদ্দাএ বিণাবি ণিপ্পণো ॥

কৃষ্ণঃ। অসৌ দৃগ্‌ভঙ্গীভিঃ কুসুমশরমঙ্গীকৃতশরং
স্বজন্তী দন্তীন্দ্র ক্রমণ কমনীয়ালস গতিঃ।
অদূরে রম্ভোরুরিহ বদন বিম্বস্য সুষমা

অহো স্বপ্নস্য মাধুরী। অবিশ্রব্ধে তে এষঃ অপূর্ব্ব স্বপ্নঃ যো নিদ্রয়া বিনাপি নিষ্পন্নঃ ॥ ৭৪ ॥

দুর্ব্বার প্রেমানল তোমার মৃদু কলেবর দগ্ধ করিতেছে, সেই অখণ্ড নব ময়ূরপুচ্ছধারী বিলাসশীল সেই এই তোমার জীবিতপতি অগ্রে দণ্ডায়মান ॥ ৭৩ ॥

শ্রীরাধা। অহো! স্বপ্নের কি আশ্চর্য্য মাধুরী।

বিশাখা। অবিশ্বাসিনি! এ তোমার আশ্চর্য্য স্বপ্ন, যে হেতু নিদ্রা ব্যতিরেকেও নিষ্পন্ন হইয়াছে ॥

কৃষ্ণ। কি আশ্চর্য্য! অদূরবর্ত্তিনী এই গুরু নিতম্বিনী আপনার সুমন্দ গতি দ্বারা মত্ত করীন্দ্রের গতিকে ন্যক্কার করিয়া দৃগ্‌ভঙ্গী দ্বারা সশর কুসুমশরকে সৃজন করিতেছেন এবং স্বীয় বদন বিম্বের শোভা দ্বারা প্রফুল্ল কমলের মধুরিমাকেও দমিত করিতেছেন ॥

সমারম্ভাদম্ভোরুহ মধুরিমাণং দময়তি ॥

রাধিকা। কৃষ্ণে দৃগন্তং নর্ত্তয়ন্তী স্বগতং ॥ ৭৪ ॥

সাহু রে হিঅঅ সাহু দিট্‌ঠিআ মুহুত্তং বিলম্বিদং।

কৃষ্ণঃ। স্মিত্বা ধূর্ত্তে বিশাখিকে সমন্তান্মৃগ্যমানা দিষ্ট্যা ত্বমত্র দৃষ্টাসি। যদদ্য ভবত্যা রূপ সাদৃশ্যাদপাকিম গুঞ্জা-

---

সাধু রে হৃদয় সাধু সাধু দিষ্ট্যা মুহূর্ত্তং বিলম্বিতং ॥ ৭৫ ॥

যথারাগ ॥

কৃষ্ণ। (অগ্রে গমন করিয়া) অহো! পৌর্ণমাসীর কি অত্যুৎকৃষ্ট প্রসন্নতা, যাহাতে কৌমুদী অতিশয় রূপে আমোদিত করিতেছে। পক্ষান্তরে পৌর্ণমাসী দেবীর কি প্রসন্নতা, যাঁহার প্রসাদে এই চন্দ্রকান্তি শ্রীরাধা আমোদ প্রদান করিতে লাগিলেন ॥

শ্রীরাধা। (বিস্ময় প্রকাশ পূর্ব্বক মনে মনে) আহা! মৎসদৃশ জনের কি এ প্রকার ভাগ্য উপস্থিত হইল! (এই বলিয়া বিবশতা অবলম্বন করিলেন)

বিশাখা। সংস্কৃতেন ॥

অহো ধন্যা গোপ্যঃ কলিত নব নর্ম্মোক্তিভিরলং
বিলাসৈরানন্দং দধতি মধুরৈর্যা মধুভিদঃ।
ধিগস্তু স্বং ভাগ্যং মম যদিহ রাধাপ্রিয়সখী
পুরস্তস্মিন্ প্রাপ্তে নিবিড় জড়িমাঙ্গী বিলুঠতি ॥

ললিতা। অই লজ্জালুএ রাহি অগ্‌গদো দে মাণস হংসহরো ণাঅরো তা মা কৃখু সজ্‌ঝসেন ভেম্ভলা হোহি। জং পগব্ভদা জেব্ব অজ্জ কজ্জসাহিনী ইতি রাধাং বলাদিবাকৃষ্য কৃষ্ণান্তিকমাসাদ্যশ্চ সংস্কৃতেন ॥

ললি। অয়ি লজ্জাশীলে রাধে অগ্রত এব তে মানস হংসহরো নাগরঃ। তৎ মাখলু সাধ্বসেন বিহ্বলা ভব। যৎ প্রগল্‌ভতা এব অদ্য কার্য্যসাধিনী ॥২৬

বিশাখা। (সংস্কৃত ভাষায়) আহা! যে সকল গোপী মধুর বিলাস বিশিষ্ট নব নর্ম্মোক্তি দ্বারা অতিশয় রূপে মুরারির আনন্দ বিধান করিতেছে, তাহারাই ধন্য, কিন্তু আমার ভাগ্যকে ধিক্, যেহেতু ঐ কৃষ্ণ সম্মুখে আসিলেও আমার প্রিয়সখী শ্রীরাধা নিবিড় জড়িমা অবলম্বন পূর্ব্বক ভূমিতলে লুণ্ঠিত হইতে লাগিলেন ॥

ললিতা। অয়ি লজ্জাশীলে রাধে! যিনি তোমার মানস হংস হরণ করিয়াছেন সেই নাগর অগ্রে উপস্থিত, অতএব ইহাঁকে দেখিয়া আর ভয়ে বিহ্বলা হইও না, এক্ষণে প্রগল্‌ভতা অবলম্বন কর, তদ্দ্বারাই আজ কার্য্য সাধন হইবে। (এই বলিয়া বল পূর্ব্বক শ্রীরাধাকে আকর্ষণ

বিদূরাদালোক্য প্রবলতর তৃষ্ণা তরলিতঃ
সখী চেতোহংসস্তব বদনপদ্মে নিপতিতঃ।
ভ্রমদ্ভ্রূপাশাভ্যাং কিতব তমবধ্নাদিহ ভবান্
কিমস্মাসু ন্যায্যা ব্যবসিতিরিয়ন্তে বিসদৃশী ॥ ২৬ ॥

কৃষ্ণঃ। স্মিত্বা ললিতে মদ্বিধাঃ খল্ববলার্থং হারিণো ন ভবন্তি ॥

বিশাখা। ধম্মিঅ সচ্চং সচ্চং ভদ্দআলীতীত্থ কদম্বো চ্চেঅ এত্থ পমাণং।

কৃষ্ণঃ। সখি ললিতে মদ্বিশুদ্ধৌ কথং বঃ প্রতীতিঃ।

বিশা। ধার্ম্মিক সত্যং সত্যং ভদ্রকালীতীর্থ কদম্ব এব অত্র প্রমাণং।

করত শ্রীকৃষ্ণের নিকট লইয়া গিয়া সংস্কৃত ভাষায়) কৃষ্ণ! দূর হইতে তোমাকে অবলোকন করিয়া আমার প্রিয়সখীর চিত্ত হংস প্রবলতর তৃষ্ণায় ব্যাকুল হইয়া তোমার বদন পদ্মে গিয়া পতিত হইয়াছিল, তুমি কি না তাহাকে ভ্রূপাশ যুগল দ্বারা বন্ধন করিয়া রাখিয়াছ, যাহা হউক, হে শঠ! আমাদের প্রতি কি তোমার এই প্রকার বিসদৃশ ভাব ন্যায় সঙ্গত হয়!॥ ২৬ ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) ললিতে! আমার মত ব্যক্তিগণ কখন অবলার সম্পত্তি হরণ করে না॥

বিশাখা। অহে ধার্ম্মিক! সত্য সত্য, এ বিষয়ে ভদ্রকলী তীর্থস্থ অর্থাৎ কাত্যায়নী পূজাস্থলীয় কদম্ব বৃক্ষই প্রমাণ।

কৃষ্ণ। সখি ললিতে! আমার শুদ্ধিতা বিষয়ে তোমাদের কি রূপে প্রতীতি হইবে?॥

ললিতা। ছইল্ল পরিক্খা বিহাণেণ॥

কৃষ্ণঃ। বামে কামং কথ্যতাং পরীক্ষা মম বিজিষ্ণুরয়ং কীর্ত্তি শুভ্রাংশু র্ন মৃষা কলঙ্কীকর্ত্তুং শক্যতে॥

ললিতা। সংস্কৃতেন।

ত্বমুন্নদ্ধে রাধাস্তন কনক কুম্ভান্তরমিল
ত্তনুজালী কালোরগযুবতিমূর্দ্ধপ্রণয়িণি।
যদি ক্ষোভোন্মুক্তঃ কলয়সি করং নায়কমণৌ
ততস্তে ধ্বস্তাঙ্কঃ প্রচরতি যশোমণ্ডল শশী॥ ২৭॥

কৃষ্ণঃ। কৃত্রিমত্রাসমভিনীয়। হন্ত নিষ্ঠুরে নাম্নৈব ললিতাসি

ললি। ছইল বিদগ্ধ পরীক্ষাবিধানে। ত্বমুন্নদ্ধে ইতি রাধায়াঃ স্তন কুম্ভয়োরন্তরে মধ্যে মিলন্তী যা তনুজালী রোমালী সৈব কালোরগ যুবতি স্তন্মূর্দ্ধ প্রণয়িনী নায়কমণৌ॥ ২৭॥

ললিতা। অহে বিদগ্ধ! পরীক্ষা করিলে।

কৃষ্ণ। হে বক্র চিত্তে! যথোচিত পরীক্ষা বল, আমার নির্ম্মল কীর্ত্তিচন্দ্রকে কখন মিথ্যা কলঙ্কী করিতে সমর্থ হইবা না॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) কৃষ্ণ! শ্রীরাধার স্তন রূপ কনককুম্ভদ্বয়ের অন্তর্গত নায়কমণি যাহা তদীয় নাভি হইতে উত্থিত লোমাবলী রূপ কালসর্পযুবতির মস্তকে মণি সদৃশ বিরাজ করিতেছে, তুমি যদি অক্ষোভ চিত্তে সেই নায়কমণিতে হস্তার্পণ করিতে পার, তাহা হইলে তোমার অকলঙ্ক যশশ্চন্দ্র প্রচারিত হইবে॥ ২৭॥

কৃষ্ণ। (কৃত্রিম ত্রাস অভিনয় করিয়া) হা কষ্ট! হে নিষ্ঠুরে!

যদল্পীয়সি তাবদর্থে গরীয়সীং সর্পঘটাখ্যাং পরীক্ষামুপ
ক্ষিপসি ॥

রাধিকা। সপ্রণয়েৰ্ষ্যং। ললিদে চিট্‌ঠ চিট্‌ঠ ইতি সভ্রূভঙ্গ
মবলোকতে ॥

ললিতা। বিসাহে ণট্‌ঠ ধনুদ্দেসআরিণীং কীস মং তজ্জদি
রাহিআ ॥ ২৮ ॥

বিশাখা। ললিদে ইমাএ হিঅঅট্‌ঠিদং আউদং মএ জাণীঅদি॥

ললিতা। তং কধেহি সুণিস্‌সং।

বিশাখা। সংস্কৃতমাশ্রিত্য।

রাধি ললি বিশাখে নষ্টধনোদ্দেশকারিণীং কস্মান্মাং তর্জতি রাধিকা ॥ ২৮

তোমার নামই কেবল ললিতা, যেহেতু অল্পাতর
কার্য্যে গুরুতর সর্পঘট পরীক্ষা বিধান করিতেছ॥

শ্রীরাধা। (প্রণয় ঈর্ষ্যার সহিত) ললিতে! থাক থাক, এই
বলিয়া ভ্রূভঙ্গের সহিত দৃষ্টিপাত করিতে লাগিলেন॥

ললিতা। বিশাখে! আমি নষ্ট ধনের উদ্দেশকারিণী অর্থাৎ
এই শ্রীরাধার মানস হংস অপহৃত হইয়াছে, আমি তাহা-
রই উদ্দেশ করিতেছি, তবে ইনি কেন আমাকে তর্জন
করিতেছেন? ॥ ২৮ ॥

বিশাখা। ললিতে! আমি শ্রীরাধার মনোগত ভাব জানিতে
পারিয়াছি।

ললিতা। সেই ভাব কি, বল শ্রবণ করি।

বিশাখা। (সংস্কৃত ভাষা অবলম্বন করিয়া) সখি! যিনি

স্পৃশন্তং যো মেঘানঘমনঘকর্ম্মা তমবধী
দ্বিষজ্বালাজালোন্মদমদময়ৎ কাল্লিয়মহিং।
অকার্ষীদ্গোপেন্দ্রদ্রুহমজগরং দিব্যপুরুষং
ভুজঙ্গাচার্য্যেহস্মিন্ কিমিব ঘটতে পন্নগঘটঃ॥ ২৯॥

ললিতা। বিহস্য হলা রাহে অপ্পণো পরিকর রূবাএ ণ জাণাসি মাহপ্পং ইমাএ পেক্খ॥

তথাহি॥

অবি গরুড়স্স সিহামণিমুরগবহু গব্বহারি বিরুদস্স।

বিশা। অস্যা হৃদয়স্থিতং আকূতং ময়া জ্ঞায়তে। ললি তৎ কথং শ্রোষ্যামি। অজ্যো দুঃখ ব্যসনেষ্বঘমিত্যমরঃ। অনঘকর্ম্মাঽদুঃখ কর্ম্মা॥ ২৯

ললি রাধে আত্মনঃ পরিকর রূপায়াঃ ন জানাসি মাহাত্ম্যং অস্যাঃ তনু- জাল্যাঃ পশ্য। তথাহি। অপি গরুড়স্য শিখামণিং উরগবধূ গর্ব্বহারি বিরু- তস্য প্রভবতি সখি মোহয়িতুং তব নব রোমাবলী ভুজগী। গরুড় শিখামণিং গরুড়বাহনমপি ভঙ্গ্যা কৃষ্ণমিতি। গরুড়স্য কীদৃশস্য উরগেত্যাদি। রাধি

গগণ স্পর্শি অঘাসুরকে সংহার করিয়াছেন। যিনি বিষজ্বা- লায় জাজ্বল্যমান কালিয় নাগকে দমন করিয়াছেন এবং যাঁহা কর্ত্তৃক নন্দগ্রাসকারি অজগর সুদর্শন নামক দিব্য পুরুষ বপু প্রাপ্ত হইয়াছে, সেই অক্লিষ্ট কর্ম্মা ভুজঙ্গা- চার্য্যে কি রূপে সর্পঘট পরীক্ষা সম্ভব হয়॥ ২৯॥

ললিতা! (হাস্য করিয়া) সখি রাধে! আপনার সঙ্গিনী রূপা লোমাবলী ভুজঙ্গিনীর মহিমা জান না?। দেখ যাহার রবে সর্পবধূদিগের গর্ব্ব পাত হয় সেই গরুড়ের

পহবই মোহেদুং তুহ ণঅ রোমাওলী ভুজগী ॥

রাধিকা। সপ্রণয় রোষং। অই ধিট্‌ঠে ললিতে এথ আণাবিঅ মং বিড়ম্বেসি তা গদুঅ বুড্‌ঢিআণং গোইণং বিণ্ণবিস্‌সং ইতি গন্তুমিচ্ছতি ॥

ললিতা। অই মুদ্ধে ণং সাহুং বা চোরং বা জাণিঅ জাহি ইতি পটাঞ্চলমাদধাতি ॥ ৩০ ॥

কৃষ্ণঃ। চণ্ডে ললিতে যদ্যতো দূরাগ্রহান্ন বিশ্রান্তাসি ততঃ করবাণি পরীক্ষামিতি রাধামনুসর্পতি।

অয়ি ধৃষ্টে ললিতে অত্র আনীয় মাং বিড়ম্বয়সি। তদ্গত্বা বৃদ্ধাং গোপীং বিজ্ঞাপয়িষ্যামি। ললি মুগ্ধে এণং সাধুং বা চৌরং বা জ্ঞাত্বা যাহি ॥ ৩০ ॥

শিখামণি শ্রীকৃষ্ণকে মুগ্ধ করিতে তোমার লোমাবলী সমর্থ হইয়াছে ॥

শ্রীরাধা। (প্রণয় রোষের সহিত) অয়ি নির্লজ্জে ললিতে! তুমি আমাকে এখানে আনিয়া বিড়ম্বিত করিতেছ, থাক আমি গিয়া বৃদ্ধা গোপীকে বলিয়া দিচ্ছি (এই বলিয়া গমনোদ্যত হইলেন) ॥

ললিতা। মুগ্ধে! কৃষ্ণ সাধু কি চোর ইহা জানিয়া গমন করা উচিত। (এই বলিয়া শ্রীরাধার বস্ত্রাঞ্চল ধারণ করিলেন) ॥ ৩০ ॥

কৃষ্ণ। হে চণ্ডস্বভাবে ললিতে! তুমি যদ্যপি এই দুরাগ্রহ হইতে ক্ষান্ত না হইলা, তবে আমি পরীক্ষা প্রদান করি। (এই বলিয়া শ্রীরাধার নিকট গমন করিলেন)

ললিতা। বিলোক্য হুঁ ছইল্ল চিট্‌ঠ চিট্‌ঠ বিণ্ণাদ ইতি সংস্কৃতেন ॥

প্রারব্ধে পুরতঃ পরীক্ষণ বিধৌ ত্রাসানুবিদ্ধাস্য তে
সিন্নোঽয়ং কর পল্লব স্তরলতাং কম্পোদ্গমৈঃ পুষ্যতি।
রোমাঞ্চং শিখিপিঞ্ছচূড় নিবিড়ং মূর্ত্তিশ্চ ধত্তে ততো
জ্ঞাতস্ত্বং ননু পশ্যতোহরপুরী সাম্রাজ্য ধৌরেয়কঃ ॥

কৃষ্ণঃ। সঙ্কুচন্নম্রীভূয় হন্ত ধীগৌরবং গৌরীণাং। যদহং চৌরীকৃতো স্মি ॥ ৩১ ॥

ললি ছইল তিষ্ঠ তিষ্ঠ বিজ্ঞাতং বিজ্ঞাতং প্রারব্ধ ইতি তব কর পল্লবঃ কম্পোদ্গমৈ র্হেতুভি স্তারল্যং তরলত্বং পুষ্যতি আধিক্যেন প্রকটয়তি পশ্যতোহরপুরীণাং সাম্রাজ্যস্য ধৌরেয়ক আশ্রয়ঃ ধীগৌরবং ধিয়াং গৌরবং ॥৩১

ললিতা। (দেখিয়া হুঙ্কার করত) নাগর! থাক থাক, জানিয়াছি, জানিয়াছি। (এই বলিয়া সংস্কৃত ভাষায়) অহে শিখণ্ডচূড়! পরীক্ষা আরম্ভ না হইতে হইতেই ত্রাস বশতঃ তোমার করপল্লব ঘর্ম্মাক্ত ও কম্পিত হইতে লাগিল, তথা মূর্ত্তিও নিবিড় রোমাঞ্চ সকল ধারণ করিল, অতএব এতদবলোকনে তোমাকে চৌরপুরী সাম্রাজ্যের অধীশ্বর রূপে পরিজ্ঞাত হইলাম ॥

কৃষ্ণ। (সঙ্কোচ এবং নম্রীভূত হইয়া) অহো! গৌরাঙ্গী দিগের কি আশ্চর্য্য বুদ্ধির গরিমা, যেহেতু ইহারা আমাকে চোর বলিয়া স্থির করিল ॥ ৩১ ॥

ললিতা। ছইল্ল দিট্‌ঠিআ অপ্পণো মুহেণ অঙ্গীকিদং।

কৃষ্ণঃ। সখি সৌহৃদেনোপদিশ্যতাং মে শ্রেয়সঃ পন্থাঃ যেনাহমপরাধী ভবন্ন ব্রজামি।

ললিতা। সংস্কৃতমাশ্রিত্য ॥

গতানাং রাধায়া স্তনগিরিতটে যোগমভিতো
বিবিক্তে মুক্তানাং ত্বমিহ তরলী ভূয় তরসা।
বিশুদ্ধানাং মধ্যে প্রবিশ শরণার্থী সহৃদয়া

ললি ছইল দিষ্ট্যা আত্মনো মুখেন অঙ্গীকৃতং। অপরাধী ভবন্‌ পক্ষে রাধায়াঃ অপরাধঃ তথা ভবন্‌। স্তন গিরি তটে যোগং যোগাভ্যাসং যোগঞ্চ মুক্তানাং প্রাপ্ত মোক্ষাণাং মুক্তানাঞ্চ তরলীভূয় চঞ্চলীভূয় পক্ষে তরলো হার-মধ্যগ স্তথাভূয় শরণার্থী আশ্রয়ার্থীচ। এতদেবার্থান্তরোপন্যাসেনাহ। সহৃদয়াঃ সাধবঃ প্রকৃতে হৃদয়েন সহ বর্ত্তমানাঃ মুক্তা এব সাদ্‌গুণ্যাৎ স্পষ্টং প্রকৃতে উত্তমসূত্র প্রোতত্বাৎ পৃথুলাঃ পুষ্টা দোষা যস্য। প্রকৃতে পৃথুলো

ললিতা। নাগর! কি সৌভাগ্যের বিষয়, আপনার মুখেই আপনি স্বীকার করিলা ॥

কৃষ্ণ। সখি! বন্ধুভাবে আমাকে মঙ্গলের পথ উপদেশ দাও যাহাতে আমি নিরপরাধে গমন করিতে পারি ॥

ললিতা। (সংস্কৃত আশ্রয় করিয়া) কৃষ্ণ! যে সকল বিশুদ্ধ প্রকৃতি মুক্ত পুরুষ শ্রীরাধার স্তন গিরির নির্জ্জন প্রদেশে সর্ব্বতো ভাবে যোগ যুক্ত হইয়া অবস্থিতি করি-তেছেন, তুমি শরণার্থী হইয়া শীঘ্র তাঁহাদের মধ্যে গিয়া প্রবেশ কর, তাহা হইলে নির্দ্দোষী হইবা, কারণ সহৃদয়

ভজন্তে সাদগুণ্যাদপি পৃথুলদোষং হি পুরুষং ॥ ৩২ ॥

কৃষ্ণঃ। সখি সাধূপদিষ্টং ত্বয়েতি সানন্দমুপসৃত্য রধাং পাণৌ দধাতি ॥

রাধিকা। সগদ্গদং। সুন্দর অজুত্তং তুজ্ঝ এদং।

ইতি পাণিমাচ্ছিদ্য শাখিনা তিরোদধাতি।

দোষৌ ভুজৌ যস্য তং ত্বাং ॥ ৩২ ॥

ব্যঙ্গমর্থ মপ্যাদায়াহ সাধূপদিষ্টমিতি। রাধি সুন্দর অযুক্তং তবেদং। শাখিনা বৃক্ষেণ অন্তর্দ্ধত্তে।

ব্যক্তিরা সদ্গুণ দেখিলে বিপুল দোষ শালি পুরুষকেও অঙ্গীকার করিয়া থাকেন ॥

পক্ষান্তরে। কৃষ্ণ! শ্রীরাধার স্তন গিরির মধ্য গত নিবিড় প্রদেশে যে সকল বিশুদ্ধ মুক্তা গ্রথিত হইয়া সর্ব্বতো ভাবে মালা রূপে বিরাজ করিতেছে, তুমি যদি আশ্রয়ার্থী হইয়া নায়কমণি রূপে তাহাদের মধ্যে প্রবেশ কর তাহা হইলে বিশুদ্ধ প্রকৃতি ব্যক্তি বিশাল ভুজশালি পুরুষকে অঙ্গীকার করিবেন ॥ ৩২ ॥

কৃষ্ণ। সখি! তুমি ভাল উপদেশ করিয়াছ, এই বলিয়া আনন্দ সহকারে গমন করত শ্রীরাধার হস্ত ধারণ করিলেন ॥

শ্রীরাধা। (গদ্গদ স্বরে) সুন্দর! এ তোমার উপযুক্ত নয়, এই বলিয়া হস্ত ছাড়াইয়া বৃক্ষের অন্তরালে লুকায়িত হইলেন ॥

কৃষ্ণঃ। রাধামপ্রেক্ষ্য সশঙ্কং হন্ত সখ্যৌ ক বাং প্রিয়সখী।
উভে। মোহণ নিরুবিঅ ভণিস্সহ্ম। ইতি শাখি পৃষ্ঠমাসাদ্য হলা রাহি ণম্মশীলং কহ্নং পরিহসিদুং লদ্ধো ওসরো। তা কৃখণং সাবহিত্থা হোহি॥
রাধিকা। সব্যাজং ভ্রুবৌ বিভুজ্য। ললিদে পরিহসিদুং ত্তি কিং ভণাসি। জং ঈরিসং সাহসং ণ কৃখু মারিসীএ জুত্তং তা পত্থিদম্হি।
ললিতা। কৃষ্ণমভ্যুপেত্য চন্দ্রানন অহ্ম সহী কিম্পি বিণ্ণ

উভে মোহন নিরূপ্য ভণিষ্যাবঃ সখি রাধিকে নর্ম্মশীলং কৃষ্ণং পরিহসিতুং লব্ধোঽবসরঃ। তৎ ক্ষণং সাবহিত্থা ভব। রাধি ললিতে পরিহসিতুং ইতি কিং ভণ্যসে যদীদৃশং সাহসং ন খলু মাদৃশ্যাঃ যুক্তং তৎ প্রস্থিতাস্মি।
ললি চন্দ্রানন অস্মং সখী কিমপি বিজ্ঞাপয়িতুকামা বিভেতি।

কৃষ্ণ। (শ্রীরাধাকে দেখিতে না পাইয়া শঙ্কার সহিত) অহে সখীদ্বয়! তোমাদের প্রিয়সখী কোথায়?॥
ললিতা বিশাখা। মোহন! অন্বেষণ করিয়া বলিব। (এই বলিয়া বৃক্ষের পশ্চাৎ দেশে গমন করত) সখি রাধে! নর্ম্মশীল কৃষ্ণকে পরিহাস করিবার এই অবসর, অতএব ক্ষণকাল গোপনভাবে অবস্থিতি কর॥
শ্রীরাধা। (ছল সহকারে ভ্রূ যুগল বক্র করিয়া) ললিতে! পরিহাস করিতে এ কথা বলিতেছ কেন? এ প্রকার সাহসিক পুরুষের সহিত আমার পরিহাস করা উপযুক্ত নহে, অতএব আমি এখান হইতে চলিলাম॥
ললিতা (কৃষ্ণের নিকট আগমন করিয়া) চন্দ্রানন! আমা-

বিদু কামা বিভাএদি।

কৃষ্ণঃ। সখি বশবর্ত্তিনি জনে ন খলু ভীতিরবকাশং লভতে। তন্নিকামমাজ্ঞাপয়তু॥

ললিতা। সংস্কৃতমাশ্রিত্য।

চেতস্তাম্যতি মে ভয়োর্ম্মিভিরলং পাণিদ্বয়ং কম্পতে
কণ্ঠঃ সজ্জতি হন্ত ঘূর্ণতি শিরঃ স্বিদ্যন্তি গাত্রাণ্যপি।
গোষ্ঠাখণ্ডল চণ্ডসাহসবিধৌ তেনাস্মি নাহং ক্ষমা
যদ্দূরাদভিসারিতো নিশি ভবানেতন্মম ক্ষাম্যতু॥

সজ্জতি শক্তো ভবতি বাঙ্ ন নিঃসরতীত্যর্থঃ।

দের প্রিয়সখী কোন এক বিষয় জানাইতে ইচ্ছা করিয়া ভয় করিতেছেন॥

কৃষ্ণ। সখি! বশবর্ত্তি জনে ভয় ত অবকাশ প্রাপ্ত হয় না, অর্থাৎ অধীন জনের নিকট মনোভাব প্রকাশ করিতে ভয় কি? অতএব ইচ্ছানুরূপ আজ্ঞা করুন॥

ললিতা। (সংস্কৃত আশ্রয় করিয়া) কৃষ্ণ! ভয়াতিশয্যে আমার চিত্ত স্তব্ধ হইয়াছে, হস্তদ্বয়ের কম্প উপস্থিত, কণ্ঠ রোধ হইয়া গিয়াছে,মস্তক অনবরত ঘূর্ণিত হইতেছে, অধিক কি,ভয়ে সর্ব্বাঙ্গে ঘর্ম্মোদ্গম হইতে আরম্ভ হইল, অতএব হে গোষ্ঠেন্দ্র! এই গুরুতর সাহসের কার্য্যে আমি অক্ষম হইলাম, তবে যে আমি তোমাকে রাত্রিকালে দূর হইতে অভিসার করাইয়াছি, আমার এই দোষ মার্জ্জন কর॥

কৃষ্ণঃ। স্বগতং। ন জানে নর্ম্মতো বায়ং গিরাং গরিমা।

রাধিকা। কিঞ্চিদাবিভূয়। সহি তুণ্ণং পত্থাবেহি ণং জাব কোবি ণ পেচ্ছই।

কৃষ্ণঃ। সখেদমাত্মগতং। চপলপ্রেমাণো হি বালারমণ্যঃ তৎ কিমিবাসংভাব্যং নাম॥ ৩৩॥

প্রকাশং। ত্বয়াহূতঃ পার্শ্বে প্রণয় নিকুরম্বেণ রভসা দসিদ্ধার্থো রাধে ভবিতুমিহ যুক্তঃ কথমহং।

রাধি সখি তূর্ণং প্রস্থাপয় এনাং মাং যাবৎ কোপি ন পশ্যতি॥ ৩৩॥

অয়স্কান্ত শিলয়া লোহকান্ত মণিনা কর্ত্র্যা শ্রিয়া করণয়া আকৃষ্টঃ কৃষ্ণায়স মণি র্লোহং কর্ত্তৃ তাং অয়স্কান্ত শিলাং অস্পৃষ্ট্বা কিমদূরে স্থগিতভাং ভজতি। অপিতু শীঘ্রং স্পৃষ্ট্বা তস্যাং সক্তমেব তিষ্ঠতি। অহমপি তথা ভবেয়মিতি

কৃষ্ণ। (খেদের সহিত মনে মনে) জানিতে পারিলাম না, পরিহাস নিমিত্তই কি এ রূপ বাগ্‌ভঙ্গী।

শ্রীরাধা। (কিঞ্চিৎ প্রকাশ হইয়া) সখি! শীঘ্র আমাকে লইয়া চল, যেন কেহ দেখিতে না পায়॥

কৃষ্ণ। (খেদের সহিত মনে মনে) বালা রমণী সকলের প্রেম অতিশয় চপল, অতএব তাহাদের কিছুই অসম্ভব নহে॥ ৩৩॥

(প্রকাশ করিয়া)

রাধে! তুমি অতিশয় প্রণয় বশতঃ আমাকে স্বীয় পার্শ্ব দেশে আহ্বান করিয়াছ, তবে আমি পার্শ্বদেশে থাকিতে অসিদ্ধার্থ হইব কেন?। দেখ চুম্বকমণি স্বীয় শোভন

প্রিয়াকৃষ্টঃ কৃষ্ণায়সমণি রয়স্কান্ত শিলয়া
স্ফুটং তামস্পৃষ্টা ভজতি কিমদূরে স্থগিততাং ॥ ৩৪ ॥

ললিতা। গোউলানন্দ রাহিঅং কীস উবালহেসি।
ণং ধর্ম্মহদঅং চ্চেঅ উবালহেহি। জো ক্খু হদাসো
দোণ্ণং নিব্ভরাণুরত্তাণং অন্তরে পড়িবন্ধী হোদি ॥ ৩৫ ॥

কৃষ্ণঃ। পশ্য পশ্য।
সখি নির্ভরমনুরক্তাঃ প্রণয়িন
মনুযান্তি ধর্ম্মমপি হিত্বা।

দৃষ্টান্তার্থঃ ॥ ৩৪ ॥

ললি গোকুলানন্দ রাধিকাং কস্মাৎ উপালভসে এনং ধর্ম্ম হতকমেব উপালভস্ব। যঃ খলু হতাশো দ্বয়ো নির্ভরানুরক্তয়োরন্তরে প্রতিবন্ধী ভবতি ॥৩৫

ইন্দ্রো অত্যৈশ্বর্য্যবানপি নাথঃ স্বামী পালকো যস্যাঃ সা প্রাচী দিক্। ইয়মিতি তজ্জন্যা নির্দ্দিশ্যমানা ভবতীব বিধুং চন্দ্রং বিষ্ণুমিবচেতি তস্মাত্তথৈ-

---

গুণে লৌহ মণিকে আকর্ষণ করিলে সেই লৌহমণি কি তাহাকে স্পর্শ না করিয়া দূরে স্থগিত থাকে? অবশ্য তাহাতে গিয়া সংলগ্ন হয় ॥ ৩৪ ॥

ললিতা। গোকুলানন্দ! শ্রীরাধাকে কেন তিরস্কার করিতেছ, এই হত ধর্ম্মকে তিরস্কার কর, যে হেতু ঐ আশা বিরহিত ধর্ম্ম পরস্পর গাঢ়ানুরক্ত ব্যক্তিদ্বয়ের অন্তরে প্রবিষ্ট হইয়া প্রতিবন্ধী হয় ॥ ৩৫ ॥

কৃষ্ণ। দেখ দেখ। সখি! অত্যন্ত অনুরক্ত ব্যক্তিগণ ধর্ম্মকেও পরিত্যাগ করিয়া প্রণয়িজনের অনুগামী হয়েন। ইহার

ইয়র্মতি রাগিণী প্রাচী
চুম্বতি বিধুমিন্দ্রনাথাপি ॥

ললিতা । তুম্হাণং পউরুত্তরে কা ণাম পহবদি তা ইদো বিজঅন্তু সামিপাদাঃ ॥ ৩৬ ॥

রাধিকা । সাকূতমনুস্মৃত্য । ললিদে অপ্পণো মুহেণ কিম্পি বিণ্ণবিআ ণং ণিবট্টাবয়িস্সং ।
ইতি ললিতামালোক্য সংস্কৃতেন ।
সমন্তান্মে কীর্ত্তির্মুখরিত সতীমণ্ডলমুখা
কলঙ্কেনোন্মুক্তং কুলমবিকল শ্রীরপি পতিঃ ।

বৌচিত্যমাস্তামিতি ভাবঃ ।

ললিতা । যুষ্মাকং প্রত্যুত্তরে কা নাম প্রভবতি তদিতো বিজয়ন্তু স্বামিপদাঃ ॥ ৩৬ ॥

রাধিকা । ললিতে আত্মনো মুখেন কিমপি বিজ্ঞাপ্য এনং নিবর্ত্তয়িষ্যে ।

দৃষ্টান্ত এই যে পূর্ব্বদিক্ আপনার পতি ইন্দ্র সত্বেও অতিশয় অনুরাগিণী হইয়া চন্দ্রকে চুম্বন করিয়া থাকে ॥

ললিতা । তোমার কথার উত্তর দিতে কে সমর্থ হইবে অতএব তুমি গমন কর এবং শ্রীরাধাও চলিয়া যাউন ॥৩৬

শ্রীরাধা । (অভিপ্রায়ের সহিত নিকটে গিয়া) ললিতে ! নিজ মুখে কিছু নিবেদন করিয়া ইহাঁকে নিবর্ত্ত করি । (এই বলিয়া ললিতার প্রতি দৃষ্টিপাত করত সংস্কৃত ভাষায়) সখি ! চতুর্দ্দিকে সতী স্ত্রী সকল আমার কীর্ত্তি কীর্ত্তন করিয়া থাকেন, আমার পিতৃকুল ও পতিকুল

চলচ্চিল্লী লীলাজিত মদনধন্বোদ্ধতিরিয়ং
তদস্মিন্নারব্ধে হৃদয়মকলং বিক্লবয়তি ॥

কৃষ্ণঃ। রাধাং নিরূপ্য সোচ্ছ্বাসমাত্মগতং ॥ ৩৭ ॥

ধাবন্ত্যাঃ শ্রুতিশস্কুলী পরিসরং সঙ্গাদপাঙ্গশ্রিয়ো
ধত্তে হীরকমণ্ডলং মরকতোত্তংস দ্যুতিং সুভ্রুবঃ।
বাগন্তঃ স্মিতভাগ্বিভাতি তদিদং শঙ্কে সখীশিক্ষয়া

সমন্তাদিতি চলন্ত্যো নিশ্চন্ত্যো ভ্রুবো লীলয়া জিতা মদনস্য ধন্বনো ধনুষ উদ্ধতিঃ ঔদ্ধত্যং যেন তথা ভূতঃ সন্ স্বং হৃদয়ং ॥ ৩৭ ॥

ধাবন্ত্যা ইতি অপাঙ্গ শ্রিয়ঃ অপাঙ্গ শোভায়াঃ সঙ্গাৎ। হীরক কুণ্ডলং হীরকময় কুণ্ডলং কর্ত্তৃ মরকতময় কর্ণ ভূষণস্যেব দ্যুতিং শ্যাম কান্তিং ধত্তে কীদৃশ্যা অপাঙ্গ শ্রিয়ঃ শ্রুতি শস্কুলী পরিসরং কর্ণকুহর প্রান্ত স্থানং প্রতি-

---

কোন কুলেই কলঙ্ক নাই এবং পতিও আমার পরম সুন্দর, তবে কেন ইনি আমার প্রতি মদনধনুর ঔদ্ধত্য জয়কারি স্বীয় চঞ্চল ভ্রূর লীলা বিস্তার করিয়া আপনার হৃদয়কে বৃথা কষ্ট দিতেছেন ॥

কৃষ্ণ। (শ্রীরাধাকে নিরীক্ষণ করিয়া নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক মনে মনে) ॥ ৩৭ ॥

আহা ! শ্রীরাধার কর্ণ পর্য্যন্ত ধাবমান অপাঙ্গ শোভার সঙ্গ বশত হীরককুণ্ডল মরকত কর্ণ ভূষণের কান্তি ধারণ করিয়াছে এবং বাক্যও অন্তরে হাস্য প্রকাশ করিতেছে, অতএব বোধ হয় সখীর শিক্ষাধীনই ইহাঁর এই কৃত্রিম বৈমুখ্যভাব প্রকাশ পাইতেছে, যাহা হউক অরে মন তুই

বৈমুখ্যং কিল কৃত্রিমং বিকসতি ক্লান্তিং মনো মাস্ম গাঃ ॥৩৮

ললিতা। কৃষ্ণমালোক্য জনান্তিকং। বিসাহে ইঙ্গিদেণ লক্‌খেমি উন্নীদং ইমিণা অহ্মাণং রহস্‌সং।

বিশাখা। অধ ইং ॥ ৩৯ ॥

কৃষ্ণঃ। সস্মিতং। ললিতে কৃতমত্র বঞ্চন চাতুরী প্রপঞ্চেন। নহি লূতয়া প্রসারিতা স্তন্তবোগন্ধসিন্ধুরস্য বন্ধনায় প্রভবতি ॥

ধাবন্ত্যাঃ ॥ ৩৮ ॥

ত্রিপতাকা করেণান্যানপবার্য্যান্তরা কথা। যা মিথঃ ক্রিয়তে ধাভ্যাং তজ্জনান্তিকমুচ্যতে।

ললিতা। বিশাখে ঈঙ্গিতেন লক্ষয়ামি উন্নীতং অনুমিতমনেনাস্মাকং রহস্যং। বিশাখা অথ কিং ॥ ৩৯ ॥

লূতয়া উর্ণনাভিকীটেন গন্ধসিন্ধুরস্য মত্তহস্তিনঃ।

আর বৃথা কষ্ট স্বীকার করিস্‌ না ॥ ৩৮ ॥

ললিতা। (শ্রীকৃষ্ণকে দেখিয়া হস্তাবরণ পূর্ব্বক) বিশাখে! ঈঙ্গিতে বুঝিতে পারিলাম, কৃষ্ণ আমাদের রহস্য অনুমান করিয়াছেন।

বিশাখা। তবে কি ॥ ৩৯ ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্যের সহিত) ললিতে! বঞ্চন চাতুরী বিস্তারের প্রয়োজন নাই, মাকড়সার বিস্তৃত সূত্র জাল কখন মত্ত করীন্দ্রকে বন্ধন করিতে সমর্থ হয় না ॥

বিশাখা। সহি রাহে ণিপ্‌ফলং বিলম্বেসি ঝত্তি কিদত্থী কুণ
অপ্পণো পিঅং জণং ॥

কৃষ্ণঃ। সানুরাগং ॥

কর্ণদ্বন্দ্বমিদং রুতৈরিহ কুহু কণ্ঠস্য কুণ্ঠীকৃতং
সদ্যঃ কোমলভারতী পরিমলেনোল্লাঘয় শ্লাঘয়া।
নিঃশঙ্কং কিল শিতলীকুরু পরিম্ভেণ রম্ভোরু মে

বিশাখা। সখি রাধে নিষ্ফলং বিলম্বসে ঝটিতি কৃতার্থী কুরু আত্মনঃ প্রিয়ং জনং। উল্লাঘয় নির্ব্যাধী কুরু। উল্লাঘো নির্গতো গদাদিত্যমরঃ ॥

বিশাখা। সখি রাধে! নিষ্ফল বিলম্ব করিতেছ কেন? শীঘ্র আপনার প্রিয় জনকে কৃতার্থ কর ॥

কৃষ্ণ। (অনুরাগের সহিত) রাধে! কোকিলের কুহূ রবে আমার কর্ণদ্বয় কুণ্ঠিত হইয়াছে, সম্প্রতি তুমি কোমল বাক্যের সৌরভে ঐ কর্ণদ্বয়কে নির্ব্যাধি কর, অপর আমার অঙ্গ সকল গভীর কন্দর্পানল তাপ তরঙ্গের পাত্র হইয়াছে অতএব হে রম্ভোরু! তুমি নিঃশঙ্ক চিত্তে গাঢ় আলিঙ্গন দ্বারা এই অঙ্গ সমুদায়কে সুশীতল কর ॥

যথা রাগ ॥

শুনিয়া কোকিল গান, কুণ্ঠিত হইল কান, শুন রাধে সুমধুর ভাস ॥ কোমল বচনগণ, কহ শুনি এই ক্ষণ, যাতে হয় কর্ণের উল্লাস ॥ শুনহ সুন্দরী ধনী রাধে। সরস পরস রস, রূপ গন্ধাধর রস, লাগি পঞ্চেন্দ্রিয় ভেল সাধে ॥ ধ্রু ॥ চন্দ্র উতপল মোর, তপ্ত কৈল দিঠী জোর

গম্ভীর স্মরবহ্নিতাপলহরী পাত্রাণি গাত্রাণ্যপি ॥

বিশাখা। সুন্দর এসা ভঅবদী লজ্জা জ্জেব্ব রাহিআ রূবেণ ওদীগ্না তা জাব ণং চাডুবন্ধেণ সম্মুহী কদুঅ সমপ্পেম্ম

বিশাখা। সুন্দর এষা ভগবতী লজ্জা এব রাধিকা রূপেণাবতীর্ণা। তৎ যাবদেনাং চাটুবন্ধেন সম্মুখী কৃত্বা সমর্পয়াম তাবত্তবতা সৌম্য শীতল বৃত্তিনা ভবিতব্যং ॥

এবে তুয়া বদন নয়ান। দরশন দিঞা আঁখি, যুড়াও আমার সখী, তেজি নিজ কৈতব বিধান ॥ পুষ্পবৃন্দ পরিমলে, নাশার ঘূর্ণন কৈলে, নিজ সুখ সাজ দেহ হরে। যাতে সুখী হয় নাশা,সেই গন্ধ তাপনাশা, বহু কি কহিব আর তোরে ॥ গম্ভীর মদনানলে, সুতাপ লহরী চলে, তাপ পায়ে এ শরীর মোর। নিজ তনু সঙ্গ রঙ্গ, সুগন্ধ চন্দন পঙ্ক, দেহ এবে সুশীতল করে ॥ মোর জিহ্বা পিকরাজ, রসাল পল্লব সাজ, তৃষ্ণা বাড়াইলে অতিশয়। তুয়া নিজাধর রসে, কত তার তৃষ্ণা নাশে, তবে সে রসনা সুখী হয় ॥ এ কথা শুনিঞা রাই, লজ্জা পাইল অধিকাই, ঝাপা তনু সংভ্রমে ঝাপয়ে। বিদগ্ধ শেখর বাণী, সকল রসের খনী, এ যদুনন্দন মনে কহে ॥

বিশাখা। সুন্দর! ভগবতী লজ্জাই রাধিকা রূপে অবতীর্ণ হইয়াছেন, অতএব যাবৎ আমি চাটুবাক্য দ্বারা ইহাঁকে সম্মত করিয়া তোমাকে সমর্পণ না করি, তাবৎ তুমি সৌম্য শীতলভাব অবলম্বন করিয়া থাকিবা, কোন মতে

তাব ভবস্তেণ সম্মো সীঅল বুত্তিণা হোদব্বং ॥

কৃষ্ণঃ। সাদরং।

অয়মত্র নিসর্গ শীতলঃ সখি রাধাকুচয়োরবস্থিতিং।
নবকাঞ্চনকুম্ভয়োরহং স্ফুরদিন্দীবরদামবদ্ভজে।
ইতি মন্দং মন্দং রাধামনুসর্পতি।

রাধিকা। কিঞ্চিদপসৃত্য সহি বিসাহে সুট্ঠু ভীদম্মি তা কিত্তিমং উবেক্খসি।

ললিতা। রাহে এসা বিসাহে ত্তি বিক্খাদা কধং তুমং পচ্ছাদিঅ রক্খিদুং পহবহু তা রক্খণ কুখমং ণং বণমালিঅং

রাধিকা। সখি বিশাখে সুষ্ঠু ভীতাস্মি তৎ কিমিতি মামুপেক্ষসি।
ললিতা। রাধে এষা বিশাখেতি বিখ্যাতা কথং ত্বাং প্রচ্ছাদ্য রক্ষিতুং

যেন উগ্রতা প্রকাশ না হয় ॥

কৃষ্ণ। (আদরের সহিত) সখি! এ ব্যক্তি স্বভাবতই শীতল, অতএব আমি শ্রীরাধার নব কাঞ্চন কুম্ভ সদৃশ কুচদ্বয়ে ইন্দীবর দাম তুল্য হইয়া অবস্থিতি ভজনা করিব। (এই বলিয়া মন্দ মন্দ পদ সঞ্চারে শ্রীরাধার নিকটে আগমন করিলেন)।

শ্রীরাধা। (কিঞ্চিৎ দূরবর্ত্তী হইয়া) সখি বিশাখে! আমি অতিশয় ভীত হইয়াছি অতএব তুমি আমাকে উপেক্ষা করিতেছ কেন? ॥

ললিতা। সখি রাধে! এ যে বিশাখা বলিয়া বিখ্যাত অর্থাৎ ইহার শাখা নাই, তবে এ কি প্রকারে তোমাকে আচ্ছা-

জ্জেবব ভজেহি জং এসা আঅড্‌ঢিদ সিলীমুহা দীসই ॥
রাধিকা। সপ্রণয় রোষং। অই দুম্মুহি ললিদে সিদ্ধাও চ্চেঅ তুজ্‌ঝ মণোরধা তহবি ণ ণিবুত্তাসি।

প্রভবতু। তৎ রক্ষণ ক্ষমাং এনাং বনমালামেব ভজ। যদেষা আকৃষ্ট শিলীমুখা দৃশ্যতে। অলি বাণৌ শিলীমুখাবিত্যমরঃ। বাণযুক্তং বনসমূহং ভজ ইত্যর্থঃ। দুষ্প্রবেশত্বাৎ স ত্বাং রক্ষিষ্যতীত্যর্থঃ। পক্ষে ভ্রমরযুক্তাং কৃষ্ণবর্ণ মালাং ॥
রাধিকা। অয়ি দুর্ম্মুখি ললিতে সিদ্ধা এব মনোরথাঃ তথাপিন নিবৃত্তাসি ॥

দন করিয়া রক্ষা করিবে অতএব রক্ষণ সমর্থা এই বনমালাকে ভজন কর, যেহেতু এই বনমালা শিলীমুখ (ভ্রমর) গণকে আকর্ষণ করিতেছে দেখিতেছি। অর্থাৎ তুমি যদি গিয়া বনমালায় সংলগ্ন হও তাহা হইলে বনমালীই তোমাকে রক্ষা করিবেন। *

শ্রীরাধা। (প্রণয় রোষের সহিত) অয়ি দুর্ম্মুখি ললিতে! তোমার মনোরথ সকলত সিদ্ধ হইয়াছে, তথাপি নিবৃত্ত হইতেছ না কেন? ॥

---

* অর্থান্তর। বনমালা শব্দে বন শ্রেণী, শিলীমুখ শব্দে ভ্রমর এবং বাণ, বাণ শব্দের অর্থ বন সমূহ। অর্থাৎ হে রাধে! তুমি বন শ্রেণীর আশ্রয় গ্রহণ কর, যে হেতু ঐ বন শ্রেণী বন সমূহে পরিপূর্ণ সুতরাং অন্য লোকের দুষ্প্রবেশ প্রযুক্ত তোমাকে কেহ দেখিতে পাইবে না স্বচ্ছন্দে লুক্কাইত হইয়া থাকিতে পারিবে ॥

বিশাখা। হলা রাহি সব্বাণং গোউল জণাণং অভয় দাণসত্তে দীক্খিদো কণ্হো তা ইদো কিত্তি ভাএসি ॥

কৃষ্ণঃ। সুন্দরি রাধে ত্বমেব সুষ্ঠু বলিষ্ঠাসি তৎ কথং মত্ত স্তব ভীতিঃ ॥ ৪০ ॥

তথাহি সাম্প্রতং।

অহীণো ভ্রূগুচ্ছঃ কুটিল বলনৈর্বেষ্টয়তি মাং
খরস্তে নেত্রান্তো ময়ি বিতনুতে তাড়নবিধিং।

বিশাখা। সখি রাধে সর্ব্বেষাং গোকুলজনানাং অভয় দান সত্রে দীক্ষিতঃ কৃষ্ণঃ। তদিতঃ কিমেতি বিভেসি সত্রং যজ্ঞং ॥ ৪০ ॥

অহীন ইতি অহীণাং ইনঃ স্বামী কালিয়ঃ পক্ষে পৃথুলঃ। খরো ধেনুক স্তীক্ষ্ণশ্চ। প্রলম্বোঽসুরঃ লম্বমানশ্চ বলং মম ভ্রাতরং সত্ত্বঞ্চ। ময়া জিতৈ-

---

বিশাখা। সখি রাধে! সমস্ত গোকুলবাসির অভয়দান নিমিত্ত যজ্ঞে কৃষ্ণ দীক্ষিত হইয়াছেন অতএব তাঁহাকে দেখিয়া ভয় করিতেছ কেন ?

কৃষ্ণ। সুন্দরি রাধে! তুমিও ত আমা অপেক্ষা অতিশয় বলবতী, তবে আমা হইতে তোমার ভয় কি ? ॥ ৪০ ॥

উক্তার্থের প্রমাণ এই।

হে সুন্দরি! যে সকল শত্রু আমার নিকট পরাজিত হইয়াছিল তাহারাই এক্ষণে তোমাকে আশ্রয় করিয়া আমার প্রতি বৈরনির্যাতন করিতেছে, দেখ কালিয় নাগ তোমার ভ্রূ গুচ্ছ রূপ কুটিল ভঙ্গী দ্বারা আমাকে বেষ্টন করিতেছে, খর অর্থাৎ ধেনুকাসুর ত্বদীয় নেত্রান্তে অব-

প্রলম্বঃ কেশান্তো হরতি হঠবৃত্যা মম বলং
ভজন্তিস্ত্বামেতৈ রহমিহ জিতৈরস্মি বিজিতঃ ॥ ৪১ ॥

ললিতা। কহ্নু কুদো ইমাএ বলিট্‌ঠত্তণং জং অপ্পণো ধনং তু অত্তো মোআবিদুং ণ সমত্থা ॥

বিশাখা। সংস্কৃতেন।

নিধত্তে কংসারিঃ সখি পরমহংসালিষু রতিং
মনোহংসেন্দ্রং তে কথমপি ন নির্মোক্ষ্যতি ততঃ।
বিধানামুং সদ্য স্তমপি ভুজবল্লী বিলসিতৈঃ

রপ্যেতৈশ্চ শক্রভিস্ত্বাং ভজদ্ভিঃ সদ্ভিরহং বিজিতঃ। তেন স্বতন্ত্র তব বলং দুর্জ্জেয়মেব ॥ ৪১ ॥

ললিতা। কৃষ্ণ কুত এতস্যা বলিষ্ঠত্বং যদাত্মনো ধনং ত্বত্তো মোচয়িতুং ন সমর্থা। পরমহংসালিষু পক্ষে ভক্তশ্রেণীষু।

স্থিতি করিয়া আমার প্রতি তাড়না বিধি বিস্তার করিতেছে, এবং প্রলম্বদানব তোমার কেশ অবলম্বন করিয়া আমার বল হরণ করিয়াছে অতএব হে রাধে! তুমি আমা অপেক্ষা বলবতী না হইবা কেন? ॥ ৪১ ॥

ললিতা। কৃষ্ণ! শ্রীরাধার বলিষ্ঠতা কোথায়? যে হেতু ইনি তোমার নিকট হইতে স্বীয় ধন মুক্ত করিতে সমর্থ হইলেন না।

বিশাখা। (সংস্কৃত ভাষায়) সখি! কংসারি পরম হংস শ্রেণীতেই রতি বিধান করিতেছেন, তবে তোমার মনোহংসকে কেন না মুক্ত করিবেন? অতএব এক্ষণে তুমিও

শঠে কঃ ক্ষেমার্থী সখি নহি শাঠ্যং ঘটয়তি ॥

রাধিকা। সাভ্যসূয়ং।

পাবে বিশাহিএ তুমং বি ললিদাএ বিসলদাএ মারুদেন দূষিদাসি ॥ ৪২ ॥

কৃষ্ণঃ। সখি ললিতে স্ব প্রসাদামৃতে কামমদত্তাবগাহনয়া কথমদ্যাপি তটস্থীকৃতোঽস্মি রাধয়া ॥

ললিতা। কহ্ণ মুঞ্চ চাতুরী বিথারং ণ কৃখু চন্দাঅলী বিঅ ঝত্তি বাআমেত্তেণ সুলহপ্পসাদা অহ্ম পিঅসহী ॥

পাপে বিশাখিকে ত্বমপি ললিতায়া বিষলতায়াঃ মারুতেন দূষিতাসি ॥ ৪২

ললিতা। কৃষ্ণ মুঞ্চ চাতুরী বিস্তারং ন খলু চন্দ্রাবলীব ঝটিতি বাক্যমাত্রেণ সুলভ প্রসাদা অস্মৎ প্রিয়সখী।

ভুজবল্লী বিলাস দ্বারা ইহাঁকে বন্ধন কর, হে সখি! বল দেখি কোন্ কল্যাণার্থী শঠে শাঠ্য বিধান না করিয়া থাকে ? ॥

শ্রীরাধা। (অসূয়ার সহিত) হে পাপরূপে বিশাখিকে ! তুমিও ললিতা রূপ বিষলতার বায়ুতে দূষিত হইয়াছ ॥৪২

কৃষ্ণ। সখি ললিতে ! শ্রীরাধা স্বীয় প্রসন্নতা রূপ অমৃতে আমাকে যথেষ্টরূপে অবগাহিত না করাইয়া এ যাবৎ তটস্থ করিয়া রাখিলেন কেন ? ॥

ললিতা। কৃষ্ণ ! চাতুরী বিস্তার পরিত্যাগ কর, চন্দ্রাবলী যেমন বাক্য মাত্রেই প্রসন্না হয়, তাহার ন্যায় আমাদের প্রিয়সখীর প্রসাদ সুলভ নহে ॥

কৃষ্ণঃ। কথং সুলভস্তে সখী প্রসাদঃ।

ললিতা। সেআ সন্তাএণ।

কৃষ্ণঃ। সানন্দং রাধাং পশ্যন্।

কিং চন্দনেন কুচয়োা রচয়ানি চিত্র
মুত্তংসয়ামি কবরীং তব কিং প্রসূনৈঃ।
অঙ্গানি রঙ্গিমতরঙ্গি করেণ কিম্বা
সংবাহয়াম্যতনুখেদ করম্বিতানি ॥

ইত্যগ্রে পরিক্রামত্যতি ॥

রাধিকা। সলীলমুপক্রম্য সাঙ্গুলিতর্জনং।

পামরি সুমরিসসি ওসরে তা এসা ঘরং গচ্ছন্তী

ললিতা। সেবা সন্তানেন।

রাধিকা। পামরি স্মরিষ্যসি অবসরে তৎ এষা গ্রহং গচ্ছন্তী জিহ্মাণাং

কৃষ্ণ। কি প্রকারে তোমার সখীর প্রসাদ সুলভ ? ॥

ললিতা। নিরন্তর সেবা করিলে।

কৃষ্ণ। (আনন্দ চিত্তে শ্রীরাধার প্রতি দৃষ্টিপাত করত)
হে রঙ্গিম তরঙ্গি রাধে! আমি কি চন্দন দ্বারা তোমার কুচ যুগলে চিত্র করিব, কি পুষ্প সমূহ দ্বারা কবরী বন্ধন করিয়া দিব, অথবা কন্দর্প ব্যথায় ব্যথিত ত্বদীয় অঙ্গ সকল কর দ্বারা সম্বাহন করিব। এই বলিয়া অগ্রে গমন করিলেন।

শ্রীরাধা। (লীলা প্রকাশ পূর্ব্বক অঙ্গুলি দ্বারা তর্জন করত)
পামরি ললিতে! অবসরে স্মরণ করিও, এক্ষণে গৃহে

জিম্মাণং ভুম্মাণং হত্থাদো অপ্পাণং মোআবইস্‌সং ॥ ৪৩ ॥

ললিতা। পটাঞ্চলমাকৃষ্য সহি রাহি জীহি ণ ঘরং পরহত্থে পথিদেম্মি ণিঅ হংসে অই রাহি বহিরে হিরণ্ণং দেসি কধং অঞ্চলে গাণ্ঠিং ॥

রাধিকা। মুঞ্চেহি মুঞ্চেহি অঞ্চলং ইতো গদুঅ অজ্জিঅং বিণ্ণবিস্‌সং ॥ ৪৪ ॥

নেপথ্যে। হন্ত ণত্তিণি ললিদে কহিং দে পিঅসহী

যুষ্মাকং হস্তাৎ আত্মানং মোচয়িষ্যামি ॥ ৪৩ ॥

ললিতা। সখি রাধে যাহি ন গ্রহং পর হস্তে প্রস্থিতেঽস্মিন্ নিজ হংসে। অয়ি রাধে বহির্হিরণ্যং। দদাসি কথমঞ্চলে গ্রন্থিং।

রাধিকা। মুঞ্চ অঞ্চলং ইতো গত্বা আর্য্যকাং বিজ্ঞাপয়িষ্যামি ॥ ৪৪ ॥

নপ্ত্রি ললিতে কুত্র তে প্রিয়সখী রাধিকা।

গমন করিয়া ভবাদৃশ কুটিল ব্যক্তিগণের হস্ত হইতে আপনাকে মুক্ত করিব (এই বলিয়া গমনোদ্যত হইলেন) ॥ ৪৩ ॥

ললিতা। (বস্ত্রাঞ্চল ধারণ পূর্ব্বক) সখি রাধে! পর হস্তে মানসহংস থাকিতে গৃহে গমন করিও না, কি আশ্চর্য্য! বাহিরে স্বর্ণ নিক্ষেপ করিয়া কি রূপে অঞ্চলে গ্রন্থি প্রদান করিতেছ? ॥

শ্রীরাধা। অঞ্চল পরিত্যাগ কর, অঞ্চল পরিত্যাগ কর, আমি এখনি গিয়া আর্য্যাকে বলিয়া দিব ॥ ৪৪ ॥

বেশ গৃহে ॥

নপ্ত্রি ললিতে! তোমার প্রিয়সখী রাধা কোথায়? ।

রাহিয়া।

ললিতা। হন্ত এসা অজ্জিআ মুহরা ইধ জ্জেব্ব আঅচ্ছেদি।

কৃষ্ণঃ। সশঙ্কং। ততো দবীয়ান্ ভবিতাস্মি ইতি তথা স্থিতঃ।

প্রবিশ্য মুখরা পুরো দৃষ্টিং নিক্ষিপ্য সাশঙ্কমাত্মগতং।

জোক্খু তুরদো কো বি ণীলিম পুঞ্জো মরঅদথম্ভং বিড়ম্বন্তো দিট্ ঠিং মে আড়্ঢদি ণূণং সো এসো কহ্নো ভবে জং অরূব্বং কিম্পি সোরম্ভং পসপ্পই॥

ইতি কৃষ্ণান্তিকমনুসর্পতি॥ ৪৫॥

ললিতা। হন্ত এষা আর্য্যা মুখরা ইতি এষা গচ্ছতি। দবীয়ান্ দূরতরঃ।

মুখরা। যঃ খলু দূরতঃ কোঽপি নীলিমপুঞ্জো মরকত স্তম্ভং বিড়ম্বয়ন্ দৃষ্টিং মে কর্ষতি। নূনং এষো কৃষ্ণো ভবেৎ যৎ অপূর্ব্বং কিমপি সৌরভং প্রসর্পতি॥ ৪৫॥

ললিতা। হায়! আর্য্যা মুখরা যে এই খানেই আসিতেছেন॥

কৃষ্ণ। (শঙ্কার সহিত) তবে আমি দূরে অবস্থিতি করি (এই বলিয়া দূরস্থ হইয়া রহিলেন)॥

মুখরা। (প্রবেশ পূর্ব্বক অগ্রে দৃষ্টি নিক্ষেপ করত আশঙ্কার সহিত মনে মনে) এই দূর হইতে যে কোন নীলিমাপুঞ্জ মরকত মণি স্তম্ভকে বিড়ম্বিত করিতে করিতে আমার দৃষ্টি আকর্ষণ করিতেছে, নিশ্চয় এ কৃষ্ণ হইবে, যে হেতু ঐ স্থান হইতে কোন অপূর্ব্ব সৌরভ আসিতেছে। এই বলিয়া কৃষ্ণের নিকট যাইতে লাগিল॥ ৪৫॥

কৃষ্ণঃ। আর্য্যে মুখরে ইত্যর্দ্ধোক্তে।

মুখরা। সকপটাক্রোশং। কো ক্খু অজ্জে অজ্জেত্তি খুল খুলাবেদি।

কৃষ্ণঃ। আর্য্যে মুখরে সুখং বর্দ্ধসে।

মুখরা। মোহণ জাবত্তহ বংসিআএ মুঅত্তণং ণ সংবুত্তং তাব কুদো অহ্মাণং সুঅং।

কৃষ্ণঃ। সস্মিতং আর্য্যে কিন্তে অপরাধ্যতি বংশী।

মুখরা। পুচ্ছ ইমাও সব্ব গোউল বালিআও জাও কণ্ণসীহং পবিসন্তম্মি বংসিআ ফুক্কারারম্ভে বারং বারং ণিবারিঅজ্জ-

---

মুখরা। খলু আর্য্যে আর্য্যে ইতি খুট খুটায়তে। অব্যক্তানুকরণং করোতি।

মুখরা। মোহন যাবত্তব বংশিকায়া মূকত্বং ন সংবৃত্তং তাবৎ কুতো হস্মাকং সুখং। পৃচ্ছ ইমাঃ সর্ব্ব গোকুল বালিকায়াঃ যাঃ কর্ণসীমানং প্রবিশতি বংশীকা-

---

কৃষ্ণ। আর্য্যে মুখরে! (এই অর্দ্ধোক্তির পর)।

মুখরা। কপট ক্রোধের সহিত) কে ও আর্য্যা আর্য্যা বলিয়া খুট খুট করিতেছে।

কৃষ্ণ। আর্য্যে মুখরে! ভাল আছেন ত?।

মুখরা! মোহন! যত দিন তোমার বংশীর মূকত্ব না হইবে তাবৎ আমাদের সুখ কোথায়!।

কৃষ্ণ। (ঈষৎ হাস্যের সহিত) আর্য্যে! বংশী তোমার কি আপরাধ করিল।

মুখরা। এই সমুদায় গোকুলবালিকা দিগকে জিজ্ঞাসা কর, কর্ণ কুহরে বংশীবর প্রবেশ মাত্র ইহারা বারম্বার নিবারিত

ত্তীও বি বণে ধাঅন্তি ॥ ৪৬ ॥

কৃষ্ণঃ। বিহস্য মুখরে সত্যং যথার্থ নামাসি।

মুখরা। মোহণ পদোসে তুজ্ঝ এত্থ পবেসো মং সঙ্কাউলং করেদি ॥

কৃষ্ণঃ। মুখরে কৃতমত্র শঙ্কয়া। যদদ্য পৌর্ণমাস্যা মে বর্ণিতং তবাত্র চত্বরাঙ্কে চংক্রমীতি কাপ্যদ্ভুতা হরিণীতি ॥

মুখরা। ণাঅর পহাদে পেচ্ছিস্‌সসি ণং দাণিং সাহেহি।

ফুৎকারারম্ভে বারং বারং নিবার্য্যমানা অপি বনে ধাবন্তি ॥ ৪৬ ॥

মুখরা। মোহন প্রদোষে সন্ধ্যায়াং তবাত্র প্রবেশো মাং শঙ্কাকূলাং করোতি

মুখরা। নাগর প্রভাতে প্রেক্ষিষ্যসে এনাং ইদানীং সাধয় যাহি।

হইয়াও বনের দিকে দৌড়িয়া যায় ॥ ৪৬ ॥

কৃষ্ণ। (হাস্য করিয়া) মুখরে! সত্য যথার্থ নাম ধারণ করিয়াছ অর্থাৎ সত্যই তোমার মুখরা নামের সার্থকতা হইল।

মুখরা। মোহন! প্রদোষ কালে তোমার এস্থলে আগমনই আমাকে শাঙ্কাকূল করিতেছে।

কৃষ্ণ। মুখরে! ইহাতে কোন শঙ্কা করিও না, যেহেতু অদ্য পৌর্ণমাসী দেবী বলিয়াছেন তোমার আঙ্গিনার মধ্যে কোন এক অদ্ভুত হরিণী বারম্বার ভ্রমণ করিয়া থাকে ॥

মুখরা। নাগর! প্রভাতে আসিয়া হরিণী দেখিও, এখন গমন কর ॥

কৃষ্ণঃ। হন্ত গড্ডবিষাণ কঠোরে বিশ্রব্ধমাস্যতাং এষোহহং ব্রজামীতি শাখিনান্তর্দ্ধধাতি।

মুখরা। ললিদে সচ্চং গদো কহ্নো।

ললিতা। অধ ইং।

কৃষ্ণঃ। স্বগতং ঘূর্ণাকুলেয়ং জরতী তদত্র তূষ্ণীমেত্য রাধা পটাঞ্চলমাকর্ষামীতি তথা করোতি।

মুখরা। চক্ষুসী বিকাশ্য সাক্রোশং। ধিট্টি ললিদে অগ্‌গদো এসো দে পীদম্বরো কহ্নো রাহী সাড়ি অঞ্চলং আঅড্‌ঢন্তো

মুখরা। ললিতে সত্যং গতঃ কৃষ্ণঃ।

ললিতা। অথ কিং। মুখরা ধৃষ্টে ললিতে অগ্রত এষ পীতাম্বরঃ কৃষ্ণঃ

কৃষ্ণ। অয়ি মুখরে! তুমি মেষশৃঙ্গ অপেক্ষাও কঠিনা, এক্ষণে বিশ্বস্তা হইয়া থাক, এই আমি চলিলাম। এই বলিয়া বৃক্ষের অন্তরালে লুক্কায়িত হইলেন॥

মুখরা। ললিতে! কৃষ্ণ কি সত্যই গমন করিল?।

ললিতা। তবে কি!।

কৃষ্ণ। (মনে মনে) জরতীত ঘূর্ণারোগে আকুল হইয়াছে, তবে আমি নিঃশব্দে গিয়া শ্রীরাধার বস্ত্রাঞ্চল আকর্ষণ করি। এই বলিয়া বস্ত্রাঞ্চল ধারণ পূর্ব্বক আকর্ষণ করিতে লাগিলেন।

মুখরা। (চক্ষু উন্মীলন করত আক্রোশের সহিত) ধৃষ্ট স্বভাবে ললিতে! অগ্রেতে এই পীতাম্বর কৃষ্ণ রাধার যেন বস্ত্রাঞ্চল আকর্ষণ করিতেছে এমত দেখিতেছি, তবে

বিঅ দীসই তা কীম তুমং পদারেসি মং।

কৃষ্ণঃ। সশঙ্কং কিঞ্চিদপসর্পতি ॥ ৪৭ ॥

ললিতা। স্বগতং। রত্তিঅন্ধিঅং বুড্ঢিঅং বঞ্চেমি। প্রকাশং সংস্কৃতেন।

মুধা শঙ্কামন্ধে জরতি কুরুষে যামুনতটে
তমালো হয়ং চামীকরকলিত মূলো নিবসতি।
সমীরপ্রেঙ্খোলাদতি চটুল শাখা ভুজতয়া
বয়স্যায়া যেন স্তন বসনমাস্ফালিতমভূৎ ॥ ৪৮ ॥

মুখরা। স্বগতং। অসচ্চং ণ কহেদি ললিদা। প্রকাশং বৎসে

রাধা সাটাঞ্চলং আকর্ষন্নিব দৃশ্যতে তৎ কস্মাত্ত্বং প্রতারয়সি মাং ॥ ৪৭ ॥

ললিতা। রাত্র্যন্ধাং বৃদ্ধাং বঞ্চয়ামি। চামীকরং সুবর্ণং সমীর প্রেঙ্খোলাৎ সমীরান্দোলনাৎ যেন তমালেন ॥ ৪৮ ॥

কি করিয়া তুমি আমাকে প্রতারণা করিতেছ ! ॥

কৃষ্ণ। (শঙ্কিত হইয়া) কিঞ্চিৎ দূরে গমন করিলেন ॥ ৪৭ ॥

ললিতা। (মনে মনে) রাত্র্যন্ধা বৃদ্ধাকে বঞ্চনা করিব। (প্রকাশ পূর্ব্বক ক্রোধ অভিনয় করিয়া সংস্কৃত ভাষায়) হে রাত্র্যন্ধে জরতি! তুমি বৃথা শঙ্কা করিতেছ কেন? যমুনা তটে ওটী তমালতরু অবস্থিত রহিয়াছে, তাহার মূলদেশ স্বর্ণ বেদিকায় মণ্ডিত। বায়ুবেগে ভুজ শাখা কম্পিত হওয়াতে তদ্দারা প্রিয়সখীর স্তন বসন আস্ফালিত হইতেছে ॥ ৪৮ ॥

মুখরা। (মনে মনে) ললিতা মিথ্যা বলিতেছে না। (প্রকাশ করিয়া) বৎসে! আমি ঘূর্ণাকূলা হইয়াছি,

ঘুম্মাউলম্হি তা ঘরং গদুঅ সুবিস্সং। ইতি নিষ্ক্রান্তা॥
বিশাখা। হলা রাহি কহ্নস্স মুহ মণ্ডলুম্মীলিদং ঘম্ম জলবিন্দু জালং অপ্পণো সাডিঅঞ্চলেণ অবণেহি।
রাধিকা। স ভ্রূভঙ্গং। বিসাহে তুমং জ্জেব্ব অবণেহি জা কৃখু আকোমারং ইমস্সিং ব্বদে গ্গহিদ দীক্ষাসি॥ ৪৯॥
বিশাখা। রাহি কণ্ঠখিদা দে রঙ্গণ মালিআ ভণাদি মা কুপ্প

মুখরা। অসত্যং ন কথয়তি ললিতা। বৎসে ঘূর্ণাকুলাস্মি তস্মাদ্গৃহং গত্বা স্বপ্স্যামি॥

বিশাখা। সখি রাধে কৃষ্ণস্য মুখমণ্ডলোন্মীতং ঘর্ম্মজলবিন্দু জালং আত্মনঃ সাট্যঞ্চলেন অপনয়।

রাধি বিশাখে ত্বমেবাপনয় যা খলু আ কৌমারং অস্মিন্ ব্রতে গৃহীত দীক্ষাসি॥ ৪৯॥

বিশাখা। রাধে কণ্ঠস্থিতা তে রঙ্গণ মালা ভণতি। কিং ভণতি তত্রাহ

অতএব এখন গৃহে শয়ন করি গিয়া। এই বলিয়া প্রস্থান করিল॥
বিশাখা। সখি রাধে! শ্রীকৃষ্ণের মুখমণ্ডলে ধর্ম্মজলবিন্দু সকল উদ্গত হইয়াছে, তুমি আপনার সাট্যঞ্চল দ্বারা প্রোঞ্ছন করিয়া দাও॥
শ্রীরাধা। (ভ্রূ ভঙ্গের সহিত) বিশাখে! তোমারই অপনয়ন করা উচিত, যেহেতু শৈশব কালাবধি তুমি এই ব্রতে দীক্ষা গ্রহণ করিয়াছ॥ ৪৯॥
বিশাখা। রাধে! তোমার কণ্ঠস্থ রঙ্গণ মালা বলিতেছে,

তুমং বি তত্থ দিক্খা বিহাণে করিজ্জন্ত সংকপ্পাসি ॥ ৫০॥

কৃষ্ণঃ। রঙ্গণমালাং দৃষ্ট্বা সশ্লাঘং।

শঙ্কে চিরং কিমপি রঙ্গণপুষ্পসঙ্ঘঃ

পুণ্যং পুরা পরম তীর্থবরে ব্যধত্ত।

যস্মাম্মমাপ্যসুলভে মদিরাক্ষি সাক্ষা

দঙ্গীচকার তব বক্ষসি সঙ্গসৌখ্যং।

রাধিকা। হলা বিসাহে জা কখু মহ কণ্ঠাদো বলেণ আ অড্ঢিঅ ণীদা তুএ অণগ্ঘা গুঞ্জাঅলী সা দাণিং সমপীঅদু

মাকুপ্য ত্বমপি তত্র দীক্ষা বিধানেন কার্য্যমান সংকল্পাসি। কার্য্যমানো সংকল্পো যয়েতি সংকল্পস্য কর্ম্মণঃ প্রাধান্য বিবক্ষয়া তদ্বাচ্য প্রত্যয়ঃ নতু প্রযুজ্য কর্ম্মণি ণ্যন্তে কর্ত্তুশ্চ কর্ম্মণ ইতি কারিকায়াং চকারাৎ প্রধানে কর্ম্মণ্যভিধেয় ইত্যতঃ প্রধানানুবৃত্তি ব্যাখ্যানাৎ ॥ ৫০ ॥

রাধিকা। সখি বিশাখে যা খলু মম কণ্ঠতো বলেনাকৃষ্য নীতা ত্বয়া

কোপ করিও না, তুমিও ঐ ব্রতে দীক্ষাবিধানে কৃত সংকল্প হইয়াছ ॥ ৫০ ॥

কৃষ্ণ। (রঙ্গণ মালা দেখিয়া শ্লাঘার সহিত) হে খঞ্জনাক্ষি! বোধ করি এই সকল রঙ্গণ পুষ্প জন্মান্তরে কোন প্রধান তীর্থে পুণ্য উপার্জন করিয়াছিল, কেন না তোমার যে বক্ষে আমি স্থান লাভ করিতে পরিলাম না তাহাতেই এই পুষ্প সজ্ঞ সাক্ষাৎ সঙ্গসুখ অঙ্গীকার করিল ॥

শ্রীরাধা। সখি বিশাখে! তুমি বল পূর্ব্বক আমার কণ্ঠ হইতে যে অমূল্য গুঞ্জাবলী আকর্ষণ করিয়া লইয়াছ, এখন তাহা

এসা সুক্খা অপ্পণো রঙ্গণ মালিআ গেহ্নিঅদু।

বিশাখা। গোউলাণন্দ গুঞ্জাহার কিদে মহ কুপ্পই অপ্পণো পিঅসহী ॥ ৫১ ॥

কৃষ্ণঃ। রাধে সন্নিধেহি তব কণ্ঠে গুঞ্জাবলীমাদধামীত্যুর্পতি।

ললিতা। সস্মিতমাত্মগতং। গুঞ্জাহার অপ্পণ মিসেণ রাহী কঞ্চু অঞ্চলং প্ফংসদি কহ্নো।

রাধিকা। সভ্রূক্ষেপং পরাবর্ত্ততে।

বিশা। হলা রাধে জং লদ্ধুং উক্কণ্ঠাসি তং কিং কৃখু লদ্ধাসি।

অনর্ঘা গুঞ্জাবলী সা ইদানীং সমর্প্যতাং। এষা শুষ্কা আত্মনো রঙ্গণ মালিকাং গৃহ্যতাং। বিশাখা গোকুলানন্দ গুঞ্জাহার কৃতে মহ্য' কুপ্যতি আত্মনঃ প্রিয়সখী ॥ ৫১ ॥

গুঞ্জাহারার্পণ মিষেণ রাধাকঞ্চুকাঞ্চলং স্পৃশতি কৃষ্ণঃ। বিশাখা। সখি রাধে যং লব্ধুং উৎকণ্ঠাসি তং কিং খলু লব্ধাসি।

প্রদান কর এবং তোমার এই শুষ্ক রঙ্গণ মালা লাও ॥

বিশাখা। গোকুলানন্দ গুঞ্জাহার নিমিত্ত আমার প্রিয়সখী আমার প্রতি কোপ করিতেছেন ॥ ৫১ ॥

কৃষ্ণ। রাধে! নিকটে আইস তোমার কণ্ঠে গুঞ্জাবলী অর্পণ করি। এই বলিয়া নিকটে গমন করিতে লাগিলেন ॥

ললিতা। (ঈষৎ হাস্যের সহিত মনে মনে) কৃষ্ণ যে গুঞ্জাহারার্পণ ছলে শ্রীরাধার কঞ্চুকাঞ্চল স্পর্শ করিতেছেন ॥

শ্রীরাধা। ভ্রূক্ষেপের সহিত পরাবর্ত্তিত হইলেন।

বিশাখা। সখি রাধে! যাহাকে পাইবার নিমিত্ত উৎকণ্ঠিত

রাধিকা। বিম্বাধরং সংদশ্য ধিট্ঠে বিসাহে চিট্ঠ চিট্ঠ ইতি লীলারবিন্দেন তাড়য়তি।

বিশাখা। বিহস্স সঅং আসঙ্কিণি মাকুপ্প গুঞ্জাহারং পুচ্ছেমি।

কৃষ্ণঃ। ক তপস্তথা মমাস্তে লীলাম্বুজাহতিমবাপ্নুয়াং।

যেন মাং চঞ্চলেন তাড়য় লোচন কমলাঞ্চলেনাপি।

ললিতা। হরিণে সমপ্পিঅ তন্নুং কিবিণাসি কধং দরাবলো অম্মি। দিণ্ণে চিন্তারঅণে ণ সংবুড়অম্মি অগ্গহো

রাধি ধৃষ্টে তিষ্ঠ তিষ্ঠ। বিশাখা। স্বয়মাশঙ্কিনি মা কুপ্য। গুঞ্জাহারং পৃচ্ছামি।

ললিতা। হরয়ে সমর্প্য তনুং কৃপণাসি কথং দরাবলোকে। দত্তে চিন্তা

ছিলা, তাঁহাকে কি লাভ করিলা! ॥

শ্রীরাধা। (বিম্বাধর দংশন করিয়া) ধৃষ্টে বিশাখে! থাক থাক, এই বলিয়া লীলা কমল দ্বারা তাড়না করিতে লাগিলেন ॥

বিশাখা। রাধে! তুমি আপনা হইতেই আশঙ্কা করিতেছ, আমার প্রতি কোপ করিও না, আমি বনমালাকে জিজ্ঞাসা করিতেছি ॥

কৃষ্ণ। আমার সে প্রকার তপস্যা কোথায়, যদ্দ্বারা লীলা পদ্মের তাড়না প্রাপ্ত হইব, অতএব হে রাধে! হয় আমাকে লীলা কমল দ্বারা, না হয় নয়নাঞ্চল দ্বারা তাড়না কর ॥

ললিতা। সখি! হরিকে তনু অর্পণ করিয়া ঈষৎ অবলোকন দানে কাতর হইও না, চিন্তা রত্ন দান করিয়া সম্পুটের

জুত্তো ॥ ৫২ ॥

রাধিকা। ললিদে এব্বং জপ্পন্তী গুরুলোএসু মা কৃখু ইমং জণং অবরুদ্ধং করেহি।

বিশাখা। সহি কীস সঙ্কসি ণং ভঅবদীজ্জেব্ব এথ সমাহণে দক্খা ॥ ৫৩ ॥

ললিতা। সহর্ষমাত্মগতং। দিট্‌ঠিআ পিঅসহী হসিদা অবাঙ্গ তরঙ্গেণ কহ্নং আলিঙ্গদি।

বিশাখা। সংস্কৃতেন ললিতে পশ্য পশ্য।

রত্নে ন সম্পুটে আগ্রহো যুক্তঃ ॥ ৫২ ॥

রাধিকা। ললিতে এবং জল্পন্তী গুরুলোকেষু মা খলু ইমং জনং অপরাদ্ধং কুরু।

বিশাখা। কস্মাৎ শঙ্কসে। নূনং ভগবতী এব অত্র সমাধানে দক্ষা ॥ ৫৩ ॥

ললিতা। দিষ্ট্যা প্রিয়সখী হসিতাপাঙ্গ তরঙ্গেন কৃষ্ণমালিঙ্গতি ॥

নিমিত্ত আগ্রহ করা উচিত নহে ॥ ৫২ ॥

শ্রীরাধা। ললিতে! এ প্রকার বলিয়া গুরুলোকের নিকট মাদৃশ জনকে অপরাধি করিও না ॥

বিশাখা। সখি! শঙ্কা করিতেছ কেন? এ বিষয় সমাধান করিতে ভগবতী ত দক্ষা আছেন ॥ ৫৩ ॥

ললিতা। (সহর্ষে মনে মনে) কি সৌভাগ্যের বিষয়, প্রিয় সখী হাস্যান্বিত কুটিল অপাঙ্গ তরঙ্গ দ্বারা কৃষ্ণকে আলিঙ্গন করিতেছেন ॥

বিশাখা। (সংস্কৃত ভাষায়) ললিতে! দেখ দেখ। চন্দ্র

শশী ব্যোমোৎসঙ্গং শশিনমভিতঃ কান্তিলহরী
পুরোবৃন্দারণ্যং সুমুখি সহসা কান্তি লহরীং।
হরিবৃন্দারণ্যং হরিমপি কিলেয়ং তব সখী
সখীং প্রেম্নঃ পূরো নিজসুষময়া মণ্ডয়দয়ং।

ললিতা। হদ্ধি হদ্ধি বিশাহে পেক্খ সসিকান্তমণিপ্পসূদেহিং জল পুরেহিং সূরপূঅণ বেঈ পুরদো কিদাইং বিলুম্পী অন্তি আলেবণ মণ্ডলাইং তা এহি ণং পুপ্ফকেআরিঅং

শশী ব্যোমোৎসঙ্গং নিজসুষময়া নিজ পরম শোভয়া অমণ্ডয়ৎ ভূষয়ামাস। তঞ্চ শশিনং কান্তি লহরী নিজ সুষময়া ইত্যাদিনি পূর্ব্ব পূর্ব্ব কর্ত্তুঃ পর পর মপেক্ষ্য কর্ম্মত্বং।

ললিতা। হা ধিক্ হা ধিক্ বিশাখে পশ্য শশিকান্তমণি প্রসূতৈর্জ্জলপূরৈঃ সূর্য্য পূজন বেদ্যা পুরতঃ কৃতানি বিলুপ্যন্তে আলেপন মণ্ডলানি তদেহি

গগণ মণ্ডলকে শোভিত করিয়া রাখিয়াছেন, চন্দ্রিকা আবার চন্দ্রকে ভূষিত করিয়া রাখিয়াছে। হে সুমুখি! চন্দ্রিকাকে আবার অগ্রবর্ত্তি বৃন্দাবন ভূষিত করিয়াছে, বৃন্দাবনকে আবার হরি, হরিকে আবার তোমার প্রিয়সখী এবং প্রিয়সখীকে প্রেম সমূহ নিজ শোভায় সুশোভিত করিয়া রাখিয়াছে॥

ললিতা। হা ধিক্, হা ধিক্, বিশাখে! দেখ দেখ, চন্দ্রকান্ত মণি হইতে জল সকল নির্গত হইয়া তদীয় প্রবাহে, আমরা সূর্য্য পূজার নিমিত্ত যে সকল আলেপন ও ভূষণ প্রস্তুত করিয়াছিলাম, তৎ সমুদায় বিলুপ্ত হইল অতএব

পেক্ষ ॥ ৫৪ ॥

ইত্যুভে নিষ্ক্রান্তে।

কৃষ্ণঃ। প্রিয়ে নেদানীমপি বাম্যাদ্বিরামস্তে ইত্যঞ্চলং গৃহ্ণাতি।

রাধিকা। মঞ্চেহি মুঞ্চেহি সহীও মং আআরেন্তি।

কৃষ্ণঃ। হন্ত কঠোরে ময্যত্র নাঙ্গীকুরু ভঙ্গুরতাং।

রাধিকা। সস্মিতং। দেই সরস্সই বন্দিজ্জসি জং সচ্চং জ্জেবৰ পঅড়াঅসি।

এনং পুষ্পকেদারিকাং নয়ামঃ ॥ ৫৪ ॥

রাধিকা। মুঞ্চ মুঞ্চ সখ্যো মাং আহ্বয়ন্তি। কৃষ্ণমতে কঠোরে ইতি সম্বোধনং। রাধিকা মতে কঠোরে ইতি সপ্তম্যন্তং। দেবি সরস্বতি বন্দ্যসে যৎ সত্যমের প্রকটয়সি ॥ ৫৫ ॥

আইস, ঐ গুলি গ্রহণ করিয়া পুষ্পবাটিকায় গমন করি এই বলিয়া উভয়ের প্রস্থান ॥ ৫৪ ॥

কৃষ্ণ। প্রিয়ে! এ যাবৎ কি তোমার বাম্য হইতে বিরাম হয় নাই, এই বলিয়া অঞ্চল ধারণ করিলেন ॥

শ্রীরাধা। ছাড়, ছাড়, সখীগণ আমাকে ডাকিতেছে ॥

কৃষ্ণ। অয়ি কঠোরে! আমার প্রতি কুটিলতা অবলম্বন করিও না ॥

শ্রীরাধা। (ঈষৎ হাস্যের সহিত) দেবি সরস্বতি! তোমাকে বন্দনা করি, যে হেতু তুমি সত্য প্রকাশ করিয়াছ।

তাৎপর্য্য! পূর্ব্ব গদ্যে শ্রীকৃষ্ণের উক্তি এই যে, কঠোরে ময়ি ইহার অর্থ (হে কঠোরে আমাতে) শ্রীরাধা

কৃষ্ণঃ। কিঞ্চিদ্বিহস্য।

পদ্মিন্যাস্তে সুমুখি পরম প্রেমসৌরভ্য পুরো
দূরোৎসর্পি যদবধি মুদা কৃষ্ণভৃঙ্গেন ভেজে।
আক্রান্তোঽয়ং তব নবমুখাম্ভোজমাধ্বীকপান
প্রত্যাশাভি স্তদবধি রুবন্ সংভ্রমী বংভ্রমীতি ॥ ৫৫ ॥
কিঞ্চ ॥
মুক্তানামুপলভ্যমেব কুচয়োঃ সালোক্য মালোক্যতে।

মুক্তানাং প্রাপ্ত মোক্ষাণাং মৌক্তিকানাঞ্চ সালোক্যং সমান লোকং বাসং চ আলোক্য তৎ প্রাপ্তি কামঃ সমস্ত সুহৃদাং সঙ্গং পক্ষে আসক্তিং ত্যক্ত্বা

ইহারই অর্থান্তর কল্পনা করিয়া সপ্তমী বিভক্তিতে যোগ করত ময়ি শব্দের বিশেষণ করিলেন অর্থাৎ কঠোর রূপ আমাতে। শ্রীরাধা ছল পূর্ব্বক কৃষ্ণমুখ নির্গত বাণীকে কহিলেন দেবি সরস্বতি! তোমাকে প্রণাম করি, শ্রীকৃষ্ণ আপন মুখেই আপনার কঠোরত্ব প্রকাশ করিলেন ॥

কৃষ্ণ। (কিঞ্চিৎ হাস্য করিয়া) হে সুমুখি! পদ্মিনীরূপা তোমার দূরদেশবাহী সৌরভাতিশয় যে অবধি কৃষ্ণ ভৃঙ্গ প্রাপ্ত হইয়াছে, সেই হইতে তোমার মুখ পদ্মের নবীন মধুপানের প্রত্যাশায় আক্রান্ত হইয়া সম্ভ্রমে শব্দ করিতে করিতে ইতস্ততঃ ভ্রমণ করিয়া বেড়াইতেছে ॥ ৫৫ ॥

আরও বলি।

রাধে! মুক্তা সকলকে তোমার কুচদ্বয়ের সমীপবর্ত্তি স্থান বিশেষে সালোক্য প্রাপ্ত হইতে অর্থাৎ সমান

হিত্বা সঙ্গমহং সমস্ত সুহৃদাং কৈবল্যমাসেদিবান্।
বৈষম্যং তিলমপ্যনাশ্রিতবতোঃ সান্দ্রামৃতস্যন্দিভি
র্মাং পূর্ণং কুরু তন্বি তূর্ণমনয়োঃ সাযুজ্যদানোৎসবৈঃ ॥

রাধিকা। লজ্জতে।

কৃষ্ণঃ। পশ্য পশ্য।

কৈবল্যং কেবলতাং একাকিত্বঞ্চ প্রাপ্তঃ অতএব অনয়োঃ সাযুজ্য প্রাপ্তৌ অহমিদানীমধিকারীত্যর্থঃ। কীদৃশয়োঃ রেতয়ো স্তিল মপি অত্যল্পমপি বৈষম্য মনাশ্রিত বতোঃ। ঈশ্বর স্বভাবত্বান্ময্যধিকারিণি এতয়ো বৈষম্যং নাস্তীতি ভাবঃ। পক্ষে সমানাকার প্রমাণত্বেন কুচয়োরাতি সৌন্দর্য্যং ধ্বনিতং। সাযুজ্য দানোৎসবৈঃ কীদৃশৈঃ সান্দ্রামৃত স্যন্দিভিঃ। অপাং পত্যুঃ সমুদ্রস্য। বাসন্তিকেন বসন্ত কালীনেন কান্তি মণ্ডলেন মণ্ডিতং মণ্ডলং যস্য তস্য ॥ ৫৬ ॥

লোকে বাস করিতে দেখিয়া আমিও তৎ প্রাপ্তি কামনায় সমস্ত সুহৃদ্গণের সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক কৈবল্য অর্থাৎ একাকিত্ব লাভ করিয়াছি অতএব এক্ষণে ঐ কুচদ্বয়ের সাযুজ্য অর্থাৎ সহযোগ প্রাপ্তি বিষয়ে আমি অধিকারী হইয়াছি, অতএব হে কৃশাঙ্গি! যে কুচদ্বয় তিল মাত্র বৈষম্য আশ্রয় করে নাই, তুমি তাহাদের নিবিড় অমৃত ক্ষরণ রূপ সাযুজ্য দানোৎসব দ্বারা আমাকে পূর্ণ কর ॥

শ্রীরাধা। লজ্জিত হইলেন।

কৃষ্ণ। প্রিয়ে! দেখ দেখ।

অপাং পত্যুঃ পুষ্টীকরণরসপাকঃ কুমুদিনী
কদম্বানামঙ্গজ্বরহরণ শীতৌষধি ঘটঃ।
মৃগঙ্কোঽয়ং কোকী পরিষদভিচারাধ্বর ধুরা
পুরোধা কালিন্দী পরিসর পরিস্কারমকরোৎ ॥
তদেতাং বাসন্তিক কান্তি মণ্ডল মণ্ডিত মণ্ডলস্য চন্দ্রমস
শ্চন্দ্রিকা চক্রচুম্বিতাং বিচরাবো নিকুঞ্জ চন্দ্রশালিকামিতি
নিষ্ক্রান্তৌ ॥
ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে ॥
॥ * ॥ ইতি বিদগ্ধমাধবে রাধাসঙ্গোনাম তৃতীয়োঽঙ্কঃ ॥ *

॥ * ॥ ইতি তৃতীয়োঽঙ্কঃ ॥ * ॥

সমুদ্রের পুষ্টীকরণ রস পরিপাক বিশেষ, কুমুদিনীগণের অঙ্গজ্বর হরণ শীতল ঔষধ ঘট সদৃশ এবং চক্রবাকী সভার অভিচার যজ্ঞের পুরোহিত স্বরূপ চন্দ্র কালিন্দী কুলস্থ প্রদেশকে উজ্জ্বল করিতেছেন ॥

অতএব আমরা বসন্তকান্তি সমূহে মণ্ডিত চন্দ্রমণ্ডলের চন্দ্রিকা সমূহ দ্বারা সুশোভিত নিকুঞ্জের রহস্য স্থানে বিচরণ করিব। এই বলিয়া উভয়ে প্রস্থান করিলেন ॥

এই রূপে সকলের প্রস্থান ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায় বিদগ্ধ-মাধব নাটকে রাধাসঙ্গমনাম তৃতীয় অঙ্ক ॥ * ৩ ॥ * ॥

ততঃ প্রবিশতি নান্দীমুখী।

নান্দীমুখী। ভণিদম্হি ললিদাএ হলা নান্দীমুহি গোমণ্ডলে গোট্ঠং পইট্ঠে এণ্হিং কহ্নো তুবরন্ত গোঅড্ঢনাহিমুহং পত্থিদো তা তুমং তত্থ গদুঅ সুঅলং বিণ্ণবেহি জধা এসো ওসরে পিঅবঅস্সস্স রাহিঅং সুমরাবেদি ত্তি পরিক্রম্য

অথ দ্বৌ সপক্ষ বিপক্ষাখ্যৌ ভেদাবেব রসপ্রদাবিত্যুক্ত রীত্যা স্বপক্ষ গত রসং পূর্ব্বরাগাসংভোগাদিভি র্বিবৃত্য ইদানীং বিপক্ষ ভেদ মিশ্রিতত্বেন রস বিলাসং প্রাদুর্ভাবয়ন্ বৈশাখ পূর্ণিমাতশ্চতুর্থনক্তন্তন লীলাং বর্ণয়তি। ততঃ প্রবিশতি ইত্যাদিনা। নান্দীমুখী আহ। ভণিতাস্মি ললিতয়া হলা নান্দীমুখি গোমণ্ডলে গোষ্ঠে প্রবিষ্টে ইদানীং কৃষ্ণঃ ত্বরাবান্ গোবর্দ্ধনাভিমুখং

স্বপক্ষ বিপক্ষ ভেদদ্বয় রসপ্রদ হয় এই উক্তি অনুসারে পূর্ব্বরাগে অসম্ভোগাদি দ্বারা স্বপক্ষগত রস বর্ণন করিয়া এক্ষণে বিপক্ষ ভেদ মিশ্রিতত্ব প্রযুক্ত রস বিলাস প্রাদুর্ভাব করত বৈশাখী পূর্ণিমা হইতে চারি রাত্রির লীলা বর্ণিত হইতেছে॥

অনন্তর নান্দীমুখীর প্রবেশ।

নান্দীমুখী। ললিতা আমাকে এই কথা বলিয়াছে যে, সখি নান্দীমুখি! গো সকল গোষ্ঠে প্রবিষ্ট হওয়াতে এক্ষণে কৃষ্ণ ত্বরান্বিত হইয়া গোবর্দ্ধনাভিমুখে প্রস্থান করিয়াছেন অতএব তুমি সেই খানে গিয়া সুবলকে জানাও, সে যেন অবকাশ মত স্বীয় বয়স্যকে শ্রীরাধার নাম স্মরণ করায়॥

কধং এত্থ পউমা আঅচ্ছদি ॥ ১ ॥

প্রবিশ্য পদ্মা। হলা ণান্দীমুহি কামং কুসলাসি। তা কম্পি উবাঅং কহেহি জেণ উব্বিগ্‌গাং চন্দাঅলীং আসাসেমি।

নান্দীমুখী। কিং সে উব্বেঅ কারণং।

পদ্মা। হলা জাণাসি জ্জেব্ব তুমং। জধা পদোসে সব্বং কৃখু গোউলং বিব্ভমেণ কহ্নো পচ্চহং রঞ্জেদি।

নান্দীমুখী। অধ ইং।

প্রস্থিতঃ। তত্ত্বং তত্র গত্বা সুবলং বিজ্ঞাপয়। যথা এষোঽবসরে নিজবয়স্য রাধিকাং স্মারয়তীতি কথমত্র পদ্মা আগচ্ছতি ॥ ১ ॥

পদ্মা সখী নান্দীমুখী কামং কুশলাসি তৎ কিমপ্যুপায়ং কথয় যেন উদ্বিগ্নাং চন্দ্রাবলীমাশ্বাসয়ামি। নান্দী কিং তস্যা উদ্বেগকারণং। পদ্মা সখি জানাসি এব ত্বং। যথা প্রদোষে সর্ব্বং গোকুলং বিভ্রমেণ কৃষ্ণঃ প্রত্যহং রঞ্জয়তি। নান্দী অথ কিং।

(এই উক্তির পর ফিরিয়া যাইতে উদ্যম করিয়া) পদ্মা কেন এখানে আসিতেছে ॥ ১ ॥

পদ্মা। (প্রবেশ পূর্ব্বক) সখি নান্দীমুখি! ভাল আছত? কোন একটী উপায় বল দেখি, যদ্দারা আমি উদ্বিগ্না চন্দ্রাবলীকে সান্ত্বনা করিতে পারি ॥

নান্দীমুখী। তাহার উদ্বেগের কারণ কি?।

পদ্মা। সখি! তুমি ত জান, প্রত্যহ সন্ধ্যাকালে শ্রীকৃষ্ণ বিলাস বিভ্রম দ্বারা সমুদায় গোকুল বাসিকে অনুরক্ত করেন ॥

নান্দীমুখী। তাহা কি প্রকার?।

পদ্মা। সংপদং দাবএত্থং দক্‌খিণে গোট্‌ঠদ্ধে ইমস্‌স গন্ধো বি দুল্লহো।

নান্দীমুখী। হলা মা দূণেহি। ইতি সংস্কৃতেন।

দৃষ্টিং বিম্বিত ধাতুচিত্র রচনং শৈব্যাললাটং ময়া
শ্যামাকুন্তল চামরঞ্চ বিলুঠদ্বন্য স্রজোড্ডাম্বরং।
গুঞ্জাহার লতার্দ্ধ মঞ্জুরধুনা ভদ্রা ভুজান্তস্তথা

পদ্মা সাম্প্রতং তাবদত্র দক্ষিণে গোষ্ঠার্দ্ধে অস্য গন্ধোঽপি দুর্ল্লভঃ।

নান্দী সখি মা দূনা ভব। সাম্প্রতং দক্ষিণে গোষ্ঠার্দ্ধে এতস্য গন্ধোঽপি দুর্ল্লভ ইত্যনেন উত্তর গোষ্ঠার্দ্ধ সমীপবর্ত্তিন্যাং মুখরাগৃহোপান্ত বাটিকায়াং কর্ণিকার কুঞ্জাদৌ যমুনা তটবর্ত্তিনি একস্যাং রাধায়ামেবাধিক্যমনুরজ্য অন্যাঃ কাচিদপ্যয়ং নানুসন্ধত্তে ইত্যভিব্যজ্যতে ত্বয়া। তত্তু কথং সম্ভবতি যতঃ দৃষ্টং বিম্বিতেত্যাদি। বিম্বিতা প্রতিবিম্বিতা সংলগ্না কৃষ্ণ সম্বন্ধিনী ধাতুচিত্র রচনা যত্র তথাভূতং ললাটং বিলুঠন্ত্যা অর্থাৎ কৃষ্ণস্য বন্যস্রজা উড্ডামর মুৎকটং ভুজান্তঃ স্কন্ধদেশঃ গুঞ্জাহার লতায়া অর্দ্ধেন গাঢ়ালিঙ্গনাদুৎক্ষিপ্তেন মঞ্জুর্মনোহরঃ গোবর্দ্ধনস্যাতিথিরিতি। তেন দক্ষিণ গোষ্ঠার্দ্ধসমীপবর্ত্তিনি গোবর্দ্ধনতটাদৌ

পদ্মা। সম্প্রতি গোকুলের দক্ষিণ পল্লীতে তাঁহার গন্ধও দুর্ল্লভ।

নান্দীমুখী। দুঃখিতা হইও না। (এই বলিয়া সংস্কৃত ভাষায়) আমি শৈব্যার ললাটে কৃষ্ণ সম্বন্ধিনী ধাতু চিত্র রচনা সংলগ্ন দেখিয়াছি, শ্যামার চামর সদৃশ কেশ কলাপে শ্রীকৃষ্ণের উৎকৃষ্ট বনমালা লক্ষিত হইয়াছে এবং ভদ্রার স্কন্ধদেশে শ্রীকৃষ্ণের অর্দ্ধ গুঞ্জা হারের চিহ্ন

তথ্যং বিদ্ধি সুনাগরী গুরুরভূদ্গোবর্দ্ধনস্যাতিথিঃ ॥ ২ ॥

নেপথ্যে।

কৃত্বা বংশী নিখিল জগতী গীতসঙ্গীত ভঙ্গী
সাঙ্গীভাব প্রথমবসতিং সঙ্গিনী বামপাণেঃ।
এষ প্রেম্না ব্রজতি নয়নানন্দনো নন্দসূনু
র্ম্মন্দং গোবর্দ্ধন শিখরিণঃ কন্দরামন্দিরায় ॥ ৩ ॥

বকুল কুঞ্জাদিষ্বপি তস্যাদ্য গমনং সংভবতীতি। যস্মাদেতাশ্চন্দ্রাবলী সপক্ষাঃ শৈব্যাদ্যা অপি অদ্য কৃষ্ণেন সংভুক্তা দৃষ্টা স্ততঃ কিমিতি একস্যাং রাধায়ামেবা সক্তোঽয়ং নতু চন্দ্রাবল্যামিতি ব্যঞ্জয়সীত্যর্থঃ। অত্র শৈব্যায়াঃ সপক্ষত্বাৎ শ্যামায়া স্তটস্থত্বাৎ ভদ্রায়াশ্চ সুহৃৎপক্ষত্বাৎ এতাসু স্পর্দ্ধাভাবাৎ চন্দ্রাবল্যাং ন বিরোধঃ অতএব রাধা ললিতা বিশাখানাং তিসৃণামনুক্তিঃ প্রতিপক্ষ ত্বাদিতি ॥ ২ ॥

কৃত্বা বংশীমিতি বৃন্দায়া উক্তিঃ বামপাণেঃ সঙ্গিনীং বংশীং কৃত্বা ব্রজতি। কীদৃশং অখিল জগতীষু গীতা যা সঙ্গীত ভঙ্গী তস্যাঃ যঃ সাঙ্গী ভাব স্তস্য প্রথমা বসতি র্যস্যাং তেন অন্যত্র প্রায়ো গীতসঙ্গহীনমিতি ॥ ৩ ॥

দেখিয়াছি, অতএব তুমি যথার্থ জানিও, সম্প্রতি সেই নাগরী গুরু কৃষ্ণ গোবর্দ্ধনের অতিথি হইয়াছেন ॥ ২ ॥

(বেশ গৃহে বৃন্দার উক্তি)

যে বংশী নিখিল জগতের সঙ্গীত ভঙ্গীর প্রথম আবাস স্বরূপ, তাহাকে বাম করের সঙ্গিনী বিধান করিয়া এই নয়নানন্দ নন্দনন্দন প্রেম সহকারে মন্দ মন্দ পাদ নিক্ষেপ পূর্ব্বক গোবর্দ্ধন গিরির কন্দরস্থ মন্দিরে গমন করিতেছেন ॥ ৩ ॥

নান্দীমুখী। পউমে তুমং ইমিনা বুত্তন্তেন চন্দ্রাঅলিঅং সুহাবেহি। অহং সুঅলং অণুসরিস্সং ইতি নিষ্ক্রান্তা।

পদ্মা। পুরঃ পশ্যন্তী। এষা করালাএ অজ্জিআএ চিত্তং অণুবট্টন্তী বণদেঅদা বুন্দা চন্দাঅলীঅং সচ্ছলং ণিবারেদি ॥৪

নেপথ্যে।

কিং রাধেব দুরন্তমিচ্ছসি বলাদুন্মাদমালম্বিতুং
মুগ্ধে মানয় মাননীয় জরতীবাক্যং বহির্মাব্রজ।

নান্দী পদ্মে ত্বং অনেন বৃত্তান্তেন চন্দ্রাবলীং সুখাপয়। অহং সুবলং অনুসরিষ্যামি। পদ্মা এষা করালায়া আর্য্যায়াশ্চিত্তমনুবর্ত্তমানা বনদেবতা বৃন্দা চন্দ্রাবলীং সছলং নিবারয়তি। করালা চন্দ্রাবলী মাতামহী ॥ ৪ ॥

কিং রাধে বেতি স্পষ্টং পক্ষে হে মুগ্ধে বিবক্ষিতং ব্যঙ্গমর্থং কশ্চিদব গচ্ছসীতি সম্বোধনপদ ব্যঙ্গং মাননীয় জরতী বাক্যং। তদাহ রাধা ইব দুরন্তমুন্মাদং

নান্দীমুখী। পদ্মে! তুমি এই বৃত্তান্ত দ্বারা চন্দ্রাবলীকে সুখী কর গা। আমি সুবলের নিকট গমন করিতেছি, এই বলিয়া প্রস্থান করিলেন ॥

পদ্মা। (অগ্রে অবলোকন করত) এই যে বনদেবী বৃন্দা, আর্য্যা করালার অভিপ্রায়ানুসারে ছল পূর্ব্বক চন্দ্রাবলীকে নিবারণ করিতেছেন ॥ ৪ ॥

(বেশ গৃহে)

মুগ্ধে! তুমি কি শ্রীরাধার ন্যায় বল পূর্ব্বক দুরন্ত উন্মাদকে অবলম্বন করিতে ইচ্ছা করিতেছ? এমত কার্য্য করিও না, মাননীয়া বৃদ্ধার বাক্য শ্রবণ কর, ঐ দেখ ব্রজসুন্দরী

এষ স্মের বিলোচনাঞ্চল রুচা চাপল্যমুল্লাসয়
ন্নায়াতি ব্রজসুন্দরীগণমনোমাণিক্যহারী হরিঃ ॥ ৫ ॥
প্রবিশ্য চন্দ্রাবলী সোৎসুক্যং সমন্তাদালোক্য।
কধং বুন্দাএ অলিঅং বাহরীঅদি কুদো এত্থ কহ্ণো। ইতি
খেদং নাটয়তি ॥

পদ্মা। উপসৃত্য সংস্কৃতেন।
ন সন্তাপং স্বান্তাদ্দবয়সি কথং দাববিষমং
ঘনশ্বাসৈঃ কিম্বা মলিনয়সি বিম্বাধরমপি।

আলম্বিতুং কিং ইচ্ছসি তস্মাৎ হে মূঢ়ে বহির্মা ব্রজ ইত্যেবং ॥ ৫ ॥
কথং বৃন্দায়া অলীকমিব ব্যাহ্রিয়তে। কুতোঽত্র কৃষ্ণঃ। ন সন্তাপমিতি।
সখীস্থলী চন্দ্রাবলী গ্রামঃ সখীথরা ইতি খ্যাতঃ তস্যা উপশল্যং সমীপং

দিগের মনোমাণিক্য হরণকারী হরি হাস্যান্বিত চঞ্চল লোচনাঞ্চলের চাপল্য বিস্তার করিতে করিতে আসিতে-ছেন, অতএব আর বাহির হইও না ॥ ৫ ॥

চন্দ্রাবলীর প্রবেশ।

চন্দ্রাবলী। (উৎকণ্ঠার সহিত চতুর্দ্দিক্ অবলোকন করত) বৃন্দা কি মিথ্যা কথা বলিতেছে, এখানে ত কৃষ্ণ নাই এই বলিয়া দুঃখ প্রকাশ করিতে লাগিলেন।

পদ্মা। (নিকটে গিয়া সংস্কৃত ভাষায়) সখি! তুমি দাবানল সদৃশ বিষম সন্তাপ অন্তঃকরণ হইতে দূর করিতেছ না কেন? কেনই বা ঘন নিশ্বাস দ্বারা বিম্বাধরকে মলিন করিতেছ, হে কল্যাণি! যদুপতি ময়ূরের কেকারব

বনান্তান্ কেকাভিঃ সখি শিখরি কক্ষে মুখরয়ন্

সখীস্থল্যাঃ কল্যাণ্যভজদুপশল্যং যদুপতিঃ ॥

চন্দ্রাবলী। বিলোক্য কধং পিয়সহী পউমা ইতি গাঢ়মালিঙ্গ্য

হলা অবিণাম অক্‌খলিদং ভণিদাসি ॥

পদ্মা। অধ ইং ॥ ৬ ॥

ততঃ প্রবিশতি সুবলেনানুগম্যমানঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সখে পশ্য পশ্য।

অকলিত তাপস্তরণেরস্ত শিরোবীথিভিস্তিরোধানাৎ।

অভজৎ প্রাপ্তবান্। চন্দ্রা কথং প্রিয়সখী পদ্মা। সখী অপি নাম সম্ভাবনায়াং অস্খলিতং ভণিতাসি। পদ্মা অথ কিং ॥ ৬ ॥

তরণেঃ সূর্য্যস্ত।

গোবৰ্দ্ধন মধ্যস্থ বন প্রদেশ শব্দিত করিতে করিতে সখী-স্থলী গ্রামের অর্থাৎ তোমার নিবাস স্থলের সমীপবর্ত্তি হইয়াছেন ॥

চন্দ্রাবলী। (অবলোকন করিয়া) এ কে প্রিয়সখী পদ্মা। (এই বলিয়া দৃঢ় আলিঙ্গন করত) সখি! এ কি সত্য বলিতেছ? ॥

পদ্মা। সত্য বই কি! ॥ ৬ ॥

(সুবলের সহিত শ্রীকৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। সখে! দেখ দেখ। সূর্য্যের অনুষ্ণতাপ ক্রমশঃ অস্তাচল শিখরশ্রেণীতে তিরোধান হেতু প্রদোষ কাল অস্ফুট তিমির বিস্তার পূর্ব্বক সন্তোষ প্রদান করিতে

অস্ফুট তিমির বিজৃম্ভঃ প্রথয়তি তোষং নিশারম্ভঃ ॥

সুবলঃ। বঅস্স অজ্জ গোদোহণং বি অণবেক্খিঅ সলালসো বিঅ কিত্তি এত্থ লদ্ধোসি ॥ ৭ ॥

কৃষ্ণঃ। সখে ময়ূরং বর্ণয়তা কেনচিৎ প্রিয়াং চন্দ্রাবলীং স্মারিতোঽস্মি তত স্তদবিলোকনায় লালসেয়ং ॥

সুবলঃ। কেরিসং মোর বণ্ণণং।

কৃষ্ণঃ। উন্মদেন পূরতঃ শিখণ্ডিনা
তাণ্ডবে পৃথুনি মণ্ডলীকৃতাং।
পশ্য নিন্দিত মহেন্দ্র কার্ম্মুকাঃ
কৃষ্ণচন্দ্র চলচন্দ্রকাবলীং ॥

সুবল বয়স্য অদ্য গোদোহনমপি অনপেক্ষ্য সলালস ইব কিমত্র লদ্ধোসি ॥৭

সুবল কীদৃশং ময়ূর বর্ণনং। চলচন্দ্রকাবলীং চলানাং চন্দ্রকানামাবলীং

লাগিল ॥

সুবল। বয়স্য! অদ্য গোদোহন উপেক্ষা করিয়া লালসান্বিতের ন্যায় এখানে আসিলে কেন? ॥ ৭ ॥

কৃষ্ণ। সখে! কোন ব্যক্তি ময়ূর বর্ণনা করিয়া আমার প্রিয়া চন্দ্রাবলীকে স্মরণ করাইয়াছে, অতএব তাঁহাকে দেখিবার জন্যই আমার এই লালসা ॥

সুবল। ময়ূর বর্ণন কি প্রকার ॥

কৃষ্ণ। সখে! কোন ব্যক্তি কহিল হে কৃষ্ণচন্দ্র! ময়ূর উন্মত্ত হইয়া অগ্রে বিপুল নৃত্য বিস্তার করায় উহার ইন্দ্রধনু বিনিন্দিত চঞ্চল চন্দ্রকাবলী অবলোকন কর ॥

সুবলঃ। তদো আঅড্ঢণং বংশীকলং উল্লাসেহি।

কৃষ্ণঃ। বক্তে বেণুং বিন্যস্যতি।

চন্দ্রাবলী। নিশম্য সঘূর্ণং ॥ ৮ ॥

সব্বদা সুব্বন্তীবি অসুদ অরী
বিঅ বিম্হাবেদি দুম্মুহী মুরলী ॥

কৃষ্ণঃ। সখে সুবল অদ্য চন্দ্রাবলী
প্রসাদে ত্বয়া মমানুকূলেন ভবিতব্যং ॥

সুবলঃ। অধ ইং।

পদ্মা। হলা পেক্খ এসো বেণু সণ্ণাএ তুমং তুবরাবেদি

পঙ্ক্তিঃ। ততঃ আকর্ষণং বংশীকলমুল্লাসয় ॥ ৮ ॥

সর্ব্বদা শ্রূয়মানাপি অশ্রুতচরীব বিস্মাপয়তি দুর্ম্মুখী মুরলী। সুবল অথ কিং।

পদ্মা হলা পশ্য এষ বেণু সংজ্ঞয়া তাং ত্বরয়তি গোকুলেন্দ্রনন্দনঃ। লঘু

সুবল। তবে আকর্ষণকারি বংশীরব উল্লাস কর।

কৃষ্ণ। বদনে বেণু অর্পণ করিলেন।

চন্দ্রাবলী। (শ্রবণ করিয়া ঘূর্ণার সহিত) ॥ ৮ ॥

দুর্ম্মুখী মুরলী সর্ব্বদা শ্রুত হইলেও অশ্রুত পূর্ব্বার ন্যায় আমাকে বিস্মিত করিতেছে ॥

কৃষ্ণ। সখে সুবল! অদ্য চন্দ্রাবলীর প্রসন্নতা বিষয়ে তোমাকে আমার সম্বন্ধে অনুকূল হইতে হইবে ॥

সুবল। তাহাই হইবে ॥

পদ্মা। এই দেখ গোকুলেন্দ্রনন্দন বেণুর সঙ্কেতে তোমাকে

গোউলেন্দণন্দণো ॥

চন্দ্রাবলী। বিলোক্য সংস্কৃতেন।

সখি মুরলি বিশালছিদ্র জালেন পূর্ণা

লঘুরতি কঠিনাত্মা গ্রন্থিলা নীরসাসি।

তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দ সান্দ্রং

হরিকর পরিরম্ভং কেন পুণ্যোদয়েন ॥ ৯ ॥

কৃষ্ণঃ। পুরো দৃষ্ট্বা সানন্দং। স্বয়ং মম লোচনেন্দীবর চন্দ্রিকা

চন্দ্রাবলী ইতি সাদরমুপেত্য প্রিয়ে।

চন্দ্রস্তব মুখবিম্বং চন্দ্রা নখরাণি কুণ্ডলে চন্দ্রৌ।

লাঘববতী ॥ ৯ ॥

ত্বরান্বিত করিতেছেন ॥

চন্দ্রাবলী। (অবলোকন করিয়া সংস্কৃত ভাষায়) সখি মুরলি! তুমি ত ছিদ্র জালে পরিপূর্ণ, লঘু, অতিশয় কঠিন, গ্রন্থিযুক্ত এবং রসহীনা, তথাপি কোন্ পুণ্যের প্রভাবে নিরন্তর হরিকরের আলিঙ্গন ও তদীয় অধর-বিম্বের চুম্বন সুখ প্রাপ্ত হইতেছে? ॥ ৯ ॥

কৃষ্ণ। (অগ্রে দৃষ্টিপাত পূর্ব্বক আনন্দের সহিত) এই যে আমার নয়নেন্দীবরের চন্দ্রিকা স্বরূপ চন্দ্রাবলী স্বয়ং আসিয়া উপস্থিত হইলেন।

(এই বলিয়া আদর পূর্ব্বক নিকটে গমন করত)

প্রিয়ে! তোমার মুখ মণ্ডল, নখ শ্রেণী, কুণ্ডলদ্বয় এবং ললাট, এ সকলই চন্দ্র স্বরূপ, অতএব যথার্থই তোমার

নব চন্দ্রস্তু ললাটং সত্যং চন্দ্রাবলী ত্বমসি ।

চন্দ্রাবলী। লজ্জতে।

কৃষ্ণঃ। প্রিয়ে দুষ্টদানব দমনাভিনিবেশাৎ ত্বন্মুখচন্দ্র মপ্রেক্ষ্যমাণস্য যাতযামা ভবন্তি মমামূর্যামিন্যঃ ॥ ১০ ॥

চন্দ্রাবলী। সুন্দর ভমরস্‌স বিঅ ণব ণবাণুসারিণী দে পইদী কধং চিরাসঙ্গ নিরসাসু পউমিণীসু অহিরমদু ॥ ১১ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে চন্দ্রাবলি প্রতিপদালোকে ত্বং সর্ব্বেষাং নব

যাতো যামো যাসাং তা যাতযামাঃ তথা ভবন্ত্যোপি ন তথা ভবন্তি। গচ্ছন্ত্যোপি যামিন্যো দুঃখেন ন গচ্ছন্তীত্যর্থঃ ॥ ১০ ॥

চন্দ্রা ভ্রমরস্যেব নব নবানুসারিণী তে প্রকৃতিঃ। কথঞ্চিরাসঙ্গিনী রসাসু পদ্মিনীষু অভিরমতাং ॥ ১১ ॥

প্রতিপদি তিথৌ আলোকে প্রতিক্ষণালোকেচ। পদ্মা প্রিয়সখী বিরহেণ

নাম চন্দ্রাবলী ॥

চন্দ্রাবলী। লজ্জিতা হইলেন।

কৃষ্ণ। প্রিয়ে! দুষ্ট দানব দমন করিতে করিতে রজনী সকল অতিবাহিত হইলেও তোমার বদন চন্দ্র দেখিতে না পাওয়ায় আমার দুঃখের রজনী অতিবাহিত হয় নাই এ যাবৎ অযাত যাম অর্থাৎ নূতন হইয়াই রহিয়াছে ॥১০

চন্দ্রাবলী। সুন্দর! তোমার প্রকৃতি ভ্রমরের ন্যায় নব নবানুসারিণী, কেন চিরভুক্তা নীরস পদ্মিনী সকলে রমণ করিবে ॥ ১১ ॥

কৃষ্ণ। প্রিয়ে চন্দ্রাবলি! তোমাকে যখন দেখি তখনই তুমি

নবাসি তদদ্য নির্ব্বাপয় বিরহোত্তাপং পরিষ্বঙ্গ রসেন।

পদ্মা। পিঅসহী বিরহেণ কুদো তুম্হ তাবুপ্পত্তী।

সুবলঃ। অই মা কৃখু এব্বং ভণ। এসো চন্দাঅলী বিরহেণ সন্তত্তো সীদলাএ জলধারাএ কচ্ছে দেহং নিক্‌খিবিঅ সতিণ্‌হো চওরো বিঅ ণং জ্জেবব চন্দাঅলিঅং সব্বদো পচ্ছই বয়স্‌সো॥ ১২॥

কৃষ্ণঃ। প্রিয়ে শ্রূয়তাং।

বিপিনান্তরে মিলন্তী মধুরসা শীতল স্পর্শা।

কুতস্তব তাপোৎপত্তিঃ।

সুবল মা খলু এবম্ভণ। এষঃ চন্দ্রাবলীবিরহেণ সন্তপ্তঃ শীতলায়া জলধারায়াঃ কচ্ছে নিকটে দেহং নিক্ষিপ্য সতৃষ্ণশ্চকোর ইব এনাং এব চন্দ্রাবলীং সর্ব্বতঃ পশ্যতি বয়স্যঃ॥ ১২॥

পক্ষে মধুরঃ শৃঙ্গারঃ অন্যৎ স্পষ্টং। চন্দ্রা গচ্ছ রাধামেব সেবস্ব। জাতং

নূতন অতএব আইস, আমাকে আলিঙ্গন করিয়া আমার চিরবিরহ সন্তাপ নির্ব্বাপণ কর॥

পদ্মা। প্রিয়সখীর বিরহে তোমার তাপোৎপত্তি কেন হইল।

সুবল। অয়ি পদ্মে! এ কথা বলিও না, এই বয়স্য চন্দ্রাবলীর বিরহে সন্তপ্ত হইয়া শীতল জল ধারার সমীপে দেহ নিক্ষেপ পূর্ব্বক সতৃষ্ণ চকোরের ন্যায় সর্ব্বতোভাবে এই চন্দ্রাবলীকে নিরীক্ষণ করিয়া থাকেন॥ ১২॥

কৃষ্ণ। প্রিয়ে! শ্রবণ কর।

আমি তোমার বিরহে অত্যন্ত অবসন্ন হইতেছিলাম,

অমৃতময়ী ত্বদ্বিরহে সমজনি মম তাপনুত্তয়ে রাধা ॥

ইতি সসম্ভ্রমং ধারা ধারা ॥

চন্দ্রাবলী। সাভ্যসূয়ং গচ্ছেহি রাহিঅং জ্জেব্ব সেবেহি ॥

কৃষ্ণঃ। প্রিয়ে ধারেত্যবদং ॥

চন্দ্রাবলী। জাদং কথং দোণ্ণং বণ্ণাণং বিবরীদত্তণং।

কৃষ্ণঃ। প্রিয়ে দ্বয়োর্বর্ণয়োঃ কর্ণয়োর্বা বিপরীতত্বমিত্যস্মিন্নাস্তি বিচারঃ ॥

চন্দ্রাবলী। রোষারুণং মুখমানময্য। অই দাণসোণ্ড অলং

কথং দ্বয়োর্বর্ণয়ো র্বিপরীতত্বং। অস্তি বিচার ইতি। বর্ণয়ো বৈপরীত্যেন ত্বয়া রাধেতি শ্রুতমিত্যর্থঃ ॥

অয়ি দানশৌণ্ড দানবীর অলং এতয়া অবহিথয়া অদ্য আত্মনো মনো

অকস্মাৎ বনমধ্যে মধুর রসশালিনী, শীতল স্পর্শা, অমৃতময়ী রাধা মিলিত হইয়া তদ্বিরহ জনিত তাপ সমুদায় হরণ করিয়া লইলেন। (এই বলিয়া সভয়ে ধারা ধারা উচ্চারণ করিতে লাগিলেন) ॥

চন্দ্রাবলী। (কৃষ্ণের মুখে রাধা নাম শ্রবণ করিয়া অসূয়ার সহিত) যাও রাধাকে গিয়াই সেবা কর ॥

কৃষ্ণ। প্রিয়ে! আমি ধারা বলিয়াছি।

চন্দ্রাবলী। কি করিয়া বর্ণদ্বয়ের বৈপরীত্য হইল।

কৃষ্ণ। প্রিয়ে! বর্ণদ্বয়ের হউক বা কর্ণদ্বয়েরই হউক বিপরীত ঘটিয়াছে, ইহাতে কোন বিচার নাই ॥

চন্দ্রাবলী। (ক্রোধে রক্তবর্ণ মুখ অবনত করিয়া) অহে দান-

এদাএ অবহিথাএ অজ্জ অপ্পণো মণহারিণো সুবণ্ণ জুঅ-
লস্স বিণ্ণাসাদো সাহু মাহুরী পূরিদ কণ্ণম্হি কিদা ॥ ১৩ ॥

কৃষ্ণঃ। যথার্থেয়ং বাণী তব চকিতসারঙ্গনয়নে
সুবর্ণালঙ্কারো মধুরয়তি যত্তে শ্রুতিযুগং।
মুখেন্দোরন্তস্তে বহিরপি সুবর্ণচ্যুতিরিয়ং
মম শ্রোত্রদ্বন্দ্বং নয়নযুগলঞ্চাকুলয়তি ॥ ১৪ ॥

হারিণঃ সুবর্ণ যুগলস্য বিন্যাসাৎ সাধু মাধুরীপূরিতকর্ণাস্মি কৃতা। সুবর্ণযুগলস্য স্বর্ণময় কুণ্ডল যুগলস্য রাধে সুষ্ঠু বর্ণ যুগলস্যচ আত্মনো মনোহরস্য মাধুরী পরিতেতি বিরুদ্ধ লক্ষণয়া ॥ ১৩ ॥

হে চকিত সারঙ্গ নয়নে হে ভীত মৃগনয়নে সুবর্ণালঙ্কার স্তব শ্রুতি যুগলো তিষ্ঠত্যেব। সুবর্ণচ্যুতিস্তু মামাকুলয়তি। সাতু মুখেন্দো রন্তর্মধ্যাৎ মম শ্রুতি যুগলং। অত্র সুবর্ণ শব্দঃ সোৎকণ্ঠাক্ষরবাচী। মুখেন্দো বহিশ্চ গণ্ডদেশাদৌ অত্র সুবর্ণ শব্দঃ সুকান্তি বাচী ॥ ১৪ ॥

বীর! আর অবহিথা প্রকাশ করিও না, আজ স্বীয় মনো-
হারি সুবর্ণ যুগলের বিন্যাস হেতু উৎকৃষ্ট মধুরিমায়
আমার কর্ণ পরিপূর্ণ হইয়াছে আর্থাৎ বিরুদ্ধ লক্ষণায় রাধে
এই সুন্দর দুইটী বর্ণে আমার কর্ণদ্বয় জ্বলিতেছে ॥ ১৩ ॥

কৃষ্ণ। হে চকিত মৃগনয়নে! সুবর্ণালঙ্কার তোমার কর্ণ যুগ-
লকে যে মাধুর্য্যশালি করিয়াছে একথা সত্য, কেন না
ত্বদীয় মুখচন্দ্রের অন্তর এবং বাহির হইতে সুবর্ণ ক্ষরণ
হইয়া অর্থাৎ মুখ মধ্য হইতে সুন্দর অক্ষর এবং মুখচন্দ্রের
বাহির গণ্ডস্থলাদিতে সুষ্ঠ কান্তি প্রকাশ হইয়া আমার
কর্ণ যুগল ও নয়নযুগল আকুল করিতেছে ॥ ১৪ ॥

পদ্মা। হলা অপ্পণো দিট্ঠিং সুমরন্তী মা খিজ্জেহি। জুত্তা রাহাণুরত্তস্স ইমস্স রাহাণামমঈ সংকধা।

চন্দ্রাবলী। নিশ্বস্য সহি পউমে এব্বং ণ্নেদং॥

কৃষ্ণঃ। প্রিয়ে বাঢ়মাশঙ্কনীয়মেবেদং। যতঃ॥ ১৫॥

তস্য ষোড়শ কলস্য ষোড়শী
বল্লভা স্ফুরতি যা নভস্থলে।
রাধয়া সুবদনে কথং তয়া

পদ্মা সখি আত্মনো দিষ্টং স্মরন্তী মা খিদ্যস্ব। যুক্তা রাধানুরক্তস্যাস্য রাধানামময়ী সংকথা। চন্দ্রা নিশ্বস্য সখি পদ্মে এবমেতৎ॥ ১৫॥

ষোড়শকলস্য চন্দ্রস্য ষোড়শী রাধা বিশাখেতি আকাশস্থয়া তয়া সঙ্গতি র্ভুবি স্থিতস্য মম কথং সংভবেদিত্যাদিনা সৈব একা ময়া জ্ঞায়তে অন্যাকারা অস্তীতি ভাবঃ। চতুঃষষ্টি কলা শালিন স্তে ন খলু সাপি ষোড়শ কলবল্লভা দুর্ল্লভা॥ ১৬॥

পদ্মা। সখি! আপনার অদিষ্ট স্মরণ করিয়া খেদ হইতে ক্ষান্ত হও, রাধানুরক্ত কৃষ্ণের রাধানাম কীর্ত্তন করাই উপযুক্ত॥

চন্দ্রাবলী। (নিশ্বাস পরিত্যাগ করিয়া) সখি পদ্মে! এই প্রকারই বটে।

কৃষ্ণ। প্রিয়ে! নিশ্চয় জানিও কখনই এ তোমার শঙ্কার কারণ নহে॥ ১৫॥

যে হেতু ষোড়শ কল চন্দ্রের রাধানামে ষোড়শী প্রিয়া আকাশ মণ্ডলে প্রকাশ পাইতেছে, হে সুবদনে! পৃথিবীতে সেই রাধার সহিত কি রূপে আজ আমার সঙ্গতি

সঙ্গতি ভুবি মমাদ্য সংভবেৎ ॥

পদ্মা। চউস্‌সট্‌ঠি কলা সালিণো দে ণ কখু সা বি সোলহ কলবল্লহা দুল্লহা ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। স প্রশ্রয়ং পদ্মামবলোক্য।

চন্দ্রাবলী বদন পুষ্করসঙ্গিগণ্ড
চন্দ্রাবলীকতরতর্ক কলঙ্কিতাঙ্গৌ।
শঙ্কাকুলোঽত্র কলয়ন্ কমলায়তাক্ষি
শঙ্কাকু লোল হৃদয়ঃ প্রবিশামি নাহং ॥

চন্দ্রাবলী। সব্যাজ প্রসাদং ॥ ১৭ ॥

চন্দ্রাবলী বদনমেব পুষ্করমাকাশং তৎ সঙ্গিনৌ গণ্ড চন্দ্রৌ কলয়ন্ পশ্যন্ শং কল্যাণং ন প্রবিশামি ন উপালভে। কীদৃশৌ অলীক তর্কেণ কলঙ্কিত মঙ্গং যয়োঃ অহং কীদৃশঃ অত্র শঙ্কাকুলঃ পুনঃ কীদৃশঃ কাকুলোল হৃদয়ঃ কাক্বা লোলং হৃদয়ং যস্য সঃ। ১৭ ॥

হইবে ॥

পদ্মা! চতুঃষষ্টি কলাশালি তোমার সম্বন্ধে ষোড়শ কল (চন্দ্র) বল্লভাও দুর্ল্লভা নহেন ॥ ১৬ ॥

কৃষ্ণ। (প্রণয়ের সহিত পদ্মাকে অবলোকন করিয়া) হে বিকসিত পদ্মনেত্রে পদ্মে! চন্দ্রাবলীর বদনাকাশে উদিত অলীক তর্কে কলঙ্কিত গণ্ডরূপ চন্দ্রদ্বয়কে অবলোকন করিয়া শঙ্কাকুল ও কাকুবচনে চঞ্চল হৃদয় হইয়াছি কোন ক্রমেই কল্যাণ লাভ করিতে পারিতেছি না ॥ ১৭

দেঅ ণং কৃখু গোউল জণ জীঅণভূদস্‌স দে সর্ব্ব সুহ আরিদা গুণং কা হদ বুদ্ধিআ ণ সহদি তা ণিপ্‌ফলেণ সঙ্কোএণ মা সাদঙ্কো হোহি ॥

কৃষ্ণঃ। স্বগতং। গরিষ্ঠামপি মন্যুমুদ্রাং ধীরেয়ং মুখ মাধুর্য্যেণ নিহ্নুতে। প্রকাশং। প্রিয়ে কৃতমনেন গৌরব বিষোদ্গারেণ রোষোক্তি মাধ্বীকমেব বরং বরিষ্ঠং ॥ ১৮ ॥

চন্দ্রাবলী। গোউলানন্দ তুহ্ম পুরদো মুহং দংসিদুং ণ পহ-

দেব নূনং খলু গোকুল জন জীবন ভূতস্য তব সর্ব্ব সুখকারিতা গুণং কা হতবুদ্ধি র্ন সহতে। তন্নিষ্ফলেন সঙ্কুচেন মা সাতঙ্কো ভব ॥ ১৮ ॥

চন্দ্রা গোকুলানন্দ তব পুরতঃ মুখং দর্শয়িতুং ন প্রভবামি যৎ প্রগল্‌ভং

চন্দ্রাবলী। (কপট প্রসন্নতার সহিত) হে দেব! তুমি গোকুল বাসি জন সকলের জীবন স্বরূপ, তোমার সর্ব্ব সুখ কারিতা গুণ কোন্ হত বুদ্ধি স্ত্রী সহ্য না করিয়া থাকে, অতএব বিফল সঙ্কোচে শঙ্কান্বিত হইও না ॥

কৃষ্ণ। (মনে মনে) এই চন্দ্রাবলী ধীরা, সুতরাং মুখ মাধুর্য্য দ্বারা গুরুতর ক্রোধ মুদ্রাকেও গোপন করিতেছে ॥

(প্রকাশ করিয়া) প্রিয়ে! আর আদর রূপ বিষোদ্গারের প্রয়োজন নাই, বরং ইহা অপেক্ষা আমার প্রতি ক্রোধোক্তিই মধুরতর ॥ ১৮ ॥

চন্দ্রাবলী। গোকুলানন্দ! অনেক বাচালতা করিয়াছি বলিয়া অপরাধী হইয়াছি, সুতরাং আর তোমাকে মুখ

বামি জং পগব্ভং বাহরন্তী অবরুদ্ধম্মি তা ঘরং গমিস্‌সং ॥

কৃষ্ণঃ। সানুনয়ং। প্রিয়ে প্রসীদ প্রসীদ বদ্ধোঽয়মঞ্জলিঃ।

চন্দ্রাবলী। সুহঅ উজ্জুঅং ব্বাহরন্তীং কীস মং অলিঅং সঙ্কসি তা অণুজাণেহি মং ভদ্দআলী দংসণস্‌স ইতি পদ্ময়া সহ নিষ্ক্রান্তা ॥

কৃষ্ণঃ। সখে মহানুভাবামেতাং মচ্চিত্ত মহাকাশ চন্দ্রাবলীং চন্দ্রাবলীমপি বলীয় স্তমঃকন্দলীভিরবস্কন্দিতামালোক্য নিরালোকোঽস্মি ॥ ১৯ ॥

ব্যাহরন্তী অপরাধ্যাস্মি তস্মাৎ গৃহং গমিষ্যামি। সুভগ ঋজুং ব্যাহরন্তীং কস্মান্মাং অলীকং শঙ্কসি। তস্মাদনু জানীহি অনুজ্ঞাপয় ভদ্রকালী দর্শনায়। তমঃ কন্দলী রাহু সমূহঃ ॥ ১৯ ॥

দেখাইতে পারিতেছি না, অতএব আমি গৃহে চলিলাম ॥

কৃষ্ণ। (বিনয়ের সহিত) প্রিয়ে! এই অঞ্জলি বন্ধন করিতেছি, আমার প্রতি প্রসন্ন হও, প্রসন্ন হও ॥

চন্দ্রাবলী। সুন্দর! আমিত সরল কথাই বলিয়াছি, তবে কেন আমার প্রতি অলীক আশঙ্কা করিতেছ, অতএব ভদ্রকালী দর্শনে আমাকে অনুমতি প্রদান কর, এই বলিয়া পদ্মার সহিত গমন করিলেন ॥

কৃষ্ণ। সখে! চন্দ্রশ্রেণী সদৃশী চন্দ্রাবলীকে ক্রোধময় রাহু সমূহে আচ্ছাদন করায় আমার চিত্তাকাশে আর তিনি লক্ষিত হইতেছেন না একারণ আমি চক্ষুতে অন্ধকার দেখিতেছি ॥ ১৯ ॥

সুবলঃ। পিঅবঅস্‌স কিত্তি এবং ভণাসি সা কৃখু অদকৃখিণা ণ দিট্‌ঠা ॥

কৃষ্ণঃ। সখে বাঢ়ং ছুরূহা মহীয়সীনাং প্রকৃতিঃ। তদিদানীং।

ন্যবিশত নয়নান্তে কাপি সারল্য নিষ্ঠা।
বচসিচ বিনয়েন স্তোত্রভঙ্গী ন্যবাৎসীৎ।
অজনিচ ময়ি ভূয়ান্ সম্ভ্রমস্তেন তস্যা
ব্যবৃণুত হৃদি মন্যুং সুষ্ঠু দাক্ষিণ্যমেব।

তদেহি মনোহারিণি তস্মিন্ কেশরকুঞ্জে নিবিশ্য চন্দ্রাবলী

সুবলঃ প্রিয়বয়স্য কিমিতি এবং ভণাসি সা খলু অদক্ষিণা ন দৃষ্টা।

সুবল। প্রিয়বয়স্য! এমন কথা বলিতেছ কেন? আমিত তাঁহার অদাক্ষিণ্য ভাব দেখি নাই, তোমার প্রতি অনুকূলই ত দৃষ্ট হইয়াছে ॥

কৃষ্ণ। সখে! মহদ্দিগের স্বভাব অতিশয় তুর্জ্জেয়। অতএব বলি শ্রবণ কর।

চন্দ্রবলীর নয়ন প্রান্তে কোন সারল্যভাব প্রবেশ করিয়াছে, তাঁহার বিনয় দ্বারা বাক্য সকলে স্তোত্র ভঙ্গী বাস করিছে এবং আমাতে তাঁহার গুরুতর সম্ভ্রম অর্থাৎ ভয় জনিত ত্বরা উৎপন্ন হইয়াছে, অতএব হে সখে! এই সকল কারণে তাঁহার যে সুষ্ঠ দাক্ষিণ্য ভাব দেখা যাইতেছে তদ্দারাই তাঁহার হৃদয়ে ক্রোধভাব অনুভব হইতেছে ॥

তবে আইস সেই মনোহর কেশর কুঞ্জে প্রবেশ করিয়া চন্দ্রাবলীর সঙ্গম বিষয়ক উপায় অবলম্বন করি। (এই

সঙ্গমোপায়মঙ্গীকরোমি। ইতি পরিক্রম্য। সখে সেয়ং বকুলাবলী মঞ্জুলা নিকুঞ্জবীথিঃ ॥

পশ্য পশ্য।

স্ফুরতি সরো দক্ষিণতঃ সব্যে বাপী সমন্ততঃ কুল্যা।

ইতি কেশরাটবীয়ং প্রমদং নীরাধিকা কুরুতে ॥

সুবলঃ। স্বগতং। লদ্ধো মএ ওসরো। প্রকাশং। বঅস্স সা রাহিআ জ্জেব্ব তুহ পমদং কুণই। কিত্তি নীরাহিঅ ত্তি ভণাসি ॥

কেশরাটবী কীদৃশী নীরাধিকা নীরেণ অধিকা। লদ্ধো ময়া অবসরঃ। শব্দার্থস্যান্যথা পরি কল্পনেন রাধিকামিদানীং স্মারয়িষ্যামি ইতি ভাবঃ। বয়স্য সা রাধিকা এব তব প্রমোদং করোতি কিমিতি নীরাধিকে ইতি ভণাসি।

বলিয়া প্রদক্ষিণ করত) সখে ! দেখ দেখ, সেই এই বকুল শ্রেণী সুশোভিত নিকুঞ্জ বীথি।

আহা ! ইহার দক্ষিণ দিকে সরোবর, বামদিকে দীর্ঘিকা এবং সকল দিকেই জলপ্রণালী শোভা প্রকাশ করিতেছে, অতএব হে সখে ! এই নীরাধিকা অর্থাৎ জলময়ী কেশরাটবী আমার আনন্দাতিশয় বিস্তার করিতে লাগিল ॥

সুবল। (মনে মনে) যাহা হউক, আমি অবকাশ পাইলাম অর্থাৎ 'নীরাধিকা' এই শব্দের অন্যার্থ কল্পনা করিয়া ইহাঁকে রাধা নাম স্মরণ করাই (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বয়স্য ! সেই রাধিকাই তোমার প্রমোদ বিস্তার করিয়া থাকেন, তবে কেন নীরাধিকা অর্থাৎ রাধিকা ব্যতিরেকে এ কথা বলিতেছ ? ॥

কৃষ্ণঃ। সুবলমালিঙ্গ্য সখে সত্যং ব্রবীসি। তদদ্য রাধিকা যথেমাং কেশর নিকুঞ্জ লক্ষ্মীমলঙ্করোতি তথা মদ্গিরা সন্দিশ্যতাং ললিতা।

সুবলঃ। জং আণবেদি পিঅবস্‌স ইতি নিষ্ক্রান্তঃ ॥ ২০ ॥

ততঃ প্রবিশতি পদ্মা মধুমঙ্গলশ্চ।

মধুমঙ্গলঃ। পউমে সুদং মএ অজ্জ বঅস্‌সেণ চাডুআরিণা অণুণীদা বি চন্দাঅলী ণ পসণ্ণা।

পদ্মা। অধ ইং।

সুবলঃ যদাজ্ঞাপয়তি প্রিয়বয়স্য ইতি ॥ ২০ ॥

মধু পদ্মে শ্রুতং ময়াদ্য বয়স্যেন চাটুকারিণা অনুনীতাপি চন্দ্রাবলী ন প্রসন্না। পদ্মা অথ কিং।

কৃষ্ণ। (সুবলকে আলিঙ্গন করিয়া) সখে! সত্য বলিতেছ। তবে এখনি আমার কথানুসারে ললিতাকে আদেশ কর যে, যাহাতে শ্রীরাধা আগমন করিয়া কেশরকুঞ্জ অলঙ্কৃত করেন॥

সুবল। যে আজ্ঞা প্রিয়বয়স্য! (এই বলিয়া প্রস্থান) ॥ ২০

(অনন্তর পদ্মা ও মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। পদ্মে! আমি শুনিয়াছি আজ প্রিয়বয়স্য বহু বহু চাটু বাক্য দ্বারা চন্দ্রাবলীকে অনেক অনুনয় করিয়াছেন, তথাপি চন্দ্রাবলী প্রসন্না হন্ নাই॥

পদ্মা। হাঁ সত্য বটে।

মধুমঙ্গলঃ। ণূণং বঅস্‌সো বিসণ্ণং বট্‌ঠই তা জুত্তা দোণং সঙ্গমে অহ্মাণং সহআরিদা।

পদ্মা। অজ্জ অদো জ্জেব্ব তুমং মএ অণু সরিদোহসি ॥ ২১ ॥

মধুমঙ্গলঃ। পুরো দৃষ্ট্বা পউমে পেক্‌খ এসো পিঅবঅস্‌স ছপ্পদমেত্ত সহাও কেশর কুডুঙ্গে কিম্পি মন্তেদি।

পদ্মা। অজ্জ লদা জালেহিং অন্তরিদা ভবিঅ সুণহ্ম কিং এসো ভণাতি। ইতি তথা স্থিতৌ ॥ ২২ ॥

মধু নূনং বয়স্যো বিষণ্ণঃ বর্ত্ততে। তদযুক্তা দ্বয়োঃ সঙ্গমে হস্মাকং সহকারিতা। পদ্মা আর্য্য অতএব ত্বং ময়া অনুস্মৃতোসি ॥ ২১ ॥

পদ্মে পশ্য পশ্য। এষ প্রিয়বয়স্যঃ ষট্‌পদ মাত্র সহায়ঃ কেশর কুঞ্জে কিমপি মন্ত্রয়তে। পদ্মা আর্য্য লতাজালৈ রন্তরিতো ভূত্বা শৃণুঃ কিমেষ ভণতি ॥ ২২ ॥

মধুমঙ্গল। বোধ করি বয়স্যও আজ বিষণ্ণ হইয়া রহিয়াছেন, অতএব ঐ দুই জনের সঙ্গম বিষয়ে আমাদের সহকারিতা করা উপযুক্ত ॥

পদ্মা। আর্য্য! এই নিমিত্তই আমি তোমার নিকট আসিয়াছি ॥ ২১ ॥

মধুমঙ্গল। (অগ্রে দৃষ্টিপাত করিয়া) পদ্মে! এই দেখ প্রিয় বয়স্য ভ্রমর মাত্র সহায় করিয়া কেশরকুঞ্জে কি মন্ত্রণা করিতেছেন ॥

পদ্মা। আর্য্য! লতাজালে লুক্কায়িত হইয়া ইনি কি বলিতে ছেন শুনিব। (এই বলিয়া দুইজনে তদ্রূপ অবস্থিত হইলেন) ॥ ২২ ॥

কৃষ্ণঃ। রাধাং স্মরন্ সোৎকণ্ঠং।

প্রসরতি যদ্ভ্রূচাপে শ্লথজ্যমকরোৎ
স্মরো ধনুঃ পৌষ্পং। মধুরিম মণি
মঞ্জুসা ভূষায়ৈ মে প্রিয়া সাহস্তু ॥

মধুমঙ্গলঃ। পউমে এসো উক্কণ্ঠাএ তুজ্ঝ পিঅসহীং চ্চেঅ বণ্ণেদি। তা এহি তুরিঅং গদুঅ ণং সমাণেহ্ম ॥

যস্যা ভ্রূচাপে প্রসরতি সতি পৌষ্পং ধনুঃ শ্লথজ্য মকরোৎ শ্লথা জ্যাযত্র তথা ভূতং। এতদ্ভ্রুবো রগ্রে মম সজ্যেন ধনুষা কিং কার্য্যমিত্যর্থঃ। মধুরিম্নাং মণীনাং মঞ্জুষা পেটিকা। সা প্রিয়েতি রাধিকেতি কৃষ্ণহৃদয়ং। চন্দ্রাবলীতি পদ্মা মধু মঙ্গলয়োঃ। মধু পদ্মে এষ উৎকণ্ঠয়া তব সখীমেব বর্ণয়তি। তদেহি ত্বরিতং গত্বা এনাং সমানয়াবঃ।

কৃষ্ণ। (শ্রীরাধাকে স্মরণ করিয়া উৎকণ্ঠার সহিত) আহা! যাঁহার ভ্রূধনু বিস্তার হইলে কন্দর্প আপনার পুষ্পধনুর গুণ শিথিল করিয়া থাকেন, অর্থাৎ প্রিয়ার বিস্তৃত ভ্রূধনু অবলোকন করিয়া কন্দর্প জগন্মোহন নিমিত্ত বাণ নিক্ষেপ বৃথা বোধ করিয়া আর আপনার পুষ্পধনুতে জ্যারোপণ করেণ না, সেই মাধুর্য্য শালি মণিসমূহের পেটিকা স্বরূপ প্রিয়া আমার ভুষণের নিমিত্ত হউন ॥

মধুমঙ্গল। পদ্মে! ইনি উৎকণ্ঠা সহকারে তোমার প্রিয় সখীকেই বর্ণন করিতেছেন, তবে আইস শীঘ্র গিয়া চন্দ্রাবলীকে আনয়ন করি ॥

পদ্মা। অজ্জ সুট্‌ঠু ণিট্‌ঠঙ্কিদং সুণহ্ম জং বহুবল্লহো এসো ॥২৩

কৃষ্ণঃ। পুনঃ সৌৎসুক্যং ॥

সা মুখসুষমা নির্জিত রাকাচন্দ্রাবলী লসন্মধ্যা।

ইত্যর্দ্ধোক্তে ॥ ২৪ ॥

মধুমঙ্গলঃ। পউমে অলং ইমাদো পরেণ সুদেণ তুণ্ণং গচ্ছেহ্ম ॥

পদ্মা আর্য্য সুষ্ঠু নিষ্টঙ্কিতং শৃণুবঃ যদ্বহুবল্লভ এষঃ ॥ ২৩ ॥

সা মুখস্য সুষমা পরম শোভা নির্জিত রাকা চন্দ্রা নিঃশেষেণ জিতো রাকায়াঃ পৌর্ণমাস্যা শ্চন্দ্রো যয়া বলীভির্লসন্মধ্যং যস্যাঃ রাধিকামধিকৃত্য কৃষ্ণস্য বর্ণন মিদং এতাভ্যামন্যথা জ্ঞাতং। সা চন্দ্রাবলী কীদৃশী মুখ সুষমা নির্জিতা রাকা ॥ ২৪ ॥

মধু পদ্মে অলমিতঃ পরেণ শ্রুতেন তূর্ণং গচ্ছাবঃ। পদ্মা যুক্তং কথয়সি।

পদ্মা। আর্য্য ! আগে নিশ্চয় রূপে শুনা যাউক, ইনি কাহার নিমিত্ত উৎকণ্ঠিত হইয়াছেন, যেহেতু ইনি বহুবল্লভ ॥ ২৩

কৃষ্ণ। (পুনরায় উৎকণ্ঠার সহিত) আহা ! যনি স্বীয় মুখ মাধুর্য্য দ্বারা পূর্ণচন্দ্রকেও ঘৃণা বোধ করাইতেছেন এবং যাঁহার মধ্যদেশ ত্রিবলীরেখায় সুশোভিত ॥

তাৎপর্য্য। শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে উপলক্ষ করিয়া বর্ণন করিলেন, কিন্তু পদ্মা ও মধুমঙ্গলের বোধ হইল শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীকে বর্ণন করিতেছেন, তাহার অর্থান্তর এইযে, আহা ! চন্দ্রাবলীর কি আশ্চর্য্য মুখশোভা যদ্দ্বারা রাকা অর্থাৎ পূর্ণিমার শোভা তিরস্কৃত হইতেছে ॥

এই অর্দ্ধোক্তিতে ॥ ২৪ ॥

মধুমঙ্গল। পদ্মে ! ইহার পর আর শ্রবণের প্রয়োজন নাই,

পদ্মা। জুত্তং কধেসি ইত্যুভৌ জবেন দূরং পরিক্রামতঃ।

কৃষ্ণঃ। মুহু রাধাস্মৃতি রাধা মত্তুরসি রসিকা কিমাত্মানং ॥২৫

পদ্মা। অজ্জ এব্বং ভণামি মাণিণীএ পিঅসহীএ সঅং সমা-
অমেণ লাহবং হোদি তা পরাবট্টীঅ কহ্লং বেণ্ণবেহি ॥

মধুমঙ্গলঃ। সোহণং মন্তেসি। ইতি কৃষ্ণান্তিকমাসাদ্য পিঅবঅস্স পচ্ছণ্ণেণ ভবিঅ সব্বং দে আঅণ্ণিদং মএ

চন্দ্রাবলীতি নাম গৃহীত্বা বর্ণয়তি কোঽত্র সন্দেহ ইতি ভাবঃ। যস্যা সুখ সুষমা তথা ভূতা বর্ণিত লক্ষণা সা রাধা মত্তুরসি কিং আত্মানং ধাস্যতি ইদ মুত্তরার্দ্ধং দূরগমনেন এতাভ্যাং ন শ্রুতং ॥ ২৫ ॥

পদ্মা আর্য্য এবং ভণামি। মানিন্যাঃ প্রিয়সখ্যাঃ স্বয়ং সমাগমনেন লাঘবং ভবতি তৎপরাবর্ত্ত্য কৃষ্ণং বিজ্ঞাপয়। মধু শোভনং মন্ত্রয়সি। প্রিয়বয়স্য

শীঘ্র আমরা গমন করি ॥

পদ্মা। ভাল বলিয়াছ। (এই বলিয়া তুই জনে কতক দূর
গমন করিলে)।

কৃষ্ণ। সেই রসিকা শ্রীরাধা পুনরায় কি আমার বক্ষে স্বীয়
শরীর সংস্থাপন করিবেন ! ॥ ২৫ ॥

পদ্মা ! আর্য্য ! এই বলি, আমার প্রিয়সখী মানিনী, তাঁহার
স্বয়ং আসা উপযুক্ত নয়, তাহাতে তাঁহার লঘুতা প্রকাশ
হইবে অতএব ফিরিয়া গিয়া কৃষ্ণকে জানান যাউক ॥

মধুমঙ্গল। ভাল মন্ত্রণা করিয়াছ। (এই বলিয়া কৃষ্ণের
নিকট গমন পূর্ব্বক) প্রিয়বয়স্য ! আমি প্রচ্ছন্ন ভাবে
থাকিয়া তোমার উৎকণ্ঠা বাক্য শুনিয়াছি, অতএব অনু-

উক্কণ্ঠা বঅণং তা আণবেহি তং জ্জেব্ব তুজ্ঝ বল্লহং তুরিঅং সমাণেমি।

কৃষ্ণঃ। সশ্লাঘমালিঙ্গ্য সখে মদনুগ্রহেণ শীঘ্রমানয়॥

মধুমঙ্গলঃ। পরিক্রম্য পদ্ময়া সহ নিষ্ক্রান্তঃ।

কৃষ্ণঃ। অহো পরমোৎকটানাং প্রেম্নামুৎকণ্ঠাকারিত্বং।

ভ্রমরেপি গুঞ্জতি নিকুঞ্জকোটরে
মনুতে মনস্তু মণিনূপুরধ্বনিং।
অনিলেন চঞ্চতি তৃণাঞ্চলেপি
তাং পুরতঃ প্রিয়ামুপগতাং বিশঙ্কতে।

প্রচ্ছন্নেন ভূত্বা সর্ব্বং তে আকর্ণিতং ময়া উৎকণ্ঠা বচনং তদাজ্ঞাপয় তামেব তব বল্লভাং ত্বরিতং সমানয়ামি। তামেব বল্লভাং রাধামিত্যবগম্য কৃষ্ণ আহ সখে ইতি।

মতি কর, শীঘ্র তোমার সেই বল্লভা শ্রীরাধাকে আনয়ন করি॥

কৃষ্ণ। (প্রশংসার সহিত আলিঙ্গন করিয়া) সখে! আমার প্রতি অনুগ্রহ করিয়া শীঘ্র তাঁহাকে আনয়ন কর॥

মধুমঙ্গল। (প্রতি নিবর্ত্ত হইয়া) পদ্মার সহিত গমন করিলেন।

কৃষ্ণ। অহো! পরম উৎকট প্রেমের কি উৎকণ্ঠাকরিতা। কি আশ্চর্য্য! নিকুঞ্জ কুটীরে ভ্রমর গুঞ্জন রব করিলে মনে লয় যেন প্রিয়ার নূপুর ধ্বনি হইতেছে এবং বায়ু প্রবাহে তৃণাগ্র বিচলিত হইলে অন্তঃকরণে আশঙ্কা হয় যেন প্রিয়া অগ্রে আসিয়া উপস্থিত হইলেন॥

ততঃ প্রবিশতি পদ্মা মধুমঙ্গলাভ্যাং সঙ্গতা চন্দ্রাবলী।

চন্দ্রাবলী। হলা পউমে কিং এসো বউলকুড়ঙ্গো দীসই॥

পদ্মা। অধ ইং। তা তূর্ণং এহি ইতি পরিক্রামন্তি॥

কৃষ্ণঃ। নূপুর ধ্বনিমাকর্ণ্য হন্ত ভূরিশো ভ্রমিতোঽস্মি ভ্রমরী ঝঙ্কারৈ স্তদলং বৃথা প্রত্যুদ্গম সংভ্রমেণ ইত্যুদ্বেগং নাটয়ন্।

পুরঃ ফলায়ামাশায়াং জনঃ কামং বিদূয়তে।

চন্দ্রা সখি এষ বকুল কুঞ্জো দৃশ্যতে।

পদ্মা অথ কিং। তত্তূর্ণমেহীতি। পুরো অগ্রে নিকটমেব ফলং যস্যা স্তথা ভূতায়ামাশায়াং সত্যাং।

(অনন্তর পদ্মা ও মধুমঙ্গলের সহিত মিলিত হইয়া চন্দ্রাবলীর প্রবেশ)

চন্দ্রাবলী। সখি পদ্মে! অগ্রে কি এই বকুল কুঞ্জ দেখা যাইতেছে॥

পদ্মা। তাইত বটে, তবে শীঘ্র আইস। এই বলিয়া যাইতে লাগিলেন॥

কৃষ্ণ। (নূপুর ধ্বনি শ্রবণ করিয়া) হায়! ভ্রমরীর ধ্বনি সমূহে আমি অনেকবার ঘূর্ণিত হইলাম, আর অভ্যর্থনা সম্ভ্রমের প্রয়োজন নাই। (এই বলিয়া উদ্বেগ প্রকাশ করত)।

চাতক আসন্ন মেঘ দেখিয়া যেমন দ্বিগুণতর শব্দ করে তাহার ন্যায় সম্মুখে আশা ফল উপস্থিত হইলে লোকে

আসন্নেহি ঘনারম্ভে দ্বিগুণং রৌতি চাতকঃ।
পুনরুৎকর্ণো ভবন্ কথমভ্যর্ণে ভূষণসিঞ্জিতং শ্রূয়তে ইতি উদ্‌গ্রীবিকাং দত্বা সসম্ভ্রমং। সত্যমসৌ মিলিতা মে প্রেয়সীতি তরসা চন্দ্রাবলীপার্শ্বমাগত্য। হৃদ্‌ভৃঙ্গ অঙ্গম লতা মঙ্গলভারাধিকা ময়োন্মুদিতা। ইত্যর্দ্ধোক্তে॥

চন্দ্রাবলী। সের্ষং মধুমঙ্গলমালোকতে।

মধুমঙ্গলঃ। সহি চন্দাঅলি মঙ্গল ভারেণ অধিআসি ত্তি পিঅবঅস্‌সো তুমং বণ্ণেদি।

মঙ্গলাভা কান্তির্যস্যাঃ সা রাধিকা উৎকর্ষেণাধিক্যেন মুদিতা আনন্দিতা। ময়া উপলব্ধেত্যাদিকমুত্তরার্দ্ধং বর্ণয়িতব্যত্বেন যাবন্মনসি ভাবিতমাস্তে তাবচ্চন্দ্রাবলী মঙ্গল ভারেণ অধিকাসি ইতি প্রিয়বয়স্য ত্বাং বর্ণয়তি।

আগ্রহাতিশয় প্রকাশ করিয়া থাকে।
(পুনরায় কর্ণ ঊর্দ্ধদিকে করিয়া) একি! সম্মুখেই যে আবার ভূষণের শব্দ শুনিতেছি (এই বলিয়া গ্রীবা উন্নত করত সম্ভ্রমের সহিত) সত্যই ত আমার প্রেয়সী আসিয়া উপস্থিত হইলেন। (এই বলিয়া শীঘ্র চন্দ্রাবলীর পার্শ্বে গমন করতঃ) অহে হৃদয় ভৃঙ্গ! গতিশক্তিশালিনী মঙ্গলাভা রাধা লতা আমা কর্তৃক আনন্দিতা হইয়াছেন, (এই অর্দ্ধ বাক্য উক্ত হইলে)

চন্দ্রাবলী। (ঈর্ষার সহিত) মধুমঙ্গলের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন॥

মধুমঙ্গল। সখি চন্দ্রাবলি! তুমি মঙ্গল ভারে অধিকা হইয়াছ, প্রিয়বয়স্য তোমাকে ইহাই বলিয়া বর্ণন করিলেন।

কৃষ্ণঃ। সবৈলক্ষ্যমাত্মগতং। হন্ত কথমনেন চন্দ্রাবলিরে-
বাভিসারিতা। ভবতু বটুনোক্তমেব নির্ব্বাহয়ামি।
প্রকাশং।
সুহৃদনুরাগবিতন্দ্রা চন্দ্রাবলিরঞ্জসালব্ধি।

চন্দ্রাবলী। সলজ্জং কৃষ্ণকণ্ঠে বৈজয়ন্তীং বিন্যস্যতি ॥ ২৬ ॥

সবৈলক্ষ্যং সবিস্ময়ং ॥ ২৬ ॥

তাৎপর্য্য। পূর্ব্ব বাক্যে শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীর নিকট মঙ্গলভা রাধা আসিয়া মিলিত হইলেন এই কথা বলায় চন্দ্রাবলী রাধা নাম শ্রবণে ঈর্ষা পূর্ণ হইয়া মধুমঙ্গলের প্রতি দৃষ্টিপাত করিলেন, ইহাতে এই ভাব প্রকাশ হইল, অহে বটু! আমাকে কি বিপদেই ফেলিলা, শ্রীকৃষ্ণ রাধা-নুরক্ত, এমত স্থলে আমার আসা উপযুক্ত নহে, ইহাতে বটু কৃষ্ণোক্ত মঙ্গলভা রাধা এই শব্দের অন্যার্থ কল্পনা করিয়া কহিলেন সখি! তুমি কৃষ্ণোক্তিতে বিপরীত বুদ্ধি করিও না, তোমাকেই মঙ্গলভারা অর্থাৎ মঙ্গল প্রচুরা ও সর্ব্বাপেক্ষা অধিকা বলিয়াই প্রশংসা করিলেন ॥

কৃষ্ণ। (বিস্ময়ান্বিত হইয়া মনে মনে) হায় একি! এ যে চন্দ্রাবলীকে অভিসার করিয়া লইয়া আসিল। যাহা হউক, বটুর বাক্যই এখন স্থাপন করি (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বন্ধুজনানুরাগিণী চন্দ্রাবলীকে অনায়াসেই প্রাপ্ত হইলাম ॥

চন্দ্রাবলী। সলজ্জে কৃষ্ণকণ্ঠে বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চ বর্ণ পুষ্প নির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিতমালা অর্পণ করিলেন ॥ ২৬ ॥

কৃষ্ণঃ। সানন্দং।

একং প্রযাতি পরিচর্য্য চকোররাজী
চন্দ্রাং প্রিয়ে নিজমনোরথ পূরপূর্ত্তিং।
চন্দ্রাবলী কিমু মমাক্ষি চকোরয়ো স্তং
প্রীতিং দ্বয়োরপি নধাস্যসি সেব্যমানা॥ ২৭॥

মধুমঙ্গলঃ। সগর্ব্বং। ভো বঅস্স দিট্ঠা তুএ মজ্ঝ বিলক্খণা বিঅক্খণদা জো ক্খু অণন্ত গুণসালিণা বি

চকোররাজী একং চন্দ্রং পরিচর্য্য মনোরথ পূরাণাং পূর্ত্তিং প্রযাতি প্রপ্নোতি। ত্বন্তু চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী মমাক্ষি চকরৌ দ্বাবেব অতস্তয়োঃ প্রীতিং কথং ন ধাস্যসি অত্র নাশ্চর্য্যমিতি ভাবঃ॥ ২৭॥

মধু ভো বয়স্য দৃষ্টা মম বিলক্ষণা বিচক্ষণতা। যঃ খলু অনন্ত গুণশালি নাপি ত্বয়া মোচয়িতুং ন পারিতঃ প্রিয়সখ্যা মান গ্রন্থি র্নচ গুণধারিণা ময়া

কৃষ্ণ। (আনন্দের সহিত) প্রিয়ে! চকোর সমূহ এক মাত্র চন্দ্রকে আরাধনা করিয়া স্বীয় স্বীয় অভিলাষ পূর্ণ করিয়া থাকে, কিন্তু আমার চক্ষু রূপ চকোর দ্বয় বহু চন্দ্রময়ী তোমাকে সেবা করিতেছে, তথাপি তুমি তাহাদিগের প্রীতি বিধান করিতে পারিলা না, অর্থাৎ তাহারা তোমাকে যতই দেখিতেছে ততই তাহাদের আকাঙ্ক্ষা বৃদ্ধি হইতেছে॥ ২৭॥

মধুমঙ্গল। (গর্ব্বের সহিত) অহে বয়স্য! তুমি আমার বিলক্ষণ বিচক্ষণতা অর্থাৎ পাণ্ডিত্য দেখিলা ত?। তুমি অনন্তগুণশালি হইয়া যে প্রিয়সখীর মান গ্রন্থি মোচন

তুএ মো আইতুং ণ পারিদো সোপিঅসহীএ মাণগণ্ঠী ণঅ গুণধারিণা মএ মোআবিদো।

কৃষ্ণঃ। বয়স্য ত্বমুদ্দণ্ড কুসুমকোদণ্ড বিলাস ষাড়্গুণ্যে মহা-সান্ধি বিগ্রহিকোঽসি ॥ ২৮ ॥

পদ্মা। অজ্জ পুরো প্রফুল্লাইং পপ্ফুরন্তি তা এহি ইমাইং গেহ্ণ ইত্যুভৌ নিষ্ক্রান্তৌ ॥

মোচিতঃ। সন্ধি র্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয় ইতি ষড়্গুণাঃ। ষড়্গুণা এব ষাড়্গুণ্যং চাতুর্বর্ণ্যাদিত্বাৎ ষ্যঞ্। ষাড়্গুণ্যে ষড় গুণেষু মধ্যে সন্ধি বিগ্রহয়ো র্নিযুক্তঃ সান্ধিবিগ্রহিকঃ স চাসৌ মহাংশ্চেতি তথা ভবতা সন্ধিঃ কথং দুষ্করো ভবতীতি ভাবঃ ॥ ২৮ ॥

তয়োর্বিলাসৌৎসুক্যমবধার্য্য মধুমঙ্গলং বিপ্রকর্ষয়ন্ত্যো পদ্মায়া ছলেন স্বয়ঞ্চ নিযুজ্যতে অজ্জ পুরো ইতি। আর্য্য পুরঃ প্রফুল্লানি মল্লিপুষ্পাণি প্রস্ফুরন্তি তদেহি ইমানি গৃহ্ণীব ইতি ॥ ২৯ ॥

করিতে পার নাই, আমি নবগুণ অর্থাৎ যজ্ঞসূত্র ধারণ করিয়া তাহা মোচন করিলাম ॥

কৃষ্ণ। বয়স্য ! তুমি উদ্দণ্ড কুসুমধনু কন্দর্পের বিলাস ষড়্গুণের অর্থাৎ সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও আশ্রয় রূপ ষড়্গুণের মধ্যে কেবল সন্ধি বিগ্রহতেই নিযুক্ত ॥ ২৮ ॥

পদ্মা। আর্য্য ! অগ্রে মল্লিকা পুষ্প সকল বিকসিত হইয়া শোভা পাইতেছে, অতএব আইস ঐ গুলি গিয়া উত্তোলোন করি। (এই বলিয়া দুই জনে চলিয়া গেলেন)

কৃষ্ণঃ। স্বগতং। কুঞ্জেঽস্মিন্নাগতমাত্রাং রাধাং তর্কয়ামি তদন্যতঃ প্রস্থাস্যে। প্রকাশং। প্রিয়ে পুরস্তান্নাতি দূরে নাগররঙ্গোচিতা নাগকেশরাটবী তদত্রৈবানুসরাব ইতি নিষ্ক্রান্তৌ ॥ ২৯ ॥

ততঃ প্রবিশতি ললিতয়া সহ সং কথয়ন্তী রাধা।

রাধা। হলা পেক্খ পেক্খ অন্ধকারে হিং ঘোণিদং সব্ব দিশা মুহং।

ললিতা। পিঅসহি তিমিরাহিসারোচিদেহিং সামল পসাহণেহিং মণ্ডিদো কিং কৃখু তুএ অপ্পা।

রাধি সখি অন্ধকারৈ র্ঘোরিতং সর্ব্ব দিঙ্মুখং। ললিতা প্রিয়সখি তিমিরাভিসারোচিতৈঃ শ্যামল প্রসাধনৈ র্মণ্ডিত স্ত্বয়া কিং খলু আত্মা।

কৃষ্ণ। (মনে মনে) বোধ হয়, এই কুঞ্জে শ্রীরাধা আগত প্রায় হইয়াছেন, তবে আমি অন্যত্র গমন করি। (প্রকাশ পূর্ব্বক) প্রিয়ে! কিঞ্চিদ্দূর অগ্রে নাগকেশর বন তথায় নাগর দিগের বিলাস সুসিদ্ধ হইয়া থাকে অতএব এস্থল হইতে তথায় গমন করি। (এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥ ২৯ ॥

(অনন্তর ললিতার সহিত কথা কহিতে কহিতে শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। সখি! দেখ দেখ, সকল দিকেই ঘোর অন্ধকার।

ললিতা। প্রিয়সখি! অন্ধকারাভিসারের উপযুক্ত শ্যাম বর্ণ ভূষণ দ্বারা আপনার শরীর ত ভূষিত করিয়াছ?।

রাধিকা। অথ ইং।

ললিতা। বিলোক্য সস্মিতং সংস্কৃতেন।

ধম্মিল্লো পরিনীলরত্ন রচিতোহারস্ত্বয়ারোপিতো
বিন্যস্তঃ কুচকুম্ভয়োঃ কুবলয়শ্রেণীকৃতো গর্ভকঃ।
অঙ্গে কল্পিতমঞ্জনং বিনিহিতা কস্তূরিকা নেত্রয়োঃ

রাধি অথ কিং। ধাম্মিল্লো পরীতি কুচকুম্ভয়োরুচিত ইত্যর্থঃ। অঙ্গে ইতি

শ্রীরাধা। হাঁ তাহাই করিয়াছি।

ললিতা। (অবলোকন করিয়া সহাস্যে সংস্কৃত ভাষায়)

এই স্থলে অভিসারিকা *

সখি! এ কি? নীলরত্ন বিরচিত হার যাহা কুচকুম্ভের উপরি অর্পণ করা উপযুক্ত তাহা যে তুমি ধম্মিল্লে অর্থাৎ খোঁপায় ধারণ করিয়াছ, এবং গর্ভক হার যাহা ধম্মিলে দেওয়া উচিত তাহা যে স্তন মণ্ডলে পরিধান করিয়াছ, অপর লোচনের অঞ্জন অঙ্গে ও অঙ্গের কস্তুরী নেত্রে

---

* যে নায়িকা কান্তকে অভিসার করায় অথবা স্বয়ং অভিসার করে, তাহাকে অভিসারিকা কহা যায়। কিন্তু ঐ অভিসারিকা জ্যোৎস্না এবং অন্ধকার গমন যোগ্য বেশ দ্বারা জ্যোৎস্নী ও তামসী ভেদে দুই প্রকার হয়, অর্থাৎ শুক্লপক্ষে শুভ্র বর্ণ পরিচ্ছদ ধারণ পূর্ব্বক গমনকারিণীকে জ্যোৎস্নাভিসারিকা আর কৃষ্ণ পক্ষে কৃষ্ণবর্ণ বসন ভূষণ পরিধান পূর্ব্বক গমনকারিণীকে তমোহভিসারিকা বলিয়া নির্দ্দেশ করা যায়। যৎকালীন অভিসারিকার কান্ত সমীপে গমন হয়, তখন লজ্জা বশত স্বীয় অঙ্গ দ্বারা অঙ্গ গোপন, ভূষণ সকলের নিঃশব্দ ও অবগুণ্ঠন করিয়া একটী মাত্র সখী সঙ্গে থাকে ॥

কংসারেরভিসারসংভ্রমভরান্মন্যে জগদ্বিস্মৃতং ॥ ৩০ ॥

রাধিকা। হলা মুঞ্চেহি পরিহাসং। তুরিদং উদ্দেসেহি কেসর কুড়ঙ্গ মগ্‌গং।

ললিতা। ইদো ইদো পিঅসহী ইতি পরিক্রামন্তী সশঙ্কং সংস্কৃতেন।

নেত্রয়ো রুচিত ইত্যর্থঃ। নেত্রয়োরিতি অঙ্গে উচিতা ইত্যর্থঃ॥ ৩০॥

রাধিকা। সখি মুঞ্চেহি পরিহাসং-ত্বরিতমুদ্দিশ কেশরকুঞ্জমার্গং।

ললিতা। ইতঃ ইতঃ।

প্রদান করিয়াছ, হায়! কংসারির অভিসার সম্ভ্রমাতিশয়ে তুমি যে জগদ্বিস্মৃত হইয়া গেলে॥ ৩০॥

যথা রাগ॥

কেশের বরণ, ভ্রমর গঞ্জন, সহজে তিমির যেন। তাহে নীলমণি, রতন গাথনী হার রচিয়াছ কেন॥ সখি হে হরি অভিসার কাযে। জানিল সকল, ভুবন ভুলল, তেজিয়া ধরম লাজে॥ ধ্রু॥ নয়ান অঞ্জন, শরীরে রঞ্জন, কুস্তুরী রচিলা আঁখি। উলটা বসন, চরণে কঙ্কণ, করেতে মঞ্জীর দেখি॥ দেখ কুবলয়, দোলয়ে হৃদয়, উলটা অকল সাজে। এ যদু নন্দন, কহয়ে এমন, অতি হরিষের কাজে॥ ৩০॥

শ্রীরাধা। সখি! পরিহাস ত্যাগ কর, শীঘ্র কেশরকুঞ্জের পথ উপদেশ দাও॥

ললিতা। প্রিয়সখি! এই দিকে এই দিকে (এই বলিয়া

তিমিরমসিভিসম্বীতাঙ্গ্যঃ কদম্ববনান্তরে
সখি মধুরিপুং পুণ্যাত্মানঃ স্মরন্ত্যভিসারিকাঃ।
তবতু পরিতো বিদ্যুদ্বর্ণা স্তনদ্যুতি সূচয়ো
হরি হরি ঘনধ্বান্তান্যেতাঃ স্ববৈরিণি ভিন্দতে ॥

রাধিকা। অলং ইমিণা উবালম্ভেণ পেক্খ পচ্চাসণ্ণো বউল কুড়ঙ্গো। ইতি সংভ্রমাদুপসৃত্য সপরামর্ষং সংস্কৃতেন।

প্রিয়সখীতি তিমিরমিব মসিলেখন যোগ্যং দলিতাঞ্জনং তে সম্বীতাঙ্গ্যঃ সরন্তি ব্রজন্তি তবতু বৈপরীত্যমিত্যাহ। তনুদ্যুতয় এব সূচয়ঃ ঘন ধ্বান্তাঃ ভিন্দতে স্ফুটয়ন্তি তেন তনুদ্যুতীনাং নীলাম্বর বৃতত্বেঽপি তন্তুপ্রান্ত সূক্ষ্মরন্ধ্রেভ্যো নিগ্রস্থীনামপ্যত্যোজ্জ্বলং ধ্বান্তানামপি সূচিবেধ যোগ্যত্বেনাতিগাঢ়ত্বং হে স্ববৈরিণি স্বস্যাত্মনো বৈরিণী স্বয়মেব ত্বং। এতাস্তু ন তথা ইতি ব্যাজস্তুত্যা সর্ব্বতোঽবিলক্ষণং সৌন্দর্য্যং বর্ণিতমিতি ॥ ৩১ ॥

প্রদক্ষিণ পূর্ব্বক সভয়ে সংস্কৃত ভাষায়)। হে সখি! তিমির নীলিমায় অঙ্গ আবরণ করিয়া যে সকল অভিসারিকা গোপনারী কদম্বকাননে মধুরিপুর নিকট গমন করে তাহারাই অতিশয় পুণ্যবতী। হরি হরি তুমি আপনিই আপনার বৈরিণী হইলা, দেখ তোমার বিদ্যুৎবর্ণ স্তন দ্যুতিরূপ সূচি সকল গাঢ় তিমিরকে ভেদ করিয়া দিতেছে, তবে তুমি কি রূপে গমন করিবা॥

শ্রীরাধা। আর এই তিরস্কার বাক্যের প্রয়োজন নাই, দেখ বকুল কুঞ্জ নিকটবর্ত্তী হইল। (এই বলিয়া সম্ভ্রমে গমন করত বিতর্কের সহিত সংস্কৃত ভাষায়) সখি! কই দূর

বিদূরান্ন ঘ্রাণং মদয়তি মুরারেঃ পরিমলো

ন কুঞ্জোঽয়ং তস্য স্ফুরতি নখরদ্যোতনিকরৈঃ।

ততঃ শঙ্কে কস্মিন্নপি রহসি বল্লীবলয়িতে

পরীহাসাকাঙ্ক্ষী প্রিয়সখী নিলীনস্তব সখা॥ ৩১॥

ললিতা। হলা এহি বামদো কলম্ব কুঞ্জং বিইণুহ্ম॥

রাধিকা। তথা কুর্ব্বতী। অই ছল্ল দিট্‌ঠোঽসি কীস অঙ্গেহিং অঙ্গাইং সঙ্গোবেসি ইতি সমন্তান্মৃগ্যতি॥

ললিতা সখি এহি বামতঃ কদম্বকুঞ্জং বিচিন্মঃ রাধিকা অয়ি ছইল্ল বিদগ্ধ দৃষ্টোঽসি দৃষ্টোঽসি কস্মাৎ অঙ্গৈরঙ্গানি সংগোপয়সি।

হইতে ত মুরারির অঙ্গ পরিমল নাসাকে পরিতৃপ্ত করিতেছেনা এবং কুঞ্জকেও ত তাঁহার নখ নিকরের দ্যুতিদ্বারা সুশোভিত দেখিতেছি না, অতএব অনুমান হয়, তোমার প্রিয়সখা পরিহাস অভিলাষ করিয়া কোন নির্জন লতা জালে লুক্কায়িত হইয়া থাকিবেন॥ ৩১॥

ললিতা। সখি! আইস বামদিকস্থ কদম্ব কুঞ্জে অন্বেষণ করিগা॥

শ্রীরাধা। (কদম্ব কুঞ্জে প্রবেশ পূর্ব্বক অন্বেষণ করত অনুরাগে বন সমূহকে কৃষ্ণময় দেখিয়া কহিলেন)

অহে বিদগ্ধ নাগর! তোমাকে দেখিয়াছি দেখিয়াছি, তবে কেন আর অঙ্গ দ্বারা অঙ্গ গোপন করিতেছ। এই বলিতে বলিতে সমস্ত বন অন্বেষণ করিতে লাগিলেন॥

ললিতা। সহি মুঞ্চ মগ্গণগ্গহং এহি কেলিকুঞ্জকপ্পণং কুণম্ম॥

রাধিকা। সংস্কৃতেন।

রচয় বকুলপুষ্পৈ স্তোরণং কেলিকুঞ্জে
কুরু বরমরবিন্দৈ স্তল্পমিন্দীবরাক্ষি।
উপনয় শয়নান্তং সাধু মাধ্বীকপাত্রং
সহচরি হরিরদ্য শ্লাঘতাং কৌশলং তে॥

ললিতা। সখি মুঞ্চমার্গণাগ্রহং। কেলিকুঞ্জকল্পনং কুর্ম্মঃ

ললিতা। সখি অন্বেষণ বিষয়ে আগ্রহ পরিত্যাগ কর, আইস আমরা ক্রীড়াকুঞ্জ রচনা করিগা॥

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়)

এই স্থানে বাসক সজ্জা ভাব উপস্থিত *

হে নীলোৎপল নয়নে! তুমি বকুল পুষ্প দ্বারা ক্রীড়াকুঞ্জের বহির্দ্বার রচনা কর, কমল দ্বারা উৎকৃষ্ট শয্যা প্রস্তুত করিয়া রাখ এবং শয্যার প্রান্তদেশে মধুপাত্র সকল আনয়ন করিয়া সংস্থাপন কর, হে সহচরি! আজ হরি যেন তোমার শিল্প কৌশল দেখিয়া প্রশংসা করেন?॥

* যে স্ত্রী ভর্ত্তার আগমন নিশ্চয় জানিয়া অঙ্গের ভূষা ও রতি গৃহের সজ্জা করত দ্বারের প্রতি দৃষ্টিপাত করিয়া থাকে, তাহাকে বাসক সজ্জা বলে। এই বাসকসজ্জিকা নায়িকার স্মর ক্রীড়া সংকল্প, কান্ত পথ নিরীক্ষণ, সখীসহ বিনোদ বার্ত্তা এবং মুহুর্মুহুঃ দূতীর প্রতি অবলোকন ইত্যাদি বিবিধ প্রকার চেষ্টা॥

ললিতা। তথা কৃত্বা হলা পেকৃখ কহ্নো বিলম্বেদি। তা কুঞ্জং পরিঅণং পড়িবালেহ্ম ॥ ৩২ ॥

ললিতা। সখি কৃষ্ণো বিলম্বতে। তৎ কুঞ্জং প্রবিশ্য এনং প্রতিপালয়াবঃ প্রতীক্ষাবহি ইতি ॥ ৩২ ॥

বিহগড়া রাগ ॥

বকুল কুসুম, তুলিয়া সুশম, কুঞ্জের বাহিরে ধনি। নবীন কমল, অতি পরিমল, রাখহ চৌদিকে ধরি ॥ কি ফল চন্দন, হৃদয়ে লেপন, হিয়ার পরশ সাধে। কি কাজ ভুষণ, নূপুর কঙ্কন, কিঙ্কিনী করয়ে নাদে ॥ সে তনু পরসে, অধিক হরিষে, পুলক ভরয়ে জানি। এ লাগি পরাণ, চমকে সঘন, কহিতে রোধয়ে বাণী ॥ এ নব মোহন, ভ্রমরা গুঞ্জন, এ নব কোকিলা গান। হরি কোরে সব, রজনী বঞ্চিব, অমৃতে করিয়া স্নান ॥ কি লাগি বিলম্ব, করয়ে মাধব, না জানি কি আজি হয়। এ যদুনন্দন, দাস তহি ভণ, দেখিতে লাগয়ে ভয় ॥

ললিতা। (আদেশানুজায়ি কার্য্য করিয়া) সখি! দেখ কৃষ্ণ বিলম্ব করিতেছেন, তবে আইস কুঞ্জে প্রবেশ করিয়া শয্যা রক্ষা করিগা ॥ ৩২ ॥

এই স্থলে উৎকণ্ঠিতা নায়িকা। *

নিরপরাধ প্রিয়তম বহুক্ষণ যাবৎ সমাগত না হইলে বিবহ বশতঃ যে নায়িকা অত্যর্থ উৎসুক চিত্ত হয় রসজ্ঞেরা তাহাকে উৎকণ্ঠিতা কহেন। ইহাতে হৃত্তাপ, গাত্র কম্পন, কারণের প্রতি বিতর্ক, অস্বাস্থ্য, বাষ্প মোচন এবং আপনার অবস্থাদি কথন এই সমস্ত উৎকণ্ঠিতা নায়িকার চেষ্টা।

রাধিকা। পরিক্রম্যোদ্বেগং নাটয়ন্তী সংস্কৃতেন ॥

রুদ্ধঃ কাপি সখীহিতার্থ পরয়া শঙ্কে হরিঃ পদ্ময়া
প্রাপ্তঃ কুঞ্জগৃহং যদেষ ন তমীযামে প্যতিক্রামতি।
পৌলোমীরতিবন্ধু দিঙ্মুখমসৌ হা হন্ত সন্তর্পয়
ন্নু ন্মীলত্যভিসারলুব্ধ রমণীগোত্রস্য শত্রুঃ শশী ॥

তমী যামেপ্যতি ক্রামতীতি তেন বৈশাখ পৌর্ণমাস্যা অনন্তরা চতুর্থীরিয়মিতি গম্যতে। পৌলোমী শচী তস্যা রতিবন্ধুরিন্দ্রস্তস্যাদিশঃ পূর্ব্বস্যা মুখং সম্যক্ প্রকারেণ তর্পয়ন্ স্বদর্শন স্বকর লালনাদিভিরিতি ভাবঃ। স্বয়মিন্দ্রনায়িকাং পূর্ব্বাং দিশমভিসরতি অথচ অন্যাসামভিসারিকানাং শত্রুরিত্যাশ্চর্য্যং ॥ ৩৩ ॥

শ্রীরাধা। (প্রদক্ষিণ পূর্ব্বক উদ্বেগ অভিনয় করিয়া সংস্কৃত ভাষায়)

এই স্থলে বিপ্রলব্ধা। *

সখি! বোধ হয়, সখীহিতৈষিণী পদ্মা কৃষ্ণকে কোন স্থানে রুদ্ধ করিয়া রাখিয়াছে, তাহা না হইলে, এখনওত তিনি এই অন্ধকারময় প্রথম যামে কুঞ্জে আসিলেন না, হায়! অভিসার লুব্ধা রমণীগণের পরম শত্রু শশী পূর্ব্ব দিকের মুখ উজ্জ্বল করিয়া উদিত হইতে লাগিলেন ॥

গুজ্জরী রাগ ॥

নবীন কেশর কুঞ্জ, ঝঙ্কার ভ্রমর পুঞ্জ, পরিমলে ভুবন

---

* সঙ্কেত করিয়া যদি প্রাণনাথ অনাগত হন, তাহা হইলে যে নায়িকার অন্তর অতিশয় ব্যথাকুল হয়, পণ্ডিতগণ তাহাকেই বিপ্রলব্ধা কহেন। ইহাতে নির্ব্বেদ, চিন্তা, খেদ, অশ্রু, মূর্চ্ছা ও নিশ্বাস ত্যাগ ইত্যাদি বিপ্রলব্ধা নায়িকার চেষ্টা ॥

ভরিল। শেফালিকা পুষ্প যত, খসিয়া পড়িল কত, তভু কৃষ্ণ এথা না আইল॥ সখি হে বঞ্চনা করিল মোরে হরি। কোন সখীহিতগণ, ভুরু পাশে সুবন্ধন, করিয়া রাখিল কৃষ্ণকরি॥ ধ্রু॥ কেন আইনু এত দূর, লঙ্ঘিয়া আপন কুল, ধিক্ জিউ কুলের কামিনী। কেনে বানাইনু বেশ, কুসুমে রচিয়া কেশ, কেন কৈনু ভূষণ সাজনি॥ সন্দেশ পাইয়া সার, না গণিলাঙ সারাৎসার, ভাল মন্দ বিচার হৃদয়। এ ঘোর রজনীকালে, বিষধর গণ খেলে, তাহারে ঠেলিয়া আইল পায়॥ মনোরথ কত শত, করিয়া আইল যত, সকলি হইল মোর আন। বিধি বৈরী হইল মোরে,মিলিতে না দিল তারে, ধিক্ রহু বিধির বিধান॥ কৃষ্ণের অসঙ্গ দেখি, ত্যাগ কৈল নিদ্রা সখি, এত দোষ গুণগণ মিতে। রজনী চলিয়া গেল, আশা মোর না তেজিল, ঘূরে মন তাহারে মিলিতে॥ ক্ষীণ হইল সব দেহ, ভাবিতে নবীন নেহ, অনুরাগ তভু না ছাড়য়। অতেব জানিল কাজ, কি আর করিলে লাজ, শুন সখি মনে যেই লয়॥ সাজহ কুসুম শেয, তাহাতে আনল ভেজ, হরণ করহ মলয়জে। কৃষ্ণ নাম মন্ত্ররাজ, পড়হ পাবন কাজ, দেহ দিব সে অনল মাঝে॥ যাতে কৃষ্ণ গুণ গান, কি জানি করিছে প্রাণ, করিব যমুনা পরবেশ। দাস যদুনন্দন, কহে ধৈর্য্য কর মন, মিলিবে শ্যাম নাগরেশ॥

ইত্যুভে নিষ্ক্রান্তে ॥ ৩৩ ॥

ততঃ প্রবিশতি কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সমন্তাদালোক্য ॥

আসঙ্গঃ কুমুদা করেষু শিথিলো ভৃঙ্গাবলী নামভূ
দ্বীক্ষ্যন্তে নিজকোটরাঙ্কিতমমী ক্ষৌণীরুহং কৌশিকাঃ।
সঙ্কোচোন্মুখতাং প্রযাতি শনকৈরৌত্তানপাদে দ্যু্যতিঃ
কিং ভানুর্নু পূর্ব্ব পর্ব্বত তটীমারোঢুমুৎকণ্ঠতে ॥ ৩৪ ॥

ইতি পরিক্রম্য।

ন জানে নবীন বিপ্রলম্ভেন সংভৃত নির্ভর সংরম্ভা কিং

কৌশিকা পেচকা ঔত্তানপাদে ধ্রুবস্য নক্ষত্রাকারস্য ॥ ৩৪ ॥

ন বিনা বিপ্রলম্ভেন প্রথম বিয়োগেন সম্ভৃত সংরম্ভ নির্ভর সংরম্ভা ধৃতা-

---

এই বলিয়া উভয়ের প্রস্থান ॥ ৩৩ ॥

অনন্তর কৃষ্ণের প্রবেশ ॥

কৃষ্ণ। (চতুর্দ্দিক্ অবলোকন করতঃ)

ভ্রমর নিকরের কুমুদ বনের প্রতি ক্রমশঃ আশক্তি শিথিল দেখিতেছি, পেচকগণ স্ব স্ব কোটরান্বিত বৃক্ষ সকল নিরীক্ষণ করিতেছে এবং অল্পে অল্পে ধ্রুব নক্ষত্রের জ্যোতিঃ প্রকাশ হীন হইতেছে, তবে কি ভানু পূর্ব্ব পর্ব্বত তটে অধিরোহণ করিতে উৎকণ্ঠিত হইতে-ছেন ? ॥ ৩৪ ॥

(প্রত্যাবর্ত্তন করিয়া)

হায়! জানিতে পারিলাম না, নবীন বিচ্ছেদে অতি-

নাম প্রতিপৎস্মতেহদ্য রাধা। বিমৃশ্য ভবতু কেশরেণ নাগ
কেশরং প্রতিপাদয়িষ্যে তদমূনি নাগকেশরাণি বিচুন-
য়ামীতি তথা কৃত্বা পুরোঽনুসর্পন্।
কপটী সো লতাকুটীমিমাং সখি নাগাদধুনাপি মাধবঃ।
ইতি জল্পপরীতয়া তয়া ক্লমদীর্ঘা গমিতা কথং তমী॥
পরিক্রম্য বকুলকুঞ্জং পশ্যন্ সবিসাদং॥ ৩৫॥
তাম্বূলং ঘনসার সংস্কৃতমদঃ ক্ষিপ্তং পুরো রাধয়া

তিশয় কোপা॥ ৩৫॥

ঘনসারেণ কর্পূরেণ সংস্কৃতং হারী মনোহারী হরিণ্মণিভি স্তবকিতো গুচ্ছী

শয় কোপবতী হইয়া শ্রীরাধা আজ কি করিবেন।
(বিতর্ক করিয়া) যাহা হউক অদ্য প্রিয়াকে কেশরের
সহিত নাগকেশর পুষ্প প্রদান করিব, তবে গিয়া এই
পুষ্পগুলি চয়ন করি। (এই বলিয়া নাগকেশর পুষ্প
চয়ন করত অগ্রে গমন করিতে করিতে) সখি! মাধব
অত্যন্ত কপটাশালী, এ যাবৎ কৈ তিনি ত আগমন করি-
লেন না, এই কথা বলিয়া শ্রীরাধা দুঃখ জনিত দীর্ঘতমা
রজনী কি রূপে যাপন করিলেন॥

(অনন্তর প্রত্যাবর্ত্তন পূর্ব্বক বকুল কুঞ্জ দেখিতে
দেখিতে বিষাদের সহিত)॥ ৩৫॥

এই যে শ্রীরাধা কর্পূর রস সংস্কৃত তাম্বূল ভূমিতে
নিক্ষেপ করিয়াছেন, পরে কতক দূর অগ্রে গিয়া দেখেন
নীলকান্তিমণি গুচ্ছহার ভূতলে পড়িয়া রহিয়াছে, ক-

হারী হন্ত হরিণ্মণি স্তবকিতো হারো হ্যয়মুৎসারিতঃ ।
পৌষ্পী চেয়মুদার সৌরভময়ী চূড়া নখৈঃ খণ্ডিতা
তস্যাঃ শংসতি বিপ্রলম্ভ জনিতং কুঞ্জো হ্যয়মন্তঃ ক্লমং ॥৩৬

ইত্যগ্রতো গত্বা ইয়মেব রাধায়াঃ সূর্য্যারাধনবেদিকা তদস্যা পার্শ্বমাসাদয়ামীতি পরিক্রামতি ততঃ প্রবিশতি সখীভ্যা মনুগম্যমানা রাধা পুরো বিলোক্য হলা ললিদে পেক্খ বেইআ ণিদ্দিট্‌ঠে সো তুজ্‌ঝ ছইল্লো ॥

ললিতা। কঞ্চণ পড়িমেব্ব কঠোরা হোহি।

কৃতো হারঃ। কুঞ্জ ইতি এতাদৃশ লক্ষণ বিশিষ্ট ইত্যর্থঃ ॥ ৩৬ ॥
রাধিকা। সখি ললিতে পশ্য বেদিকা নেদিষ্ঠে স তব বিদগ্ধঃ।
ললিতা। সখি কাঞ্চনপ্রতিমেব কঠোরা ভব।

কিঞ্চিদ্দূরে গিয়া দেখিতে পাইলেন, মনোহর সৌরভ ময় পুষ্প নির্ম্মিত চূড়া নখ দ্বারা ছিন্ন ভিন্ন হইয়া পড়িয়া রহিয়াছে, যাহা হউক এই সকল দ্বারা এই বকুল কুঞ্জ প্রিয়তমার অন্তর্বেদনা প্রকাশ করিতেছে ॥ ৩৬ ॥

(আর কতক দূর গিয়া) এইত শ্রীরাধার সূর্য্য পূজার বেদি, তবে ইহার পার্শ্বে গিয়া উপবেশন করি (এই বলিয়া প্রত্যাবর্ত্তন করিলেন) ॥

(অনন্তর ললিতা ও বিশাখার সহিত শ্রীরাধার প্রবেশ)

রাধা। (অগ্রে অবলোকন করিয়া) সখি ললিতে! ঐ দেখ নিকটে তোমার সেই বিদগ্ধ নাগর ॥

[illegible]। কাঞ্চন প্রতিমার ন্যায় কঠোরা হও ॥

কৃষ্ণঃ। পুরস্তাদেষা স পরিবারা প্রিয়া তদিদমুট্টঙ্কয়ামীত্যু-
পস্থত্য ললিদে সাধু সাধু দৃষ্টং তব গরিষ্ঠমত্র দুর্ম্মন্ত্র তন্ত্র
চর্য্যায়ামাচার্য্যকং যদদ্য ভবতা কেশরনিকুঞ্জ বেদ্যামহ
মুজ্জাগর ব্রতদীক্ষাং পরিগ্রাহিতোঽস্মি॥

ললিতা। সসংরম্ভং সংস্কৃতেন। অহো বৈপরীত্যং বৈপরীত্যং।
কেশর নিকুঞ্জ কুহরে কুহক বসন্তী সখী ত্বয়া রহিতে।
শ্রিত নব পল্লবতল্পা ত্রুটিমপি কল্পাধিকাং মেনে॥ ৩৭॥

কৃষ্ণঃ। কপটেনাটোপং নাটয়ন্। অহো দম্ভ ভরারম্ভেষু

দুষ্টা মন্ত্রা যেষু এবং ভূতং যত্তন্ত্রং তস্য চর্য্যায়াং আচার্য্যকং আচার্য্যত্বং উপদেশাতিকর্ত্তা ত্বমিত্যর্থঃ মনোজ্ঞাদিত্বাদ্বুঞ্॥ ৩৭॥

আটোপমিতি প্রতিভাং অরতিং খেদং॥ ৩৮॥

কৃষ্ণ। অহো! সম্মুখে যে পরিবারবর্গের সহিত প্রিয়তমা।
(তবে আমি ইহাই প্রকাশ করি এই বলিয়া নিকটে গমন
করত) ললিতে। ভাল ভাল তোমার দুষ্ট মন্ত্রণা ময়
তন্ত্রাচারণে গুরুতর আচার্য্যত্ব দেখিলাম, যে হেতু আজ
তুমি আমাকে কেশর কুঞ্জ বেদিকায় জাগরণ ব্রতে দীক্ষিত
করিয়াছ॥

ললিতা। (ক্রোধের সহিত সংস্কৃত ভাষায়) হায়। কি
বিপরীত, অহে কুহক। সখী যে তোমা বিরহিত কেশর
কুঞ্জে অবস্থিত হইয়া নব পল্লব শয্যায় শয়ন করত, ত্রুটি
মাত্র কালকেও কল্পাধিক করিয়া মানিয়াছেন॥ ৩৭॥

কৃষ্ণ। (কপট সহকারে অহঙ্কার প্রকাশ পূর্ব্বক) অহো

গাম্ভীর্য্যমস্যাঃ। ইতি নাগকেশরান্যুদঘাট্য দর্শয়ন্।
অরতিং মম নিশি পশ্যন্ন ক্লাম্যন্নাগকেশরোপ্যসকৃৎ।
বিগলন্মধুভিঃ কুসুমৈরেভির্নৈত্রৈরিবোদস্রৈঃ॥ ৩৮॥

ললিতা। অম্মহে ধূত্তত্তণং জং বউল বাইণা কেশরেণ দাণিং নাগকেশরো বিক্খাবীঅদি।

কৃষ্ণঃ। সব্যাজ নির্ব্বেদং। ললিতে বিশ্রাম্যতু তবেয়ং

ললিতা অহো ধূর্ত্তত্বং যদ্বকুল বাচিনা কেশরেণ ইদানীং নাগকেশরো বিখ্যাপ্যতে। সঙ্কেতস্তু কেশরকুঞ্জে সচ কেশর শব্দো বকুলবাচী। অথ কেশরে বকুল ইত্যভিধান সিদ্ধেঃ। নাগকেশরেতু প্রসিদ্ধাভাবাদিতি ললিতাভিপ্রায়ঃ। শব্দার্থস্তু চেতি চাম্পেয়ঃ কেশরো নাগকেশরঃ কাঞ্চনাহ্বয় ইত্যভিধানেন স্বরূপ বৈরূপ্যাভাবেনৈব বৃত্তে স্তথা ভীমো ভীমসেন সত্যা সত্যভামা ইতি ন্যায়েন কেশর শব্দস্যার্থো নাগকেশর এব তৎ কুঞ্জ এব ময়াভিপ্রেতঃ ভবত্যাতু বকুল কুঞ্জ ইত্যন্যথার্থ কল্পনেন মদ্বঞ্চনং প্রতারণমেব ক্রিয়তে তেনৈব ত্বং খ্যাতাসীত্যর্থঃ। তেন বিত্তশচঞ্চলাবিতি চঞ্চুল প্রত্যয়ঃ॥ ৩৯॥

ইহার দম্ভাতিশয় কার্য্যে কি গাম্ভীর্য্য। (এই বলিয়া উদঘাটন পূর্ব্বক নাগকেশর পুষ্পগুলি দেখাইয়া) হায়! নিশি জাগরণে আমার ক্লেশাতিশয় দেখিয়া নাগকেশরও নিরন্তর মধু ক্ষরণ শীল কুসুম রূপ নয়ন সমূহ দ্বারা অশ্রু মোচন করিতে করিতে অত্যন্ত ক্লিষ্ট হইয়াছে॥ ৩৮॥

ললিতা। অহো! তোমার আশ্চর্য্য ধূর্ত্ততা, বকুল বাচি ...ব পুষ্পে নাগকেশর বলিয়া ব্যাখ্যা করিতেছ!॥

...র্ব্বক আপনার প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়া)

শব্দার্থস্যান্যথা কল্পনেন বচন চঞ্চুতা ॥ ৩৯ ॥

অথবা কস্তে দোষঃ। দৃষ্টদোষাভিরপি গৌরাঙ্গীভিঃ সৌহার্দ্দমভিলস্যতা ময়ৈবাপরাদ্ধং।

বিশাখা। কো কৃখু গৌরাঙ্গীণাং দিট্ঠো তুএ দোসো।

কৃষ্ণঃ। পশ্য পশ্য।

নব রসধারিণি মধুরে ধরণীসন্তাপহারি বিস্ফুরণে।

বিশাখা। কঃ খলু গৌরাঙ্গীণাং দৃষ্ট স্ত্বয়া দোষঃ। নবরস ধারিণি অভিনব জলধারিণি পক্ষে শান্তোঽপি নবমো রস ইতি রীত্যা শৃঙ্গারাদি নব রসাশ্রয়ে কৃষ্ণবর্ণে মুদিরে মেঘে পক্ষে কৃষ্ণোঽয়ং মুদির ইবেতি ব্যাঘ্রাদিত্বাৎ সমাসঃ। ক্ষণরোচিষো বিদ্যুতঃ পক্ষে ক্ষণমাত্রা রোচিঃ কান্তির্যাসাং তদানী-

---

ললিতে! তোমার শব্দার্থের অন্যথা কল্পনা দ্বারা বাক্ পটুতা বিশ্রাম করুক ॥ ৩৯ ॥

অথবা তোমারই বা দোষ কি! গৌরাঙ্গীদিগের দোষ দেখিয়া যখন আমি তাহাদিগের সহিত সৌহার্দ্দ করিয়াছি তখন এ আমারই অপরাধ ॥

বিশাখা। অহে! তুমি গৌরাঙ্গীদিগের কি দোষ দেখিলা ॥

কৃষ্ণ। দেখ দেখ, ধরণী সন্তাপহারি নব রস (জল) ধারি কৃষ্ণবর্ণ মেঘ উদিত হইলে গৌরবর্ণা ক্ষণপ্রভা বিদ্যুৎ কখন স্থৈর্য্য অবলম্বন করে না ॥

পক্ষান্তরের অর্থ। ধরণীসন্তাপহারি শৃঙ্গারাদি নব রস ধারি মেঘকান্তি কৃষ্ণ আগমন করায় ক্ষণমাত্র কান্তি গৌরাঙ্গীগণ কোন ক্রমেই স্থিরতা অবলম্বন ক[illegible]

বিদধতি ন কৃষ্ণমুদিরে গৌর্য্যঃ ক্ষণরোচিষঃ স্থৈর্য্যং ॥ ৪০ ॥

বিশাখা। তস্মিং কুলিসকুড় কঠোর চিট্‌ঠিদে তাণং কোমলাণং জুত্তা জ্জেব্ব তধা পউত্তী ॥

ললিতা। বিসাহে সুণাহি কিম্পিগাহং ইতি ভৃঙ্গং দর্শয়ন্তী ॥ ৪১ ॥

চম্পঅলদং সিলিদ্ধং ণঅ কঞ্চণ কান্তি কুসুম গোৌরাঙ্গীং।

মুক্কিঅ ধাবই ভ্রমরো চবলাবিঅ সামলা হোন্তি ॥ ৪২ ॥

মেব রমণানুরাগ স্তদানীমেব বিরাগেণ বৈপরীত্যমিতি ভাবঃ। অত্র গৌর্য্য ইতি বিশেষণ পদং ॥ ৪০ ॥

বিশাখা। তস্মিন্ কুলিশ কুট কঠোর চেষ্টিতে তাসাং কোমলানাং যুক্তৈব তথা প্রকৃতিঃ।

ললিতা। বিশাখে শৃণু কমপি গানং ॥ ৪১ ॥

চম্পকলতাং স্নিগ্ধাং নবকাঞ্চনদ্যুতি কুসুম গৌরাঙ্গীং ত্যক্ত্বা ধাবতি ভ্রমরশ্চপলা ইব শ্যামলা ভবন্তি ॥ ৪২ ॥

অর্থাৎ তখনই রমণানুরাগ এবং তখনই মান ভরে বিবর্ণা হইয়া বিরাগ প্রকাশ করিতেছে ॥ ৪০ ॥

বিশাখা। সেই বজ্র অপেক্ষা কঠোর চেষ্টাশালিতে সুকুমারী দিগের ঐ প্রকার হওয়া উপযুক্ত বটে ॥

ললিতা। বিশাখে! কোন একটী গান শুন। (এই বলিয়া ভ্রমরকে দেখাইয়া) স্নিগ্ধ স্বভাবা নবকাঞ্চন কান্তি সদৃশী কুসুম গৌরাঙ্গী চম্পকলতাকে পরিত্যাগ করিয়া ভ্রমর ধাবমান হইতেছে, চপলা জন সকলই শ্যাম বর্ণা হয় ॥ ৪২

কৃষ্ণঃ । স্মিত্বা সত্যং বাগ্মিনামসি রাজ্ঞী ।

ললিতা । অপবার্য্য । হলা সুট্ঠু ণীসঙ্কেণ বঅণাডোবেণ অণবরদ্ধং জ্জেব্ব ণং তক্কেম ।

কৃষ্ণঃ । বাম্যান্তবেন্ন বিরতি নবযৌবনানাং
বামভ্রুবামিতি জনশ্রুতিরব্যলীকা ।
চাটূনি কর্ত্তুমুচিতানি বিমুচ্য খিন্নং
মাং প্রত্যুতাদ্য যদমূরপবঞ্চয়ন্তি ॥ ৪৩ ॥

ললিতা । অববার্য্য হলা সচ্চং উজ্জাঅর খিণ্ণো কহ্নো তা

ললিতা । সুষ্ঠু নিঃশঙ্কেন বচনাটোপেন অনপরাদ্ধ মেনং তর্কয়ামি । কর্ত্তুমুচিতানি চাটূনিত্যুক্তা প্রত্যুত মা' অপরঞ্জয়ন্তি দুঃখয়ন্তি কটু বদন্তি ইত্যর্থঃ ॥ ৪৩ ॥

ললিতা । সত্য মুজ্জাগর খিন্নঃ কৃষ্ণঃ তৎ প্রসীদ ।

কৃষ্ণ । (ঈষৎ হাস্য করিয়া) সত্যই তুমি বাচালদিগের রাজ্ঞী হইয়াছ ॥

ললিতা । (হস্তাবরণ করিয়া) সখি ! শোভন সদর্প বচনে ইহাঁকে নিরপরাধি বলিয়া বিবেচনা করি ॥

কৃষ্ণ । শোভন ভ্রূ নবযৌবনাদিগের কুটিলতা হইতে কখনই বিরতি হয় না, এই যে জনশ্রুতি ইহা মিথ্যা বোধ হইতেছে না, যে হেতু এই সকল গৌরাঙ্গী কথন যোগ্য মিষ্ট বাক্য পরিত্যাগ করিয়া আমাকে অননুরাগী করিতে উদ্যত হইয়াছে ॥ ৪৩ ॥

ললিতা । (হস্তাবরণ দিয়া) সখি ।

পসীদ পসীদ।

রাধিকা। কৃষ্ণমপাঙ্গেনাবলোক্য মুদ্ধাণং বঞ্চণকলা বিঅ-ড্ঢোহসি॥

কৃষ্ণঃ। সানন্দং ফুল্লকেশর কলাপেনামুনা ধম্মিল্ল শ্রীস্তবালং ক্রিয়তাং বন্ধ্যতাং মা বিন্দতু মম প্রয়াসঃ। ইতি পুটিকামুদ্ঘাট্য প্রিয়ে পশ্যামূনিঃ সুগন্ধিনামগ্রেসরাণি কেশরাণি যৈরহং সদ্য সুবাসিতোহস্মি॥

রাধিকা। স নর্ম্মস্মিতং ণূণং চন্দাঅলী পরিমলেণ বাসিদোসি তুমং॥

রাধিকা। মুগ্ধানাং বঞ্চন কলা বিদগ্ধোসি। সনর্ম্মেতি মিথ্যা দোষারোপণাৎ নূনং চন্দ্রাবলী পরিমলেন বাসিতোহসি ত্বং।

ব্রতে খিন্ন হইয়াছেন, অতএব প্রসন্ন হও॥

শ্রীরাধা। (অপাঙ্গ দ্বারা কৃষ্ণকে অবলোকন করিয়া অহে। তুমি মুগ্ধা রমণীদিগের বঞ্চনা বিষয়ে অতিশয় সুপণ্ডিত॥

কৃষ্ণ। (আনন্দের সহিত) কেশর কুসুম দ্বারা ধম্মিল্ল শ্রী তোমাকে অলঙ্কৃত করুক, আমার চেষ্টা যেন বিফলতা প্রাপ্ত না হয়। (এই বলিয়া পুটিকা অর্থাৎ আচ্ছাদন উদ্ঘাটন করত) প্রিয়ে! সুগন্ধি সকলে অগ্রসর এই কেশর কুসুমগুলি অবলোকন কর, ইহারই দ্বারা আজ আমি সৌরভশালী হইয়াছি।

শ্রীরাধা। (পরিহাসের সহিত ঈষৎ হাস্য করিয়া) অহে নিশ্চয় তুমি চন্দ্রাবলীর সৌরভে সুবাসিত হইয়াছ॥

কৃষ্ণঃ। প্রিয়ে পরিহাসিকান্যপি তে বচাংসি ন কদাচিদপি ব্যভিচরন্তি। যদদ্য মদঙ্গতশ্চন্দ্রাবলী সৌরভ্যমুদঞ্চতি॥

রাধিকা। সের্ষং পরাবৃত্য ললিদে কিং মুদ্দিদকণ্ণাসি॥

কৃষ্ণঃ। স্মিত্বা প্রিয়ে কথমক্ষর সাম্যাদক্ষমাসি যদদ্য কর্পূরাবলিং বর্ণয়ামি॥

রাধিকা। সস্মিতং। সমপ্পেহি পুপ্ফাইং ইতি পটাঞ্চলং প্রসারয়তি॥

কৃষ্ণঃ। রাধামুখং প্রেক্ষ্য স্বগতং। হন্ত বিভ্রম মণ্ডিতস্য চিল্লিকোদণ্ডস্য তাণ্ডবকলা॥ ৪৪॥

ললিতে কিং মুদ্রিত কর্ণাসি সমর্পয় পুষ্পাণি। চিল্লিকোদণ্ড ভ্রূধনুষঃ॥৪৪

কৃষ্ণ। প্রিয়ে! তোমার পরিহাস বাক্য সকলও কখন মিথ্যা হয় না, যে হেতু আজ আমার অঙ্গ হইতে চন্দ্রাবলীর সৌরভ উদ্গত হইতেছে॥

শ্রীরাধা। (ঈর্ষ্যার সহিত মুখ ফিরাইয়া) ললিতে! তুমি কি বধির হইয়াছ ?।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) প্রিয়ে! অক্ষরের সমতা প্রযুক্ত কেন অসহিষ্ণুতা প্রকাশ করিতেছ, যেহেতু আমি কর্পূর সমূহের বর্ণন করিয়াছি॥

শ্রীরাধা। (ঈষৎ হাস্যের সহিত) পুষ্প প্রদান কর। (এই বলিয়া বস্ত্রাঞ্চল বিস্তৃত করিলেন)॥

কৃষ্ণ। (শ্রীরাধার মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া মনে মনে) বিভ্রম ভূষিত ভ্রূ ধনুকের কি কৌশল॥ ৪৪॥

বিশাখা। জনান্তিকং। ললিতে পেক্খ পেক্খ। সম্মোহণ রাহিএ কড়ক্খ বাণেণ লক্খীকিদো পুপ্ফুপুড়িআএ সদ্ধং অঞ্চলে দিণ্ণং রি বেণুং ণ জাণাদি কহ্নো॥

ললিতা। সংস্কৃতেন॥

নিদ্রাগমেঽপি সখি নন্দসুতস্য হর্ত্তুং
যা শক্নুবন্তি ন পরাঃ পশুপালবালাঃ।
ধন্যা কটাক্ষ কলয়া কিল মোহয়ন্তী
তাং রাধিকাদ্য পুরতো মুরলীং জহার॥

বিশাখা। ললিতে পশ্য পশ্য। সংমোহনেন রাধায়াঃ কটাক্ষ বাণেন লক্ষীকৃতঃ বুদ্ধিঃ পুষ্প পুটিকয়া সার্দ্ধং অঞ্চলে দত্তমপি বেণুং ন জানাতি কৃষ্ণঃ দৃষ্টো যুষ্মাভিঃ প্রিয়বয়স্যঃ।

বিশাখা। (হস্তাবরণ দিয়া সঙ্গোপনে) ললিতে! দেখ দেখ শ্রীরাধার সম্মোহন রূপ কটাক্ষ বাণে বিদ্ধ হইয়া কৃষ্ণ পুষ্পপুটিকার সহিত মুরলীও অঞ্চলে প্রদান করিয়াছেন কিন্তু তিনি তাহা জানিতে পারেন নাই॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) সখি! অন্য গোপকুমারী সকল নন্দতনয়ের নিদ্রিতাবস্থাতেও যে মুরলী হরণ করিতে সমর্থ হয় না, ধন্য রাধিকা কটাক্ষ বাণে কৃষ্ণকে বিমোহিত করিয়া তাঁহার সম্মুখ হইতে সেই মুরলী হরণ করিয়া লইলেন॥

বিভাষ।

নিদ্দের আবেশে, রহয়ে হরিষে, বেণু করে ধরি হরি।

রাধিকা। অপবার্য্য সংস্কৃতেন।

যা নির্ম্মাতি নিকেত কর্ম্মরচনারম্ভে করস্তম্ভনং
রাত্রৌ হন্ত করোতি কর্ষণবিধিং যা পত্যুরঙ্কাদপি।
গৌরীণাং কুরুতে গুরোরপি পুরো যা নীবি বিধ্বংসনং
ধূর্ত্তা গোকুল মঙ্গলস্য মুরলী সেয়ং মমাভূদ্বশা॥

নেপথ্যে। অরে কুরঙ্গও দিট্‌ঠো তুম্মোহিং পিঅবঅস্‌স॥

গোপাঙ্গনা গণে, কতেক সন্ধানে, না পারে করিতে চুরি॥
ধনি ধনি দেখ রাধিকা কটাক্ষ খেলা। সে বেণু হরিলা,
গোবিন্দ মোহিলা, কি জানি মোহিনী দিলা॥ ধ্রু॥

শ্রীরাধা। (হস্তাবরণ দিয়া সংস্কৃত ভাষায়) সখি! গৃহ কর্ম্ম করিতে আরম্ভ করিলে যে করস্তম্ভ করিয়া দেয়, রাত্রিতে পতিক্রোড়ে শয়ন করিয়া থাকিলে যে তথা হইতে আকর্ষণ করিয়া লইয়া আইসে এবং যে গুরুজন সমক্ষে গৌরাঙ্গীদিগের নীবিমোচন করিয়া দেয়,সেই গোকুলানন্দের ধূর্ত্তা মুরলী আজ আমার বশতাপন্ন হইয়াছে॥

বিভাষ॥

ব্রজনারী কর, যেই করে জড়, করিতে গৃহের কাজ।
আগে গুরুজন, এ নিবী বন্ধন, ছিড়িয়া যে দেয় লাজ॥
রজনী সময়ে, আপন আলয়ে, পতি কোলে থাকে নারী।
তারে যে হরিল, সে বেণু পাইল, যতনে রাখহ ধরি॥
যে বেণু সঘন, করে বিড়ম্বন, খসায় কুন্তল পাশ। হরয়ে
যুবতি, গণের যে মতি, পাশরায়ে গৃহ বাস॥ হরিণী

কৃষ্ণঃ। কথং মিলত্যেষ মধুমঙ্গলঃ।

প্রবিশ্য মাল্যহস্তো মধুমঙ্গলঃ।

সুদং মএ সুঅলমুহাদো জং অজ্জ ণিউঞ্জ মজ্ঝে রাহিআ জাঅরিদাআসি তা গদুঅ ণং পোচ্ছাহইস্সং ইত্যুপসৃত্য সংস্কৃতেন॥ ৪৫॥

মধু শ্রুতং সুবল মুখতঃ যদদ্য নিকুঞ্জ মধ্যে রাধিকা জাগরিতাসীৎ তদ্গত্বা এনাং প্রোৎসাহয়িষ্যামি॥ ৪৫॥

সকল, মুখের কবল, খাইতে না দেয় যেই। নদীগণ জল, যে করে পাথর, শীলা করে জলময়॥ যাহার ধ্বনিতে নারীগণ চিতে, করয়ে মদন জ্বালা। ধৈরজ ধরম, করিয়া ভরম, হরয়ে কুলের বালা॥ সে বেণু পাইলা, মঙ্গল হইলা, অমঙ্গল দূরে গেলা। এ যদু নন্দন দাস তহি ভণ, সতী কুল বহি গেলা॥

নেপথ্যে॥

অহে কুরঙ্গ সকল! তোমরা কি প্রিয়বয়স্য কৃষ্ণকে দেখিয়াছ॥

কৃষ্ণ। এ মধুমঙ্গল আসিল না কি?॥

(মাল্যহস্তে মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। আমি সুবলের মুখে শুনিয়াছি, আজ নিকুঞ্জ মধ্যে শ্রীরাধা জাগরিত ছিলেন, তবে গিয়া তাঁহাকে উৎসাহিত করি। (এই বলিয়া নিকটে গমন পূর্ব্বক সংস্কৃত ভাষায়)॥ ৪৫॥

অবিরল বনমালালঙ্কৃত স্নিগ্ধমূর্ত্তিঃ
স্ফুরতি কটককান্তি র্ধাতুভির্ম্মণ্ডিতাঙ্গঃ।
অখিল ভুবন তুঙ্গো নেত্রভঙ্গ্যা বিকৃষ্টঃ
কথমিব সখি রাধে কৃষ্ণশৈল স্ত্বয়াভূৎ ॥ ৪৬ ॥

রাধিকা। বিস্ময়তে।

কৃষ্ণঃ। প্রিয়ে বেত্তি মে তমস্তমীসম্ভবং বয়স্যোঽয়ং।

রাধিকা। অজ্জ দংসিদং অজ্জ সিণেহ দাক্‌খিণ্ণং যং কান্তার

বিরলয়া বনমালয়া বনশ্রেণ্যাচ অলঙ্কৃতা স্নিগ্ধ মূর্ত্তি র্যস্য সঃ। কটকানাং বলয়ানাং নিতম্বানাঞ্চ কটকং বলয়োঽস্ত্রিয়াং কটকোঽস্ত্রী নিতম্বোঽদ্রে রিত্যমরঃ। ধাতুভির্গৈরিকাদ্যৈঃ ॥ ৪৬ ॥

তমি সংভবতমঃ রাত্রাবুদ্ভূতং দুঃখং।

রাধি আর্য্য দর্শিতমদ্য স্নেহ দাক্ষিণ্যং যৎকান্তার সিন্ধু সন্তার কৌশলানি

সখি রাধে! যিনি নিবিড় বনমালায় অলঙ্কৃত হইয়া স্নিগ্ধ মূর্ত্তি ধারণ করিয়াছেন, যাঁহাতে বলয়া সকলের কান্তি স্ফুর্ত্তি পাইতেছে, যাঁহার অঙ্গ গৈরিক ধাতুতে ভূষিত, সেই নিখিল জগতের উপরি বিরাজমান কৃষ্ণ-শৈলকে কি রূপে তুমি কটাক্ষ দ্বারা আকর্ষণ করিলা ॥ ৪৬

শ্রীরাধা। ঈষৎ হাস্য করিলেন।

কৃষ্ণ। প্রিয়ে! এই বয়স্যই আমার রাত্রি জনিত ক্লেশ অবগত আছে ॥

শ্রীরাধা। আর্য্য! আজ ভাল স্নেহের সরলতা প্রদর্শিত হইল, যে হেতু দুর্গম সমুদ্র সন্তরণের কৌশল সকল

সিন্ধু সন্তার কোসলাইং সিক্খাবিদক্মি।

মধুমঙ্গলঃ। সহি সাহু অম্মো উবালহিজ্জম্ম জেহিং চলন্তীং বি বল্লীং তুমং তক্কিঅ বণে বসন্তেহিং সাদঙ্কং জাগরিদং। তুম্মে কৃখু সলাঘইজ্জই জাহিং পিঅবঅস্‌স সণাহং বি কুঞ্জং অণিবন্ধেণ সুণ্ণং মণ্ণিঅ ঘরে পবিসন্তীহিং ণিরাতঙ্কং সুত্তং। ৪৭॥

রাধিকা। অজ্জ কিং এব্বং ভণাসি ইতি সংস্কৃতেন॥

নিকুঞ্জং কংসারের্বত নখর চন্দ্রাবলিরুচি

শিক্ষিতানি।

মধু সখি সাধু বয়ং উপালভ্যামহে যৈরস্মাভিশ্চলন্তীমপি বল্লীং ত্বাং তর্কয়িত্বা বনে [illegible]দ্ভিঃ সাতঙ্কং জাগরিতং যূয়ং শ্লাঘ্যধ্বে যাভিঃ প্রিয়বয়স্য সনাথমপি কুঞ্জমনির্বন্ধেন শূন্যং মত্বা গৃহে প্রবিশন্তীভি নিরাতঙ্কং সুপ্তং॥ ৪৭॥

রাধি আর্য্য কিলমেবং ভণসি। নখরা এব চন্দ্রা স্তেষামাবলিঃ পঙ্‌ক্তি

শিক্ষা করাইলে॥

মধুমঙ্গল। সখি! তোমারা ভাল রূপে আমাদিগকে তিরস্কার করিলা, আমরা বনে অবস্থিত থাকিয়া বায়ুবেগে লতা বিচলিত হইলে তোমাকে অনুমান করত সাতঙ্কে জাগরণ করিয়াছি, এখন তোমরা সাধু হইতেছে, প্রিয় বয়স্য কুঞ্জে থাকিতেও তোমরা ঐ কুঞ্জকে শূন্য জ্ঞান করিয়া গৃহে গমন পূর্ব্বক নিরাতঙ্কে শয়ন করিয়াছিলে॥ ৪৭●

শ্রীরাধা। এ রূপ বলিতেছ কেন? (এই বলিয়া সংস্কৃত ভাষায়) হা কষ্ট! আমি যখন বারম্বার নিরীক্ষণ করি-

ছটাগ্রস্তং নাগ্রে মুহুরপি যদা প্রেক্ষিতমভূৎ।
তদা সদ্যঃ প্রোদ্যোদ্বিধুহতকবিক্রান্তিহতয়া
ময়া লব্ধারণ্যে ক্লমনিবহ পূর্ত্তা পরিণতিঃ ॥ ৪৮ ॥

মধুমঙ্গলঃ। স্বগতং। অহো কধং কুড়ঙ্গ সঙ্গদা চন্দাঅলি বি রাহিআএ দিট্টাথি তা বঞ্চণং মুক্কিঅ ণং উক্করিসইস্সং।

প্রকাশং সংস্কৃতেন ॥

ক্লান্তেন তে বদন চন্দ্রমনাকলয্য

স্বস্যাঃ রুচি চ্ছটাভিঃ কান্তিচ্ছটাভি গ্রস্তং মুহুরপি নিকুঞ্জং প্রেক্ষিতং দৃষ্টং নাভূৎ ॥ ৪৮ ॥

খরা ক্রুরা যা চন্দ্রাবলি স্বস্যাঃ রুচি ছটাগ্রস্তং কংসারে[illegible]ং মুহুরপি বারম্বারমপি যদা প্রেক্ষিতং নাভূৎ অপি প্রেক্ষিতমে[illegible]ত্যেবমর্থং নির্দ্ধার্য্য স্বগতং পরামৃশতি অহো ইত্যাদি। কুঞ্জ সঙ্গতা চন্দ্রাবল্যাপি রাধিকয়া দৃষ্টাস্তি। তদবঞ্চনং ত্যক্ত্বা এনাং উৎকর্ষয়িষ্যামি। ক্লান্তেনেতি চন্দ্রা-

---

য়াও কংসনাশনের নখরচন্দ্রের চন্দ্রিকায় নিকুঞ্জকে অলোকময় দেখিলাম না, তখনি সদ্যঃ উদিত হত চন্দ্রের রশ্মি দ্বারা আহত হইয়া অরণ্য মধ্যে এই ক্লেশ সমূহের পরিণতি অবস্থা প্রাপ্ত হইয়াছি ॥ ৪৮ ॥

মধুমঙ্গল। (মনে মনে) হায়! কুঞ্জ মিলিতা চন্দ্রাবলীকেও শ্রীরাধা দেখিয়াছেন, তবে এক্ষণে বঞ্চনা পরিত্যাগ করিয়া ইহাঁর প্রশংসা করি। (এই বলিয়া সংস্কৃত ভাষায়)

কৃষ্ণ। মানবতী রমণীদিগের হৃদয় মন্থনকারিণী কন্দর্পের
শক্তির ন্যায়।

মধুমঙ্গল। অহে বয়স্য! এ কন্দর্পের শক্তি নয়॥ ৩৯॥
দেখ জটিলা কর্ত্তৃক প্রক্ষিপ্তা সেই হরিতাল গৌরী
লগুড়িকা অর্থাৎ যষ্টি॥

জটিলা। (প্রবেশ করিয়া) অরে কুটিল ব্রাহ্মণ! আমি এই
খানে লগুড়ী ভুলিয়া গিয়াছি॥

শ্রীরাধা। (হস্তধারণ পূর্ব্বক সভয়ে) সখি! আমাকে
রক্ষা কর রক্ষা কর, এই কালরাত্রির ন্যায় দারুণ বৃদ্ধা
আমাকে দেখিয়াছে! (এই বলিয়া ললিতা ও বৃন্দার

কৃষ্ণঃ। অপবার্য্য। মম সঙ্গমামৃতরসং ন জিঘ্রতি নচ জিহাসতি প্রকটং। জটিলা ব্যাঘ্রী চকিতা তৃষিতা রাধা কুরঙ্গীয়ং ॥ ৭০ ॥

মধুমঙ্গলঃ। ভো সরমালঙ্গুল কুড়িলে ঘেপ্প অত্তণো লউট্ঠিং।

জটিলা। যষ্টিমাদায়। অরে সুঅলা কীস তুমং বহুড়িআ বেসেণ মং সদা বিড়ম্বেসি ॥

কৃষ্ণঃ। স্বগতং। দিষ্ট্যা সুবলতয়া জ্ঞাতমভূৎ। প্রকাশং সনর্ম্মস্মিতং। জটিলে গুরুভ্যঃ শপমানোঽস্মি রাধিকয়ৈব

মধু। ভো সরমালাঙ্গুল কুটিলে গৃহাণ আত্মনো লকুটীং। সরমা শুনী॥ জটি। অরে সুবল কস্মাত্ত্বং বধূটিকা বেশেন মাং সদা বিড়ম্বয়সি। সাধয়তি গচ্ছতি নাট্যোক্তৌ সাধয়তি গত্যর্থঃ।

সহিত শ্রীরাধা প্রস্থান করিলেন) ॥

কৃষ্ণ। (হস্তাবরণ দিয়া) জটিলা-রূপা ব্যাঘ্রী দর্শনে ভীত হইয়া তৃষ্ণাকুলা রাধাকুরঙ্গী স্পষ্টরূপে আমার সঙ্গমরূপ অমৃতরস না আঘ্রাণ করিতে পারিতেছেন, না ত্যাগ করিতেই পারিতেছেন ॥ ৭০ ॥

মধুমঙ্গল। অয়ি কুক্কুরলাঙ্গুলতুল্য কুটিলে ! এই আপনার লগুড়ী লাও ॥

জটিলা। (যষ্টি গ্রহণ করিয়া) অরে সুবল। কেন তুই সর্ব্বদা বধূবেশ ধারণ করিয়া আমাকে বিড়ম্বিত করিস্ ॥

কৃষ্ণ। (মনে মনে) কি সৌভাগ্য ! এবারও ত শ্রীরাধায় সুবল বলিয়া প্রতীতি হইয়াছে। (প্রকাশ পূর্ব্বক

সাধয়তি ন খল্বসৌ সুবলঃ ॥

জটিলা। রে ধুর্ত্ত বিঅক্‌খণাহং সব্বং পরিক্‌খিদুং ক্‌খমম্হি। তা অলং এত্থ ঠগ্‌গত্তণেণ। ইতি নিষ্ক্রান্তা।

কৃষ্ণঃ। সখে সমাগচ্ছ গোকুলমেব প্রবিশাব ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে ॥

॥ * ॥ ইতি শ্রীবিদগ্ধমাধব নাটকে রাধাপ্রসাদনো নাম পঞ্চমোঽঙ্কঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

জটি। অরে ধূর্ত্ত বিচক্ষণাহং সর্ব্বং পরীক্ষিতুং ক্ষমাস্মি তদলমত্র ধূর্ত্তেত্বেন ॥৭১॥

॥ * ॥ ইতি পঞ্চমোঽঙ্কঃ ॥ * ॥

সপরিহাস হাস্য করিয়া) জটিলে। আমি গুরুবর্গের শপথ করিতেছি, শ্রীরাধাই যাইতেছেন, এ সুবল নয় ॥

জটিলা। অরে ধূর্ত্ত! আমি বিচক্ষণ, আমার সকল বিষয়ের পরীক্ষা করিতে ক্ষমতা আছে, আর ধূর্ত্ততা প্রকাশ করিস্‌ না (এই বলিয়া প্রস্থান করিল)

কৃষ্ণ। সখে! আইস আমরা গোকুলে প্রবেশ করিগা ॥

(এই বলিয়া সকলের প্রস্থান)

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায় বিদগ্ধমাধব নাটকে রাধাপ্রসাদন নাম পঞ্চমাঙ্ক ॥ * ॥ ৫ ॥ * ॥

——:o:——

ততঃ প্রবিশতি জটিলা ॥

জটিলা। সুদং মএ অজ্জ পীঅপডেণ কিদুত্তরীআ বহূ ঘরে চিট্‌ঠই তা গদুঅ জহত্থং নিদ্ধারইস্‌সং। ইতি পরিক্রম্য পশ্যন্তী।
কধং এসা বিসাহা ঘুম্মিঅ ঘুম্মিঅ অলিন্দে পড়ই তা সদ্দাইস্‌সং ইত্যুপসৃত্য। বিসাহে জাদো এক্ক পহরো তহবি ঘুম্মসি।

বাসন্ত ত্রি চতুর্দ্দিন লীলা দিগ্‌দর্শনং সমাপ্য সম্প্রতি শারদ লীলায়াং মহারাস বিলাসাদিভিরতি দুষ্পারত্বাৎ তদ্বর্ণনে গ্রন্থগৌরব মবধার্য্য তত্র চিত্ত প্রবেশার্থং দিনার্দ্ধ মাত্র লীলামুট্টঙ্কয়তি। ততঃ প্রবিশতি ইত্যাদিনা যাবৎ ষষ্ঠাঙ্কং সমাপ্তং। শ্রুতং ময়া অদ্য পীতপট্টেন কৃতোত্তরীয়া বধূ গৃহে তিষ্ঠতি তদ্গত্বা যথার্থং নির্দ্ধারয়িষ্যামি। শ্রবণন্তু পদ্মামুখাদিতি জ্ঞেয়ং। কথমেবং বিশাখা ঘূর্ম্মিত্বা ঘূর্ম্মিত্বা অলিন্দে গৃহস্য বহির্দ্বার প্রকোষ্ঠে পতিত। তচ্ছব্দায়িষ্যে। বিশাখে যাতঃ এক প্রহর স্তথাপি নিদ্রায়সি।

(অনন্তর জটিলার প্রবেশ)

জটিলা। আজ পদ্মার নিকট শুনিয়াছি বধূ পীতপট্টবস্ত্রে গাত্রাচ্ছাদন করিয়া গৃহে অবস্থিত আছে অতএব তথায় গিয়া সত্য মিথ্যা নিশ্চয় করি। (এই বলিয়া প্রত্যাবর্ত্তনপূর্ব্বক শ্রীরাধার গৃহের দিকে দৃষ্টিপাত করিতে লাগিল)। এ কি! বিশাখে যে ঘূরিয়া ঘূরিয়া গৃহের বহির্দ্বারে পড়িতেছে, তবে গিয়া একবার শব্দ করি। (নিকটেগিয়া) বিশাখে! এক প্রহর বেলা হইল তথাপি নিদ্রা যাইতেছ।

প্রবিশ্য বিশাখা। স্বগতং। সম্পদং রাসমহূসব গব্বাস্থু সব্বরীসু কুদো নিদ্দাগন্ধোবি অম্মাণং তা জুত্তং জ্জেবব ঘুম্মাণং ইতি হঠাদ্দৃশৌ বিকাশ্য প্রকাশং॥ ১॥

অজ্জে অজ্জ ভঅবদীএ নিদ্দেসেণ দেঅদা সদণে দীণ্ণ জাঅরন্ম॥

জটিলা। স্বগতং। অদো জ্জেবব পদোসে বহূএ সেজ্জা সুণ্ণা আসি। প্রকাশং। বিসাহে আআরেহি বহূঅং॥

বিশা। সাম্প্রতং রাসমহোৎসব গর্ভাসু সর্ব্বরীষু কুতো নিদ্রাগন্ধোঽপি অস্মাকং তদ্যুক্তমেব ঘূর্ণনং॥ ১॥

আর্য্যে অদ্য ভগবত্যা নিদেশেন দেবতা সদনে দত্তজাগরাঃ স্মঃ।

জটি। অতএব প্রদোষে নিশাদৌ নিশামুখে বধ্বাঃ শয্যা শূন্যাসীৎ। বিশাখে আকারয় আহ্বায় বধূং।

বিশাখা। (প্রবেশ পূর্ব্বক মনে মনে) সম্প্রতি রাসমহোৎসবগর্ভা রজনী সকলে কোথায় আমাদের নিদ্রাগন্ধ অতএব ঘূর্ণন উপযুক্তই বটে। (এই বলিয়া হঠাৎ চক্ষু উন্মীলন পূর্ব্বক প্রকাশ করিয়া)॥ ১॥

আর্য্যে! আজ আপনার আদেশানুসারে দেবগৃহে জাগরণ দিয়াছি॥

জটিলা। (মনে মনে) এই জন্যই আজ সন্ধ্যা কালে বধূর শয্যা শূন্য ছিল। (প্রকাশ করিয়া) বিশাখে! বধূকে আহ্বান কর॥

বিশাখা। হলা রাহে ইদো ইদো।

প্রবিশ্য রাধা। চক্ষুষী বিমৃজ্য সজৃম্ভং। বিসাহে বাঢ়ং ণিদ্দা উলস্মি ইতি দৃষ্টিং দরোদ্ঘাট্যং সশঙ্কং স্বগতং। কধং ইধ জ্জেবব অজ্জা॥

জটিলা। রাধাং নির্ব্বর্ণ্য স্বগতং। হদ্ধী হদ্ধী সচ্চং জ্জেবব এদং পীতাম্বরং।

রাধা। জনান্তিকং। হলা সুদং মএ সারঙ্গী মুহাদো জং ণিসীধে বুড্‌ঢিএ তস্মিং বিলাস পুলিণে গদং আসি তা.

বিশা। রাধে ইতঃ ইতঃ।

রাধে। বিশাখে বাঢং নিদ্রাকুলাস্মি। কথং ইত এব আর্য্যা।

জটিলা। হা ধিক্ হা ধিক্ সত্যমেব ইদং পীতাম্বরং।

রাধি। সখি শ্রুতং ময়া সারঙ্গীমুখতঃ যন্নিশিথে নিশার্দ্ধে রাত্রে বৃদ্ধয়া তস্মিন্ পুলিনে গতমাসীৎ তন্নূনং বয়ং তত্র দিষ্টাস্মঃ।

বিশাখা। সখি রাধে! এই খানে এই খানে।

শ্রীরাধা। (প্রবেশ পূর্ব্বক চক্ষু দ্বয় মর্দ্দন করিতে করিতে জৃম্ভার সহিত) বিশাখে! আমি অত্যন্ত নিদ্রাকুল হইয়াছি (এই বলিয়া ঈষৎ চক্ষু উদ্‌ঘাটন পূর্ব্বক মনে মনে) এখানে আর্য্যা কেন?।

জটিলা। (শ্রীরাধাকে দেখিয়া মনে মনে) হাধিক্ হাধিক্ এই যে সত্যই পীতাম্বর॥

শ্রীরাধা। (হস্তাবরণ দিয়া) সখি! আমি সারঙ্গীর মুখে শুনিয়াছি বৃদ্ধা অর্দ্ধরাত্রে সেই ক্রীড়া পুলিনে গিয়াছিল

পুণং অহ্মে তথ দিট্ঠহ্মা।

বিশাখা। ণহু ণহু জং কধিদং বুন্দাএ তুমং ঘেত্তুণ তিরোহিদে কহ্নে তধা অহ্মেসু দোসু সহীসু সশঙ্কং তুহ উদ্দেস সস গদাসু এসা বুড্টী উবথিদা॥

রাধিকা। তদো কীস ইঅং কোঅ ভঅঙ্করীএ দিট্ঠীএ মং পেকখন্তী চিট্ঠদি॥

জটিলা। সের্ষং। মিচ্ছা জপ্পণি বিসাহে কিং ণাম অন্ধাসি তুমং॥

বিশা। নহি নহি যৎ কথিতং বৃন্দায়া ত্বাং গৃহীত্বা তিরোহিতে কৃষ্ণে তথা আবয়োর্দ্বয়োঃ সখ্যাশ্চ সশঙ্কং তবোদ্দেশায় গতয়োঃ সত্যাঃ এষা বৃদ্ধা উপস্থিতা।
রাধি। ততঃ কস্মাদিয়ং কোপ ভয়ঙ্কর্য্যা দৃষ্ট্যা মাং পশ্যন্তী তিষ্ঠতি॥
জটি। সের্ষং মিথ্যা জল্পিনি বিশাখে কিং নাম অন্ধাসি ত্বং।

অতএব বোধ হইতেছে নিশ্চয় আমাদিগকে দেখিয়াছে॥

বিশাখা। না না তাহা নয়, বৃন্দা যাহা বলিয়াছে তাহাই বটে, তোমাকে লইয়া শ্রীকৃষ্ণ অন্তর্দ্ধান হইলে, আমরা দুই জন এবং সখী গণ শঙ্কাকুল চিত্তে তোমার উদ্দেশে গমন করিলে পর বৃদ্ধা গিয়া সেখানে উপস্থিত হইয়াছিল॥

শ্রীরাধা। তবে কেন বৃদ্ধা কোপ বিস্ফারিত লোচনে আমার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া রহিয়াছে॥

জটিলা (ঈর্ষার সহিত) মিথ্যাবাদিনি বিশাখে। তুমি কি অন্ধা হইয়াছ?॥

বিশাখা। রাধাং বিলোক্য সখেদং জনান্তিকং। অই বিলাস বেব্ভলে কিং ক্খু এদং।

রাধা। স্বং বক্ষো নিরীক্ষ্য সসম্ভ্রমং। হলা তুমং জ্জেবব সরণং ॥ ২ ॥

বিশাখা। জটিলামবেক্ষ্য সংস্কৃতেন।

মুদা ক্ষিপ্তৈঃ পর্ব্বোত্তরল হৃদয়াভির্যুবতিভিঃ
পয়ঃ পুরৈঃ পীতীকৃতমতি হরিদ্রাদ্রবময়ৈঃ।
দুকূলং দোর্ম্মূলোপরি পরিদধানাং প্রিয়সখীং
কথং রাধামার্য্যে কুটিলিত দৃগন্তং কলয়সি ॥

বিশা। অয়ি বিহ্বলে কিং খল্বিদং।
রাধি। সখি ত্বমেব শরণং ॥ ২ ॥
যুবতিভিঃ ক্ষিপ্তৈঃ পয়ঃ পূরৈঃ পীতীকৃতং দুকূলং দাধানাং ক দোর্ম্মূলো পরি। কুটিলিত দৃগন্তং যথাস্যাত্তথা কিং পশ্যসি।

বিশাখা। (শ্রীরাধাকে অবলোকন পূর্ব্বক খেদের সহিত হস্তাবরণ দিয়া) অয়ি বিলাসবিহ্বলে! এ কি? ॥

শ্রীরাধা। (আপনার বক্ষের প্রতি দৃষ্টিপাত করিয়া ভয়ের সহিত) সখি! এখন তুমিই আশ্রয় ॥ ২ ॥

বিশাখা। (জটিলাকে অবলোকন করিয়া সংস্কৃত ভাষায়) আর্য্যে! পর্ব্বোপলক্ষে চঞ্চল হৃদয়া যুবতিগণ আমোদ সহকারে হরিদ্রা দ্রবময় জল সকল সেচন করিয়াছিল তাহাতেই ইহার বাহু মুলোপরি পীতবসন পরিধান দেখিতেছেন অতএব আপনি কেন এই প্রিয়সখীর প্রতি কুটিল দৃষ্টি নিক্ষেপ করিয়া রহিয়াছেন ॥

জটিলা। সবিশ্রম্ভং। বিসাহে তুএ জ্জেব্ব চঞ্চলাএ মম পুত্তঘরং বিণাসিদং জং জোবণান্ধাণং গোইণং মজ্ঝে বহূডিআ ণিজ্জই।

বিশাখা। অজ্জে কিত্তিমং তুমং উবলহেসি ণং উবসণ্ণং দীঅমালিআ পব্বলচ্ছীং উবালহেহি।

জাএ সব্বং অবাল বুড্‌ঢং গোউলং জ্জেব্ব উম্মাদিদং॥

জটিলা। বচ্ছে সচ্চং কহেসি অজ্জ রত্তিম্মি দিট্‌ঠ মএ সব্বাও গোউলকিসোরীও তথ পুলিণে উম্মত্তী ভবিঅ কিম্পি

জটি। বিশাখে ত্বয়ৈব চঞ্চলয়া মম পুত্রগৃহং বিনাশিতং যদ্যৌবনান্ধানাং গোপীনাং মধ্যে বধূটিকা নীয়তে।

বিশা। আর্য্যে কিমিতি মাং উপালভসে। এনাং উপসন্নাং দীপমালিকা পর্ব্ব লক্ষ্মীং উপালভস্ব। যয়া সর্ব্বং আবাল বৃদ্ধং গোকুলমেব উন্মাদিতং।

জটি। বৎসে সত্যং কথয়সি। অদ্য রাত্রৌ দৃষ্টং ময়া সর্ব্বা গোকুল কিশোর্য্য স্তত্র পুলিনে উন্মত্তী ভূত্বা কিমপি চেষ্টন্তি।

জটিলা। (বিশ্বাস পূর্ব্বক) বিশাখে! তুমি অতি চঞ্চলা, আমার পুত্রের ঘর তুমিই নষ্ট করিলা, কিজন্য যৌবনান্ধা গোপীগণের মধ্যে আমার বধূটীকে লইয়া যাও॥

বিশাখা। আর্য্যে। আমাকে তিরস্কার করিতেছেন কেন? এই দীপান্বিতা পর্ব্ব শোভাকে নিন্দা করুন, যাহাতে আবাল বৃদ্ধ সমুদায় গোকুল উন্মত্ত হইয়াছে॥

জটিলা। বাছা। সত্য বলিতেছ, আজ আমি রাত্রে দেখিয়াছি সকল গোকুল কিশোরিকাগণই উন্মত্ত হইয়া পুলিনে

চিট্ঠন্তি ॥

বিশাখা। সদৃগ্ভঙ্গং রাধামীক্ষতে ॥

জটিলা। সদৈন্যং অই বিসাহে পসীদ পসীদ এসা অঙ্গুলি সিহরং মুহে নিক্খিবিঅ অব্ভত্থেমি তাহ্ম একং অণুগ্গহং করেহি ॥

বিশাখা। সপ্রশ্রয়ং। অজ্জে কিত্তি এব্বং ভণাসি নিকামং আণবেহি।

জটিলা। বচ্ছে তুমং বিসুদ্ধাসি তা কহ্নস্স হত্থাদো রক্খেহি বহুড়িঅং ॥

অয়ি বিশাখে প্রসীদ প্রসীদ এষা অঙ্গুলি শিখরং মুখে নিক্ষিপ্য অভ্যর্থয়ামি তস্মৈকং অনুগ্রহং কুরু ॥

বিশা। আর্য্যে কিমিতি এবং ভণসি কামমাজ্ঞাপয়।

জটি। বিশুদ্ধাসি তৎ কৃষ্ণস্য হস্তাৎ রক্ষ বধূটিকাং।

ইতস্ততঃ ভ্রমণ করিতে ছিল ॥

বিশাখা। (নেত্র ভঙ্গীর সহিত) শ্রীরাধার প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥

জটিলা। (দৈন্য সহকারে) বিশাখে! প্রসন্ন হও, প্রসন্ন হও, এই আমি মুখে অঙ্গুল্যগ্র নিক্ষেপ করিয়া প্রার্থনা করিতেছি অতএব আমার প্রতি একটী অনুগ্রহ কর ॥

বিশাখা। (মিনতির সহিত) আর্য্যে! একথা বলিতেছেন কেন, যাহা ইচ্ছা হয় আজ্ঞা করুন ॥

জটিলা। বাছা! তুমি অতি বিশুদ্ধা, একারণ কৃষ্ণহস্ত হইতে আমার বধূটীকে রক্ষা কর ॥

বিশাখা। অজ্জে ণিচ্চিন্তা হোহি জং ললিদা কখু এত্থ দকখা বিঅকখণা অ ॥ ৩ ॥

জটিলা। কহিং গদা ললিদা।

বিশাখা। পেকৃখ পউমাএ সমং ইধ জ্জেব্ব এসা আঅচ্ছদি।

জটিলা। অহং উপ্পণিআ ণিপ্পাদণস্‌স গমিস্‌সং।

ইতি নিষ্ক্রান্তা।

প্রবিশ্য পদ্ময়া সহ ললিতা। সহি পউমে কুদো আঅচ্ছসি।

বিশা। আর্য্যে নিশ্চিন্তা ভব যল্ললিতা খল্বত্র দক্ষা চতুরা বিলক্ষণা সরসাধিকাচ ॥ ৩॥

জটি। কুত্র গতা ললিতা।

বিশা। পশ্য পদ্ময়া সমমিত এব এষা আগচ্ছতি।

জটি। অহং উৎপলিকা নিষ্পাদনায় গমিষ্যামি উৎপলিকা গোময় পিণ্ডিকা।

ললি। সখি পদ্মে কুত আগচ্ছসি।

বিশাখা। আর্য্যে! আপনি নিশ্চিন্ত হউন, এ বিষয়ে ললিতা অতিশয় চতুরা ও বিচক্ষণা ॥

জটিলা। ললিতা কোথায় গেল।

বিশাখা। ঐ দেখুন পদ্মার সহিত ললিতা এই খানেই আসিতেছে ॥

জটিলা। আমি গোময় পিণ্ড প্রস্তুত করিতে যাইতেছি। (এই বলিয়া প্রস্থান)

(পদ্মার সহিত ললিতার প্রবেশ)

ললিতা। সখি পদ্মে! কোথা হইতে আসিতেছ? ॥

পদ্মা। হলা কহ্নস্স সআসাদো।

ললিতা। কহিং কহ্নো।

পদ্মা। মালদীবাডিআ পেরন্তে।

ললিতা। কিং কুণাদি।

পদ্মা। মহুমঙ্গল দুদিও বিহরদি॥

ললিতা। সপরিহাস স্মিতং। হলা কিং ণাম পূরিদা হিট্‌ঠাসি।

পদ্মা। বিহস্য। মা অণ্ণধা সম্ভাবেহি মএ মালদী সেহরো

পদ্মা। সখি কৃষ্ণস্য সকাশাৎ। ললি। কুত্র কৃষ্ণঃ। পদ্মা। মালতী-বাটিকাপ্রান্তে॥

ললি। কিং করোতি। পদ্মা। মধুমঙ্গল দ্বিতীয়ো বিহরতি।

ললি। সখি কিং নাম সংপূরিতাভীষ্টাসি ইতি রতং ব্যজ্যতে। অস্যাঃ প্রাতরেবাত্রাগমনং ললিতয়া সহ সম্বাদেচ্ছাচ জটিলা ক্রিয়মান তিরস্কার দুঃখদর্শনাভিলাষায়।

পদ্মা। মা অন্যথা সংভাবয়। ময়া মালতী শেখরঃ একো গ্রথিত্বা তস্য

পদ্মা। সখি! কৃষ্ণের নিকট হইতে॥

ললিতা। কৃষ্ণ কোথায়?।

পদ্মা। মালতী উদ্যানের প্রান্তে।

ললিতা। কি করিতেছেন?।

পদ্মা। মধুমঙ্গলের সহিত বিহার করিতেছেন।

ললিতা। (পরিহাস পূর্ব্বক হাস্যের সহিত) সখি! তোমার কি অভিলাষ পূর্ণ হইয়াছে?।

পদ্মা। (হাস্য করিয়া) অন্য কিছু মনে করিও না, আমি

এক্কো গণ্ঠিঅ তস্‌স উপহারি কিজো। ইতি স্মৃতিমভি-
নীয় হলা কধিতং মে কহ্নেণ। পউমে তুমং জধা সন্তদং
মালং সমপ্‌পেসি। এব্বং ললিদাবি মে বিচিত্ত ঢাউ
লচ্ছীং তা এসা মে লেহপত্তিআ তুএ তস্‌স হত্থে দেঅ
ত্তি ইতি পত্রিকামর্পয়তি ॥

ললিতা। গৃহীত্বা স্বগতং। তদা বি কহ্নস্‌স মএ ঢাউরাও
ণ সমপ্‌পিদোত্থি। তা এত্থ অবরেণ কেণাবি রহস্‌সেণ
হোদব্বং ॥ ৪ ॥

উপহারীকৃতঃ। সখি কথিতং কৃষ্ণেন পদ্মে তং যথা সন্ততং মালাং সম
র্পয়সি এবং ললিতা পি মে বিচিত্র ধাতুলক্ষ্মীং। তদেষা মে লেখপত্রিকা
ত্বয়া তস্যা হস্তে দেয়েতি।

ললিতা। কদাপি কৃষ্ণস্য ধাতুরাগো ময়া ন সমর্পিতোঽস্তি তদত্র অপরেণ
কেনাপি রহস্যেন ভবিতব্যং ॥ ৪ ॥

এক গাছ মালতীর মালা গাথিয়া তাঁহাকে উপহার
দিয়াছি। (এই বলিয়া স্মরণ পূর্ব্বক) সখি! কৃষ্ণ
আমাকে বলিয়াছেন পদ্মে! তুমি যেমন প্রত্যহ আমাকে
মালা অর্পণ কর, তদ্রূপ ললিতাও আমার গৈরিকাদি ধাতু
দ্বারা চিত্র বিচিত্র শোভা সম্পাদন করে, অতএব এই
আমার লিখিত পত্রিকা তাহার হস্তে সমর্পণ করিবা।
(এই বলিয়া ললিতার হস্তে পত্র সমর্পণ করিলেন)॥

ললিতা। (পত্র গ্রহণ পূর্ব্বক মনে মনে) আমি কখনই ত
কৃষ্ণের অঙ্গে ধাতুরাগ সমর্পণ করি নাই, তবে বোধ হয়,
এ কোন অন্য রহস্য হইবে ॥ ৪ ॥

প্রকাশং। পত্রিকাং বাচয়তি।

ত্বয়া মুক্তগিরিঃ পাণৌ মমাতুচ্ছ পদস্থিতিঃ।
* নিধীয়তামধীরাক্ষি রাগি ধাতু পরিচ্ছদঃ॥

ইতি ক্ষণং বিমৃশ্য স্বগতং। রাধা মম পাণৌ নিধীয়তাং এববং সঙ্কেদেণ ইমিণা আণত্তং। প্রকাশং। সখি তধা

বিমৃশ্যেতি অয়মত্র বিমর্শঃ। ত্বয়া মম পাণৌ রাগিধাতু পরিচ্ছদো নিধীয়তাং। কীদৃশঃ মুক্তগিরিঃ মুক্তো গিরেঃ সকাশাদিতি রাজদন্তাদিঃ যদ্বা মুক্তো গিরি র্যেন সঃ পর্ব্বতাদবচিত্যেত্যর্থঃ। অতুচ্ছপদ স্থিতিঃ ন তুচ্ছে পদে পর্ব্বতাধঃ প্রান্তাদৌ স্থিতির্যস্য শৃঙ্গস্থ ইত্যর্থঃ। অয়ং প্রকটোঽর্থঃ পদ্মা প্রতারণায় গূঢ়স্তু রাগিধাতু পরিচ্ছদ ইত্যক্ষরাষ্ট রূপ শব্দঃ কীদৃশঃ। মুক্তৌ ত্যক্তৌ গিরী গিকার রিকারৌ যেন ন বিদ্যতে তুচ্ছ পদানাং তুকার ছকার পকার দকারাণাং স্থিতির্যত্র। ততশ্চ রাধা ইত্যক্ষর দ্বয়ং তিষ্ঠতি। বিপক্ষস্য দূত্য করন চাতুর্য্যং সৌভাগ্যাতিশয় নিধাপনার্থং। এবং সঙ্কেতেনানেনাজ্ঞপ্তং সখি তথা করিষ্যামি। তদগ্রেতো রাধিকামাপৃচ্ছ্য সাধয় গচ্ছ।

(প্রকাশ পূর্ব্বক) পত্রিকা পাঠ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ লিখিয়াছেন হে চঞ্চলাক্ষি! পর্ব্বত বিচ্যুত শৃঙ্গস্থ রক্তবর্ণ ধাতু পরিচ্ছদ আমার হস্তে সমর্পণ কর॥

(পত্র পাঠ পূর্ব্বক ক্ষণ কাল চিন্তা করিয়া মনে মনে) আমার হস্তে রাধা সমর্পণ কর, ইনিত সঙ্কেতে এই রূপ

* উক্ত পত্রিকার সঙ্গোপন অর্থ এই যে হে চঞ্চলাক্ষি! আমার হস্তে রাগিধাতু পরিচ্ছদ সমর্পণ কর, ইহাতে এই বুঝাইতেছে মুক্ত গিরি শব্দে গি, রি, ত্যাগ করিয়া যাহাতে তু, ছ, প, দ, নাই সেই রাধাকে আমার হস্তে সমর্পণ কর॥

করিস্সং। তা অগ্গদো রাহিঅং আপুচ্ছিঅ সাহেহি।

পদ্মা। রাধিকামুপেত্য সনর্ম্ম স্মিতং। হলা রাহে দিট্ঠিআ ণিব্বিবাদং জাদং। জধা গোউলিন্দণন্দণেণ অহ্মাণং অংসুআইং অবহরিদাইং তথা তুহ্মেহিং বি তস্স এদং পীদংসুঅং॥ ৫॥

ললিতা। স্মিত্বা অই ণিল্লজ্জে কুঙ্কুম পঙ্ক পিঞ্জরিদং পিঅসহীএ উত্তরীঅং পেক্খিঅ কিত্তি অণত্থং আসঙ্কসি।

পদ্মা। সখি দিষ্ট্যা নির্ব্বিবাদং জাতং। যথা গোকুলেন্দ্র নন্দনেনাস্মাকমংশুকান্যপহৃতানি তথাস্মাভিরপি তস্যেদং পীতাংশুকং॥ ৫॥

ললি। অয়ি নির্লজ্জে কুঙ্কুম পঙ্কপীতি কৃতং প্রিয়সখ্যা উত্তরীয়ং দৃষ্ট্বা কিমিতি অনর্থং কৃষ্ণভোগাঙ্কং।

আজ্ঞা করিলেন। (প্রকাশ পূর্ব্বক) সখি পদ্মে! তাহাই করিতেছি, তুমি অগ্রে শ্রীরাধাকে জিজ্ঞাসা করিয়া আইস॥

পদ্মা। (শ্রীরাধার নিকট গমন পূর্ব্বক সপরিহাস হাস্যের সহিত) সখি রাধে! অদৃষ্ট ক্রমে নির্ব্বিবাদ হইল, গোকুলেন্দ্রনন্দন যেমন আমাদের বস্ত্র সকল হরণ করিয়াছিলেন, তেমনি আজ আমাদের কর্তৃক তাঁহার পীত বসন অপহৃত হইল॥ ৫॥

অয়ি! নির্লজ্জে! প্রিয়সখীর কুঙ্কুম রঞ্জিত পীত বসন নিরীক্ষণ করিয়া কেন অনর্থ অর্থাৎ কৃষ্ণভোগচিহ্ন আশঙ্কা করিতেছ॥

পদ্মা। সস্মিতং হলা রাহে অণুজাণীহি মং তুরীঅং সহিত্থলীং গদুঅ কহ্ণস্‌স লীলং গাঅন্তীং পিঅসহীং চন্দ্রাবলিঅং সুহাবইস্‌সং॥

বিশাখা। বিহস্য। পউমে ধণ্ণাও তুম্হে জাহিং অদংসণেবি কহ্ণস্‌সবিলাস গীদিহিং পিঅসহি চন্দাঅলী সুহাবীঅদি॥

পদ্মা। বিসাহে তুম্হেহিং কীস তধা ণ কিজ্জই॥

পদ্মা। সখি অনুপজ্ঞাপয় মাং ত্বরিতং সখীস্থলীং গত্বা সখীস্থলী নাম সখীথরা ইতি গোবর্দ্ধন নিকটবর্ত্তি চন্দ্রাবল্যাঃ গ্রামস্তাং গত্বা কৃষ্ণস্য লীলাগায়ন্তী প্রিয়সখীঃ চন্দ্রাবলীং সুখাপয়িষ্যামি।

বিশা। পদ্মে ধন্যা যূয়ং যাভি রদর্শনেপি কৃষ্ণস্য বিলাস গীতৈর্নিজ সখী চন্দ্রাবলী সুখাপ্যতে।

পদ্মা। যুষ্মাভিঃ কস্মাৎ তথা ন ক্রিয়তে।

পদ্মা। (ঈষৎ হাস্যের সহিত) সখি রাধে! আমাকে অনুমতি কর গোবর্দ্ধন সমীপবর্ত্তি সখীস্থলী গ্রামে গিয়া কৃষ্ণলীলা গান করত চন্দ্রাবলীকে সুখী করিগা॥

বিশাখা। (হাস্য করিয়া) সখি পদ্মে! তোমারাই ধন্য, যে হেতু শ্রীকৃষ্ণের অদর্শনেও তোমরা শ্রীকৃষ্ণের লীলা গান করিয়া চন্দ্রাবলীকে সুখী করিয়া থাক॥

পদ্মা। বিশাখে! তোমারাও কেন তাহা কর না।

বিশাখা। অয়ি! আমাদের এ প্রকার ভাগ্য কোথায়॥

পদ্মা। সখি! তোমাদের ওপ্রকার অদিষ্ট নাই কেন?॥

বিশাখা। অই কুদো অহ্মাণং ঈদিশং ভাঅধেঅং।

পদ্মা। হলা কধং ণত্থি।

বিশাখা। হলা মুদ্ধে কহ্নস্স ণাম মেত্তে পথুদে সহী রাহিআ বিক্খুব্ভদি।

পদ্মা। স্বগতং। স্ববক্খে পেম্মুক্করিসো ইমাএ বিখ্যাবিদো হোদু প্রকাশং। বিসাহে তুহ্মে জ্জেবব সুট্ঠু সুহিণীও অহ্মাণং ক্খু কা বি দুক্খ দসা অণুবট্টই।

ললিতা। পউমে ণক্খু তুহ্মাণং কিম্পি দুঃখং সম্ভাবীঅদি।

বিশা। অয়ি কুতোঽস্মাকং ঈদৃশং ভাগধেয়ং।

পদ্মা। সখী কথং নাস্তি।

বিশা। সখি মুগ্ধে কৃষ্ণস্য নামমাত্রে প্রস্তুতে সখী রাধিকা বিক্ষুভ্যতে। কুতো গীত শ্রবণসামর্থ্যং চন্দ্রাবল্যাস্তথা প্রেমাভাবাৎ তৎসম্ভবতীতি ভাবঃ।

পদ্মা। স্বপক্ষে প্রেমোৎকর্ষোঽনয়া বিখ্যাপিতঃ ভবতু। বিশাখে যূয়মেব সুষ্ঠু সুখিন্যঃ। অস্মাকং খলু কাপি দুঃখ দশা অনুবর্ত্ততে॥

ললিতা। পদ্মে ন খলু যুষ্মাকং কিমপি দুঃখং সংভাব্যতে।

বিশাখা। সখি মুগ্ধে! কৃষ্ণ নাম উপস্থিত হইলেই আমাদের প্রিয়সখী ক্ষুব্ধ হইয়া থাকেন, গীত শ্রবণের শক্তি কোথায়?॥

পদ্মা। (মনে মনে) ইনি ত স্বপক্ষের প্রেমোৎকর্ষই বর্ণন করিলেন (প্রকাশ করিয়া) বিশাখে! তোমরাই যথার্থ সুখী, আমাদের কোন দুঃখের দশা উপস্থিত হইয়াছে॥

ললিতা। পদ্মে! তোমাদের কোন দুঃখের সম্ভাবনা ত দেখিতেছি না॥

পদ্মা। হলা ললিদে মা এব্বং ভণ জং হারগণ্ঠণ কেস পসাহণ বিম্বাহর রঞ্জণ পহুদীহিং চন্দাঅলীএ ণেপচ্ছাইং সব্বদা কুণন্তীণং অম্হাণং দুক্খ জালস্স অন্তো ণত্থি॥ ৬

বিশাখা। বিহস্য হলা পউমে সচ্চং তুম্হাণং বহূইং দুক্খাইং

পদ্মা। ললিতে মৈবং ভণ। যৎ হারগ্রন্থন কেশপ্রসাধন বিম্বাধর রঞ্জন প্রভৃতিভিশ্চন্দ্রাবল্যা নেপথ্যানি। নেপথ্যং বেশঃ। আকল্প বেশৌ নেপথ্যমিত্যমরঃ। সর্ব্বদা কুর্ব্বন্তীনামস্মাকং দুঃখজালস্য অন্তো নাস্তি অয়ং ভাবঃ চন্দ্রাবল্যাঃ সৌভাগ্যাতিরেকাৎ একস্মিন্নপি দিনে বহুশঃ কৃষ্ণ সম্ভোগেন কদাচিদপি বেশকরণমিতি॥ ৬॥

বিশা। বিহস্যেতি ব্যঙ্গোর্থঃ তবায়মেব সতু অস্মাভিরপকৃষ্টত্বেন হস্যতে এবেতি ভাবঃ। পদ্মে সত্যং যুষ্মাকং বহূনি দুঃখানীতি। সদা চন্দ্রাবল্যাঃ কৃষ্ণসংভোগ ইতি ভবত্যা মিথ্যৈব বাচ্যতে যদ্যপি সত্যং স্যাদস্তু তদপি

পদ্মা। সখি ললিতে! একথা বলিও না, সর্ব্বদা চন্দ্রবলীর হার গ্রন্থন, কেশসংস্কার ও বিম্বাধর রঞ্জন প্রভৃতি করিতে করিতে আমাদের ক্লেশের অন্ত নাই অর্থাৎ চন্দ্রাবলীর সৌভাগ্যাতিশয় প্রযুক্ত একদিনেই বহুবার কৃষ্ণের সহিত সঙ্গ হওয়াতে বারম্বার বেশ বচনা করিয়াদিতে হয়, কিন্তু তোমাদের প্রিয়সখী শ্রীরাধার তাদৃশ সৌভাগ্য নাই একারণ কদাচিৎ শ্রীকৃষ্ণের সহিত সঙ্গত হয়েন, সুতরাং তোমাদিগকেও কদাচিৎ শ্রীরাধার বেশ নির্ম্মাণ করিতে হয় অতএব আমাদের দুঃখের পরিসীমা কি?॥ ৬॥

বিশাখা। (হাস্য করিয়া) সখি পদ্মে! সত্যই তোমাদের

উণ এক্কং জ্জেব্ব॥ ৭॥

পদ্মা। হলা কিং তং।

বিশাখা। পউমে জা কাবি মচ্চ দুল্লহা আগাসতারা পপ্‌ফুরদি॥ তত্থ জদাহিলাসস্‌স কস্‌স বি কালিন্দীকুলণন্দিণো সম

রাধিকা সৌভাগ্য ভানোরগ্রে সতু সৌভাগ্যাভাসঃ খদ্যোতায়ত ইতি ত্বয়া জ্ঞায়তামিত্যভিপ্রেত্যাহ অস্মাকং পুনরেকমেব॥ ৭॥

পদ্মা। সখি কিং তৎ। বিশাখা। পদ্মে যা কাপি মর্ত্ত্যদুর্ল্লভা আকাশ তারা প্রস্ফুরতি তত্র জাতাভিলাষস্য কস্যাপি কালিন্দীকুল নন্দীনঃ সমদস্য গন্ধকলভেন্দ্রস্য সর্ব্বদা অভ্যর্থনা কদর্থনং। সমদস্যেতি দুর্ল্লভা মমেয়মিতি পরামর্শাভাবাত্মকত্বমেব। গন্ধকলভেন্দ্রো দুর্ব্বারহস্তিশাবকঃ অয়ম্ভাবঃ। সুলভত্বেন চন্দ্রাবল্যাং ন সম্ভোগঃ স্যাদস্তু বা। অস্মাকং রাধায়াস্তু সম্ভোগ প্রার্থনাপি দুঃশকা কৃষ্ণস্যাতি দুর্ল্লভত্বাৎ। ততশ্চ অস্মাসু রাধাসখীষু

বহু দুঃখ বটে, কিন্তু আমাদের একটী মাত্র দুঃখ॥ ৭॥

পদ্মা। সখি! তাহা কি প্রকার?।

বিশাখা। সখি পদ্মে! মর্ত্ত্য দুর্ল্লভা যে একটী আকাশ তারা স্ফূর্ত্তি পাইতেছে, দেখিতেছ, কোন এক কালিন্দী কুলকৌতুকী দুর্ব্বার হস্তিশাবক তদ্‌গ্রহণে জাতাভিলাষ হইয়া সর্ব্বদা আমাদিগকে অভ্যর্থনা রূপ কদর্থন করিয়া থাকে, অর্থাৎ সুলভ প্রযুক্ত চন্দ্রাবলীতে সম্ভোগ হউক বা না হউক কিন্তু আমাদের শ্রীরাধায় শ্রীকৃষ্ণের সম্ভোগ প্রার্থনাও দুর্ল্লভ একারণ আমরা যে শ্রীরাধার সখী, আমাদের নিকট শ্রীকৃষ্ণ সর্ব্বদা প্রার্থনা করিয়া থাকেন সুতরাং

দস্‌স গন্ধকলহীন্দস্‌স সর্ব্বদা অব্‌ভত্থণা কদত্থণং ॥ ৮ ॥

ললিতা। স্মিত্বা। বিসাহে অগ্গবি এক্কং গরুঅং দুঃখং তুএ কধং বিস্সমরিদং ॥

বিশাখা। ললিদে কিং তং সুমরাবেহি।

ললিতা। অই উজ্জুএ রাহীএ পাঅপল্লঅম্মি জাবঅরা

সদা অভ্যর্থনা তস্ত ভবতি তামপি কদর্থনমস্মাভি র্মন্যতে ইতি ॥ ৮ ॥

ললিতা। স্মিত্বেতি। বিশা সুষ্ঠু প্রত্যুক্তং ভবত্যা ইতি ভাবঃ। অহমিতোঽপ্যুৎকর্ষ কোটি মাবিষ্কৃত্য বরাকীমিমাং নির্ব্বচনং করোমীত্যভিপ্রেত্যাহ অন্যমপি একং গুরুতরং দুঃখং কথং বিস্মারিতং।

বিশা। ললিতে কিং তৎ স্মারয়।

ললি। ঋজ্বা ঋজু স্বভাবত্বাৎ সূক্ষ্মমর্থং প্রকাশ্য নেমাং লজ্জয়সীতি ভাবঃ। রাধায়াঃ পাদপল্লবে ক্ষণে ক্ষণে যাবক রাগস্ত বিরচনং অয়ন্তাবঃ ততশ্চ সামদানাদিভি শ্চাটুপরেণ কৃষ্ণেন বশীকৃতাভিরস্মাভি রবকাশে দত্তে

তাঁহার ঐ প্রার্থনা আমরা কদর্থন করিয়া বোধ করি ॥

ললিতা। (ঈষৎ হাস্য করিয়া) অন্য একটী গুরুতর দুঃখ কেন বিস্মৃত হইলা ॥

বিশাখা। ললিতে! কি তাহা, স্মরণ করাইয়া দাও।

ললিতা। অয়ি বিশাখে! ঋজু স্বভাবা শ্রীরাধার চরণতলে ক্ষণে ক্ষণে অলক্তক প্রদান রূপ দুঃখ। অর্থাৎ সামদানাদি চাটু পরায়ণ কৃষ্ণ শ্রীরাধাকে বশীভূত করিতে না পারিয়া নিরন্তর চরণতলে লুণ্ঠিত হইয়া যে প্রণাম করেন তাহাতেই অলক্তক রাগ প্রোঞ্ছিত হইয়া যায়, সুতরাং

অস্‌স ক্‌খণে ক্‌খণে বিরঅণং ॥ ৯ ॥

বিশাখা। সহাসং। অলিআসঙ্কিণি ললিদে বিরমেহি বিরমেহি কহ্নস্‌স উত্তমঙ্গে ঢাউণং রাও ভ্জেব্ব রেহদি ণ ক্‌খু জাবআণং ॥ ১০ ॥

রাধিকা। সলজ্জং। হলা পউমে ইমাণং দুম্মুহীণং পলাবং

রাধিকায়াঃ পাদয়োঃ প্রণামেণ যাবকরাগঃ ক্ষণে ক্ষণেহপগতো ভবতীতি ভাবঃ ॥ ৯ ॥

বিশা। সহাসমিতি অথাস্যাঃ প্রত্যুত্তরস্য কা গতির্ভবিষ্যতীতি ভাবঃ। অলিকাশঙ্কিণি বিরম বিরম কৃষ্ণস্যোত্তমাঙ্গে ধাতূনামেব রাগো রাজতে ন খলু যাবকানাং ইতি প্রকাশিতার্থস্য পুনঃ সংগোপনেনাধিকং সনির্দ্ধার সত্যত্বং ব্যঞ্জিতং ॥ ১০ ॥

রাধি। সলজ্জমিতি আত্মযশঃ শ্রবণেন অথেমাং নিরুত্তরাং ম্লানমুখীং দৃষ্ট্বাহ। সখি পদ্মে আসাং দুর্ম্মুখীনাং প্রলাপমনাকর্ণ্য তূর্ণং প্রিয়সখীং চন্দ্রাবলীমেব যাহি।

বারম্বার অলক্তক দ্বারা ঐ চরণতল রঞ্জিত করা আমাদের গুরুতর দুঃখ ॥ ৯ ॥

বিশাখা। (হাস্যের সহিত) অয়ি মিথ্যাশঙ্কিনি ললিতে! ক্ষান্ত হও, ক্ষান্ত হও, শ্রীকৃষ্ণের শিরোদেশে ধাতুরাগ বিরাজ করিতেছে, ও অলক্তক নহে ॥ ১০ ॥

শ্রীরাধা (সলজ্জে অর্থাৎ আত্ম যশ শ্রবণ অথবা পদ্মাকে ম্লান বদন দেখিয়া কহিলেন) সখি পদ্মে! এই সকল দুর্ম্মুখী দিগের প্রলাপ বাক্য শুনিও না, শীঘ্র প্রিয়সখী চন্দ্রা-

অণাঅম্নিঅ তুম্নং পিঅসহীং চন্দাঅলিঅং জ্জেবব জাহি ॥

পদ্মা। জধা দিসদি পিঅসহী ইতি নিক্রান্তা ॥

ললিতা। স্বগতং এহ্নিং কহ্নস্স আণ্ণং করিস্সং। প্রকাশং। হলা রাহে এহি পুপ্ফং অবচিণিঅ ভঅবন্তং সূরং পূঅম্হ।

রাধিকা। স্বগতং। দিট্ঠিয়া হিঅঅ ট্ঠিদো জ্জেবব মে কামো ইমাএ উবণীদো জং কহ্নস্স দংসণং এত্থ সম্ভবে। প্রকাশং। জধাহিরোঅদি পিঅসহীএ ইতি নিক্রান্তা ॥১১॥

পদ্মা। যথা দিশতি প্রিয়সখী। ললি। ইদানীং কৃষ্ণস্য আজ্ঞাং করিষ্যামি। সখি রাধে এহি পুষ্পং অবচিত্য ভগবন্তং সূর্য্যং পূজয়ামঃ ॥

রাধি। দিষ্ট্যা হৃদয়স্থিত এব কামোঽনয়া উপনীতঃ। যতঃ কৃষ্ণদর্শনমত্র সম্ভবেৎ। যথাভিরোচতে প্রিয়সখ্যাঃ ॥ ১১ ॥

বলীর নিকট গমন কর ॥

পদ্মা। যে আজ্ঞা প্রিয়সখি! (এই বলিয়া পদ্মার প্রস্থান) ॥

ললিতা। (মনে মনে) এক্ষণে কৃষ্ণের আজ্ঞা প্রতিপালন করি। (প্রকাশ করিয়া) সখি রাধে! আইস, পুষ্প চয়ন করিয়া ভগবান্ সূর্য্যদেবের পূজা করিগা ॥

শ্রীরাধা। (মনে মনে) কি সৌভাগ্য, ললিতা আমার মনোগত ভাবই উপস্থিত করিল, যে হেতু তথায় কৃষ্ণ দর্শন সম্ভব হইতে পারে। (প্রকাশ করিয়া) প্রিয়সখি! যাহা তোমার অভিরুচি হয়। (এই বলিয়া প্রস্থান) ॥১১॥

ততঃ প্রবিশতি মধুমঙ্গলেনোপাস্যমানঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। নব স্তবকবল্লরী চটুলগন্ধ বন্দীকৃত
ভ্রমদ্ভ্রমর ঝঙ্কৃতি প্লুতমুদগ্র গুঞ্জার্ব্বুদং।
শরৎ কৃশ কলিন্দজা পুলিনবৃন্দ সম্বর্দ্ধিতং
পরিস্ফুরতি চন্দ্রক স্থগিতমদ্য বৃন্দাবনং ॥ ১২ ॥
পুনর্নিরূপ্য সানন্দং ॥
শরদি মুখরিতাশা স্তার নাদাবলীভি
র্বলদবিচল নেত্রাঃ পশ্য বৃন্দাবনেঽদ্য।
বিদধতি রণরঙ্গং বাসিতা সঙ্গহেতোঃ

প্লুতং ব্যাপ্তং উদগ্রাণা উৎকৃষ্টানাং গুঞ্জানামর্ব্বুদং যত্র। চন্দ্রকৈঃ ময়ূর পিচ্ছৈঃ স্থগিতং সংবৃতং ॥ ১২ ॥

মুখরিতাঃ প্রতিনাদিতাঃ আশা দিশো যৈঃ বাসিতা পুষ্পিনী গৌঃ ॥ ১৩ ॥

(অনন্তর মধুমঙ্গল কর্ত্তৃক উপাস্যমান হইয়া শ্রীকৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। সখে! আজ বৃন্দাবনের আশ্চর্য্য শোভা দেখ, নূতন পুষ্প গুচ্ছ বিশিষ্ট লতা সকলের মনোহর সৌরভে ভ্রান্ত ভ্রমরগণ বন্দীকৃত হইয়া ঝঙ্কার করিতেছে অর্ব্বুদ অর্ব্বুদ গুঞ্জা সকল প্রকাশ পাইতেছে এবং শরৎ কালীন কৃশতা নিবন্ধন যমুনা স্বীয় পুলিনের শোভা সম্বর্দ্ধন করিতেছেন ॥ ১২ ॥

(পুনরায় অবলোকন করিয়া আনন্দের সহিত)

সখে! শরৎ কালের আজ পূর্ব্বাহ্ণ সময়, বৃন্দাবনে বলিষ্ঠ বলিষ্ঠ বৃষ সকল উচ্চনাদে দিঙ্মণ্ডল শব্দিত করত ঋতুমতী

সরভসমুরুশৃঙ্গৈঃ সঙ্গরে পুঙ্গবেন্দ্রাঃ ॥ ১৩ ॥

মধুমঙ্গলঃ। সর্ব্বতো বিলোক্য।

তুহ সঙ্গমেণ ণূণং মুউন্দ বুন্দাড়ঈ ঘণচ্ছাআ।

উঅ দম্ভেণ কুরণ্ডঅ ভরস্‌স পীদম্বরং ধরই ॥

কৃষ্ণঃ। স্বগতং। কিমদ্য নিষ্টঙ্কিত সঙ্কেত লেখার্থয়া পূর্ণমনোরথী করিষ্যেঽহং ললিতয়া ॥ ১৪ ॥

হন্ত শারদ মাধুরী সন্দোহ সন্দলিতাপি বৃন্দাটবী কক্ষা খঞ্জনাক্ষ বিপ্রকর্ষাদানন্দ বিন্দুমপি ন মে সন্দধাতি।

মধু। তব সঙ্গমেন নূনং মুকুন্দ বৃন্দাটবী ঘনচ্ছায়া। পশ্য দম্ভেন কুরুকণ্টক ভরস্য পীতাম্বরং ধারয়তি। ঘনচ্ছায়া পক্ষে ত্বৎ সারূপ্য মেঘকান্তি ॥ ১৪ ॥ সন্দালিতা বদ্ধা শরদি যত্র কুত্রাপি খঞ্জন সঞ্চরং বিনা শোভেৰ নোৎ

গাভীর সঙ্গ নিমিত্ত স্থির চক্ষে উচ্চ শৃঙ্গ সকল দ্বারা পরস্পর যুদ্ধ করিতেছে অবলোকন কর ॥ ১৩ ॥

মধুমঙ্গল। (চতুর্দ্দিক অবলোকন করিয়া) মুকুন্দ! দৃষ্টিপাত কর, তোমার সঙ্গ নিমিত্ত এই ঘন ছায়া অর্থাৎ মেঘকান্তি এই বৃন্দাটবী দম্ভ সহকারে ঝিণ্টী পুষ্পচ্ছলে পীতাম্বর ধারণ করিয়াছে ॥

কৃষ্ণ। (মনে মনে) ললিতা কি আজ সঙ্কেতার্থ পত্র অবগত হইয়া আমার মনোরথ পূর্ণ করিবে! ॥ ১৪ ॥

হায়। খঞ্জনাক্ষীর বিচ্ছেদ নিমিত্ত শরৎ মাধুর্য্য সমূহ পরিপূর্ণ বৃন্দাবনও আমার সম্বন্ধে বিন্দুমাত্র আনন্দ প্রদান করিতে পারিতেছে না অতএব বেণু দ্বারা সঙ্কেত

তদ্বেণু সঙ্কেতং সঞ্চারয়ামীতি তথা কুর্ব্বন্।

দিব্যো রথাঙ্গি সময়ঃ সখি সঙ্গমস্য
জজ্ঞে বরাঙ্গি তরসা কুরু পক্ষপাতং।
অধ্বানমর্দ্ধনয়নেন বিলোক্যমানঃ
শোকাদয়ং সহচর স্তব রোরবীতি ॥

মধুমঙ্গলঃ। বিহস্য ভো বয়স্য কিং এদং অউরুব্বং বাদিতং ॥

কৃষ্ণঃ। সখে কুরঙ্গী-লোকনার্থং ময়ায়মুদ্যমঃ।

মধুমঙ্গলঃ। সচ্চং ক্খু কধিদং কিন্তু একং অক্খরং অণ্ণধা কিঅং ॥ ১৫ ॥

পদ্যান্তে। ইতি খঞ্জনাক্ষী পদৈকদেশ ব্যঙ্গং বস্তু। হে রথাঙ্গি চক্রবাকি ব্যপদেশেন রাধে। ভো বয়স্য কিমিদমপূর্ব্বং বাদিতং।
মধু। সত্যং কথিতং কিন্তু একমক্ষরমন্যথা কৃতং ॥ ১৫ ॥

করি। (এই বলিয়া বেণু বাদ্য করিলেন) যথা— হে সখি চক্রবাকি! সঙ্গমের এই উৎকৃষ্ট কাল উপস্থিত, হে বরাঙ্গি! শীঘ্র পক্ষপাত কর, শোক নিবন্ধন তোমার এই সহচর পথের প্রতি অর্দ্ধ দৃষ্টিপাত করিয়া মুক্তকণ্ঠে রোদন করিতেছে ॥

মধুমঙ্গল। (হাস্য করিয়া) ভো বয়স্য! এ কি অপূর্ব্ব বাদ্য হইল ॥

কৃষ্ণ। সখে! কুরঙ্গী লোকনার্থ অর্থাৎ হরিণীকে অবলোকন করিবার নিমিত্ত আমার উদ্যম ॥

মধুমঙ্গল। হাঁ সত্যই বলিয়াছ, কিন্তু একটী অক্ষর কেবল অন্যথা হইয়াছে ॥ ১৫ ॥

কৃষ্ণঃ। সখে সাধু বিদিতং কুরঙ্গীলোচনার্থমেব ॥

নেপথ্যে ॥

পিবন্তীনাং বংশীরবমিহ গবাং কর্ণচুলকৈঃ
পয়ঃ পূরা দূরাদ্দিশি দিশি তথা শুশ্রুবুরমী।
অকালে পুষ্প্যাদ্ভি স্তরুভি রভিতঃ শোভিতমিদং
যথা বৃন্দারণ্যং দধিময় নদীমাতৃকমভূৎ ॥ ১৬ ॥

পয়ঃ প্রবাহা স্তথা শুশ্রুবু র্যথা অকালেঽপি পুষ্প্যদ্ভি স্তরুভিঃ শোভিতং সৎ বৃন্দারণ্যং দধিময় নদীমাতৃকমভূৎ। অয়মর্থঃ বংশী শ্রবণেন গবাং দুগ্ধ-প্রবাহা স্তরূণাং পুষ্পাণিচ যুগপদভূবন্। ততশ্চ পুষ্পাণামম্লরস সংপর্কেণ দুগ্ধানি দধীনি বভূবু রিতি। পুষ্প বিকসনে ধাতুঃ ইত্যস্মাচ্ছতৃ দিবাদিত্বাৎ যন্ ॥ ১৬ ॥

কৃষ্ণ। সখে! যথার্থ অবগত হইয়াছ, কুরঙ্গীলোচনার নিমিত্তই এই বংশী ধ্বনি ॥

(বেশ গৃহে)

গাভীগণ দূর হইতে কর্ণরূপ পান পাত্র দ্বারা মুরলীরব শ্রবণ করায় তাহাদের সেই রূপে চতুর্দ্দিকে দুগ্ধ সকল শ্রাবিত হইয়াছিল, যাহাতে অকালে পুষ্পিত তরুনিকর দ্বারা বৃন্দাবন দধিময় দেবমাতৃক হয় ॥

অর্থাৎ বংশীরব শ্রবণে গাভীবৃন্দের দুগ্ধ প্রবাহ এবং বৃক্ষগণের অকালে পুষ্প এককালীন হইয়াছিল, তাহাতেই পুষ্প সমূহের অম্লরস সম্পর্কে দুগ্ধ সকল দধি হওয়াতে বৃন্দাবন দধিময় হইয়াছিল ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। সখে দক্ষিণতঃ পশ্য।

তুঙ্গস্তাম্রোরুশৃঙ্গঃ স্ফুরদরুণখুরো রম্যপিঙ্গেক্ষণশ্রীঃ
কণ্ঠব্যালম্ব ঘণ্টো ধরণি বিলুঠিতোচ্চণ্ডলাঙ্গূল দণ্ডঃ।
সোঽয়ং কৈলাসপাণ্ডু দ্যুতিরতুল ককুন্মণ্ডলো নৈচিকীনাং
চক্রে ভাতি প্রিয়ো মে পরিমল তুলিতোৎফুল্লপদ্ম ককুদ্মী।

ততঃ প্রবিশতি সখীভ্যামনুগম্যমানা রাধা।

রাধা। স্বগতং। জদো দিসাদো বেণুসদ্দো আঅদো সা দিসা মোহিদাএ মএ ণ ভালিদা॥

পরিমল তুলিত ইতি পদ্মগন্ধ নামায়ং বৃষঃ তথা হ্যুক্তং পদ্মগন্ধঃ সুগন্ধশ্চ বলীবর্দ্ধাবতিপ্রিয়াবিতি।

রাধি। যতো দিশতো বেণুশব্দ আগতঃ সা দিশা মোহিতয়া ময়া ন ভালিতা।

কৃষ্ণ। সখে! দক্ষিণদিকে অবলোকন কর। যাহার তাম্র সদৃশ উচ্চ শৃঙ্গ, অরুণবর্ণ খুর, রমণীয় পিঙ্গল চক্ষু শ্রী, কণ্ঠে লম্বিত ঘণ্টা, ধরণি লুণ্ঠিত চঞ্চল লাঙ্গূল দণ্ড, কৈলাস সম তুল পাণ্ডুবর্ণ দ্যুতি, অতুল ককুদ (ঝুট) মণ্ডল এবং যে উত্তম গাভাগণ মধ্যে অবস্থিত আছে ঐ আমার প্রিয়তম পদ্মগন্ধ নামা বৃষ॥

(অনন্তর সখী দ্বয়ের সহিত শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। (মনে মনে) যে দিক্ হইতে বেণুর শব্দ আসিয়াছে আমি তদ্দ্বারা মুগ্ধ হওয়াতে সেই দিক্ অবধারণ করিতে পারিলাম না॥

ললিতা। সোৎ প্রাসস্মিতং। হলা রাহিএ কীস অকাণ্ডে হরিণকণ্ণীব্ব তুমং জাদাসি॥

রাধিকা। ললিদে কিত্তি অপ্পণো ধর্ম্মং পরস্স অপ্পেসি সচ্চং তুমং জ্জেব্ব হরিণী জং কলসদ্দেণ হরিস্‌জ্জন্তী দীসসি।

ললিতা। রাহে তুমং কৃখু হরিণী জং এসা রঙ্গিণী ণাম হরিণী তুষ্ম সহী।

রাধিকা। স্বগতং। দিট্‌ঠিআ এসা কাবি সোরব্ভ ধারা পুরো বাড়িআদো দূদীব্ব মং আঅড্‌ঢদি। ইতি সব্যাজং পুরঃ

ললিতা। রাধে কস্মাদকাণ্ডে হকালে হরিণকর্ণীব ত্বং জাতাসি।

রাধা। ললিতে আত্মনো ধর্ম্মং পরস্মার্পয়সি। সত্যং ত্বমেব হরিণী যৎ কল শব্দেন হর্ষবতী দৃশ্যসে॥

ললি। রাধে ত্বং খলু হরিণী যদেষা রঙ্গিণী নামা হরিণী তব সখী।

রাধি। দিষ্ট্যা এষা কাপি সৌরভ্য ধারা পুরো বাটিকাতঃ দূতীব সমাকর্ষতি।

ললিতা। (উৎকণ্ঠার সহিত ঈষৎ হাস্য করিয়া) সখি রাধে! কেন তুমি অকালে হরিণকর্ণী হইলা॥

শ্রীরাধা। ললিতে! আপনার ধর্ম্ম পরের প্রতি অর্পণ করিতেছ, যথার্থ তুমিই হরিণী, যে হেতু মধুর শব্দে তোমাকে হর্ষবতী দেখিতেছি॥

ললিতা। রাধে! তুমিই যথার্থ হরিণী, যে হেতু রঙ্গিণী নামা হরিণীর সহিত তোমার সখীত্ব আছে॥

শ্রীরাধা। (মনে মনে) কি সৌভাগ্যের বিষয়, পুষ্পোদ্যান

প্রযাতি ॥

বিশাখা। স্মিত্বা। হলা রাহে কীস তুমং ভিঙ্গীব্ব কম্পি গন্ধং সপ্পসি ॥

রাধিকা। বিসাহে অগ্গদো ফুল্লাইং কুসুমাইং দীসন্তী তা এদাইং ঘেত্তুণ তং মিত্তং পূঅইস্সং ॥ ১৭ ॥

ললিতা। হলা সচ্চং মিত্তস্স অণুরাও তুমং তরলেদি সো দাব গহণ চরস্স জ্জেব্ব ণ ক্খু গঅণচরস্স।

বিশা। সখি রাধে কস্মাত্ত্বং ভৃঙ্গীব কমপি গন্ধং সমর্পসীত্যর্থঃ।

রাধি। বিশাখে অগ্রতঃ ফুল্লানি কুসুমানি দৃশ্যন্তে। তদেতানি গৃহীত্বা মিত্রং পূজয়িষ্যামি মিত্রং সূর্য্যমিত্যর্থঃ ॥ ১৭ ॥

ললি। সখি সত্যং মিত্রস্যানুরাগস্ত্বাং তরলয়তি। স তাবদ্গহন চরস্যৈব ন খলু গগণচরস্য।

হইতে কোন সুগন্ধ ধারা দূতীর ন্যায় আমাকে আকর্ষণ করিতেছে।

(এই বলিয়া ছল পূর্ব্বক অগ্রে গমন করিলেন) ॥

বিশাখা। (ঈষৎ হাস্য করিয়া) সখি রাধে! কেন তুমি ভৃঙ্গীর ন্যায় কোন গন্ধান্বেষণ করিতেছ ॥

শ্রীরাধা। বিশাখে! অগ্রে প্রফুল্ল কুসুম সকল দেখিতেছি অতএব ঐ গুলি লইয়া সূর্য্যদেবের পূজা করিব ॥ ১৭ ॥

ললিতা। সখি! সত্যই মিত্রের অনুরাগ তোমাকে চঞ্চল করিয়াছে, এ বনচর মিত্র, গগণচর মিত্র (সূর্য্য) নহে ॥

রাধা। সপ্রণয় রোষং। অই অদক্খিণে কমলবন্ধুং কধেমি।

ললিতা। সহি কীস আআরং সংগোবেসি ॥ ১৮ ॥

বিশাখা। ললিদে সপত্তী ভাএণ ঈসা চ্চেঅ সংগোবেদি ণ উণ পিঅসহী ॥ ১৯ ॥

রাধা। সভ্রূভঙ্গং। অই বামে অত্তণো হিঅঅট্‌ঠিদং অত্থং পরমুণ্ডে কীস পাড়েসি তা তুরবেহি জং ণাদি দূরে জ্জেব্ব

রাধি। অদক্ষিণে কমলবন্ধুং কথয়ামি।

ললি। সখি কস্মাদাকারং ইঙ্গিতং সংগোপয়সি পক্ষে আ ইতি অক্ষরং সংগোপয়সি ন বদসি কমলাবন্ধু মিতি প্রকটং নবদসীত্যর্থঃ ॥ ১৮ ॥

বিশা। ললিতে সপত্নী ভাবেন ঈর্ষৈব সংগোপয়তি। ন পুনঃ প্রিয়সখী। লক্ষ্ম্যা সহ সাপত্ন্যাদীর্ষ্যয়া তন্নামোচ্চারণাসংভাবাদিত্যর্থঃ ॥ ১৯ ॥

রাধি। অয়ি বামে আত্মনো হৃদয়স্থিতমর্থং পুরমুণ্ডে কস্মাৎ পাতয়সি।

শ্রীরাধা। (প্রণয় কোপের সহিত) অয়ি! আমি কমল বন্ধুর কথা বলিতেছি ॥

ললিতা। সখি! তুমি কেন আকার গোপন করিতেছ, অর্থাৎ কমলা বন্ধু স্পষ্ট করিয়া বলিতেছ না কেন? ॥১৮

বিশাখা। ললিতে! সপত্নী ভাব বশতঃ ঈর্ষাই গোপন করিতেছে অর্থাৎ লক্ষ্মী সপত্নী সুতরাং তাঁহার নামোচ্চারণ অকর্ত্তব্য এ কারণ কমলা বলিতেছেন না ॥ ১৯ ॥

শ্রীরাধা। (ভ্রূ ভঙ্গের সহিত) অয়ি অসরলে! আপনার হৃদয়স্থ অভিপ্রায় কেন পরমুণ্ডে ফেলিতেছ, অতএব ত্বরা-

সো তুহ্মাণং বিম্বাহর কণ্ডুখণ্ডণো।

ললিতা। রাহে আকোমারং অহ্মাণং অকৃখলিদং কুলঙ্গণা ব্বদং॥

বৃন্দা। বুন্দাবণ লদাও জ্জেব্ব জাণে স্তু তা অত্তণো মুহেণ কিং কধইস্‌সহ্ম।

রাধিকা। বিহস্য অই পইব্বদে জাণেন্তি জাণেন্তি তদো জ্জেব্ব কল্লি তুহ ভুঅবল্লিণো অঙ্কে সঙ্কমিদং দিট্‌ঠং মএ মঅর কুণ্ডল লঞ্ছণং তধা জ্জেব্ব বিসাহাএ তপ্প তুলিওবরি

তত্ত্বরয় যন্নাতিদূরে এব স যুষ্মাকং বিম্বাধর কণ্ডূখণ্ডনঃ।

ললি। রাধে আকৌমারমস্মাকং অস্খলিতং কুলাঙ্গনা ব্রতং বৃন্দাবনলতা এব জানন্তি। তদাত্মনো মুখেন কিং কথয়িষ্যামঃ। রাধে পতিব্রতে জানন্তি জানন্তি। তত এব কল্লে প্রাতঃকালে তব ভুজবল্ল্যা অঙ্গে সংক্রান্তং দৃষ্টং ময়া মকর কুণ্ডল লাঞ্ছনং। তথৈব বিশাখায়া স্তল্প তুলিকোপরি

স্থিত হও, যে হেতু তোমাদের বিম্বাধরের কণ্ডু খণ্ডনকারি কৃষ্ণ অধিক দূরে নাই, নিকটেই রহিয়াছেন॥

ললিতা। রাধে! কৌমার কাল অবধি আমাদের অখণ্ডিত কুলাঙ্গনাব্রত, ইহা বৃন্দাবনস্থ লতা সকল বিদিত আছে, অতএব আপনার মুখে আর কি বলিব॥

শ্রীরাধা। (হাস্য করিয়া) অয়ি পতিব্রতে! জানা গিয়াছে, জানা গিয়াছে, এই কারণেই কল্য প্রাতঃকালে আমি তোমার ভুজলতার মধ্যে মকর কুণ্ডলের চিহ্ন দেখিয়াছিলাম তথা বিশাখার শয্যাস্থ তূলিকার উপর ময়ূরপুচ্ছের

পফুড়িদং সিহণ্ড কিরীডং ॥ ২০ ॥

ললিতা। স্মিত্বা। পরপরিবাদিনি অবেহি অবেহি।

বিশাখা। রাহে কিত্তিঅং ঝম্পিসস্সি ণ কৃখু চন্দালোএ চন্দকান্ত সিলা অপ্পসিন্না হোতুং পহবদি।

রাধিকা। পুরো দৃষ্ট্বা সচমৎকারং। ললিদে তুণ্ণং অণু জাণেহি পলাইসসং ইত্যুৎকম্পতে।

ললিতা। সশঙ্কং। রাহে কীস ভাএসি ॥

স্ফুটিতং শিখণ্ডকিরীটং ॥ ২০ ॥

ললি। পর পরিবাদিনি অপৈহি অপৈহি।

বিশা। রাধে কৃত্রিমং ঝম্পিষ্যসি আচ্ছাদয়িষ্যসি। ন খলু চন্দ্রালোকে চন্দ্রকান্ত শিলা অপ্রস্বিন্না ভবিতুং প্রভবতি।

রাধি। ললিতে তূর্ণমনুজ্ঞাপয় পলায়িষ্যামি।

ললি। কস্মাদ্বিভেসি।

কিরীট পতিত ছিল ॥ ২০ ॥

ললিতা। (ইষৎ হাস্য করিয়া) হে পরনিন্দাকারিণি! যাও যাও।

বিশাখা। রাধে! বৃথা কেন গোপন করিতেছ, চন্দ্রালোকে কি চন্দ্রকান্ত শিলা দ্রবীভূত না হইয়া থাকিতে পারে॥

শ্রীরাধা। (অগ্রে অবলোকন করিয়া চমৎকারের সহিত) ললিতে! অনুমতি কর, শীঘ্র পলায়ন করি। (এই বলিয়া কাঁপিতে লাগিলেন)॥

ললিতা। (শঙ্কার সহিত) রাধে! কেন ভীতা হইতেছ॥

রাধিকা। সাভ্যসূয়ং। অই বঙ্কে অলং অলিএণ ইমিণা উজ্জ অত্তণেণ ণূণং ইমস্স লম্পড়স্স হত্থে পক্খেত্তুং মাং দূরং আণীদাসি॥

ললিতা। নিপুণং নিভাল্য স্বগতং। ণূণং দূরদো বিলোই জ্জন্তং তমালং জ্জেব্ব ইত্থং কহ্নং মণ্ণেদি। প্রকাশং। হুঁ দাণীং কধং পলাইস্সসি লদ্ধো মএ ওসরো ইতি রাধিকামাকর্ষতি ॥

রাধিকা। সকাতর্য্যং। সখি বিশাহে পরিত্তাহি পরিত্তাহি

রাধি। অয়ি বক্রে অলমলিকেনানেন ঋজুত্বেন নূনং অস্য লম্পটস্য হস্তে প্রক্ষিপ্তুং মাং দূরমানীতাসীৎ।

ললিতা। নূনং দূরতো বিলোক্যমানং তমালমেবেয়ং কৃষ্ণং মন্যতে। হুং ইদানীং কথং পলায়িষ্যাসি লব্ধো ময়াবসরঃ।

রাধি। সখি পরিত্রাহি পরিত্রাহি শরণাগতাস্মি।

শ্রীরাধা। (অসূয়ার সহিত) অয়ি বক্রে! আর মিথ্যা সরলতা দেখাইবার প্রয়োজন নাই, নিশ্চয় তুমি এই লম্পটের হস্তে নিক্ষেপ করিবার নিমিত্ত আমাকে দূরে আনিয়াছ॥

ললিতা। (নিপুণতার সহিত দৃষ্টিপাত করিয়া মনে মনে) নিশ্চয় ইনি দূর হইতে তামাল বৃক্ষ দেখিয়া কৃষ্ণ বলিয়া মানিয়াছেন। (প্রকাশ পূর্ব্বক) হুঁ এখন কেমন করিয়া পলায়ন করিবা, আমি অবসর প্রাপ্ত হইয়াছি। (এই বলিয়া শ্রীরাধাকে আকর্ষণ করিতে লাগিলেন)॥

শ্রীরাধা। (সকাতরে) সখি বিশাখে! পরিত্রাণ কর

সরণা অদন্মি।

বিশাখা। অই পেন্মত্তমিদে কধং তিল্লোকং জ্জেব্ব দে কহ্না এদি। পেক্খ এসো পলাসী ণ ক্খু তুজ্ঝ বিলাসী ॥

কৃষ্ণঃ। কথং নেদানীমপি প্রত্যাসন্না তন্বঙ্গী। তন্মুরলীমিরয়া মীতি তথা কুর্ব্বন্।

অয়ি সুধাকর মণ্ডলি মণ্ডয় ভ্রমটবীং মৃদু পাদবিসর্পণৈঃ।
উদয়শৈলতটীবিহিতেক্ষণো ননু চকোর যুবা পরিতপ্যতে ॥

বিশা। অয়ি প্রেমোন্মত্তে কথং ত্রিলোকমেব তে কৃষ্ণায়ত। পশ্য এষ পলাসী বৃক্ষো ন খলু তব বিলাসী। সুধাকরমণ্ডলি হে চন্দ্রমণ্ডলি বিম্বোঽস্ত্রী মণ্ডলং ত্রিষু ইত্যমরঃ। পাদবিসর্পণৈঃ কিরণ প্রসারণৈঃ চরণ সঞ্চালনৈশ্চ।

পরিত্রাণ কর, আমি তোমার শরণ লইলাম ॥

বিশাখা। অয়ি! প্রমোদভ্রান্তে! কেন তোমার সম্বন্ধে ত্রিলোকী কৃষ্ণময় হইল, দেখ এটা বৃক্ষ, তোমার বিলাসী কৃষ্ণ নহেন ॥

কৃষ্ণ। কেন এ যাবৎ কৃশাঙ্গী রাধা আমার নিকটবর্ত্তিনী হইলেন না, তবে আর একবার মুরলীবাদ্য করি। (এই বলিয়া মুরলী বাদ্য করিতে লাগিলেন) ॥

হে সুধাকরমণ্ডলি! মৃদু মৃদু পাদসঞ্চালন দ্বারা এই বন ভূমিকে অলঙ্কৃত কর, এই চকোর যুবা উদয় পর্ব্বত তটে নেত্র অর্পণ করিয়া কেবল পরিতপ্ত হইতেছে ॥

বিশাখা। স্বয়ং ধৈর্য্যমবষ্টভ্য হলা রাহি কীস তুমং ভম্মন্তী কলম্বং ওলম্বসি ॥ ২১ ॥

ললিতা। সহি বংসিএ বারং বারং তুমং বন্দেমি জং উদ্ঘা ড়িদ রহস্সা তুএ রাহীকিদা ॥

রাধিকা। সলজ্জমবহিত্থাং নাটয়তি ॥

ললিতা। সংস্কৃতেন।

বিশস্তিঃ কর্ণান্তে তব বিস্ময়রৈ রদ্য মুরলী
কলৈরূরু স্তম্ভো গুরুরজনি রম্ভোরু তরসা।
বিলুপ্তা ভূদ্দৃষ্টি র্নয়নজলবৃষ্টি ব্যতিকরৈঃ

বিশা। কস্মাত্ত্বং ভ্রমন্তী কদম্বমবলম্বসে ॥ ২১ ॥
ললি। সখি বংশিকে বারং বারং ত্বাং বন্দয়ামি যতুদ্ঘাটিত রহস্যা ত্বয়া রাধা কৃতা।

বিশাখা। (ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক মনে মনে) সখি রাধে! কেন তুমি ভ্রমণ করিতে করিতে কদম্ব বৃক্ষ অবলম্বন করিতেছ ॥ ২১ ॥

ললিতা। সখি বংশি! তোমাকে বারম্বার প্রণাম করি, যেহেতু তুমি শ্রীরাধার বিষয় উদ্ঘাটন করিয়া দিলা ॥

শ্রীরাধা। (লজ্জার সহিত) আকার গোপন প্রকাশ করিলেন॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) হে রম্ভোরু! অদ্য তোমার কর্ণান্তে কোমল মুরলীরব প্রবেশ হওয়াতে শীঘ্র তোমার গুরুতর উরুস্তম্ভ সম্পাদন এবং নয়নজল বৃষ্টিতে দৃষ্টি বিলুপ্ত হইয়াছে অতএব আর যত্নপূর্ব্বক অবহিত্থা বিস্তা-

প্রণীতাভির্যত্নাত্তিদলমবহিত্থা লহরিভিঃ ॥

বিশাখা। ললিদে কোদাণীং অবহিত্থাএ ওসরো।

ইতি সংস্কৃতেন ॥ ২২ ॥

ত্রপাভিচরণক্রমে পরম সিদ্ধিরাথর্ব্বণী

স্মরানল সমিন্ধনে সপদি সামধেনী ধ্বনিঃ।

তথাত্ম পরমাত্মনোরুপনিষন্ময়ী সঙ্গমে

বিশা। ললিতে ক ইদানীমবহিত্থা অবসরঃ ॥ ২২ ॥

ত্রপাভিচরে ক্রমে অথর্ব্ববেদোক্তা সিদ্ধিঃ। অথর্ব্ববেদস্যাভিচার প্রায়ত্বাৎ। স্মরানলস্য সমিন্ধনে জ্বালনে সামধেনী ধ্বনিঃ। সামধেনী মন্ত্র পাঠঃ। ঋক্ সামধেনী ধার্য্যাচ বাস্যাদগ্নি সমিন্ধনে ইত্যমরঃ। আত্ম পরমাত্মনোঃ সঙ্গমে একীকরণে উপনিষন্ময়ী তত্ত্বমসীতি বাক্যময়ী লজ্জাক্ষয়ং কামোদ্রেকং প্রেম মূর্চ্ছাঞ্চ করোতীত্যর্থঃ। বৈরায়তে বৈরং করোতীত্যর্থঃ। শব্দ বৈর কলহাভ্র কন্নমেঘেভ্যঃ করণে ইতি লিঙ্॥

রের প্রয়োজন নাই ॥

বিশাখা। ললিতে! এখন আর অবহিত্থার অবকাশ কোথায় ॥ ২২ ॥

(সংস্কৃত ভাষায়)

রাধে! মুরলীধ্বনি তোমার লজ্জারূপ অভিচার যজ্ঞে অথর্ব্ববেদোক্ত মন্ত্র বিশেষ, কন্দর্পানল প্রজ্বলন বিষয়ে সামধেনী মন্ত্র পাঠ স্বরূপ, তথা আত্মা পরমাত্মার সঙ্গমে অর্থাৎ একীকরণে অর্থাৎ প্রেম মূর্চ্ছার্থ তত্ত্বমসী বাক্যময়ী উপনিষৎ বিশেষ অতএব এই মুরলীধ্বনি তোমার সম্বন্ধে বৈরতা বিধান

বিলাস মুরলীভরা বিরুতিরদ্য বৈরায়তে ॥

রাধিকা। সক্ষোভং। সহি সচ্চং কধেসি অহ্মাণং বৈরিণী বংসিআ তা উবালহিস্সং। ইতি সংস্কৃতেন ॥ ২৩ ॥

সুতিস্তে ধনুশ্চ বংশবরতো বন্দে তয়ো রন্তিমং
বিদ্ধো যেন জনস্তনুং বিরহয়ন্নান্ত শ্চিরং তাম্যতি।
বিদ্ধানাং হৃদি মারপত্রি বিষমৈধ্বর্ানৈযুভি নস্ত্বয়া
ক্রূরে বংশি ন জীবনং নচ মৃতির্ঘোরোবিরাসীদ্দশা ॥ ২৪ ॥

রাধি। সখি সত্যং কথয়সি অস্মাকং বৈরিণী সংবৃত্তা দারুণী বংশীকা তৎ উপালভিষ্যামি ॥ ২৩ ॥

অন্তিমং ধনুর্বন্দে যেন বিদ্ধঃ তনুং বিরহয়ন্ ত্যজন্ সন্ চিরং ন অশ্বস্তাম্যতি ত্বয়া বৃদ্ধানান্তু অস্মাকং ন জীবনং নচ মৃতিঃ কৈর্বদ্ধানাং ধ্বানৈঃ যুভিঃ ধ্বানা এব ইষব স্তৈঃ কীদৃশৈঃ মারপত্রিভ্যঃ কন্দর্পবাণেভ্যোঽপি বিষমৈঃ ॥ ২৪ ॥

করিতেছে ॥

শ্রীরাধা। (ক্ষোভের সহিত) সখি! সত্যই বলিতেছ দারুণ বংশীই আমাদের শত্রু, অতএব আমি তাহাকে তিরস্কার করি। (এই বলিয়া সংস্কৃত ভাষায়) ॥ ২৩ ॥

হে ক্রূরে! হে বংশি! তোমার এবং ধনুর এক বংশ হইতে জন্ম, কিন্তু ধনুকেই বন্দনা করি, যেহেতু ঐ ধনুতে যাহাদের শরীর বিদ্ধ হয়, তাহারা শরীর পরিত্যাগের আর যাতনা ভোগ করে না অন্তকালে সুস্থ হয়, কিন্তু তোমার ধ্বনিরূপ কন্দর্পবানে বিদ্ধ হৃদয় হওয়াতে আমাদের যে ঘোর দশা উপস্থিত হইয়াছে, না ইহাকে মরণ বলিতে পারি, না ইহাকে জীবন বলিতে পারি ॥ ২৪ ॥

কৃষ্ণঃ। পুরো বিলোক্য সানন্দং।

ভবিতা সবিধেঽত্র রাধিকা যদিয়ং রিঙ্গতি রঙ্গিণী পুরঃ।
মৃগলাঞ্ছন রেখয়েব যা মৃগমূর্ত্তির্ন কদাপি তয়া বিযুজ্যতে॥

পুনর্নিরূপ্য সখে জ্ঞাতং জ্ঞাতং নাসৌ রাধিকাশ্রুঙ্কুঃ যদয়ং নিরঙ্কো নেদীয়ানিন্দুরিতি বিস্ময়মভিনীয়॥

অঙ্কাৎ পরিত্যজ্য পুরঃ কুরঙ্গং শঙ্কে সুধাংশুর্ভুবমাসসাদ।

পুনর্নিভাল্যঃ। আঃ জ্ঞাতমুৎফুল্লবিলাস বৃন্দৈরানন্দি রাধাবদনং চকাস্তি। ইত্যগ্রে সরতি॥

যদীয়ং রঙ্গিণী রিঙ্গতি ততো রাধিকা সবিধে নিকটে ভবিতেত্যনুমানং। ত্বয়া রাধিকয়া রঙ্গণী ন বিযুজ্যতে। মৃগমূর্ত্তির্মৃগাকৃতি মৃগলাঞ্ছন লেখয়েব চন্দ্রলেখয়েব। শশঙ্কুর্হরিণী।

কৃষ্ণ। (অগ্রে অবলোকন করিয়া আনন্দের সহিত) যখন রঙ্গিণী হরিণী অগ্রে গমন করিতেছে, তখন নিশ্চয় বোধ হইতেছে শ্রীরাধা নিকটবর্ত্তিনী হইবেন সন্দেহ নাই, কারণ মৃগাঙ্করেখার অর্থাৎ চন্দ্রলেখার কখনই মৃগ-বিরহিতা সম্ভব হয় না॥

(পুনরায় অবলোকন করিয়া) সখে! জানিলাম জানিলাম, এ শ্রীরাধার হরিণী নহে, এ নিষ্কলঙ্ক চন্দ্রই আমার সমীপবর্ত্তি হইয়াছেন। (এই বলিয়া বিস্ময় অভিনয় পূর্ব্বক) বোধ করি অগ্রে ক্রোড় হইতে মৃগ পরিত্যাগ করিয়া চন্দ্রই ভূমিতে আগমন করিয়াছেন। (পুনরায় অবলোকন করিয়া) আঃ স্মরণ হইল, প্রভুত বিলাস সমূহে রাধাবদনই প্রকাশ পাইতেছে। (এই বলিয়া অগ্রে গমন করিতে লাগিলেন)॥

মধুমঙ্গলঃ। সপরিহাসং। ভো বঅস্‌স মাধব লহু লহু জাহি। অধবা তুমং কিত্তি দূষিজ্যসি জং ধূত্ত কিশোরীহিং দুট্‌ঠ মন্তেণ উন্মাদিদোসি তা ইমস্মিং জোগ্‌গে ওসরে তুমং নিবারিঅ সিণেহস্‌স ণিক্কিদং করিস্‌সং। ইতি পাণি মাদদাতি ॥

কৃষ্ণঃ। সখে সাধু চেষ্টসে যদদ্য রাধিকোপসর্পণে কম্পেন কৃতবিঘ্নস্য মে দণ্ডহস্তাবলম্বোঽসি। ইতি পরিক্রম্য ॥২৫॥

ইয়মতিতৃষিতং বরানুরাগে।

মধু। বয়স্য মাধব লঘু লঘু যাসি। অথবা ত্বং কিমিতি দূষ্যসে যদ্ধূর্ত্ত কীশোরীভিঃ দুষ্টমন্ত্রেণোন্মাদিতোসি তৎ অস্মিন্‌ যোগ্যেঽবসরে ত্বাং নিবার্য্য স্নেহস্য নিষ্কৃতিং করিষ্যামি ॥ ২৫ ॥

বরানুরাগেণোজ্জ্বলং প্রেমময়ং শোভনং মনো যস্যাঃ পক্ষে অনুগত রক্তিমা

মধুমঙ্গল। (পরিহাসের সহিত) অহে বয়স্য। দৌড়াইও না, ধীরে ধীরে যাও। অথবা তোমার দোষ কি, ধূর্ত্ত কিশোরিকাগণই দুষ্ট মন্ত্র দ্বারা তোমাকে উন্মত্ত করিয়াছে, অতএব এই উপযুক্ত অবসরে তোমাকে নিবারণ করিয়া স্নেহের নিষ্কৃতি করিব। (এই বলিয়া হস্তধারণ করিলেন) ॥

কৃষ্ণ। সখে! ভাল কাজ করিতেছ, যেহেতু আজ শ্রীরাধার নিকট গমন বিষয়ে কম্প দ্বারা কৃত বিঘ্ন আমার সম্বন্ধে হস্তাবলম্বন প্রদান করিলা। (এই বলিয়া প্রত্যাবর্ত্তন পূর্ব্বক) ॥ ২৫ ॥

উৎকৃষ্ট নবানুরাগ বশতঃ যাঁহার শোভন মন, যিনি

জ্জ্বলসুমনাঃ কমনীয়পত্রলেখা ।
মম বরতনুরাচকর্ষ চিত্তং
মধুপমশোকলতেব পুষ্পিতাগ্রা ॥ ২৬ ॥

রাধিকা । কৃষ্ণমপাঙ্গেন বিলোক্য স্বগতং সংস্কৃতেন ॥
নব মনসিজলীলাভ্রান্ত নেত্রান্তভাজঃ
স্ফুট কিশলয় ভঙ্গী সঙ্গী কর্ণাঞ্চলস্য ।
মিলিত মৃদুল মৌলের্মালয়া মালতীনাং
মদয়তি মম মেধাং মাধুরী মাধবস্য ॥

উজ্জ্বলানি সুমনাংসি যস্যাঃ । কামনীয়া পত্রলেখা পত্রভঙ্গো যস্যাঃ কমনীয়ানাং পত্রানাং লেখা শ্রেণী যস্যাঞ্চ ॥ ২৬ ॥

মেধাং ধারণাবতীং বুদ্ধিং মদয়তি । ধারণাবত্যা বুদ্ধের্মত্ত তয়া স্থিত্যা বিস্মর্ত্তুং শক্যা ন ভবিষ্যতি শোভেয়মিতি ভাবঃ ।

চিত্র বিচিত্র তিলক দ্বারা রঞ্জিত, সেই উত্তমাঙ্গী রাধা যেমন পুষ্পিতাগ্র অশোক লতা মধুকরকে আকর্ষণ করে তদ্রূপ আমার অতি তৃষিত চিত্তকে আকর্ষণ করিতেছেন ॥ ২৬ ॥

শ্রীরাধা । (নেত্র কোণ দ্বারা শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া মনে মনে সংস্কৃত ভাষায়) যাঁহার নবকন্দর্প লীলা বশত নেত্রান্ত ভ্রান্ত হইয়াছে, যাঁহার কর্ণপ্রান্তে স্ফুট কিশলয়ের রচনা বিরাজ করিতেছে এবং যাঁহার মালতীমালা দ্বারা মৃদুল শিরোভূষণ শোভা পাইতেছে, সেই মাধব মাধুরী আমার বুদ্ধিকে মত্ত করিয়াছে ॥

যথা রাগ ॥

নব মনসিজ লীলে । ভুলে দেখ হরি নয়ন অঞ্চলে ॥ ফুল

বিশাখা। বিহস্য সংস্কৃতেন ॥

বশীচক্রে কৃষ্ণ স্তব পরিমলৈরেব বলিভি

র্বিলাসানাং বৃন্দং কথমিব মুধা কন্দলয়সি।

জয়ে পাণৌ দত্তে রণপটুভিরগ্রেসরভটৈঃ

স্বয়ং কো বিক্রান্তিং পুনরিহ জিগীষুঃ প্রণয়তি ॥ ২৭ ॥

রাধিকা। অই দুম্মুহি এত্তি অম্মি সংকডে মং আরোবিঅ অজ্জবি ণ বীসন্তাসি তা ণিক্কিব হিঅঅং তুমং উজ্ঝিঅ

বিলাসানাং বিব্বোক বিভ্রমাদীনাং বৃন্দং মুধা ব্যর্থং কন্দলয়সি প্রকাশয়সি ॥৭২

রাধি। অয়ি দুর্ম্মুখী এতাবতি সঙ্কটে মামারোপ্য অদ্যাপি ন বিশ্রান্তাঽসি।

কিশলয় ভঙ্গধরে। শ্রবণ অঞ্চলে সদা পড়ে॥ মৃদুল মালতী নবমালা। কুন্তল সহিতে করে খেলা॥ মাধব মাধুরী গণর। অতি মদ করয়ে উজর॥ এ যদুনন্দন হিয়ে জাগ। দোঁহু হিয়া ভিন্নু নহে রাগ॥

বিশাখা। (হাস্যপূর্ব্বক সংস্কৃত ভাষায়) হে রাধে! তোমার বলবৎ অঙ্গ পরিমল সকল কৃষ্ণকে বশীভূত করিয়াছে তবে কেন আর বৃথা বিব্বোক বিভ্রমাদি বিলাস সকল প্রকাশ করিতেছে, রণপটু সেনাগ্রভাগ যোদ্ধাগণ হস্তে জয় সমর্পণ করিলে কোন্ জয়েচ্ছু আর স্বয়ং বিক্রম প্রকাশ করিয়া থাকে ॥ ২৭ ॥

শ্রীরাধা। অয়ি দুর্ম্মুখ! আমাকে এই সঙ্কটে নিক্ষেপ করিয়া অদ্যাপি ক্ষান্ত হইলা না, অতএব কৃপা শূন্য হৃদয় তোমাকে পরিত্যাগ করিয়া স্নিগ্ধ স্বরূপ প্রিয়সখী ললি-

অহং সিণিদ্ধং পিঅসহীং ললিদং সরণং পবিসামি ইতি

তথা কৃত্বা সংস্কৃতেন।

অত্রায়ান্তং চলমপি হরিং লোকয়ন্তী বলিষ্ঠাং

তামালম্ব্য প্রিয়সখি ঘণেনাস্মি কুঞ্জেন লীনা॥

ললিতা। সনর্ম্ম স্মিতং।

অস্মান্মুগ্ধে হৃদয় নিহিতাদদ্য পীতাম্বরাত্তে

শক্তো নান্যঃ কুচ পরিচয়ে মৎ পুরো মা ব্যথিষ্ঠাঃ॥ ৪ ৭॥

যন্নিক্‌প হৃদয়াং ত্বাং ত্যক্ত্বাহং স্নিগ্ধাং প্রিয়সখীং ললিতাং শরণং প্রবিশামি। ত্বাং প্রবিষ্টামালম্ব্য চঞ্চলং হরিং লোকয়ন্তী পশ্যন্ত্যাপি সতীত্যর্থঃ। হৃদয়ে নিহিতাৎ উপরি প্রকটং ভাবনয়াচ অর্পিতাৎ পীতাম্বরাৎ পীতবস্ত্রাৎ কৃষ্ণাচ্চ।

তার শরণাগত হই। (এই বলিয়া ললিতার শরণ গ্রহণ পূর্ব্বক সংস্কৃত ভাষায়) হে প্রিয়সখি! পাছে এখানে চঞ্চল হরি আগমন করেন এই আশঙ্কায় তোমাকে বলবতী দেখিয়া তোমার আশ্রয় গ্রহণ পূর্ব্বক এই কুঞ্জে লুক্কায়িত ভাবে রহিলাম॥

ললিতা। (পরিহাসপূর্ব্বক ঈষৎহাস্যের সহিত) হে মুগ্ধে! আজ তোমার হৃদয়ার্পিত পীতাম্বর হইতে অন্য কোন ব্যক্তি আমার অগ্রে ত্বদীয় কুচ পরিচয় বিষয়ে সমর্থ হইবে না, অতএব আর ভয় করিও না॥

শ্লেষার্থে তোমার হৃদয়স্থ এই পীতাম্বর কৃষ্ণ ভিন্ন আমার অগ্রে অন্য কোন্ ব্যক্তি তোমার কুচ পরিচয় বিষয়ে সমর্থ হইবে! অতএব ভয় কি॥

কৃষ্ণঃ। সানন্দং। কল্যাণি কালে লব্ধাসীতি রাধামনু সর্পতি।

ললিতা। সাটোপং পরিক্রম্য কৃষ্ণং বারয়ন্তী। ছইল্ল ণহু ণহু এসা তুহ্ম পরিহাস জোগ্গা অহ্মাণং পিঅসহী তা অবেহি অবেহি।

কৃষ্ণঃ। সস্মিতং। ললিতে নেদং গোষ্ঠাঙ্গনং পশ্য বৃন্দাটবী কুক্ষিরসৌ তন্নেহ বঃ প্রভবিষ্ণুতা।

ললিতা। কহ্ণ অণ্ণাও তাও ক্খু মুদ্ধিআও জাও তুঅত্তো বিহ্নট্ঠি

নাগর নহি নহি এষা তব পরিহাস যোগ্যা অস্মাকং প্রিয়সখী তদপেহি।

ললি। কৃষ্ণ অন্যাস্তাঃ খলু মুগ্ধা যাস্ত্বত্তঃ সুষ্ঠু বিভ্যতি এষাস্মি প্রসিদ্ধা ললিতা।

কৃষ্ণ। (আনন্দের সহিত) কল্যাণি! আমি তোমাকে যথাযোগ্য কালে প্রাপ্ত হইয়াছি। (এই বলিয়া শ্রীরাধার নিকট যাইতে লাগিলেন)॥

ললিতা। (প্রত্যাবর্ত্তন পূর্ব্বক দর্পের সহিত কৃষ্ণকে নিবারণ করিয়া) নাগর! না না, ইনি আমাদের প্রিয়সখী, তোমার পরিহাসের যোগ্য নহেন, অতএব তুমি এখান হইতে প্রস্থান কর, প্রস্থান কর॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্যের সহিত) ললিতে! এ গোষ্ঠাঙ্গন নয়, দেখ এ বৃন্দাবনের অভ্যন্তর, ইহাতে তোমাদের কোন প্রভুত্ব নাই॥

ললিতা। কৃষ্ণ! যাহারা মুগ্ধা তাহারাই তোমা হইতে অতিশয় ভয় পায়, এই আমি প্রসিদ্ধ ললিতা অর্থাৎ

ভাএন্তি এসন্ধি পসিদ্ধা ললিদা ॥

রাধিকা। চপলাপাঙ্গেন কৃষ্ণং বিলোক্য কম্পং নাটয়তি ॥

ললিতা। রাহে কীস সজ্ঝসেণ কম্পসি জং এসা জীঅদি ললিদা ॥

রাধিকা। ললিদে গহিদাইং বন্ধুগ পুপ্ফাইং তা এহি কালিন্দী তীরং গচ্ছহ্ম ॥ ২৮ ॥

কৃষ্ণঃ। কঠোরে কথমাহৃত বন্ধুজীবা দূরং গন্তুমুদ্যতাসীতি পন্থানমাবৃন্বন্।

রাধে কস্মাৎ সাধ্বসেন কম্পসি। যদেষা জীবতি ললিতা।

রাধি। ললিতে গৃহীতানি বন্ধুকপুষ্পাণি তদেহি কালিন্দীতীরং গচ্ছামঃ ॥২৮॥

আহৃত বন্ধুজীবা যহৃদ্যানস্থ বন্দুজীব পুষ্পং হৃত্বা ইত্যর্থঃ। পক্ষে আহৃত বন্ধো র্মম জীব আত্মা তথা ভূতা ভূত্বা ইত্যর্থঃ। শৃঙ্গেণ পর্ব্বতাগ্রেণ বাদ্য

তোমাকে দেখিয়া ভয় করিবার নই ॥

শ্রীরাধা। চঞ্চল নেত্রকোণ দ্বারা শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া কাঁপিতে লাগিলেন ॥

ললিতা। রাধে! ভয়ে কাঁপিতেছ কেন? এই ত ললিতা জীবিত আছে ॥

শ্রীরাধা। ললিতে! বন্ধুকপুষ্প সকল গৃহীত হইয়াছে, তবে আইস কালিন্দীকুলে গমন করি ॥ ২৮ ॥

কৃষ্ণঃ। হে কঠোরে! তুমি বন্ধুজীব হরণ করিয়া কেনে দূরে গমন করিতে উদ্যত হইয়াছ। পক্ষে আমি তোমার বন্ধু, আমার জীবন হরণ করিয়া কেন যাইতেছ।

পরীতং শৃঙ্গেণ স্ফুটতর শিলা শ্যামলরুচিং
চলদ্বেত্রং বংশ ব্যতিকর লসন্মেখলমমুং।
অতিক্রম্যোত্তুঙ্গং ধরণীধরমগ্রে কথমিত
স্ত্বয়া গন্তুং শক্যা তরণিদুহিতুস্তীরসরণী ॥ ২৯ ॥

রাধিকা। বক্তুং বিলোক্য হুং কুর্ব্বতী ণাঅর মহ দোসো

ভেদেনচ। শিলাভিঃ শিলেবচ শ্যামলা রুচির্যস্য চলন্তি বেত্রাণি চলৎচঞ্চলং বেত্রঞ্চ যস্য তং বংশ ব্যতিকরৈঃ বংশ বৃক্ষ সমূহৈঃ লসন্তী মেখলা যস্য বংশী সংমিলনেন লসন্তী মেখলা ক্ষুদ্র ঘণ্টিকা যস্যচ। ধরণিধরং পর্ব্বতং কৃষ্ণঞ্চ ॥২৯॥
রাধি। নাগর মম দোষো নাস্তি ইদানীমেষা গোকুলেশ্বরী মনুসরিষ্যামি।

(এই বলিয়া পথ রোধ করত) রাধে! যাহা শৃঙ্গ দ্বারা আবৃত, স্ফুটতর শিলা সমূহে শ্যামকান্তি, যাহাতে বেত্র সকল বিচলিত এবং বংশ বৃক্ষ সমূহ মেখলা রূপে শোভা প্রকাশ করিতেছে এমত অগ্রবর্ত্তি ধরণিধরকে উল্লঙ্ঘন করিয়া কিরূপে তপনতনয়ার পথে গমন করিতে সমর্থ হইবা। পক্ষান্তরে যিনি বাদ্য বিশেষ শৃঙ্গ দ্বারা পরিবৃত, যাঁহার স্ফুটিত শিলার ন্যায় শ্যামবর্ণ কান্তি, চঞ্চল বেত্র, বংশী সম্মিলনে ক্ষুদ্র ঘণ্টিকা শোভা বিস্তার করিতেছেন, অগ্রবর্ত্তি সেই ধরণিধর অর্থাৎ গোবর্দ্ধনধারিকে উল্লঙ্ঘন করিয়া কিরূপে যমুনার পথে যাইতে উদ্যত হইয়াছ ॥ ২৯ ॥

শ্রীরাধা। (শ্রীকৃষ্ণের মুখের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক হুঙ্কার করিয়া) নাগর! আমার কোন দোষ নাই, এখন আমি

গখি দাণীং এসা গোউলেসরীং অণুসরিন্‌সং ॥

কৃষ্ণঃ। রাধে কিং বিভীষিকয়া কামং গম্যতাং ত্বদ্ভুজ মূলস্থং পীত দুকূলমেব মমানুকূলং। ইতি রাধাং দিধীর্ষতি ॥৩০

রাধিকা। ভ্রূ কুটিলমাবধ্য সংস্কৃতেন।

সাধ্বীনাং ধুরিধার্য্যা ললিতা সঙ্গেন গর্ব্বিতা চাস্মি।

অনুকূলমিতি মম পীতাম্বরমাচ্ছিদ্যাহনয়ানীতং মম দোষ ইতি ময়াপি তস্যা অগ্রতো নিবেদ্য পীতাম্বরমিদমাকৃষ্য গৃহ্নামি ততস্ত্বং নিরোত্তরীয়া যাতুং ন প্রভবিষ্যতীতি ভাবঃ। যদ্বা মদীয় পীতবস্ত্র যুক্তা লজ্জয়ৈব তত্র গমনে ন শক্তিরিতি ভাবঃ ॥ ৩০ ॥

সাধ্বীনাং পতিব্রতানাং সুন্দরীণাঞ্চ ধুরি চিন্তনে গণনে ইত্যর্থঃ ধার্য্যা গণনীয়া ললিতায়াঃ সঙ্গেন ললিতঃ শোভনো য আসঙ্গঃ আশক্তি স্তেনচ গর্ব্বিতাস্মি। অতএবাদ্য পথি ভুজঙ্গতাং কামুকতাং মা রচয়ঃ। পক্ষে মা মাং

গোকুলেশ্বরীর অনুবর্ত্তিনী হইব ॥

কৃষ্ণ। রাধে! বিভীষিকার প্রয়োজন কি, স্বচ্ছন্দে গমন কর, তোমার ভুজ মূলস্থ পীত বসনই আমার অনুকূল হইবে। (এই বলিয়া শ্রীরাধাকে ধরিতে ইচ্ছা করিলেন) ॥ ৩০ ॥

শ্রীরাধা। (ভ্রূ কুটিল করিয়া সংস্কৃত ভাষায়) মাধব। আমি সাধ্বীগণের অগ্রগণ্যা, ললিতার সঙ্গে থাকায় আমি গর্ব্বিত হইয়া রহিয়াছি, অতএব তোমাকে হিত বলি, তুমি আজ কামুকতা ভাব আচরণ করিও না ॥

পক্ষান্তরে 'মা ভুজঙ্গতা রচয়' অর্থাৎ আমাকে বাহু মধ্যে

হিতমালপামি মাধব পথি মাদ্য ভুজঙ্গতাং রচয় ॥ ৩১ ॥

কৃষ্ণঃ। ললিতে কিমশ্রাবি বাগ্‌ভঙ্গিরস্যাঃ তদহং নাপরাধ্যা মীতি ভুজদণ্ডাবুদ্দণ্ডয়তি ॥

ললিতা। রাধাং পৃষ্ঠতঃ কৃত্বা কহ্ন সব্ব লোঅ সলহণিজ্জ গুণো তুমং গোউলিন্দস্‌স ণন্দণোহসি তা ণেদং দে দুল্লীলত্তণং অম্মেসু জ্জোগ্‌গং ॥ ৩২ ॥

মধুমঙ্গলঃ। অই গব্বিদে কিন্তি বুন্দাবণং বিদ্ধংসিঅ তুম্মেহিং অহ্ম পিঅ বঅস্‌সস্‌স পুপ্‌ফাইং হরিজ্জন্তি ॥

ভুজঙ্গতাং হস্তগতাং রচয় কুরু। বাগ্‌ভঙ্গিঃ স্বয়ন্দৌত্যং ॥ ৩১ ॥

সর্ব্বলোক শ্লাঘনীয় গুণস্ত্বং গোকুলেন্দ্রস্য নন্দনোসি তন্নেদং তে দুর্লীলত্বমস্মাসু যোগ্যং ॥ ৩২।

মধু। অয়ি গর্ব্বিতে কিমিতি বৃন্দাবনং বিদ্ধংস্য যুষ্মাভিরস্মৎ প্রিয়বয়স্যস্য পুষ্পাণি হ্রিয়ন্তে।

ধারণ কর ॥ ৩১ ॥

শ্রীকৃষ্ণ। (পক্ষান্তরের অর্থ অবলম্বন করিয়া) ললিতে! শ্রীরাধার বাগ্‌ভঙ্গী শুনিলা ত, তবে আমার অপরাধ নাই (এই বলিয়া বাহুদ্বয় উত্তোলন করিলেন) ॥

ললিতা। (শ্রীরাধাকে পশ্চাৎ দিকে করিয়া) কৃষ্ণ! সকল লোকে তোমার গুণ প্রশংসা করিয়া থাকে, তুমি গোকুলেন্দ্র নন্দন, অতএব আমাদেরপ্রতি তোমার এরূপ দুর্নীত আচরণ উপযুক্ত নয় ॥ ৩২ ॥

